72. If after the examination required by section 68, and also the examination of any witness who may attend to give evidence on behalf of either of the parties, and after a consideration of the documentary evidence adduced, a decree can be properly made without further evidence, the Deputy Commissioner shall make a decree accordingly.

After examination Deputy Commissioner may make his decree if no further evidence is required.

73. If, on such examination as aforesaid, the agent of either party is unable to answer any material question relating to the case, which the Deputy Commissioner is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Deputy Commissioner may postpone the hearing of the case to a future day, and direct that the party whose agent may have been unable to answer as aforesaid shall attend in person on such day;

Consequence of inability of agent to answer material question.

and if the party so directed to attend fails to appear in person on the day appointed, the Deputy Commissioner may pass judgment as in case of default, or make such other order as he may deem proper under the circumstances of the case.

[*Government Gazette*, 18*th March* 1879.]

৬৯ ধারা। উভয় পক্ষের কি তাঁহাদের মোক্তার বা পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিদের পরীক্ষা তৎকালের প্রচলিত যে আইন অনুসারে সাক্ষিদের পরীক্ষা লওয়া যায়, তদনুসারে লওয়া যাইবে। ডেপুটী কমিশ্যনরের স্বদেশীয় ভাষায় সেই পরীক্ষার মর্ম্ম লিখিয়া লওয়া যাইবে ও নথীর শামিল করা যাইবে।

উভয় পক্ষপ্রভৃতির পরীক্ষার কথা।

কিন্তু ডেপুটী কমিশ্যনর ইংরেজী ভাষা উপযুক্তমতে জানিলে, উভয় পক্ষের ও সাক্ষিদের সকল পরীক্ষা ইংরেজী ভাষায় লেখা যাইতে পারিবে।

৭০ ধারা। পূর্ব্বোক্ত দিনে কোন পক্ষ সাক্ষী উপস্থিত করিলে, ডেপুটী কমিশ্যনর ঐ সাক্ষির প্রমাণ লইতে পারিবেন।

সাক্ষিদের পরীক্ষা লইবার কথা।

৭১ ধারা। প্রতিবাদী আপন প্রতিবাদের প্রতিপোষণে কোন দলীলের উপর নির্ভর করিলে তিনি মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে তাহা আদালতে দাখিল করিবেন। তৎকালে ঐ দলীল দাখিল করা না গেলে, কিম্বা না করিবার বিশিষ্ট কারণ জানান না গেল, কিম্বা ডেপুটী কমিশ্যনর তাহা উপস্থিত করণের মিয়াদ বাড়াইয়া না দিলে, তাহা পশ্চাৎ গ্রাহ্য হইবে না।

প্রতিবাদীর দলীল উপস্থিত করিবার কথা।

৭২ ধারা। ৬৮ ধারার আদেশমতে পরীক্ষা লওয়া গেলে পর, ও কোন পক্ষের সপক্ষে প্রমাণ দিতে যে সাক্ষিরা উপস্থিত হন তাঁহাদের পরীক্ষা লওয়া গেলে পর ও যে দলীল উপস্থিত করা যায় তাহাও বিবেচনা করিলে পর, যদি আর প্রমাণ না লইয়া উপযুক্তমতে ডিক্রী করা যাইতে পারে, তবে ডেপুটী কমিশ্যনর তদনুসারে ডিক্রী করিবেন।

পরীক্ষার পরে আরও প্রমাণের প্রয়োজন না হইলে ডেপুটী কমিশ্যনর ডিক্রী করিতে পারিবার কথা।

৭৩ ধারা। পূর্ব্বোক্তরূপ পরীক্ষা হইবার সময়ে ডেপুটী কমিশ্যনরের বিবেচনামতে কোন পক্ষের যে প্রয়োজনীয় প্রশ্নের উত্তর দেওয়া উচিত ও স্বয়ং উপস্থিত থাকিলে উত্তর দিতে পারা সম্ভব, তাঁহার মোক্তার সেই প্রশ্নের উত্তর দিতে না পারিলে, ডেপুটী কমিশ্যনর অন্য দিন পর্য্যন্ত মোকদ্দমা শ্রবণের কার্য্য স্থগিত রাখিয়া, যে পক্ষের মোক্তার ঐ প্রশ্নের উত্তর দিতে পারেন নাই তাঁহারই নিজে সেই দিনে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন।

যে স্থানে প্রয়োজনীয় প্রশ্নের উত্তর দিতে না পারিলে তাহার ফলের কথা।

ও সেই পক্ষ তদ্রূপ আজ্ঞা পাইয়া সেই নিরূপিত দিনে উপস্থিত না হইলে, ডেপুটী কমিশ্যনর ত্রুটি হইবার স্থলের ন্যায় ডিক্রী করিতে, কিম্বা মোকদ্দমার অবস্থা বিবেচনায় অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

74 If, on such examination as aforesaid, it appears that the parties are at issue on any question upon which it is necessary to hear further evidence, the Deputy Commissioner shall declare and record such issue, and shall fix a convenient day for the examination of witnesses and the trial of the suit, and the trial shall take place on that day, unless there be sufficient reason for adjourning it, which reason shall be recorded by the Deputy Commissioner

If necessary, Deputy Commissioner to record issue and to fix a day for hearing further evidence

75 The parties shall bring forward their witnesses on the day of trial, and if either party requires assistance to procure the attendance of a witness on such day, either to give evidence or to produce a document, he shall apply to the Deputy Commissioner in sufficient time before the day fixed for the trial, to enable the witness to be summoned to attend on that day, and the Deputy Commissioner shall issue a summons requiring such witness to attend

Parties shall produce their witnesses on the day of trial, or Deputy Commissioner on application of either party shall issue summons for the attendance of a witness

76 The provisions of the Code of Civil Procedure relating to the attendance and examination of witnesses and the production of documents, and to the remuneration and punishment of witnesses, shall, so far as they are consistent with this Act, apply to all suits under this Act

Provisions of Code of Civil Procedure to apply to attendance examination, &c, of witnesses

77 If on the day fixed for the trial of any issue neither of the parties appear, the case shall be struck off under the conditions provided in section 62

Consequence of parties not appearing on the day fixed for the trial of any issue

If on any such day one only of the parties appears, the issue may be tried and determined in the absence of the other party, upon such proof as may be then before the court

78 When suits under this Act are instituted or defended by naibs, gomastahs, or other persons employed in the collection of rent or management of land in the name and on the behalf of the landholders by whom they are so employed, all the provisions of this Act by which the personal appearance or attendance of parties to a suit is or may be required shall be applicable to such naibs, gomastahs, or other persons, and anything which by this Act

৭৪ ধারা। পূর্ব্বোক্তরূপ পরীক্ষার সময়ে উভয় পক্ষের যে বিষয় লইয়া বিবাদ আছে তাহার আরো প্রমাণ লওয়া আবশ্যক বোধ হইলে ডেপুটীকমিশ্যনর সেই ইস্যু জানাইয়া লিপিবদ্ধ করিবেন ও সাক্ষিদের পরীক্ষার ও মোকদ্দমার বিচারের সুবিধার দিন নিরূপণ করিবেন ও সেই দিনে মোকদ্দমার বিচার হইবে। নতুবা সেই দিন স্থগিত রাখিয়া অন্য দিন নিরূপণ করিবার বিশিষ্ট কারণ থাকিলে, ডেপুটী কমিশ্যনর সেই কারণ লিপিবদ্ধ করিবেন।

আবশ্যকস্থলে ডেপুটী কমিশ্যনরের ইস্যু লিখিয়া আরো প্রমাণ শুনিবার দিন নিরূপণ করিবার কথা।

৭৫ ধারা। বিচারের দিনে উভয় পক্ষ আপনার সাক্ষিদিগকে আনিবেন। ও প্রমাণ দিবার কিম্বা দলীল উপস্থিত করিবার জন্যে কোন পক্ষের সাক্ষিকে সেই দিনে উপস্থিত করাইতে সাহায্যের প্রয়োজন হইলে, ঐ সাক্ষির নামে যেন সেই দিনে উপস্থিত হইবার সমন দেওয়া যায় এই নিমিত্ত ঐ পক্ষ বিচারের নিরূপিত দিনের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে ডেপুটী কমিশনারের নিকট প্রার্থনা করিবেন। ও ডেপুটী কমিশ্যনর ঐ সাক্ষির উপস্থিত হইবার সমন জারী করিবেন।

বিচারের দিনে উভয় পক্ষের সাক্ষিদিগকে আনিতে হইবার কথা। কিম্বা কোন পক্ষের প্রার্থনা হইলে সাক্ষিদিগকে উপস্থিত করিবার নিমিত্ত ডেপুটী কমিশ্যনরের সমন দিবার কথা।

৭৬ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনের বিধান সাক্ষিদের উপস্থিত হইবার ও সাক্ষ্য দিবার ও দলীল উপস্থিত করিবার ও সাক্ষিদের খরচার ও দণ্ডের সম্বন্ধে এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয় তত দূর এই আইনমত সকল মোকদ্দমার প্রতি খাটিবে।

সাক্ষিদের উপস্থিত হইয়া পরীক্ষা দেওয়ন প্রভৃতি বিষয়ে দেওয়ানী কার্য্যবিধির বিধান খাটিবার কথা।

৭৭ ধারা। কোন ইস্যুর বিচার করিবার নিরূপিত দিনে উভয় পক্ষ উপস্থিত না হইলে, ৬২ ধারার বিধান মত নিয়মানুসারে মোকদ্দমা নথীহইতে উঠাইয়া দেওয়া যাইবে।

কোন ইস্যুর বিচার করিবার নিরূপিত দিনে কোন পক্ষের উপস্থিত না হইবার ফলের কথা।

সেই দিনে কেবল এক পক্ষ উপস্থিত হইলে আদালতের সম্মুখে তৎকালে যে প্রমাণ থাকে তদনুসারে অন্য পক্ষের অনুপস্থানে ঐ ইস্যুর বিচার ও নিষ্পত্তি হইতে পারিবে।

৭৮ ধারা। নায়েবেরা ও গোমাশতারা কিম্বা ভূম্যধিকারিদের নিকট কর্ম্ম করিয়া অন্য যে ব্যক্তিরা ভূম্যধিকারির নামে ও তৎপক্ষে খাজানা আদায় কি ভূমির সরবরাহ করিয়া থাকেন তাঁহারা, এই আইনমত মোকদ্দমায় বাদী কি প্রতিবাদী হইলে, এই আইনের যে সকল বিধানমতে মোকদ্দমার উভয় পক্ষের নিজে আসিবার কি উপস্থিত হইবার আদেশ হয় বা থাকে, সেই সকল বিধান ঐ নায়েব ও গোমাশতাদের ও

নায়েব গোমাশতা প্রভৃতি যে মোকদ্দমায় বাদী কি প্রতিবাদী হন তদ্বিষয়ক কথা।

required or permitted to be done by a party in person, may be done by any such person as aforesaid.

Processes served on any such person shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been served on the landholder in person, and all the provisions of this Act relative to the service of processes on a party to the suit shall be applicable to the service of processes on such person.

79. A plaintiff or defendant shall not be required to attend in person if of the female sex, and of a rank or class which, according to the custom and manners of the country, would render it improper for her to appear in public.

Personal attendance of plaintiff or defendant not required in certain cases.

80. Any party to a suit may employ an authorized agent or mookhtar to conduct the case on his behalf, but the appointment of such agent or mookhtar shall not excuse the personal attendance of the plaintiff or defendant in cases where his personal attendance is required by the summons or any order of the court.

Employment of authorized agents or mookhtars.

81. The Deputy Commissioner may in any case grant time to the plaintiff or defendant to proceed in the prosecution or defence respectively of a suit, and may also from time to time, in order to the production of further proof, or for other sufficient reason to be recorded by him, adjourn the hearing or further hearing of any case in such manner as to him may seem fit.

Deputy Commissioner may grant time or adjourn hearing.

82. The Deputy Commissioner may at any stage of a suit cause a local enquiry and report respecting the matter in dispute to be made by any officer subordinate to him, or by any other officer of Government with the consent of the authority to whom such officer is subordinate, or may himself proceed to the spot and make such local enquiry in person.

Deputy Commissioner may cause local enquiry to be made.

The provisions of the law for the time being in force relative to local enquiries by ameens or commissioners under orders of the civil courts shall apply to any local enquiry made by any officer under this section, and, so far as they are applicable, to enquiries made by the Deputy Commissioner in person.

[*Government Gazette*, 18*th March* 1879.]

অন্য ব্যক্তিদের প্রতি খাটিবে, ও এই আইনক্রমে কোন পক্ষের নিজে যে কর্ম্ম করিবার আদেশ বা অনুমতি থাকে তাহা পূর্ব্বোক্ত কোন ব্যক্তির দ্বারা করা যাইতে পারিবে।

উক্ত কোন ব্যক্তির নামে যে পরওয়ানা জারী হয় তাহা মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্যপক্ষে নিজ ভূম্যধিকারীদের নামে জারী হওয়ার ন্যায় সফল হইবে, ও এই আইনে মোকদ্দমার এক পক্ষের নামে পরওয়ানা জারী করণ বিষয়ের যে সকল বিধান আছে, তাহা ঐ ব্যক্তির নামে পরওয়ানা জারী করণের প্রতি খাটিবে।

৭৯ ধারা। বাদী কি প্রতিবাদী স্ত্রীলোক হইলে, ও দেশের আচার ও রীতি মতে সেই শ্রেণীর কি জাতির স্ত্রীদের প্রকাশ্য স্থানে উপস্থিত হওয়া অনুচিত হইলে, তাহার নিজে উপস্থিত হইবার আদেশ হইবে না।

স্থলবিশেষে বাদির কি প্রতিবাদির নিজে উপস্থিত হইবার প্রয়োজন না থাকিবার কথা।

৮০ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আপনার পক্ষে মোকদ্দমা চালাইবার নিমিত্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারককে কি মোক্তারকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু সমনমতে কিম্বা আদালতের কোন আজ্ঞাক্রমে বাদির কি প্রতিবাদির স্বয়ং উপস্থিত হইবার আদেশ থাকিলে সেই কর্ম্মকারক কি মোক্তার নিযুক্ত হইলেও ঐ২ পক্ষের উপস্থিত না হইবার ক্ষমতা হইবে না।

ক্ষমতাপ্রাপ্ত মোক্তারকে নিযুক্ত করিবার কথা।

৮১ ধারা। ডেপুটী কমিশানর কোন স্থলে বাদিকে কিম্বা প্রতিবাদিকে মোকদ্দমার বাদ কি প্রতিবাদ করিবার সময় দিতে পারিবেন, এবং আরও প্রমাণ আনিবার জন্যে, কিম্বা অন্য উপযুক্ত কারণ থাকিলে তাহা লিপিবদ্ধ করিয়া সেই কারণে, যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে মোকদ্দমা শুনিবার কি পুনশ্চ শুনিবার কার্য্য স্থগিত করিয়া তাহার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন।

ডেপুটী কমিশানরের অবকাশ দিতে কিম্বা মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবার কথা।

৮২ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে ডেপুটী কমিশানর আপনার অধীন কোন কর্ম্মকারকের দ্বারা, কিম্বা গবর্ণমেণ্টের অন্য যে কর্ম্মকারক যে কর্ত্তৃপক্ষের অধীন হন তাঁহার অনুমতি লইয়া ঐ কর্ম্মকারকের দ্বারা, বিবাদীয় কোন বিষয়ে স্থানীয় তদারক ও রিপোর্ট করাইতে পারিবেন, কিম্বা আপনি তৎস্থানে গিয়া সরেজমীনে তদারক করিতে পারিবেন।

ডেপুটী কমিশানরের সরেজমীনে তদারক করাইতে পারিবার কথা।

দেওয়ানী আদালতের আজ্ঞামতে আমীনদের বা কমিশানরদের দ্বারা স্থানীয় তদারক করিবার বিষয়ে আইনের যে বিধান যৎকালে প্রবল থাকে, তাহা এই ধারামতে কোন কর্ম্মকারকের সরেজমীনে তদারক করণের প্রতি খাটিবে, ও ডেপুটী কমিশানর নিজে যে তদারক করেন তাহারও প্রতি যত দূর খাটিতে পারে খাটিবে।

In the latter case, the Deputy Commissioner, after completing the enquiry, shall record on the proceedings such observations as appear to him appropriate, and the observations so recorded shall be received as evidence in the suit

83 The defendant in any suit under this Act may, if he has duly tendered the same to the plaintiff before the institution of the suit, pay into court such sum of money as he may consider due to the plaintiff without paying in any costs incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall be immediately paid out of court to the plaintiff

After action brought, defendant may pay into court, without costs, money tendered before action brought.

If after such payment the plaintiff elects to proceed in the suit, and ultimately recovers no further sum than shall have been paid into court, the plaintiff shall be charged with the whole costs of the suit incurred by the defendant, but if the plaintiff ultimately recovers a further sum than shall have been paid into court, the defendant shall be charged with the whole costs of the suit

Costs if plaintiff goes on and recovers no more

84 The defendant in any suit under this Act may, without having made any tender before action brought, pay into court such sum of money as he may consider due to the plaintiff, together with the costs (to be fixed by the court, if necessary as upon a suit originally instituted for the amount so paid into court) incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall immediately be paid out of court to the plaintiff

If no previous tender has been made, defendant may pay into court what he admits to be due, with costs on that sum

If after such payment the plaintiff elects to proceed in the suit, and ultimately recovers no further sum than shall have been paid into court, he shall be charged with all costs incurred by the defendant subsequently to such payment, but if the plaintiff ultimately recovers a further sum than shall have been paid into court, the defendant shall be charged with costs as upon a suit originally instituted for the whole amount for which the plaintiff ultimately obtains a decree, but shall have credit thereout for the amount of costs paid into court by him in the first instance.

Costs if plaintiff goes on with the suit

শেষোক্ত স্থলে ডেপুটী কমিশনার ঐ তদারকের কার্য্য সমাপ্ত করিলে, যাহা২ দেখিয়াছেন তদ্বিষয়ের যেং কথা সঙ্গত বোধ করেন তাহা রোবকারিতে লিখিবেন, ও তদ্রূপ লিপিবদ্ধ সকল কথা মোকদ্দমার প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে।

৮৩ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমার প্রতিবাদী বাদির পাওনা বলিয়া যত টাকা জ্ঞান করেন যদি মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে বাদিকে সেই টাকা দিতে নিয়মিতরূপে প্রস্তাব করিয়া থাকেন তবে মোকদ্দমা উপস্থিত করা গেলে পর আদালতে ঐ টাকা আমানত করিতে পারিবেন ও এমত স্থলে ঐ টাকা দিবার সময়পর্য্যন্ত বাদির যে খরচা লাগে প্রতিবাদির সেই খরচা দিতে হইবে না। সেই টাকা তৎকালেই আদালত হইতে বাদিকে দেওয়া যাইবে।

নালিশ হইবার পূর্ব্বে প্রতিবাদী যে টাকা দিতে চাহিয়াছিলেন নালিশ হইবার পর তাঁহার বিনা খরচে সেই টাকা আদালতে দিতে পারিবার কথা।

ঐ টাকা দেওয়া গেলে পর যদি বাদী মোকদ্দমা চালাইতে স্থির করিয়া শেষে আদালতে আমানত করা ঐ টাকার অধিক না পান, তবে ঐ মোকদ্দমায় প্রতিবাদির যত খরচা হইল বাদী সেই সমস্ত খরচার দায়ী হইবেন, কিন্তু বাদী শেষে ঐ আমানত করা টাকার অধিক পাইলে, প্রতিবাদী মোকদ্দমার সকল খরচার দায়ী হইবেন।

বাদী মোকদ্দমা চালাইয়া আর টাকা আদায় না করিলে তদ্বিষয়ক কথা।

৮৪ ধারা। প্রতিবাদী এই আইনমত মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে টাকা দিতে প্রস্তাব না করিলেও আপনার জ্ঞানে বাদির যত টাকা পাওনা বলিয়া জ্ঞান করেন তত টাকা ও ঐ টাকা দিবার সময়পর্য্যন্ত বাদির যত টাকা খরচা হইয়াছে তাহাও আদালতে আমানত করিতে পারিবেন। (আবশ্যক হইলে, আদালতে আমানত করা তত টাকার নিমিত্ত মোকদ্দমা প্রথম উপস্থিত হওয়ার ন্যায় আদালত সেই খরচা স্থির করিবেন।) ও সেই টাকা তৎকালেই আদালত হইতে বাদিকে দেওয়া যাইবে।

পূর্ব্বে টাকা দিতে প্রস্তাব না করিলে প্রতিবাদী যত টাকা পাওনা বলিয়া জ্ঞান করেন আদালতে ঐ টাকার উপর খরচাশুদ্ধ তাঁহার আমানত করিতে পারিবার কথা।

ঐ টাকা দেওয়া গেলে পর যদি বাদী মোকদ্দমা চালাইতে স্থির করিয়া শেষে আদালতে আমানত করা উক্ত টাকার অধিক না পান তবে ঐ টাকা আমানত করিবার পর প্রতিবাদির যত খরচা হইয়াছে বাদী তাহার দায়ী হইবেন, কিন্তু বাদী শেষে আদালতে আমানত করা উক্ত টাকার অধিক পাইলে প্রতিবাদী খরচার নিমিত্ত প্রথমে যে টাকা আদালতে আমানত করিলেন তাহা বাদ দিয়া বাদী শেষে সম্পূর্ণ যত টাকার ডিক্রী পান তত টাকার নিমিত্ত মোকদ্দমা প্রথমে উপস্থিত করা গেলে যত টাকা খরচা হইত, প্রতিবাদী তত টাকা খরচার দায়ী হইবেন। কিন্তু প্রথমে যত টাকা আমানত করিলেন তাহা তাঁহার নামে জমা করিয়া লওয়া যাইবে।

বাদী মোকদ্দমা চালাইলে খরচার কথা।

85. No interest shall be allowed to the plaintiff on any sum paid by the defendant into court from the date of such payment, whether such sum be in full of his claim or fall short thereof

No interest on deposits

86 If on the trial of a suit for the delivery of a pottah instituted by a ryot having a right of occupancy the parties do not agree as to the term for which the pottah is to be granted, the Deputy Commissioner shall fix such term as under the circumstances of the case he may think just and proper

If on trial of suit for delivery of pottah parties do not agree as to the time for which the pottah is granted, Deputy Commissioner to fix the time

Provided that the term shall not in any case be longer than twenty years, and in estates not permanently settled shall not extend beyond the period for which the proprietor of the estate has engaged with Government Provided also that, if the defendant be a farmer or other person having only a temporary interest in the land, the term of the pottah shall not extend beyond the period of the continuance of such interest

For cultivators not having a right of occupancy, the term of pottah shall be exclusively in the discretion of the person entitled to the rent of the land

87 When in any suit between a landholder and a ryot or under tenant under this Act the right to receive the rent of the land or tenure cultivated or held by the ryot or under-tenant is disputed, and such right is claimed by or on behalf of a third person, on the ground that such third person or a person through whom he claims, has actually and in good faith received and enjoyed such rent before and up to the time of the commencement of the suit, such third person shall be made a party to the suit, and the question of the actual receipt and enjoyment of the rent by such third person shall be enquired into, and the suit shall be decided according to the result of such inquiry

If in actions for rent a third person appear as claimant, he is to be made a party to the suit

Provided that the decision of the Deputy Commissioner shall not affect the right of either party, who may have a legal title to the rent of such land or tenure, to establish his title by suit in a civil court, if instituted within one year from the date of the decision

[*Government Gazette*, 18*th March* 1879]

৮৫ ধারা। প্রতিবাদী যে টাকা আদালতে আমানত করেন, তাহাতে তাহার উপর সম্পূর্ণ দাওয়ার পরিশোধ হউক বা কম পড়ুক, ঐ টাকা আমানত করিবার তারিখ অবধি বাদী তাহার উপর সুদ পাইবেন না।

আমানতের টাকার উপর সুদ না চলিবার কথা।

৮৬ ধারা। যে রায়তের দখলীস্বত্ব থাকে সে পাট্টা পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ মোকদ্দমার বিচারকালে পাট্টার মিয়াদের বিষয়ে উভয় পক্ষের একই মত না হইলে, ডেপুটী কমিশ্যনর মোকদ্দমার অবস্থা বিবেচনায় যে মিয়াদ ন্যায্য ও উচিত বোধ করেন এমত মিয়াদ ধার্য্য করিবেন।

পাট্টা পাইবার নিমিত্ত মোকদ্দমার বিচারকালে পাট্টার মিয়াদের বিষয়ে উভয় পক্ষের অনৈক্য হইলে ডেপুটী কমিশ্যনরের ঐ মিয়াদ ধার্য্য করিবার কথা।

কিন্তু কোন স্থলে বিশ বৎসরের অধিক মিয়াদ হইবে না, ও মহালের চিরকালীন বন্দোবস্ত না হইয়া থাকিলে, মহালের স্বামী গবর্ণমেণ্টের সঙ্গে যত কালের বন্দোবস্ত করিয়াছেন তাহার অধিক কালের মিয়াদ হইবে না। কিন্তু প্রতিবাদী ভূমিতে যাহার কিয়ৎকালীন সম্পর্ক থাকে এমত ইজারদার বা অন্য ব্যক্তি হইলে, ঐ সম্পর্ক যত কালের হয়, মিয়াদ তাহার অধিক কালের হইবে না।

যাহার দখলী স্বত্ব নাই এমত চাষা হইলে ঐ জমীর খাজানা পাইবার অধিকার যাঁহার থাকে কেবল তাঁহারই বিবেচনামতে পাট্টার মিয়াদ ধার্য্য হইবে।

৮৭ ধারা। এই আইনমতে জমীদারের ও রাইয়তের কি পাট্টা ও প্রজার মধ্যে কোন মোকদ্দমায়, যদি রায়তের কি পেটাও প্রজার চাষ কি ভোগ করা জমীর কি যোতের খাজানা গ্রহণের অধিকার বিষয়ে বিবাদ হয় ও তৃতীয় কোন ব্যক্তি কিম্বা যাহার বলে তিনি দাওয়া করেন সেই ব্যক্তি মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে ও সেই সময় পর্য্যন্ত প্রকৃত প্রস্তাবে ও সরলভাবে ঐ জমীর খাজানা গ্রহণ করিয়া ভোগ করিয়াছেন বলিয়া সেই তৃতীয় ব্যক্তির দ্বারা কি তাঁহার পক্ষে সেই অধিকারের দাওয়া করা হয়, তবে ঐ তৃতীয় ব্যক্তিকে মোকদ্দমার এক পক্ষ করা যাইবে। ও সেই তৃতীয় ব্যক্তি প্রকৃত প্রস্তাবে ঐ খাজানা লইয়া ভোগ করিয়াছেন কি না এই বিষয়ের অনুসন্ধান লওয়া যাইবে, ও সেই অনুসন্ধানের ফল অনুসারে মোকদ্দমার নিষ্পত্তি হইবে।

খাজানার মোকদ্দমায় তৃতীয় ব্যক্তি দাওয়াদার বলিয়া উপস্থিত হইলে, তাঁহাকে মোকদ্দমার এক পক্ষ করিবার কথা।

কিন্তু আইনমতে ঐ জমীর কি যোতের খাজানা পাইবার স্বত্ববান বলিয়া, দেওয়ানী আদালতে কোন পক্ষের মোকদ্দমা করিয়া সেই স্বত্ব স্থাপন করিবার যে অধিকার আছে, ডেপুটী কমিশ্যনরের সেই নিষ্পত্তি দ্বারা সেই অধিকারের ব্যাঘাত হইবে না, কিন্তু ঐ নিষ্পত্তির তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে।

88. Any person desiring to eject a ryot, or to cancel a lease on account of non-payment of arrears of rent may sue for such ejectment or cancelment and for recovery of the arrear in the same action, or may adduce any unexecuted decree for arrears of rent as evidence of the existence of such arrears in a suit for such ejectment or cancelment

Suits for ejectment or cancelment of lease

In all cases of suits for the ejectment of a ryot or the cancelment of a lease, the decree shall specify the amount of the arrear, and if such amount, together with interest and costs of suit, be paid into court within fifteen days from the date of the decree, execution shall be stayed

89. The Deputy Commissioner shall pronounce judgment in open court The judgment shall be written in the vernacular language of the Deputy Commissioner, and shall contain the reasons for the same, and shall be dated and signed by the Deputy Commissioner at the time when it is pronounced

Judgment how to be pronounced.

Provided that any judgment may be written in English, if the Deputy Commissioner be sufficiently acquainted with the English language

90. In any suit for rent under this Act, if it appears to the court that the defendant has without reasonable or probable cause, neglected or refused to pay the amount due from him,

The court may in certain cases award to the plaintiff additional damages not exceeding 25 per cent

and that he has not, before the institution of the suit, tendered such amount to the plaintiff or his duly authorized agent, or, in case of refusal of the plaintiff or such agent to receive the amount tendered, has not deposited such amount with the Deputy Commissioner before the institution of the suit in manner hereinbefore mentioned,

the court may award to the plaintiff, in addition to the amount decreed for rent and costs, such damages, not exceeding twenty-five per centum on the amount of rent decreed, as the court may think fit,

and such damages, if awarded, as well as the amount of rent and costs decreed in the suit, shall carry interest from the date of decree until payment thereof at such rate per centum as the Deputy Commissioner deems reasonable

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১৮ মার্চ।]

৮৮ ধারা। কোন ব্যক্তি বাকী খাজানা না দেওন প্রযুক্ত রায়তকে উঠাইয়া দিতে বা পাট্টা বাতিল করিতে চাহিলে, তাহাকে উঠাইয়া দিবার বা পাট্টা বাতিল করিবার ও বাকী আদায়ের একই মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। কিম্বা তাহাকে উঠাইয়া দিবার বা পাট্টা বাতিল করিবার মোকদ্দমায় ঐ বাকীর প্রমাণস্বরূপ পূর্ব্বকার খাজানার জারী না করা ডিক্রী উপস্থিত করিতে পারিবেন।

উঠাইয়া দিবার কি পাট্টা বাতিল করিবার মোকদ্দমার কথা।

রায়তকে উঠাইয়া দিবার বা পাট্টা বাতিল করিবার সকল মোকদ্দমাতে যে ডিক্রী করা যায়, তাহাতে যত খাজানা বাকী আছে তাহা নির্দ্দিষ্ট করিয়া লিখিতে হইবে। ও সুদ ও মোকদ্দমার খরচাযুক্ত সেই টাকা ঐ ডিক্রীর তারিখ অবধি ১৫ পনর দিনের মধ্যে আদালতে দেওয়া গেলে ঐ ডিক্রী জারী স্থগিত হইবে।

৮৯ ধারা। ডেপুটী কমিশনর খোলা আদালতে বিচার নিষ্পত্তি প্রচার করিবেন। ঐ নিষ্পত্তি ডেপুটী কমিশনরের স্বদেশীয় ভাষায় লেখা যাইবে। তন্মধ্যে সেই নিষ্পত্তির হেতু লেখা থাকিবে। ও ডেপুটী কমিশনর যে সময়ে তাহা প্রচার করেন সেই সময়ে তাহাতে তারিখ দিয়া স্বাক্ষর করিবেন।

বিচার যে প্রকারে প্রচার করা যাইবে তাহার কথা।

কিন্তু ডেপুটী কমিশনর ইংরেজী ভাষা উপযুক্তমতে জানিলে তাঁহার বিচার সেই ভাষায় লেখা যাইতে পারিবে।

৯০ ধারা। এই আইনমত খাজানার নিমিত্ত কোন মোকদ্দমায় প্রতিবাদী যুক্তিসঙ্গত কি সম্ভাবিত কারণ না থাকিলেও আপনার নিকট পাওনা টাকা দিতে উপেক্ষা কি অস্বীকার করিয়াছে,

স্থলবিশেষে বাদিকে ক্ষতি পূরণস্বরূপ শতকরা ২৫ টাকার অনধিক দিতে আদালতের অনুমতি করণের কথা।

ও মোকদ্দমা উপস্থিত হওনের পূর্ব্বে বাদিকে কিম্বা তাঁহার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে ঐ টাকা দিতে প্রস্তাব করে নাই, কিম্বা সেই টাকা দিতে চাহিলেও বাদী কি তাহার কার্য্যকারক তাহা লইতে অস্বীকার করিলে মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে ডেপুটী কমিশনরের নিকট পূর্ব্বোক্ত প্রকারে ঐ টাকা আমানত করে নাই, আদালতের এরূপ প্রতীতি হইলে,

খাজানা ও খরচা বলিয়া বাদির পক্ষে যত টাকা ডিক্রী হয় তদতিরিক্ত আদালত ক্ষতি পূরণস্বরূপ যে খাজানার টাকার ডিক্রী হয় তাহার উপর শতকরা ২৫ টাকার অনধিক যত উচিত বোধ করেন তাঁহাকে তার তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ক্ষতিপূরণস্বরূপ সেই টাকার আজ্ঞা হইলে তাহা ও মোকদ্দমায় যত টাকা খাজানার ও খরচার ডিক্রী হয় ডিক্রীর তারিখ অবধি তাহা পরিশোধ না করা পর্য্যন্ত তাহার উপর বৎসর শতকরা ডেপুটী কমিশনর যত টাকা যুক্তিসঙ্গত জ্ঞান করেন তত টাকার হিসাবে সুদ চলিবে।

91 In any suit for rent under this Act, if it appears to the court that the plaintiff has instituted the suit against the defendant without reasonable or probable cause,

The court may award compensation, not exceeding 25 per cent on the amount sued for, to a defendant improperly sued

or that the defendant, before the institution of the suit, duly deposited with the Deputy Commissioner in the manner hereinafter mentioned the full amount which the court shall find to have been due to the plaintiff at the date of such deposit,

the court may award to the defendant by way of compensation such sum not exceeding twenty five per centum on the whole amount claimed by the plaintiff, as the court may think fit,

and such sum, with interest until payment thereof at such rate per centum as the Deputy Commissioner deems reasonable, shall be recoverable from the plaintiff in like manner as sums decreed to be paid by defendants under this Act

৯১ ধারা। এই আইনমতে খাজানার নিমিত্ত কোন মোকদ্দমায়, যদি আদালতের প্রতীতি হয় যে, বাদী যুক্তিসঙ্গত কি সম্ভাবিত কারণ না থাকিলেও প্রতিবাদির নামে মোকদ্দমা উপস্থিত করিয়াছে,

প্রতিবাদির নামে অযুক্তমতে নালিশ হইলে, যত টাকার নিমিত্ত নালিশ হয় তাহার উপর শতকরা ২৫৲ টাকা পর্য্যন্ত প্রতিবাদিকে ক্ষতি পূরণ স্বরূপ দিতে আদালতের আজ্ঞা করণের কথা।

কিম্বা মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে প্রতিবাদী নিম্নলিখিতমতে ডেপুটী কমিশ্যনরের নিকট যত টাকা আমানত করিয়াছেন ঐ আমানত করণের তারিখে আদালতের বিচারে বাদির তদধিক টাকা পাওনা ছিল না,

তবে বাদী যত টাকার দাওয়া করিয়াছেন তাহার উপর আদালত শতকরা ২৫ টাকার অনধিক যত উচিত বোধ করেন প্রতিবাদিকে ক্ষতি পূরণস্বরূপ তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ও সেই টাকা যাবৎ না দেওয়া হয় তাহার উপর বৎসর শতকরা ডেপুটী কমিশ্যনর যত টাকা যুক্তিসঙ্গত জ্ঞান করেন তত টাকার হিসাবে সুদ চলিবে, ও এই আইনমতে প্রতিবাদিদের টাকা দিবার ডিক্রী হইলে তাহা যে প্রকারে আদায় করা যায় বাদির স্থানে সেই প্রকারে ঐ টাকা আদায় করিয়া লওয়া যাইবে।

92 When a decree is given for the delivery of a pottah, if the person required by the decree to grant such pottah refuses or delays to grant the same, the Deputy Commissioner may grant a pottah in conformity with the terms of the decree under his own hand and seal, and such pottah shall be of the same force and effect as if granted by the person aforesaid

If person required by the decree refuse to grant pottah Deputy Commissioner may do so

৯২ ধারা। পাট্টা পাইবার নিমিত্ত ডিক্রী হইলে, ঐ ডিক্রীমতে যাঁহার প্রতি সেই পাট্টা দিবার আদেশ থাকে তিনি তাহা দিতে অস্বীকার কি বিলম্ব করিলে ডেপুটী কমিশ্যনর ডিক্রীর মর্ম্মানুসারে আপনার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত পাট্টা দিতে পারিবেন। ও পূর্ব্বোক্ত ব্যক্তির দ্বারা দেওনের ন্যায় সেই পাট্টা প্রবল ও ফলবৎ হইবে।

ডিক্রীক্রমে যাঁহার প্রতি আজ্ঞা থাকে তিনি পাট্টা দিতে না চাহিলে ডেপুটী কমিশ্যনরের দিতে পারিবার কথা।

93 When a decree is given for the delivery of a kubooliyet, if the person required by the decree to execute such kubooliyet refuses to execute the same, the decree shall be evidence of the amount of rent claimable from such person, and a copy of the decree under the hand and seal of the Deputy Commissioner shall be of the same force and effect as a kubooliyet executed by the said person

Refusal of person to execute kubooliyet as required by the decree

৯৩ ধারা। কবুলিয়ত দিবার নিমিত্ত ডিক্রী হইলে ঐ ডিক্রীমতে যাঁহার প্রতি কবুলিয়ত লিখিয়া দিবার আদেশ থাকে, তিনি তাহা লিখিয়াদিতে অস্বীকার করিলে, তাঁহার স্থানে যত খাজানার দাওয়া হইতে পারে ঐ ডিক্রী ইহার প্রমাণস্বরূপ হইবে, ও ডেপুটী কমিশ্যনরের স্বাক্ষর ও মোহরকরা ঐ ডিক্রীর নকল ঐ ব্যক্তির লেখা কবুলিয়তের ন্যায় প্রবল ও ফলবৎ হইবে।

ডিক্রীক্রমে কবুলিয়ত দিতে অস্বীকার করণবিষয়ক কথা।

94. If the decree is for the ejectment of any ryot from land occupied by him, or for the reinstatement of any ryot in the occupancy of land from which he has been ejected, the decree shall be executed by giving the possession or occupancy of the land to the person entitled by the decree to such possession or occupancy

Mode of executing decree for ejectment or reinstatement of ryot

৯৪ ধারা। কোন রায়তের দখলে যে ভূমি আছে তাহাহইতে তাহাকে উঠাইয়া দিবার, কিম্বা যে জমী হইতে তাহাকে উঠাইয়া দেওয়া গিয়াছে তাহা পুনরায় তাহার দখলে দিবার ডিক্রী হইলে, ডিক্রী ক্রমে যে ব্যক্তির সেই জমীর অধিকার কি দখল পাইবার স্বত্ব আছে তাহাকে অধিকার কি দখল দেওয়াইয়া ঐ ডিক্রী জারী হইবে।

রায়তকে উঠাইয়া দিবার বা পুনরায় দখল দিবার ডিক্রী যেরূপে জারী হইবে তাহার কথা।

[*Government Gazette*, 18*th March* 1879]

If any opposition is made to the execution of the order for giving such possession or occupancy by the party against whom the order is made, the Deputy Commissioner, in the exercise of his powers as a Magistrate, shall give effect to the same

Procedure in case of opposition to execution

95. If the decree is for the cancelment of any lease, or the ejectment of any farmer or other person (not being an actual cultivator), or for the re-instatement of any farmer or other such person in the possession of a farm or tenure from which he has been ejected, the decree shall be executed by proclaiming the substance of the decree to the cultivators or other occupants by beat of drum, or in such other manner as may be customary, and affixing the same in some conspicuous place within, or adjacent to, the farm or tenure

Mode of executing decree for cancelment of a lease, or for ejectment or reinstatement of a farmer or tenant

96 If the decree is for arrears of rent, or for money, papers, or accounts, and the defendant has been committed to jail, or appears pursuant to the conditions of any security-bond given under section 59, the Deputy Commissioner may order that he be detained in, or committed to, the civil jail, unless he immediately pay into court the amount of the decree with costs, or otherwise comply with the terms of the decree

In what case a judgment debtor may be detained or imprisoned without issue of process of execution

97 If the judgment-debtor has given security for his appearance, and is not present when judgment is pronounced, and the surety fails to deliver him into custody when required so to do, process of execution may be taken out against the surety in the same manner as if a decree for the amount due from the debtor had been passed against the surety

Liability of surety on failure to deliver judgment debtor into custody

If the decree is for the delivery of papers or accounts, and the defendant is not present when judgment is pronounced, and the surety fails to deliver him into custody when required so to do, execution may be taken out against the surety for the sum due under the bond in the same manner as if a decree for that sum had been passed against the surety.

98. The provisions relating to attachment before judgment, contained in the Code of Civil Procedure, are hereby extended to all suits under this Act.

Attachment before a judgment.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৭৯। ৮ মার্চ।]

যাঁহার বিপক্ষে ডিক্রী হয় তিনি ঐ জমীর অধিকার কি দখল দিবার হুকুম জারীর বাধা জন্মাইলে, ডেপুটী কমিশনর স্বীয় মাজিষ্ট্রেটী ক্ষমতা বলে কার্য্য করিয়া ঐ হুকুম প্রবল করিবেন।

ডিক্রীজারীর বাধা হইলে কার্য্যপ্রণালীর কথা।

৯৫ ধারা। কোন পাট্টা বাতিল করণের কিম্বা ইজারদারক কি প্রকৃত চাস ভিন্ন কোন ব্যক্তিকে উঠাইয়া দিবার কিম্বা ইজারদারকে কি অন্য ব্যক্তিকে যে ইজারা কি ভূমিহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে তাহাকে পুনরায় দখল দেওয়াইবার ডিক্রী হইলে, ঢেড়রা দিয়া কি রীতিমত অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে চাষাদের কি অন্য দখলীকারদের নিকট ডিক্রীর মর্ম্ম ঘোষণা করিয়া, ও সেই ইজারার কি ভূমির মধ্যে কি লাগাও কোন প্রকাশ স্থানে ঐ ডিক্রীর নকল লটকাইয়া, ডিক্রী জারী করা যাইবে।

পাট্টা বাতিল করণের, কিম্বা ইজারদারকে কি প্রজাকে উঠাইয়া দিবার বা পুনরায় দখল দিবার ডিক্রী যেরূপে জারী হইবে তদ্বিষয়ক কথা।

৯৬ ধারা। বাকী খাজনার কি টাকার কি কাগজপত্রের কি হিসাবের নিমিত্ত ডিক্রী হইলে, ও প্রতিবাদিকে জেলে আটক রাখা গিয়া থাকিলে, কিম্বা তিনি ৫৯ ধারামতে লিখিত জামিনী খতের নিয়মমতে হাজির হইলে, তিনি তৎকালেই খরচ সুদ্ধ ডিক্রীর টাকা আদালতে আমানত না করিলে, কিম্বা প্রকারান্তরে ডিক্রীর নিয়মানুসারে কার্য্য না করিলে, ডেপুটী কমিশনর তাঁহাকে দেওয়ানী জেলে রাখিবার বা পাঠাইবার আজ্ঞা করিতে পারিবেন।

ডিক্রী জারীর পরওয়ানা না দিয়া ডিক্রীমত খাতককে কেবল আটক রাখা বা কয়েদ করা যাইতে পারিবে তদ্বিষয়ক কথা।

৯৭ ধারা। ডিক্রীমত খাতক হাজির হইবার জামিন দিয়া থাকিলেও বিচার প্রচার করণ সময়ে হাজির না হইলে, ও জামিনের প্রতি আদেশ হইলেও তিনি ঐ খাতকক সমর্পণ করিয়া না দিলে, খাতকের নামে প্রাপ্য টাকার ডিক্রী জামিনের বিপক্ষে করা গেলে যে প্রকার হইত, সেই প্রকারেই ঐ জামিনের নামে ডিক্রীজারীর পরওয়ানা লওয়া যাইতে পারিবে।

জামিন ডিক্রীমত খাতককে হাজির করিয়া না দিলে তাঁহার দায়ের কথা।

কাগজপত্র কি হিসাব দিবার ডিক্রী হইলে, ও প্রতিবাদী বিচার প্রচার করণ সময়ে হাজির না হইলে, ও জামিনের প্রতি আদেশ হইলেও প্রতিবাদিকে সমর্পণ করিয়া না দিলে, ঐ খত অনুসারে যত টাকা পাওনা হয় জামিনের বিপক্ষে তত টাকার ডিক্রী হইলে যে প্রকারে হইত, সেই প্রকারে ঐ টাকার নিমিত্ত ঐ জামিনের নামে ডিক্রী জারীর পরওয়ানা লওয়া যাইতে পারিবে।

৯৮ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী-বিষয়ক আইনে বিচারের পূর্ব্বে ক্রোক করণ বিষয়ক যেই বিধান আছে, তাহা এতদ্দ্বারা এই আইনমতে সকল মোকদ্দমার প্রতি বর্ত্তান গেল।

বিচারের পূর্ব্বে ক্রোক করিবার কথা।

99 Process of execution may be issued against either the person or the property of a judgment-debtor, but process shall not be issued simultaneously against both person and property

Issue of process of execution

Process of execution against the person or moveable property of a debtor shall be in the form contained in Schedule H or I hereto annexed, or to the like effect

100 Any moveable property required to be seized under an execution shall, if practicable, be described in a list to be furnished by the judgment-creditor, but if the creditor is unable to furnish such list he may apply for a general attachment of the debtor's effects to the amount of the judgment and costs

Application for execution against moveable property

In either case the property to be seized shall be pointed out to the officer entrusted with the execution of the process by the creditor or his agent

101 Every warrant of execution shall bear date on the day on which it is signed by the Deputy Commissioner, and shall continue in force for such period as the Deputy Commissioner may direct, not being more than sixty days from such date

How long warrant shall continue in force

102 Second and successive warrants of execution may be issued by order of the Deputy Commissioner on the application of the judgment-creditor, after the expiration of the period fixed for the continuance in force of a previous warrant

Second and successive warrants

103 Process of execution shall not be issued upon any judgment without previous notice to the party against whom execution is applied for, if, when application for the issue of the process is made, a period of more than one year shall have elapsed from the date of the judgment, or from the date of the last previous application for execution

After one year execution not to issue without notice

104 Execution on a judgment shall not issue against the heir or other representative of a deceased party, without notice to such heir or other representative to appear and be heard

Execution not to issue against heir or representative of a deceased party without notice.

[*Government Gazette*, 18*th March* 1879]

৯৯ ধারা। ডিক্রী জারীর পরওয়ানা হয় ডিক্রীমত খাতকের, না হয় তাহার সম্পত্তির উপর বাহির হইতে পারিবে, কিন্তু একই কালে তাঁহার ও তদীয় সম্পত্তির উপর বাহির হইতে পারিবে না।

ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবার কথা।

খাতকের কিম্বা তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা H বা I তফশীলের পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে।

১০০ ধারা। ডিক্রীজারীক্রমে কোন অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রয়োজন হইলে, ডিক্রীদার মহাজন তাহার তালিকা দিতে পারিলে তাহা দিয়া ঐ সম্পত্তির বর্ণনা করিবেন। কিন্তু ঐরূপ তালিকা দিতে না পারিলে, খাতকের যত দ্রব্যে ডিক্রীর টাকা ও খরচা শোধ হইতে পারে, সাধারণমতে তত দ্রব্য ক্রোক করিবার প্রার্থনা করিতে পারিবেন।

অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হইবার প্রার্থনার কথা।

এতদুভয় স্থলে পরওয়ানা জারী করিবার ভার যে কর্ম্মচারীর হাতে দেওয়া যায় মহাজন কি তাঁহার কর্ম্মকারক তাঁহাকে ক্রোক করিবার সম্পত্তি দেখাইয়া দিবেন।

১০১ ধারা। ডেপুটী কমিশনর যে তারিখে ডিক্রীজারীর পরওয়ানার স্বাক্ষর করেন তাহাই ঐ পরওয়ানার তারিখ হইবে, ও সেই তারিখ অবধি ধরিয়া ডেপুটী কমিশনর ৬০ষাইট দিনের অনধিক যত দিনের আজ্ঞা করেন, ঐ পরওয়ানা তত দিন প্রবল থাকিবে।

পরওয়ানা যত দিন প্রবল থাকিবে তাহার কথা।

১০২ ধারা। কোন পরওয়ানা প্রবল থাকিবার মিয়াদ ফুরাইলে পর, ডিক্রীমত মহাজনের প্রার্থনাক্রমে ডেপুটী কমিশনরের আজ্ঞাক্রমে ডিক্রী জারীর দ্বিতীয় ও তাহার পর অন্যান্য পরওয়ানা ও বাহির হইতে পারিবে।

দ্বিতীয় ও তৎপরে অন্যান্য পরওয়ানার কথা।

১০৩ ধারা। ডিক্রীর তারিখ অবধি কিম্বা পূর্ব্ববর্ত্তী শেষ ডিক্রীজারীর পরওয়ানা প্রার্থনা হইবার তারিখ অবধি একবৎসরের অধিক গত হইলে পর পরওয়ানা বাহির করিবার প্রার্থনা হইলে যাহার নামে ডিক্রীজারী করিবার প্রার্থনা হয় তাঁহাকে পূর্ব্বে নোটিস না দিলে, কোন ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবে না।

এক বৎসর গত হইলে নোটিস না দিয়া ডিক্রীজারীর পরওয়ানা বাহির না হইবার কথা।

১০৪ ধারা। মৃত ব্যক্তির উত্তরাধিকারিকে কি স্থলাভিষিক্তকে হাজির হইয়া আপনার আপত্তি জানাইবার নোটিস না দেওয়া গেলে, তাঁহার নামে ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবে না।

মৃত ব্যক্তির উত্তরাধিকারী কি স্থলাভিষিক্তের নামে নোটিস না দিয়া ডিক্রীজারীর পরওয়ানা বাহির না হইবার কথা।

No process of execution to be issued three years after date of judgment

105 No process of execution of any description whatsoever shall be issued on a judgment under this Act unless an application be made within three years from the date of such judgment.

Warrant against the person

106 If a warrant is issued for taking in execution the body of any person, the officer charged with the execution of the warrant shall bring him with all convenient speed before the Deputy Commissioner

If such person does not then deposit in court the full amount specified in the warrant, or make such arrangement for the payment of the same as shall be satisfactory to the judgment-creditor, or satisfy the Deputy Commissioner that he has no present means of paying the debt, the Deputy Commissioner shall send him to the civil jail, there to remain for such time as shall be directed, by a warrant addressed to the keeper of the jail, unless he shall in the meantime pay the full amount for the payment of which he is liable under the decree

Provided that no person shall be imprisoned in execution of a decree under this Act for a longer period than six months,

or for a longer period than six weeks, if the decree is for the payment of a sum of money not exceeding fifty rupees.

If arrest be for non delivery of accounts

If the decree against any person arrested under a warrant is for the delivery of papers or accounts, and the papers or accounts are not delivered by him when he is brought before the Deputy Commissioner, such person may be committed to the civil jail, there to remain for such time, not exceeding six months, as the Deputy Commissioner shall direct, unless he shall in the meantime deliver the papers or accounts according to the terms of the decree.

No person to be imprisoned a second time under same judgment.

107. Any person once discharged from jail shall not be imprisoned a second time under the same judgment.

If the amount due under the decree does not exceed fifty rupees, the Deputy Commissioner may declare such discharged person absolved from liability under that decree.

ডিক্রীর তারিখ অবধি তিন বৎসর গত হইলে পরওয়ানা জারী না হইবার কথা।

১০৫ ধারা। এই আইনমত ডিক্রীর তারিখ অবধি তিন বৎসর গত হইলে পর ঐ ডিক্রী জারী করিবার কোন প্রকারের পরওয়ানা বাহির হইবে না।

ব্যক্তিবিশেষের উপর পরওয়ানার কথা।

১০৬ ধারা। ডিক্রীজারীক্রমে কোন ব্যক্তিকে ধরিবার পরওয়ানা বাহির হইলে, ঐ পরওয়ানা জারী করিবার জন্যে যে কর্ম্মচারীর হাতে দেওয়া যায় তিনি সুবিধামতে ত্বরায় সেই ব্যক্তিকে ডেপুটী কমিশ্যনরের সম্মুখে আনিবেন।

ঐ ব্যক্তি তৎকালেই ঐ পরওয়ানার লিখিত সমুদয় টাকা আদালতে আমানত না করিলে, কিম্বা ডিক্রীমত মহাজন যাহাতে সন্তুষ্ট হন ঐ টাকা দিবার তদ্রূপ নিয়ম না করিলে, কিম্বা তৎকালে ঐ ঋণ শোধ করিবার সঙ্গতি না থাকার বিষয়ে ডেপুটী কমিশ্যনরের হৃদ্বোধ না জন্মাইলে, ডেপুটী কমিশ্যনর তাঁহাকে দেওয়ানী জেলে পাঠাইবেন, ও জেল দারগার নামে যে পরওয়ানা দেওয়া যায় তাহাতে যত দিন কয়েদ করিবার আজ্ঞা থাকে, ইতিমধ্যে ডিক্রী অনুসারে সমুদয় টাকা না দিলে তাঁহার তত দিন কয়েদ থাকিতে হইবে।

কিন্তু এই আইনমত ডিক্রীজারীক্রমে কাহাকেও ছয় মাসের, কিম্বা ৫০৲ টাকার অনধিক টাকা আদায়ের ডিক্রী হইলে, ছয় সপ্তাহের, অধিক কাল কয়েদ রাখা হইবে না।

হিসাব না দেওয়াতে গ্রেফ্তার হইলে তদ্বিষয়ের কথা।

কাগজপত্র কি হিসাব দিবার ডিক্রী হইয়া কোন ব্যক্তিকে পরওয়ানামতে ধরা গেলে, ও ডেপুটী কমিশ্যনরের সম্মুখে আনা গেলে ঐ ব্যক্তি কাগজপত্র কি হিসাব না দিলে, তাঁহাকে দেওয়ানী জেলে কয়েদ করা যাইবে ও ডেপুটী কমিশ্যনর ছয় মাসের অনধিক যত দিন আজ্ঞা করেন ইতি মধ্যে ডিক্রীর নিয়মানুসারে কাগজপত্র কি হিসাব না দিলে তাঁহাকে তত দিন জেলে থাকিতে হইবে,।

একই বিচারমতে কোন ব্যক্তির দ্বিতীয়বার কয়েদ হইতে না পারিবার কথা।

১০৭ ধারা। কোন ব্যক্তিকে এক বার জেল হইতে ছাড়িয়া দেওয়া গেলে, তাঁহাকে সেই বিচারমতে দ্বিতীয়বার কয়েদ করা যাইবে না।

ডিক্রীমতে যদি তাঁহার ৫০৲ টাকার অধিক দেনা না হয়, তবে জেল হইতে ছাড়িয়া দেওয়া গেলে ডেপুটী কমিশ্যনর তাঁহাকে সেই ডিক্রীমত জমা দায়হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন।

* [গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ১৮ মার্চ।]

In other cases the discharge shall not extinguish the liability of the discharged person under the decree, or exempt property belonging to such person from attachment in execution of the same

স্থলান্তরে জেল হইতে ছাড়িয়া দেওয়া গেলেও ডিক্রী মতে তাঁহার যে দায় থাকে তাহা লোপ হইবে না, ও সেই ডিক্রীজারী ক্রমে তাহার কোন সম্পত্তি ক্রোককরণ হইতে মুক্ত হইবে না।

108 Any person applying for a warrant of arrest under section 57, or suing out process of execution against the body of any person, shall deposit in court, at the time of issue of the warrant, diet-money for thirty days at such rate as the Deputy Commissioner may direct

Diet money to be deposited at the time of issue of warrant

১০৮ ধারা। কোন ব্যক্তি ৫৭ ধারামতে গ্রেফ্তারী পরওয়ানা প্রার্থনা করিলে কিম্বা কোন ব্যক্তির শরীরের উপর ডিক্রী জারীর পরওয়ানা প্রার্থনা করিলে, ঐ পরওয়ানা জারী করণ সময়ে তাঁহার ত্রিশ দিনের খোরাকী আমানত করিতে হইবে, ডেপুটী কমিশনর যে হারে দিবার আজ্ঞা করেন সেই হারে ঐ খোরাকী দেওয়া যাইবে।

পরওয়ানা জারীকরণ সময়ে খোরাকী আমানত করিতে হইবার কথা।

109 Payment of diet money at the same rate shall be made previously to the commencement of each succeeding month of the imprisonment, in failure of which the party confined shall be discharged

Payment of diet money in advance during imprisonment

১০৯ ধারা। তৎপরে কয়েদ থাকিবার প্রতিমাসের আরম্ভের পূর্ব্বে সেই হারে খোরাকী দিতে হইবে, দিবার ত্রুটি হইলে কয়েদিকে ছাড়িয়া দেওয়া যাইবে।

কয়েদ থাকিবার সময়ে খোরাকী আগাম দিবার কথা।

110 All diet-money spent in providing subsistence for any prisoner shall be added to the costs in the suit, and any diet money not so spent shall be returned to the person who deposited the same

Diet money to be costs in suit

১১০ ধারা। কোন কয়েদীর আহারের নিমিত্ত যত খোরাকী খরচ হয় তাহা মোকদ্দমার খরচার সঙ্গে যোগ করিয়া দেওয়া যাইবে, ও তদ্রূপে যে খোরাকী খরচ না হয় তাহা যিনি আমানত করেন তাঁহাকে ফিরাইয়া দেওয়া যাইবে।

মোকদ্দমার খরচার মধ্যে খোরাকী ধরিবার কথা।

111. In executing a writ of execution against the moveable property of a debtor liable under this Act, the officer charged with the execution of the writ shall prepare a list of the property pointed out by the judgment-creditor, and shall publish a proclamation specifying the day upon which the sale is intended to be held, together with a copy of the said list, at the intended place of sale and at the residence of the debtor

List of property to be prepared and proclamation of sale to be published, &c

A copy of the said proclamation and list shall be transmitted to the Deputy Commissioner and shall be affixed in his office

Until the day of sale, the said property shall remain in the custody of the officer attaching the same

১১১ ধারা। এই আইনমতে যে খাতক দায়ী হন তাঁহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইলে, সেই পরওয়ানা জারী করিবার নিমিত্ত যে কর্ম্মচারিকে দেওয়া যায়, ডিক্রীদার মহাজন যে সম্পত্তি দেখাইয়া দেন ঐ কর্ম্মচারী তাহার তালিকা প্রস্তুত করিয়া, যে দিনে নীলাম করিবার কল্পনা থাকে সেই দিনের নির্দ্দেশ করিয়া ঐ তালিকার নকল সহিত নীলাম করিবার লক্ষিত স্থানে ও খাতকের বাসস্থানে ঘোষণাপত্র প্রচার করিবেন।

সম্পত্তির তালিকা প্রস্তুত করিয়া নীলামের ঘোষণাপত্র প্রচার করণাদির কথা।

সেই ঘোষণা পত্র ও তালিকার এককেতা নকল ডেপুটী কমিশনরেরও নিকট পাঠান যাইবে ও তাঁহার কাছারিতে লাগাইয়া দেওয়া যাইবে।

যে কর্ম্মচারী সম্পত্তি ক্রোক করেন নীলামের দিন পর্য্যন্ত ঐ সম্পত্তি তাঁহার জিম্মায় থাকিবে।

112 The sale shall be held at the place where the property is deposited, or at the nearest gunge, bazar, haut, or other place of public resort, if the officer holding the sale is of opinion that it is likely to sell there to better advantage

Time and manner of sale of property

১১২ ধারা। সম্পত্তি যে স্থানে রাখা যায় সেই স্থানেই নীলাম হইবে কিন্তু নিকটস্থ গঞ্জে কি বাজারে কি হাটে কি সাধারণ লোকের গতি বিধির আর কোন স্থানে নীলাম হইলে ঐ দ্রব্যের কিছু অধিক মূল্য পাওয়া যাইতে পারে নীলামকারী কর্ম্মচারী এমত বোধ করিলে সেই স্থানে নীলাম হইবে।

সম্পত্তি যে স্থানে যে প্রকারে নীলাম হইবে তাহার কথা।

The property shall be sold by public auction in one or more lots as the officer holding the sale may think advisable, and if the judgment-debt

যে কর্ম্মচারী নীলাম করেন তিনি যেমন উচিত বোধ করেন তেমনি এক কি কএক লাট করিয়া ঐ দ্রব্য নীলাম হইবে, এবং ঐ দ্রব্যের কেবল একাংশ নীলাম

with the costs of the execution and sale is satisfied by the sale of a portion of the property, the execution shall be immediately withdrawn with respect to the remainder

করিলেই ডিক্রীমত ঋণ ও ডিক্রীদারীর ও নীলামের খরচ শোধ হইতে পারিল, ঐ দ্রব্যের অন্য অংশের পক্ষে ঐ ডিক্রীজারী একেবারে স্থগিত হইবে।

If fair price be not offered, sale may be postponed to another day, and shall be then completed at whatever price may be offered.

113 If, on the property being put up for sale, a fair price, in the estimation of the officer holding the sale, is not offered for it, and the owner of the property, or some person authorized to act on his behalf, applies to have the sale postponed until the next day or the next market day, if a market be held at the place of sale, the sale shall be postponed until such day, and shall be then completed at whatever price may be offered for the property.

উপযুক্ত মূল্যের ডাক না হইলে, অন্য দিন পর্য্যন্ত নীলাম স্থগিত রাখিবার কথা ও সেই দিনে যে দরেই হউক নীলাম করিতে হইবার কথা।

১১৩ ধারা। ঐ দ্রব্য নীলামে চড়ান গেলে, যে কর্ম্মচারী নীলাম করিতেছেন তিনি ঐ দ্রব্যের উপযুক্ত মূল্যের ডাক হয় নাই বোধ করিলে, ও ঐ দ্রব্যের স্বামী কিম্বা তাঁহার পক্ষে কর্ম্ম করিবার অনুমতি পাইয়া অন্য ব্যক্তি তাহার পর দিন পর্য্যন্ত, কিম্বা নীলামের স্থানে যদি হাট হয় হাট বসিবার আগামি দিন পর্য্যন্ত ঐ নীলাম স্থগিত রাখিতে প্রার্থনা করিলে সেই দিনপর্য্যন্ত স্থগিত রাখা যাইবে। সেই দিনে ঐ দ্রব্যের যে মূল্যই ডাকা যাউক সেই মূল্যে বিক্রয় করা যাইবে।

Payment of purchase money

114 The price of every lot shall be paid for in ready money at the time of sale, or as soon after as the officer holding the sale shall think necessary, and in default of such payment, the property shall be put up again and sold

When the purchase money has been paid in full, the officer holding the sale shall give the purchaser a certificate describing the property purchased by him and the price paid

খরিদের টাকা দিবার কথা।

১১৪ ধারা। প্রত্যেক লাটের মূল্য নীলাম হইবার সময়েই, কিম্বা যে কর্ম্মচারী নীলাম করেন তিনি তৎপরে যত শীঘ্র উচিত বোধ করেন তত শীঘ্র, নগদ দিতে হইবে, না দেওয়া গেলে ঐ দ্রব্য পুনরায় নীলামে ধরিয়া বিক্রয় হইবে।

মূল্য সম্পূর্ণরূপে দেওয়া গেলে পর, যে কর্ম্মচারী নীলাম করেন তিনি খরিদারকে খরিদ করা দ্রব্যের বর্ণনা করিয়া ও যত মূল্য দেওয়া গেল তাহার নির্দ্দেশ করিয়া সর্টিফিকট দিবেন।

Proceeds of sale.

115 From the proceeds of the sale of the property the officer holding the sale shall make a deduction, at the rate of one anna in the rupee, on account of the costs of the sale, and shall transmit the amount to the Deputy Commissioner in order that it may be credited to Government

The said officer shall then pay to the judgment-creditor the expenses incurred by the judgment-creditor on account of the preparation of the list and of the publication of the proclamation of sale prescribed in section 111, to such amount as, after examination of the statement of expenses furnished by the judgment creditor, he thinks proper to allow

The remainder shall be applied to the discharge of the debt for which the sale was made, with interest thereon up to the day of sale, and if there be any surplus, it shall be delivered to the person whose property has been sold.

নীলামের উৎপন্ন টাকা বিষয়ক কথা।

১১৫ ধারা। যে কর্ম্মচারী নীলাম করেন তিনি ঐ নীলামের উৎপন্ন টাকা হইতে নীলামের খরচ বলিয়া টাকা প্রতি /০ এক আনা লইয়া তাহা গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লইবার নিমিত্ত ডেপুটী কমিশনরের নিকট পাঠাইবেন।

২ ও ৩ ও ৭ ধারার ও B চিহ্নিত তফসীলের লিখিত "পুরী" শব্দের পরিবর্ত্তে বিজ্ঞাপনের উল্লিখিত স্থানের বা স্থানসমূহের নাম দেওয়া যাইবে।

৮ ধারার লিখিত "আট আনা হিসাবে" এই২ কথার পরিবর্ত্তে "এক টাকার অনধিক হারে" এই২ কথা দেওয়া যাইবে।

১৪ ধারার লিখিত "বাঙ্গালা ও উড়িয়া অক্ষরে" এই২ কথার পরিবর্ত্তে "জিলার চলিত ভাষার অক্ষরে" এই২ কথা দেওয়া যাইবে।

ফ্রেডরিক ক্লার্ক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারি।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B. L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 13, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৩ মে।

PART V

Act of the Bengal Council

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপকসভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Act passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 12th March 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 24th April 1879, is hereby promulgated for general information :—

ACT No. III of 1879

An Act to provide for the periodical inspection of Steam Boilers and Prime Movers attached thereto in the Town and Suburbs of Calcutta and in Howrah

Preamble

WHEREAS it is expedient to provide for the periodical inspection of steam boilers and prime movers attached thereto in the Town and Suburbs of Calcutta and in Howrah, It is enacted as follows —

Extent and commencement of Act

1 This Act extends to the Town of Calcutta, to the Suburbs of Calcutta, and to Howrah, as from time to time defined in the *Calcutta Gazette* under the provisions of any law for the time being in force ,

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ১২ মার্চ তারিখে উক্ত মাননীয় সাহেব অনুমোদন করিলেন, তাহা ১৮৭৯ সালের ২৪ এপ্রিল তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতিনিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৩ আইন।

কলিকাতা নগরে ও তাহার শাখানগরে ও হাবড়ায় বাষ্পীয় বইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তর পরিদর্শন করণার্থ আইন

হেতুবাদ।

কলিকাতা নগরে ও তাহার সমুদয় শাখা নগরে ও হাবড়ায় বাষ্পীয় বইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তর পরিদর্শন করা উচিত, এনিমিত্ত পশ্চাল্লিখিত বিধান করা গেল।

আইন কতদূর ব্যাপ্ত হইবে ও যে সময়াবধি প্রচলিত হইবে তাহার কথা।

১ ধারা। এই আইন কলিকাতা নগরের প্রতি ও সংকালে যে আইন প্রচলিত থাকে তাহার বিধানক্রমে কলিকাতা গেজেটে সময়েং যেরূপ নির্দ্ধারিত হয় তদ্রূপ কলিকাতার শাখানগর ও হাবড়ার প্রতি বর্ত্তিবে,

and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Lieutenant Governor may extend it further.

The Lieutenant-Governor of Bengal may, by notification published in the *Calcutta Gazette,* extend this Act to any place or district, and it shall come into force accordingly from the date which may be named in such notification.

It shall not apply to any locomotive engine used upon any railway, or to any steam vessel in the port of Calcutta.

Repeal of Bengal Act VI of 1864 and III of 1875.

2. Bengal Act VI of 1864 and Bengal Act III of 1875 are hereby repealed.

But all certificates and rules in force at the commencement of this Act, which were granted or made under either of the said Acts, shall be deemed to have been granted and made respectively under this Act.

Interpretation.

3. In this Act, unless there be something repugnant in the subject or context,—

Boiler.

"Boiler" includes any cylinder or vessel for generating steam under pressure.

Prime Mover.

"Prime Mover" includes any steam engine, fly wheel, first driving shaft and pulley attached to any such engine.

Owner.

"Owner" includes any agent or hirer using any boiler or prime mover.

Power to make rules.

4. The Lieutenant Governor may from time to time make, and when made, revoke, add to, and alter rules for all or any of the following purposes, that is to say,—

(1) for appointing and, when appointed, suspending or removing Inspectors under this Act;

(2) for determining the powers and duties of such Inspectors;

(3) for fixing the fees payable on account of certificates granted under this Act;

(4) for determining the time for which certificates granted under this Act shall be in force;

(5) for securing the attendance of assessors and affixing a penalty for non-attendance;

[*Government Gazette, 13th May* 1879.]

এবং ইহা শ্রীযুক্ত গবর্ণর জেনেরল সাহেবের অনুমোদনসহ যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

শ্রীযুক্ত লেপ্টেনেণ্টগবর্ণর সাহেব ইহা অন্যান্য স্থানেও চালাইতে পারিবেন।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া কোন স্থানে কি জিলায় এই আইন চালাইতে পারিবেন, এবং ইহা ঐ বিজ্ঞাপনপত্রের উল্লিখিত তারিখ অবধি চলিত হইবে।

এই আইন রেলওয়ের উপর দিয়া পরিচালিত কলের গাড়ির প্রতি অথবা কলিকাতা বন্দরের মধ্যস্থ বাষ্পীয় পোতের প্রতি বর্ত্তিবে না।

১৮৬৪ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৭৫ সালের বঙ্গীয় ৩ আইন রহিত হইবার কথা।

২ ধারা। ১৮৬৪ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৭৫ সালের বঙ্গীয় ৩ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু উক্ত দুই আইনের কোন আইনক্রমে দত্ত কি প্রণীত যেং সর্টিফিকেট ও বিধি এই আইন প্রচলিত হইবার কালাবধি বলবৎ থাকে সেইং সর্টিফিকেট ও বিধি এই আইনমতে দত্ত ও প্রণীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

অর্থের ধারা।

৩ ধারা। বিষয়প্রসঙ্গে অথবা পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব না দেখাইলে, এই আইনে—

"বাইলর"

"বাইলর" শব্দে বলপ্রয়োগ বাষ্পোৎপাদনের উপযোগী সর্ব্বপ্রকার নল বা পাত্র বুঝাইবে।

"প্রাইম মুবর"

"প্রাইম মুবর" শব্দে কোন বাষ্পীয় যন্ত্র কি তৎসংযুক্ত কোন ফ্লাই হুইল (অর্থাৎ ঘুরপাক প্রদানের চক্র) কি ড্রাইবিং শাফ্‌ট (অর্থাৎ আদ্য চালক শিক) কি কপিকলও বুঝাইবে।

"স্বামী।"

"স্বামী" শব্দে কোন বাইলর কি প্রাইমমুবর ব্যবহারকারী কোন কর্ম্মকারককে কিম্বা ভাড়াকারককে ও বুঝাইবে।

বিধি প্রণয়নের ক্ষমতার কথা।

৪ ধারা। পশ্চাল্লিখিত প্রয়োজন সিদ্ধির নিমিত্ত শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়েং বিধি প্রণয়ন করিতে ও প্রণীত হইলে, তাহা রহিত ও পরিবর্দ্ধিত ও পরিবর্ত্তিত করিতে পারিবেন, যথা,

(১) এই আইনক্রমে পরিদর্শক নিয়োগ করিবার ও নিযুক্ত হইলে তাহাদিগকে স্থগিত কি পদচ্যুত করিবার নিমিত্ত,

(২) উক্ত পরিদর্শকদের ক্ষমতা ও কর্ত্তব্য নির্দ্ধারণের নিমিত্ত,

(৩) এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেটের জন্য যে ফী দিতে হইবে তাহা ধার্য্য করিবার নিমিত্ত,

(৪) এই আইনক্রমে প্রদত্ত সর্টিফিকেট যত কাল বলবৎ থাকিবে তাহা নির্ণয় করিবার নিমিত্ত,

(৫) আসেসরদিগকে উপস্থিত করাইবার নিমিত্ত ও অনুপস্থিত হইলে দণ্ড দিবার নিমিত্ত,

(6) for regulating the procedure on hearing appeals,

(7) for carrying out the purposes of this Act

Such rules shall be published three times in the *Calcutta Gazette*, and shall come into operation at the date of the last publication or at any later period mentioned in the order.

(৬) আপীল শুনিবার কার্য্যপ্রণালী নিয়মিত করিবার নিমিত্ত,

(৭) এই আইনের উদ্দেশ্য সাধন নিমিত্ত।

উক্ত বিধি তিন বার কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে এবং শেষ প্রকাশের তারিখ হইতে অথবা আদেশে পরবর্ত্তী যে তারিখের উল্লেখ থাকে সেই তারিখ হইতে কার্য্যকর হইবে।

On notice from owner an Inspector to examine boiler or prime mover

5. The owner of any boiler or prime mover in respect of which a certificate is not in force in the manner hereinafter described shall, before using the same, give notice to an Inspector appointed under this Act of his intention to use or continue to use the same. The Inspector to whom such notice is given shall appoint a time between sunrise and sunset, and within fourteen days from the receipt of such notice, for the inspection of such boiler or prime mover, and at such time shall carefully examine such boiler or prime mover, and every part thereof, and the owner or person in charge thereof shall afford to such Inspector all reasonable facilities for such examination, and all such information as may reasonably be required.

স্বামী সম্বাদ দিলে পরিদর্শক বাইলার কি প্রাইম মুবর পরীক্ষিত হইবার কথা।

৫ ধারা। যে বাইলরের কি প্রাইম মুবরের সর্টিফিকেট পশ্চাল্লিখিতমত প্রবল নয় তাহার স্বামী তাহা ব্যবহার করিবার কিম্বা করিতে থাকিবার অভিপ্রায় সম্বাদ এই আইনের নিয়মানুসারে নিযুক্ত পরিদর্শককে অগ্রে না দিয়া তাহা ব্যবহার করিতে পারিবেন না। উক্ত সম্বাদ যে পরিদর্শককে দেওয়া যাইবে তিনি সূর্য্যোদয়ের ও অস্তগমনের মধ্যবর্ত্তি কালে অথচ উক্ত সম্বাদ পাইলে পর চতুর্দ্দশ দিবস মধ্যে সেই বাইলর কি প্রাইমমুবর পরিদর্শন করিবার জন্যে সময় স্থির করিবেন, ও সেই সময়ে উক্ত বাইলর কি প্রাইম মুবর ও তাহার প্রত্যেক অংশ সতর্কতাপূর্ব্বক পরীক্ষা করিয়া দেখিবেন এবং তাহার স্বামী কি ভারপ্রাপ্ত ব্যক্তি ঐ পরিদর্শকের করণীয় পরীক্ষা করিবার যথোচিত সুবিধা করিয়া দিবেন এবং তিনি যুক্তিসঙ্গত যাহা জানিতে চাহেন তাহা জানাইবেন।

Inspector may order owner to alter boiler or prime mover

6. If on making the inspection the Inspector is of opinion that the boiler or prime mover requires any alteration or addition, he shall serve on the owner or person in charge thereof a written notice requiring him to make such alteration or addition, and no certificate shall be granted in respect of such boiler or prime mover until such alteration or addition has been made in the manner required by the Inspector, or the owner has obtained a certificate under section 9 of this Act.

পরিদর্শক স্বামিকে বাইলর বা প্রাইমমুবর পরিবর্ত্তন করিতে আদেশ দিতে পারিবেন।

৬ ধারা। বাইলর কি প্রাইমমুবরের কোনরূপ পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন প্রয়োজনীয়, পরিদর্শন কালে পরিদর্শকের এই মত হইলে তিনি তাহার স্বামিকে কি ভারপ্রাপ্ত ব্যক্তিকে সেইরূপ পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করিবার লিখিত নোটিস দিতে পারিবেন, এবং পরিদর্শক যে নিয়মে করিতে বলিয়াছেন উক্ত পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন যাবৎ সেই নিয়মে সম্পন্ন না হয় অথবা স্বামী এই আইনের ৯ ধারাক্রমে সর্টিফিকেট প্রাপ্ত না হন উক্ত বাইলরের কি প্রাইম মুবরের পক্ষে কোন সর্টিফিকেট দেওয়া যাইবে না।

When Inspector to grant certificate

7. If the Inspector is satisfied that such boiler or prime mover is in good condition, and not so exposed as to be likely to be dangerous,

and, in case any alteration or addition in such boiler or prime mover has been ordered under the last preceding section, as soon as he is satisfied that such alteration or addition has been properly made,

he shall give to the owner or person in charge thereof a certificate signed by him to that effect in the form in the Schedule hereto annexed, on payment, by the owner or person in charge, of such fees as may be fixed under the rules hereinbefore mentioned.

পরিদর্শক যৎকালে সর্টিফিকেট দিবেন তাহার কথা।

৭ ধারা। উক্ত বাইলরের কি প্রাইম মুবরের অবস্থা ভাল এবং তাহা এরূপ অনাবৃত নহে যে তাহাতে বিপদ ঘটিতে পারে, পরিদর্শকের এরূপ প্রত্যয় জন্মিলে,

এবং অব্যবহিত পূর্ব্ব ধারাক্রমে কোন পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন কার্য্যের আদেশ করা গেলে তাহা উপযুক্তরূপে সম্পন্ন হইয়াছে তাঁহার যখন এরূপ প্রত্যয় জন্মিবে

তিনি স্বামির কি ভারপ্রাপ্ত ব্যক্তির নিকট পূর্ব্বোল্লিখিত বিধির নির্দ্দিষ্ট ফী লইয়া এতৎ সংযুক্ত তফসীলের পাঠমত সর্টিফিকেটে স্বাক্ষর করিয়া তাঁহাকে দিবেন।

and such certificate shall state the period for which such boiler or prime mover may be used, and shall cease to be in force on the expiration of such period.

8. Any person authorized by the Lieutenant-Governor in that behalf may revoke or suspend any certificate granted under this Act when he has reason to believe—

Revocation or suspension of certificate.

(1) That such certificate has been fraudulently obtained, or has been granted erroneously, or without sufficient inspection.

(2) That the boiler or prime mover in respect of which it has been granted is not in charge of a person competent to have charge of it, or has since the granting of such certificate sustained injury, or is not in good condition.

9. The owner of any boiler or prime mover dissatisfied with any notice or order under sections 6, 7, or 8 of this Act may within seven days from receipt thereof, appeal either to some person authorized by the Lieutenant-Governor in that behalf, or to some such person assisted by two experts as assessors.

Appeal against refusal, revocation or suspension of certificate.

If such person is satisfied that the owner is entitled to a certificate, he shall on payment of the fee, grant a certificate in the form in the Schedule hereto annexed, or shall allow the former certificate to continue in force, as the case may be, and shall direct that the expenses of the appeal incurred by Government and certified to by him shall be paid out of the fees and penalties realised under this Act.

If such person decides that the owner is not entitled to a certificate, he shall dismiss the appeal, and the expenses of the appeal incurred and certified in manner aforesaid shall be recoverable from the owner as a fine by any Magistrate having jurisdiction in the place where the boiler or prime mover is situated.

10. Any Inspector appointed under this Act may at any time enter into any place where he has reason to believe that a boiler or prime mover is used, for the purpose of inspecting the same.

Power of entry of Inspectors.

11. The owner or person in charge of any boiler or prime mover who shall use, or, after conviction, continue to use the same without a certifi-

Penalties.

উক্ত বাইলর কি প্রাইমমুবর যত দিন ব্যবহার করা যাইতে পারিবে তাহা ঐ সর্টিফিকেট লেখা থাকিবে এবং উক্ত কাল উত্তীর্ণ হইলে সেই সর্টিফিকেট আর বলবৎ থাকিবে না।

৮ ধারা। (১) উক্ত সর্টিফিকেট প্রতারণাপূর্ব্বক গৃহীত কিম্বা ভ্রমক্রমে কি উপযুক্ত পরিদর্শনাভাবে প্রদত্ত হইয়াছে, (২) কিম্বা যে বাইলরের কি প্রাইমমুবরের পক্ষে সেই সর্টিফিকেট দেওয় হইয়াছিল সেই বাইলর প্রভৃতি উপযুক্ত ব্যক্তির জিম্মায় নাই কি সেই সর্টিফিকেট দেওয়া গেলে পর ঐ বাইলর প্রভৃতির কোন হানি হইয়াছে, কি তাহার আর সদবস্থা নাই,

সর্টিফিকেট রহিত কি স্থগিত করণের কথা।

এরূপ বিশ্বাস করিবার হেতু পাইলে এই কার্য্যপক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি এই আইন অনুসারে দত্ত কোন সর্টিফিকেট স্থগিত কি রহিত করিতে পারিবেন।

৯ ধারা। কোন বাইলর কি প্রাইমমুবরের স্বামী এই আইনের ৬ কি ৭ কি ৮ ধারামত নোটিস কি আদেশ পাইয়া অসন্তুষ্ট হইলে তৎপ্রাপ্তি অবধি ৭ দিনের মধ্যে এতৎপক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির নিকটে কিম্বা দুই জন বিশেষজ্ঞ আসেসরসহকৃত উক্ত ব্যক্তির নিকটে আপীল করিতে পারিবেন।

সর্টিফিকেট অস্বীকার কি রহিত কি স্থগিত করিলে তদ্বিরুদ্ধে আপীলের কথা।

স্বামী সর্টিফিকেট পাইবার অধিকারী উক্ত ব্যক্তির এরূপ প্রত্যয় জন্মিলে, তিনি ফী লইয়া এতৎ সংযুক্ত তফসীলের পাঠে সর্টিফিকেট দিবেন, অথবা স্থলবিশেষে পূর্ব্ব সর্টিফিকেট বলবৎ থাকিতে দিবেন, এবং আদেশ করিবেন যে, তদীয় সংসিত লিপিমতে আপীলে গবর্ণমেণ্টের যে খরচ হইয়াছে তাহা এই আইনক্রমে আদায় করা ফী ও অর্থদণ্ডের টাকাহইতে দেওয়া যাইবে।

স্বামী সর্টিফিকেট পাইবার অধিকারী নহেন উক্ত ব্যক্তি এরূপ নিষ্পত্তি করিলে, তিনি আপীল অগ্রাহ্য করিবেন, এবং বাইলর কি প্রাইমমুবর যে স্থানে অবস্থিত সেই স্থানের বিচারাধিপত্যপ্রাপ্ত কোন মাজিষ্ট্রেট জরিমানা করিলে তাহা যে প্রকারে আদায় হয় সেইপ্রকারে পূর্ব্বোক্তমতে সংসিত উক্ত আপীলের খরচা আদায় হইবে।

১০ ধারা। কোন স্থলে বাইলর কি প্রাইমমুবর ব্যবহৃত হইতেছে এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে এই আইনক্রমে নিযুক্ত কোন পরিদর্শক পরিদর্শননিমিত্ত যে কোন সময়ে সেই স্থলে প্রবেশ করিতে পারিবেন।

পরিদর্শকদের প্রবেশের ক্ষমতার কথা।

১১ ধারা। কোন বাইলরের কি প্রাইমমুবরের স্বামী কি ভারপ্রাপ্ত ব্যক্তি এই আইনমতে নিয়মিতরূপে প্রাপ্ত ও বলবৎ তৎপক্ষীয় সর্টিফিকেট না পাইয়া সেই বাইলর

দণ্ডের কথা।

cate duly obtained and in force in respect thereof under this Act, or having obtained a certificate shall at any reasonable time during the period for which the same may be in force, fail to produce it when called upon to do so by any Magistrate having jurisdiction in the place in which such boiler or prime mover is situated, or by any person authorized in writing by such Magistrate to demand its production, and

any person who shall prevent an Inspector from entering any place or building where the Inspector has reason to believe that a boiler or prime mover is used,

shall be punished with a fine not exceeding five hundred rupees

12 No charge shall be brought against any person for the recovery of any penalty under this Act before such day as the Lieutenant Governor shall fix by notification in the *Calcutta Gazette* and no charge at all shall be brought without the authority of an Inspector appointed under this Act, or after the expiration of six months from the date of the commission of the offence

Charges within what period to be brought

13 All penalties to be levied under this Act shall, subject to the provisions of section 9, be disposed of in such manner as the Lieutenant Governor shall from time to time direct

Disposal of penalties

কি প্রাইমমুবর ব্যবহার করিলে অথবা, দোষ সাব্যস্ত হইলেও, ব্যবহার করিতে থাকিলে, অথবা সর্টিফিকেট পাইয়াও বয়লর কি প্রাইমমুবর যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্যের অধীন কোন স্থানে অবস্থিত সেই মাজিষ্ট্রেট কিম্বা তাঁহার লিখনমতে এতৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি সর্টিফিকেট উপস্থিত করিতে বলিলে সর্টিফিকেট বলবৎ থাকিবার সময়ে তাহা উপস্থিত না করিলে,

এবং যে স্থলে বয়লর কি প্রাইমমুবর ব্যবহৃত হয় বলিয়া পরিদর্শকের বিশ্বাস করিবার কারণ থাকে কোন ব্যক্তি সেই স্থলে পরিদর্শকের প্রবেশের বাধা দিলে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

১২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দিয়া যে তারিখ নির্দ্দিষ্ট করেন তৎপূর্ব্বে এই আইনক্রমে অর্থদণ্ড আদায়ের নিমিত্ত কোন ব্যক্তির নামে অভিযোগ উপস্থিত করা যাইবে না, এবং এই আইনক্রমে নিযুক্ত কোন পরিদর্শকের অনুমতি বিনা কিম্বা অপরাধ করিবার তারিখ অবধি ছয় মাস গত হইলে পর কোন অভিযোগ উপস্থিত করা যাইবে না।

অভিযোগ যে সময়ের মধ্যে উপস্থিত করিতে হইবে তাহার কথা।

১৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে২ যেরূপ আদেশ করেন ৯ ধারার বিধানের নিয়মাধীনে এই আইনানুসারে প্রাপ্ত দণ্ডের টাকার তদনুক্রমিক গতি করা যাইবে।

অর্থ দণ্ডের টাকার গতি করিবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১১ মে।]

SCHEDULE

(See Sections 7 and 9)

FORM OF CERTIFICATE

Name of owner	Description of boiler and age	Description of prime mover and age	Power	When and where made	When and where last repaired	Time for which certificate to be in force	REMARKS

I the undersigned certify that I have examined the above named boiler (*or prime mover*) and to the best of my judgment the boiler (*or prime mover*) as shown in the above statement is in good condition and is not so exposed as to be likely to be dangerous [and (*in case alterations or additions have been ordered*) that the alterations (*or additions*) required by me have been properly made]

A B
Inspector

W E H FORSYTH,
Offg Asst Secy to the Govt of Bengal

তফসীল।

(৭ ও ৯ ধারা দেখ।)

সার্টিফিকেটের পাঠ।

স্বামীর নাম।	বাইলরের বর্ণনা ও তাহা যত কালের।	প্রাইমমুবার বর্ণনা ও তাহা যত কালের।	যত বল	নির্মিত হইবার সময় ও স্থান।	শেষ মেরামতের সময় ও স্থান	সার্টিফিকেট যত কাল বলবৎ থাকিবে।	মন্তব্য।

নিম্নস্বাক্ষরকারী আমি সঙ্গতরূপে জানাইতেছি উপরোক্ত বাইলর (কি প্রাইমমুবর) পরীক্ষা করিয়া দেখিয়াছি, এবং আমার যথাসাধ্য বিবেচনায় উপরোক্ত বর্ণনার উল্লিখিত বাইলরের (কি প্রাইমমুবরের) অবস্থা ভাল। তাহা এরূপ অনাবৃত নহে যে তাহাতে বিপদ ঘটিতে পারে, এবং (কোন স্থানে পরিবর্তন কি পরিবর্দ্ধন করিবার আদেশ দেওয়া হইলে) আমি যে যে পরিবর্তন (কি পরিবর্দ্ধন) করিতে আদেশ করিয়াছিলাম সেই সেই পরিবর্তন (কি পরিবর্দ্ধন) নিয়মিতরূপে করা হইয়াছে।

শ্রী--অমুক
পরিদর্শক।

ডবলিউই ই, এচ, ফরসাইথ,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator.

[*Government Gazette*, 13*th May* 1879]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY MAY 20, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২০ মে।

PART V

Act of the Bengal Council

পঞ্চম খণ্ড।

[illegible]

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Act, passed by the Lieutenant Governor of Bengal in Council, received the assent of His Honor on the 15th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 6th May 1879, is hereby promulgated for general information —

ACT No IV OF 1879

An Act to repeal certain sections of Bengal Act IV of 1866, and to provide for the levy of fees upon certain passenger boats and steam ferries

Preamble

WHEREAS it is expedient to repeal certain sections of Bengal Act IV of 1866, and to enable the local Government to levy fees upon passenger boats and steam ferries plying for passengers, either wholly within, or partly within and partly without, the limits of the Port of Calcutta ;

It is enacted as follows —

Repeal of sections 63 to 65 of Calcutta Police Act

1. Sections 63, 64, and 65 of Bengal Act IV of 1866, the Calcutta Police Act, are hereby repealed

[*Government Gazette*, 20th *May* 1879]

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন বিভাগ।

[illegible] বঙ্গদেশের [illegible] ১৮৭৯ [illegible] তাহা ১৮৭৯ সালের ৬ মে তারিখে [illegible] প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৪ আইন।

১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের [illegible] ধারা রহিত [illegible]

[illegible]

বেতুবাদ। [illegible]

[illegible] বরা গেল।

[illegible] পোলীস [illegible] রহিত হইল।

১ ধারা। [illegible] পোলীস [illegible] ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬৩ ও ৬৪ ও ৬৫ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল।

2. The local Government may by notification published in the *Calcutta Gazette* from time to time prescribe a scale of fees, annual or other, to be paid by the owners of passenger-boats or steam ferries plying for passengers, either wholly within, or partly within and partly without, the limits of the Port of Calcutta.

Levy of fees on passenger boats.

3. Whoever, being the owner of any such passenger-boat or steam ferry, refuses or neglects to pay the fee to which he is liable in accordance with such notification, shall be liable to the penalty provided for disobedience to rules made under section 7 of the Indian Ports Act, 1875.

Penalty.

4. This Act shall not apply to boats whose voyages ordinarily extend more than thirty miles from the limits of the Port of Calcutta.

Application of Act.

5. This Act shall come into force on such date as the Lieutenant-Governor of Bengal may direct by notification published as aforesaid.

Commencement of Act.

W. E. H. FORSYTH,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

২ ধারা। যে যে গহনার নৌকা বা খেয়ার বাষ্পীয় পোত সম্পূর্ণরূপে কলিকাতা বন্দরের সীমার মধ্যে, অথবা অংশতঃ মধ্যে ও অংশতঃ বাহিরে, আরোহিদিগকে লইবার জন্য যাতায়াত করে তৎসমুদয়ের স্বামিদের যে বার্ষিক কি অন্যরূপ ফী দিতে হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ কলিকাতা গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহার হার নির্দ্দেশ করিতে পারিবেন।

গহনার নৌকার উপর ফী আদায়ের কথা।

৩ ধারা। উক্তরূপ কোন গহনার নৌকার বা খেয়ার বাষ্পীয় পোতের স্বামির উক্ত বিজ্ঞাপনপত্রানুসারে যে ফী দিতে হয়, তিনি তাহা দিতে অস্বীকার বা উপেক্ষা করিলে ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৭ ধারামতে প্রণীত বিধি অমান্য করিবার দণ্ডযোগ্য হইবেন।

দণ্ড।

৪ ধারা। যে সকল নৌকা সচরাচর কলিকাতা বন্দরের সীমা হইতে ত্রিশ মাইল অপেক্ষা অধিক দূর পর্য্যন্ত যাতায়াত করে এই আইন সেই সকল নৌকার প্রতি বর্ত্তিবে না।

আইন বর্ত্তিবার কথা।

৫ ধারা। বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব পূর্ব্বোক্তমত বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে তারিখ নির্দ্দেশ করেন এই আইন সেই তারিখ অবধি প্রচলিত হইবে।

আইনের আরম্ভ।

ডবলিউ, ই, এচ, ফর্সাইথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 3, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩ জুন।

PART V.

Act of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 15th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 14th May 1879, is hereby promulgated for general information —

ACT No. V OF 1879

An Act to consolidate and amend the law relating to jute warehouses and fire-brigades

Preamble

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to jute warehouses and fire-brigades It is enacted as follows —

PART I

PRELIMINARY

Short title

1 This Act may be called "the Jute Warehouse and Fire Brigade Act, 1879"

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন উক্ত মান্যবর সাহেব ১৮৭৯ সালের ১৫ আপ্রিল তারিখে অনুমোদন করিলে, তাহা ১৮৭৯ সালের ১৪ মে তারিখে মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৫ আইন।

পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনার্থ আইন।

হেতুবাদ।

পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।—

প্রথম খণ্ড।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলবিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে অভিহিত হইতে পারিবে।

Extent

With the exception of Part III and Section 25, it applies to Calcutta, and to such portions of the Suburbs thereof as are for the time being subject to the operation of Bengal Act II of 1866, and also to the Municipality of Howrah

Part III and Section 25 apply only to Calcutta and the portions of the Suburbs aforesaid

Commencement.

And it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Repeal of Acts.

2 Bengal Act II of 1872, Bengal Act II of 1875, and Bengal Act I of 1877, are hereby repealed

But all bye-laws and appointments made under the said Acts and now in force shall be deemed to have been made under this Act

Definitions

3 In this Act, unless there be something repugnant in the subject or context—

"Jute"

"Cotton"

"Jute" and "Cotton" mean respectively "Jute" and "Cotton" which have not been pressed or screwed as if for shipment

"Person"

"Person" includes a firm and a Hindu undivided family

"Magistrate"

"Magistrate" includes a Justice of the Peace for Calcutta, and any person exercising all or any of the powers of a Magistrate

"Jute warehouse"

"Jute Warehouse" means any warehouse, store, depôt, yard, godown, or other place used for the storing, keeping, pressing, or depositing of jute or cotton, or other substance for the time being subject to the operation of this Act

"The Commissioners"

"The Commissioners" means the Corporation of the town of Calcutta

---

PART II

JUTE WAREHOUSES

Existing warehouses not to be used till licensed

4 No jute warehouse shall be used for the storing, keeping, pressing, or depositing of jute or cotton, unless the owner or occupier thereof shall have previously obtained a license for such use

ব্যাপ্তি।

তৃতীয় খণ্ড ও ২৫ ধারা ব্যতীত, এই আইন কলিকাতায়, ও ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন যৎকালে কলিকাতার শাখানগরের যে যে অংশে প্রচলিত থাকে সেই সেই অংশে, ও হাবড়া মুনিসিপালিটীতে চলিবে।

তৃতীয় খণ্ড ও ২৫ ধারা কেবল কলিকাতা ও পূর্ব্বোক্ত শাখানগরের অংশবিশেষের প্রতি বর্ত্তিবে।

আরম্ভ।

এবং এই আইন শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনসহ যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, সেই তারিখ অবধি প্রবল হইবে।

যেং আইন রহিত হইল।

২ ধারা। ১৮৭২ সালের বঙ্গীয় ২ আইন, ১৮৭৫ সালের বঙ্গীয় ২ আইন, ও ১৮৭৭ সালের বঙ্গীয় ১ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু ঐ২ আইনক্রমে যে সমুদয় উপবিধি ও নিয়োগ করা হইয়া এক্ষণে বলবৎ আছে, তৎসমুদয় এই আইনক্রমে করা হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

অর্থকরণ।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথাদ্বারা বিপরীত ভাব প্রকাশ না পাইলে, এই আইনে,

"পাট।"

"তুলা।"

যে পাট বা তুলা জাহাজে পাঠাইবার মত করিয়া যাঁত দিয়া বা কশাইয়া দেওয়া যায় "পাট" ও "তুলা" শব্দে তদ্ভিন্ন পাট ও তুলা বুঝাইবে।

"ব্যক্তি।"

"ব্যক্তি" শব্দে কুঠী ও অবিভক্ত হিন্দু পরিবারও বুঝাইবে।

"মাজেষ্ট্রট।"

"মাজিষ্ট্রেট" শব্দে কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিস্ এবং মাজিষ্ট্রেটের সকল কিম্বা অন্যতর ক্ষমতাক্রমে কর্ম্মকারী কোন ব্যক্তিকেও বুঝাইবে।

"পাটের গুদাম।"

পাট তুলা প্রভৃতি যৎকালে যে দ্রব্যের উপর এই আইনের বিধান বর্ত্তে তাহা সঞ্চিত করিবার কি রাখিবার কি যাঁত দেওয়াইবার কি গচ্ছিত রাখিবার নিমিত্ত যে আড়ৎ কি গোলা কি গুদাম কি কারখানা কি অন্য স্থানের ব্যবহার হয়, "পাটের গুদাম" শব্দে সেই স্থান বুঝাইবে।

"কমিশ্যনরগণ।"

"কমিশ্যনরগণ" শব্দে কলিকাতা নগরের সমবায়িত সমাজ বুঝাইবে।

দ্বিতীয় খণ্ড।

পাটের গুদাম বিষয়ক বিধি।

লাইসেন্স ভিন্ন বর্ত্তমান গুদাম ব্যবহার হইতে পারিবে না।

৪ ধারা। কোন পাটের গুদামের স্বামী কি দখলীকার পাট কি তুলা সঞ্চিত করিবার কি রাখিবার কি যাঁত দেওয়াইবার কি গচ্ছিত রাখিবার নিমিত্ত ঐ গুদাম ব্যবহার করিবার লাইসেন্স না পাইলে সেই কার্য্যে উক্ত গুদামের ব্যবহার করিতে পারিবেন না।

5 From and after the commencement of this Act every license granted to a jute warehouse within the town of Calcutta under Bengal Act II of 1872 or Bengal Act II of 1875, shall be subject to the payment of an annual fee, to be fixed by the Local Government, after consulting the Commissioners at a special meeting, and to be paid in such instalments as the Commissioners may direct

Fee for license for jute warehouse.

In fixing the amount of fee to be paid in respect of any jute warehouse, the Local Government shall have regard to the annual value thereof as it is for the time assessed, to the payment of municipal taxes, to the size and position of the jute warehouse, to the number and excellence of the pressing machines erected or proposed to be erected in such jute warehouse, and to the probable income derived from such jute warehouse by its owner or occupier

The Local Government may from time to time, on the recommendation of the Commissioners at a special meeting, alter the amount of the fee to be paid in respect of any jute warehouse

6 Any person proposing to use any land for the purposes of a jute warehouse within the town of Calcutta shall send to the Commissioners a plan of such land and all the buildings thereon, prepared in such manner as the Commissioners may direct, and it shall be within the discretion of the Commissioners at a special meeting to grant or refuse a license to establish the same,

License for new jute warehouse.

Every license for a jute warehouse, to be granted under this section, shall be subject to the following conditions, namely—

(1) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be stored, or screwed, or pressed, save within a building constructed of such materials, and on such a plan as may be approved of by the Commissioners

(2) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be combed or dried, except within an enclosure, and that the top or roof of any building or of any hut shall not be used for such combing or drying without the sanction in writing of the Commissioners

(3) That space shall be reserved on land appertaining to the jute warehouse for the loading or unloading of carts.

৫ ধারা। ১৮৭২ সালের ২ আইনক্রমে অথবা ১৮৭৫ সালের ২ আইনক্রমে কলিকাতানগরের মধ্যস্থ পাটের গুদামের যে কোন লাইসেন্স প্রদত্ত হইয়াছে, এই আইনের প্রচলনাবধি তাহা বার্ষিক ফী দিবার নিয়মাধীন হইবে। কমিশ্যনরগণের সহিত বিশেষ অধিবেশনে পরামর্শ করিয়া, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ফী ধার্য্য করিবেন, এবং কমিশ্যনরগণ যেং কিস্তি নিরূপণ করেন সেই সেই কিস্তিমতে ঐ ফী দিতে হইবে।

পাটের গুদামের লাইসেন্সের ফী।

পাটের কোন্ গুদামের কত টাকা ফী ধার্য্য করা যাইবে, ইহা নিরূপণ করিতে হইলে, যৎকালে ঐ গুদামের বার্ষিক যত মূল্য ধার্য্য করা যায়, যত মুনিসিপাল টাক্স প্রদত্ত হয়, উক্ত গুদামের যেরূপ আয়তন ও অবস্থান, উক্ত গুদামে যত সংখ্যক ও যে গুণের গাঁট দেওয়াইবার যন্ত্র বসান আছে বা বসাইবার প্রস্তাব আছে, এবং ঐ গুদাম হইতে স্বামিন কি দখলীকারের অনুমান যত আয় হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সেই সকল বিবেচনা করিবেন।

বিশেষ অধিবেশনে কমিশ্যনরগণ পরামর্শ দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট কোন পাটের গুদামের যত ফী দিতে হয় তাহার পরিমাণ সময়েং পরিবর্ত্তন করিতে পারিবেন।

৬ ধারা। কোন ব্যক্তি পাটের গুদাম করিবার জন্য কলিকাতা নগরের মধ্যে ভূমির ব্যবহার করিতে ইচ্ছা করিলে কমিশ্যনরগণ যেরূপ আদেশ করেন, ঐ ভূমির ও তদুপরিস্থ সমুদয় গৃহাদির নক্শা তদ্রূপে প্রস্তুত করিয়া তাঁহাদিগের নিকটে পাঠাইবেন, তাহা হইলে কমিশ্যনরগণ বিশেষ অধিবেশন কালে আপনাদের বিবেচনামতে সেই গুদাম স্থাপন করিবার লাইসেন্স দিতে বা অস্বীকার করিতে পারিবেন।

নূতন পাটের গুদামের লাইসেন্সের কথা।

এই ধারামতে পাটের গুদামের যে লাইসেন্স দেওয়া যায়, তাহা এইং নিয়মাধীনে দেওয়া যাইবে, যথা,

(১) কমিশ্যনরগণ যে দ্রব্যের ও নকশার অনুমোদন করেন, কোন ঘর সেই দ্রব্যে ও সেই নকশামতে প্রস্তুত না হইলে, আলগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা সেই ঘরে সঞ্চিত করা কি কশান কি গাঁত দেওয়া যাইবে না।

(২) ঘেরা স্থান ভিন্ন কোন স্থানে আলগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা আঁচড়াইতে কি শুকাইতে দেওয়া যাইবে না, এবং কমিশ্যনরগণের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন কোটার ছাদ কি ঘরের চাল উক্তরূপ আঁচড়াইবার কি শুকাইবার নিমিত্ত ব্যবহৃত হইবে না।

(৩) গাড়ীতে বোঝাই দিবার কি তাহা হইতে নামাইবার জন্যে পাটের গুদামের জমিতে স্থান রাখিতে হইবে।

(4) That no portion of the jute warehouse shall be used as a residence, and no artificial light (other than one duly and thoroughly protected) or lucifer matches shall be introduced therein, and that no person shall smoke therein

(5) That the jute warehouse shall at all times be open to the inspection of officers duly appointed by the Commissioners

(6) That the engines and furnaces used in the jute warehouse shall be placed as may be considered necessary by the Commissioners.

(7) That an annual fee shall be imposed in respect thereof as provided by the last preceding section

Appointment of inspecting officers

7. The Commissioners shall appoint suitable officers for the inspection of jute warehouses within the town of Calcutta, and any officer so appointed, and any superintendent or inspector of police within the said town, may enter at any time into any jute warehouse, where jute or cotton may be kept, and inspect the same.

On change of occupation in warehouse, occupier to give notice.

8 On a change in the occupation of any jute warehouse, the person entering into occupation of the same shall, within two weeks of his so entering into occupation, give notice in writing to the Commissioners of such change of occupation, and shall thereupon pay to the Commissioners a fee of two rupees, and his name shall accordingly be substituted in such license for the name of the last occupier

If any jute warehouse is let out in portions, the person so letting it out and entitled to the rent shall, for the purposes of this Act, be deemed to be the occupier.

Cancelment or suspension of license

9. It shall be in the discretion of the Commissioners at a special meeting to cancel or to suspend for such time as they shall think fit the license of any jute warehouse in respect of which any one or more of the conditions under which such license is held shall appear to them to have been broken, or in respect of which the provisions of the last preceding section have been broken

[*Government Gazette* 3rd *June* 1879.]

(৪) পাটের গুদামের কোন অংশ বাসস্থানরূপে ব্যবহৃত হইবে না, এবং কোন প্রদীপ উপযুক্ত ও সম্পূর্ণরূপে লাণ্টনে বদ্ধ না থাকিলে তাহা কি বিলাতী দিয়া শলাই পাটের গুদামে আনা হইবে না ও তথায় কেহই তামাক খাইতে পারিবে না।

(৫) কমিশ্যনরগণ নিয়মমতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারা যখন তখন গিয়া পাটের গুদাম দেখিতে পারিবেন।

(৬) পাটের গুদামে যে কলের ও উননের ব্যবহার হয়, কমিশ্যনরগণ যে খানে রাখা আবশ্যক জ্ঞান করেন তাহা সেই খানে রাখিতে হইবে।

(৭) পূর্ব্বধারার বিধানক্রমে গুদামের বার্ষিক ফী দিতে হইবে।

পরিদর্শকদিগকে নিযুক্ত করিবার কথা।

৭ ধারা। কমিশ্যনরগণ কলিকাতা নগরের মধ্যে পাটের গুদাম পরিদর্শন করিবার উপযুক্ত কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবেন, এবং পাটের যে গুদামে পাট কি তুলা রাখা যায় পূর্ব্বোক্তমতে নিযুক্ত কার্য্যকারক এবং উক্ত নগরের পোলীসের কোন সুপরিণ্টেণ্ডেণ্ট কি ইনস্পেক্টর কোন সময়ে সেই গুদামে প্রবেশ করিয়া তাহার পরিদর্শন করিতে পারিবেন।

গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে দখলীকারের নোটিস দিবার কথা।

৮ ধারা। পাটের কোন গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে যে ব্যক্তি তাহা নূতন দখল করিয়া লন তিনি ঐ দখল লইবার তারিখ অবধি দুই সপ্তাহের মধ্যে কমিশ্যনরগণের নিকট পত্র লিখিয়া দখলীকার পরিবর্ত্তন হইবার সংবাদ দিয়া, কমিশ্যনরগণকে দুই টাকা ফী দিবেন। তাহা হইলে লাইসেন্সপত্রের মধ্যে পূর্ব্বদখলীকারের নামের পরিবর্ত্তে দখলীকার বলিয়া তাঁহার নাম লেখা যাইবে।

কোন পাটের গুদাম খণ্ড২ করিয়া নানা ব্যক্তিকে ভাড়া দেওয়া গেলে, যে ব্যক্তি তাহা ভাড়া দিয়া ভাড়া পাইবার অধিকারী হন এই আইনের কার্য্যপক্ষে তাঁহাকেই দখলীকার বলিয়া জ্ঞান করা যাইবে।

লাইসেন্স রহিত করিবার কি স্থগিত রাখিবার কথা।

৯ ধারা। কোন পাটের গুদাম করিবার লাইসেন্স যেং নিয়মানুসারে পাওয়া গিয়াছে সেই গুদামের সম্পর্কে তন্মধ্যে এক কি কএক নিয়ম ভঙ্গ হইয়াছে কিম্বা ইহার পূর্ব্ব ধারার বিধান ভঙ্গ হইয়াছে কমিশ্যনরগণের এমত বোধ হইলে তাঁহারা বিশেষ অধিবেশন করিয়া আপনাদের বিবেচনামতে ঐ লাইসেন্স রহিত করিতে পারিবেন, কিম্বা যত দিন উচিত বোধ করেন তত দিন তাহা স্থগিত রাখিতে পারিবেন।

Municipal Commissioners to have same power as the Calcutta Commissioners.

10 The provisions of the five last preceding sections shall apply to any jute warehouse situated or used, or any land proposed to be used as a jute warehouse out of the town of Calcutta and within the limits of the operation of this Act, save that the powers and duties conferred and imposed respectively on the Commissioners, or on the Commissioners at a special meeting, shall be exercised and discharged by the Municipal Commissioners at a meeting within whose jurisdiction such warehouse or land is situated

Penalties

Penalty for not taking out license

11 Any person who without a license uses any jute warehouse for keeping or depositing jute or cotton, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees for each day during which he may use or continue to use such jute warehouse as aforesaid

Penalty for establishing warehouse without license

12 Any person who without a license uses any jute warehouse for keeping or depositing jute or cotton established after the commencement of this Act, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred rupees, and to a further penalty not exceeding fifty rupees for every day during which such jute warehouse is used for keeping or depositing jute or cotton without a license

Penalty for using warehouse after refusal of license.

13 Any person who uses a jute warehouse for the keeping or depositing of jute or cotton after the Commissioners or Municipal Commissioners shall have refused or cancelled a license in respect thereof, or during the time for which such license shall have been suspended, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred rupees and to a further penalty not exceeding one hundred rupees for every day during which any such jute warehouse may be so used as aforesaid

Penalty on occupier in case of breach of conditions of license

14 Whenever any of the conditions under which a license is held in respect of any jute warehouse have been broken in such jute warehouse, the person whose name appears on the license as the

মুনিসিপল কমিশ্যনরদের যে কলিকাতার কমিশ্যনরগণের ন্যায় ক্ষমতা থাকিবে তাহার কথা।

১০ ধারা। এই আইনের বিধান কলিকাতা নগরের বহির্ভূত যে সীমার মধ্যে প্রচলিত হয় সেই সীমার মধ্যে যে পাটের গুদাম থাকে কি ব্যবহৃত হয় কিম্বা পাটের গুদামের নিমিত্ত যে ভূমির ব্যবহার হইবার প্রস্তাব হয় তৎপ্রতি পূর্ব্ববর্ত্তী শেষ পাঁচ ধারার বিধান বর্ত্তিবে। প্রভেদ এই যে কমিশ্যনরগণের প্রতি কিম্বা বিশেষ অধিবেশন করিয়া কমিশ্যনরগণের প্রতি যেং ক্ষমতা প্রদত্ত হইল বা তাঁহাদের যেং কর্ত্তব্য নির্দ্ধারিত হইল উক্ত গুদাম কি ভূমি যে মুনিসিপাল কমিশ্যনরদিগের এলাকাধীন তাঁহারা অধিবিষ্ট হইয়া সেই সেই ক্ষমতামতে কার্য্য করিবেন ও সেইং কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

দণ্ডের বিধি।

লাইসেন্স না লইবার দণ্ডের কথা।

১১ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে লাইসেন্স না লইয়া যদি পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিয়া রাখিবার নিমিত্ত পাটের গুদাম ব্যবহার করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই দোষ প্রমাণ হইলে তিনি যত দিন উক্ত গুদাম ব্যবহার করেন, বা করিতে থাকেন তাহার দিন প্রতি ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স না লইয়া গুদাম করিবার দণ্ডের কথা।

১২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর যে পাটের গুদাম স্থাপিত করা যায় যদি কোন ব্যক্তি লাইসেন্স না লইয়া পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিবার নিমিত্ত সেই স্থানের ব্যবহার করেন তবে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে ঐ ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। তদ্ভিন্ন যত দিন লাইসেন্স বিনা পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিয়া রাখিবার জন্য ঐ গুদামের ব্যবহার হয় তাহার দিন প্রতি ঐ ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স দিতে অস্বীকার হইলে পর গুদাম ব্যবহার করিলে দণ্ডের কথা।

১৩ ধারা। কমিশ্যনরগণ কিম্বা মুনিসিপল কমিশ্যনরেরা পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিবার জন্য পাটের গুদামের লাইসেন্স দিতে অস্বীকার করিলে কিম্বা তদ্বিষয়ের লাইসেন্স রহিত করিলে যদি কোন ব্যক্তি সেই কার্য্যের নিমিত্ত সেই স্থানের ব্যবহার করেন, অথবা লাইসেন্স স্থগিত করা গেলে যদি স্থগিত থাকিবার সময়ের মধ্যে ঐ স্থানের তদ্রূপ ব্যবহার করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। তদ্ভিন্ন যত দিন ঐ পাটের গুদামের তদ্রূপ ব্যবহার হয় তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সের নিয়ম লঙ্ঘন হইলে দখলীকারের দণ্ডের কথা।

১৪ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, পাটের ঐ গুদামে তাহার কোন নিয়ম লঙ্ঘন হইলে, লাইসেন্সে ঐ পাটের গুদামের দখলীকার বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে

occupier of such jute warehouse shall be liable, on conviction before a Magistrate, to have his license cancelled, or to a fine not exceeding five hundred rupees

Penalty on any person in case of breach of conditions of license

15 Any person who breaks any of the conditions under which a license is held in respect of any jute warehouse shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees for any one such offence

Penalty for omitting to give notice on change of occupation

16 If on a change in the occupation of any jute warehouse, the person entering into occupation fail to give the notice required by section 8 of this Act, such person shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees.

PART III

FIRE-BRIGADE

Commissioner of Police to take charge of fire-brigade

17 The Commissioner of Police for the town of Calcutta shall, as soon as may be after the commencement of this Act, take charge of the existing fire-brigade, with all buildings, engines, animals, accoutrements, tools and implements, and there after from time to time make such further or other provision as he may deem expedient in order to maintain it efficiently for the town and suburbs of Calcutta

Local Government may make orders

18 The Local Government may from time to time make, and when made, alter or repeal such general or special orders as it may think fit—

For appointing or removing any member or officer of the force

For furnishing the fire-brigade with such fire engines, fire-escapes, horses, oxen, accoutrements, tools and implements as it may think proper

For building, providing, or hiring places for the keeping of the force, engines, horses and appurtenances

For giving gratuities to persons who have given notice of fires.

For the training, discipline, good conduct, salaries, and pensions of the members of the force

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার লাইসেন্স রহিত হইতে বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সের নিয়ম লঙ্ঘনের নিমিত্ত কোন ব্যক্তির দণ্ডের কথা।

১৫ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, কোন ব্যক্তি তন্মধ্যে কোন নিয়ম লঙ্ঘন করিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে, তদ্রূপ কোন এক অপরাধহেতুক তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

দখলীকার পরিবর্ত্তন হইলে নোটিস না দিবার দণ্ডের কথা।

১৬ ধারা। কোন পাটের গুদামের দখীলকার পরিবর্ত্তন হইলে, ও এই আইনের ৮ ধারায় যে নোটিস দিবার আজ্ঞা হইল, নূতন দখলীকার সেই নোটিস না দিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

তৃতীয় খণ্ড।

অগ্নিনির্ব্বাপক দলবিষয়ক বিধি।

পোলীসের কমিশ্যনর সাহেব অগ্নিনির্ব্বাপক দলের ভারগ্রহণ করিবেন।

১৭ ধারা। কলিকাতা নগরের পোলীসের কমিশ্যনর সাহেব এই আইন প্রচলিত হইবার পরে যত শীঘ্র পারেন সমুদয় ইমারত ও কল ও জন্তু ও সাজ ও যন্ত্র ও হাতিয়ার সমেত অগ্নিনির্ব্বাপক দলের ভার গ্রহণ করিবেন, এবং তদনন্তর কলিকাতা ও তাহার শাখানগরের নিমিত্ত উক্ত দল কার্য্যদক্ষভাবে রাখিতে আর কি অন্য যে বিধান আবশ্যক বোধ করেন সময়েং তাহাও করিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

১৮ ধারা। নিম্নলিখিত বিষয়ের নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যদ্রূপ উচিত জ্ঞান করেন তদ্রূপ সামান্য কি বিশেষ আজ্ঞা করিতে, ও করা হইলে তাহা পরিবর্ত্তিত কি রহিত করিতে পারিবেন।—

উক্ত দলের কোন কর্ম্মকারক কি কর্ত্তৃপক্ষকে নিযুক্ত কি অপসারিত করিবার নিমিত্ত।

যদ্রূপ উচিত বিবেচনা করেন অগ্নিনির্ব্বাপক দলকে তদ্রূপ দমকল ও আগুন হইতে মুক্তিপ্রাপ্তির যন্ত্র ও ঘোড়া ও গোরু ও সাজ ও যন্ত্র ও হাতিয়ার যোগাইবার নিমিত্ত।

উক্ত দল ও কল ও ঘোড়া ও তৎসম্বন্ধীয় অন্যান্য দ্রব্য রাখিবার স্থান নির্ম্মাণ কি বিধান কি ভাড়া করিবার নিমিত্ত।

কোন ব্যক্তি আগুন লাগিবার সম্বাদ দিলে তাহাকে পুরস্কার দিবার নিমিত্ত।

ঐ দলের অন্তর্গত ব্যক্তিদের সুশিক্ষা ও সুশাসন ও সদাচরণ ও বেতন ও পেনশ্যনের নিমিত্ত।

For the speedy attendance of such members with engines and all necessary implements on the occasion of any alarm of fire

For sending the force, engines and appurtenances beyond the limits of the town and suburbs of Calcutta in order to extinguish fire in the neighbourhood of the said limits

For imposing and summarily realizing a fine not exceeding one week's wages from any member of the brigade who may infringe these bye laws

Generally, for the maintenance of the fire-brigade in a due state of efficiency

Such orders shall be published in the *Calcutta Gazette*, and shall take effect from such publication

Powers of fire brigade in cases of fire

19 On the occasion of a fire, the chief or other officer in charge of the fire-brigade on the spot may

(*a*) remove, or may order any member of the brigade to remove, any persons who by their presence interfere with the due operation of the brigade,

(*b*) by himself or by his men break into or through, or pull down, any premises for the purpose of putting an end to the fire, doing as little damage as possible,

(*c*) cause the mains and pipes of any district to be shut off, so as to give greater pressure of water in the place where the fire has occurred,

(*d*) call on the officer in charge of the Port Commissioners' fire-engine to render such assistance as may be possible in the case of any fire occurring near the river bank,

(*e*) and, generally, take such measures as may appear necessary for the preservation of life and property

The chief officer on the spot in charge of the brigade may verbally nominate and depute one or more officers of the brigade to act at a distance, and such officer or officers shall have for the time being the like powers as the chief officer himself possesses under this section.

Police officers to render assistance

Police officers of all grades shall be authorized to aid the fire-brigade in the execution of its duties They may close any street in or near which a fire is burning, and they may, of their own motion or on the request of the

আগুন লাগিবার কথা শুনিবামাত্র কল এবং আবশ্যক সকল যন্ত্র লইয়া ঐ কর্ম্মকারকদের ত্বরায় উপস্থিত হইবার নিমিত্ত।

কলিকাতা নগরের ও তাহার পার্শ্বস্থ গ্রামের সীমার নিকটবর্ত্তী স্থানে অগ্নিনির্ব্বাণার্থে উক্ত সীমার বাহিরে উক্ত দল ও কল ও তৎসংক্রান্ত দ্রব্যাদি পাঠাইবার নিমিত্ত।

উক্ত দলের কোন ব্যক্তি এই উপবিধির মধ্যে কোন উপবিধি লঙ্ঘন করিলে এক সপ্তাহের বেতনের অনধিক অর্থদণ্ড ধার্য্য ও সরাসরীমতে আদায় করিবার নিমিত্ত।

ও সাধারণ্যে উক্ত দলের কার্য্যোপযোগী হইবার উপযুক্ত অবস্থা রক্ষা করিবার নিমিত্ত।

এই সকল আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করণাবধি ফলদায়ক হইবে।

আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের ক্ষমতার কথা।

১৯ ধারা। আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের অধ্যক্ষতাকারী প্রধান কি অন্য যে কর্ম্মকারক তৎস্থানে থাকেন,

(ক) তৎস্থানে কোন ব্যক্তির উপস্থিতিপ্রযুক্ত দলের যথোপযুক্তমতে চলিবার বাধা হইলে, তিনি সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করিয়া দিতে কিম্বা উক্ত দলের কোন কর্ম্মকারককে তাহাদিগকে স্থানান্তর করাইয়া দিবার আদেশ করিতে পারিবেন, ও

(খ) আগুন নিবাইবার জন্য আপনি কিম্বা আপন কর্ম্মকারকদিগের দ্বারা কোন বাটীতে প্রবেশ করিয়া বা বাটী দিয়া যাইতে বা গৃহাদি ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন, কিন্তু যাহাতে অল্প হানি হয় সাধ্যমতে এমন চেষ্টা করিবেন, ও

(গ) আগুন যে স্থানে লাগে সেই স্থানে নলের জল অধিক বেগে নির্গত হইতে পারে এই নিমিত্ত নগরের অন্য কোন অংশের নল বন্ধ করাইয়া দিতে পারিবেন; ও

(ঘ) গঙ্গার ধারে আগুন লাগিলে বন্দরের কমিশনরদের দমকল যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার প্রতি সাধ্যমতে সাহায্য করিবার আদেশ করিতে পারিবেন, ও

(ঙ) সাধারণতঃ প্রাণ ও সম্পত্তি রক্ষা করিবার জন্য অন্য যে উপায় অবলম্বন করা আবশ্যক হয়, তাহাও করিতে পারিবেন।

অগ্নিনির্ব্বাপক দলের অধ্যক্ষস্বরূপ যে প্রধান কর্ম্মকারক তৎস্থানে থাকেন তিনি বাচনিক আদেশ দিয়া দূর স্থানে গিয়া কর্ম্ম করিবার নিমিত্ত দলের এক কি একাধিক কর্ম্মকারককে নিযুক্ত করিতে পারিবেন, তাহা করিলে এই ধারামতে প্রধান কর্ম্মকারকের যে ক্ষমতা থাকে তৎকালের নিমিত্ত সেই২ কর্ম্মকারকের কি কর্ম্মকারকদের সেই২ ক্ষমতা থাকিবে।

পোলীস কর্ম্মকারকদের সাহায্য করিবার কথা।

অগ্নিনির্ব্বাপক দল যে সময় আপনাদের কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন সেই সময় পোলীসের সকল শ্রেণীর কর্ম্মকারকের প্রতি তাঁহাদের সাহায্য করিবার অনুমতি থাকিবে। যে রাস্তার ধারে আগুন লাগে তাঁহারা সেই রাস্তা বন্ধ করিতে পারিবেন। ও যে ব্যক্তিদের উপস্থিত থাকাপ্রযুক্ত অগ্নিনির্ব্বাপক

chief or other officer of the fire-brigade, remove any persons who interfere by their presence with the operations of the fire-brigade

Damage done to be deemed damage by fire

Any damage done by the fire-brigade in the due execution of their duties shall be deemed to be damage by fire within the meaning of any policy of insurance of property in Calcutta or the suburbs against fire

But nothing in this section shall exempt any officer of the police or of the fire-brigade from liability to damages on account of any acts done by him without reasonable cause

Enquiry into origin of fire

20 In the case of any fire occurring in Calcutta or the suburbs, the chief officer of the fire-brigade shall ascertain the facts as to the origin and cause of such fire, and shall make a report thereon to the Magistrate having jurisdiction in the place in which such fire shall have occurred, and the said Magistrate, in any case where he may see fit, shall summon witnesses and take evidence in order to the further ascertainment of such facts

LICENSES AND PENALTIES IN RESPECT OF FIREWORKS, ETC

Penalty for letting off rockets and manufacturing or selling fireworks without license

21 Whoever shall let off rockets or send up fire-balloons without a license from the Commissioner of Police, for which a fee not exceeding ten rupees shall be payable,

and whoever shall sell or manufacture fireworks without a license from the Commissioner of Police, for which a yearly fee not exceeding ten rupees shall be payable,

shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees for every such offence

Power to withdraw licenses

22 The Commissioner of Police may at his discretion, and after thirty days' notice, withdraw or suspend any license granted by him under this Act

Liability of house holders

23 In the event of any rockets being let off, or fire-balloons sent up, within the precincts of any private premises or compound without the express permission in writing of the Commissioner of Police, the occupier or owner, or

দলের কার্য্যের ব্যাঘাত হয় তাঁহারা আপনাদের বিবেচনামতে কিম্বা ঐ দলের প্রধান কি অন্য কর্ত্তৃপক্ষের আদেশমতে সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করাইয়া দিতে পারিবেন।

হানি হইলে অগ্নিদ্বারা হানি বলিয়া জ্ঞান হইবার কথা।

অগ্নিনির্ব্বাপকদলের কর্ম্মকারকেরা উচিতমতে আপনাদের কর্ম্মনির্ব্বাহ করণ সময়ে যে হানি করেন, কলিকাতা নগরে বা শাখানগরে অগ্নিদ্বারা সম্পত্তির হানি পূরণার্থে কোন বিমাপত্রের কথার অর্থকরণে সেই হানি অগ্নিজন্য হানি বলিয়া জ্ঞান হইবে।

কিন্তু যদি পোলীসের কিম্বা অগ্নিনির্ব্বাপকদলের কোন কর্ম্মকারক যুক্তিসিদ্ধ কারণ বিনা হানিজনক কোন ক্রিয়া করেন, তবে তিনি এই ধারার কোন কথাক্রমে হানিপূরণ করিবার দায় হইতে মুক্ত হইবেন না।

আগুন কিরূপে লাগিল ইহার অনুসন্ধান লইবার কথা।

২০ ধারা। কলিকাতায় কিম্বা শাখানগরে আগুন লাগিলে, অগ্নিনির্ব্বাপকদলের প্রধান কর্ম্মকারক ঐ আগুন লাগিবার মূল কারণের ও হেতুর বৃত্তান্ত নির্ণয় করিয়া ঐ আগুন লাগিবার স্থানে যে মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য থাকে তাঁহার নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন। উক্ত মাজিষ্ট্রেট কোন স্থলে বিহিত বোধ করিলে ঐ বৃত্তান্ত আরো স্পষ্টরূপে নির্ণয় করিবার নিমিত্তে সাক্ষিদিগকে আহ্বান করিয়া সাক্ষ্য লইতে পারিবেন।

আতশবাজী প্রভৃতি সম্বন্ধে লাইসেন্সপত্রের ও দণ্ডের বিধি।

লাইসেন্স বিনা হাউই ছাড়িবার ও আতশ বাজী বিক্রয় কি প্রস্তুত করিবার দণ্ডের কথা।

২১ ধারা। কোন ব্যক্তি দশ টাকার অনধিক ফী দিয়া পোলীসের কমিশ্যনর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া হাউই কি আগুনের বেলুন ছাড়িলে,

আর কোন ব্যক্তি দশ টাকার অনধিক বার্ষিক ফী দিয়া পোলীসের কমিশ্যনর সাহেবের স্থানে লাইসেন্স না পাইয়া আতশ বাজী বিক্রয় কি প্রস্তুত করিলে,

মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

লাইসেন্স রহিত করিবার ক্ষমতার কথা।

২২ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেব এই আইনমতে যে লাইসেন্স দেন ত্রিশ দিনের নোটিস দিয়া আপনার বিবেচনামতে তাহা রহিত বা কিয়ৎকাল স্থগিত রাখিতে পারিবেন।

গৃহস্থদের দায়ের কথা।

২৩ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি না হইলেও কোন ব্যক্তির বাটীর কি প্রাঙ্গণের মধ্যে কোন স্থানে হাউই কি আগুনের বেলুন ছাড়া গেলে, দখলীকার কি স্বামী কি সেই বাটী কি প্রাঙ্গণ

person under whose immediate control the said premises or compound is, shall be liable to a fine not exceeding fifty rupees, unless he can prove who the person having committed the offence is, and that the offence was committed without his knowledge.

PART IV

Application of Funds and Apportionment of Expenses

Application of moneys received under Act

24 The Commissioners and Municipal Commissioners of the Suburbs and Howrah respectively shall apply the moneys derived from the fees and penalties levied under this Act within their respective jurisdictions—

(1) in payment of the expenses of a fire-brigade,

(2) in payment of all expenses incurred by them respectively in or about the inspection and superintendence of jute warehouses, and the granting of licenses in respect thereof

Any balance which may remain after payment of such expenses shall be applied in reduction of the fees levied on licenses for jute warehouses under this Act

Proportions of contribution towards payment of expenses of fire-brigade

25 The cost of all establishments and plant hired or purchased, and of all other charges under Part III of this Act, shall be contributed by the Commissioners for the town of Calcutta, and by the Suburban Commissioners in the following proportions, namely—by the Commissioners for the town of Calcutta, seven-tenths, by the Suburban Commissioners, three-tenths At the end of each quarter of a year the Commissioner of Police shall certify to the Calcutta and Suburban Commissioners respectively the total cost of the fire-brigade for such quarter, the money which may have accrued from the fees and penalties levied under this Act in Calcutta and the Suburbs, and the precise sum which must be paid by the said Commissioners respectively On the receipt of such certificate, the said Commissioners shall forthwith pay the sum certified against them, provided that in no case shall the three-tenths payable in any year by the Suburban Commissioners exceed the sum of ten thousand rupees

সাক্ষাৎ সম্বন্ধে যে ব্যক্তির কর্ত্তৃত্বে থাকে তিনি ঐ অপরাধ কে করিয়াছে ও সেই অপরাধ আপনার অজ্ঞাতসারে করা গিয়াছে ইহার প্রমাণ দিতে না পারিলে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

চতুর্থ খণ্ড।

ফণ্ডের প্রয়োগ ও ব্যয়বিভাগের বিধি।

আইনক্রমে প্রাপ্তটাকা প্রয়োগের কথা।

২৪ ধারা। এই আইনমতে ফী ও দণ্ডস্বরূপ যত টাকা আদায় হয় কমিশ্যনরগণ এবং শাখানগর ও হাবড়ার মুনিসিপল কমিশ্যনরেরা আপন ক্ষমতাধীন স্থানে প্রাপ্ত সেই টাকা হইতে

(১) অগ্নিনির্ব্বাপক দলের খরচ দিবেন,

ও (২) পাটের গুদামের পরিদর্শন ও তত্ত্বাবধান এবং তৎসম্পর্কীয় লাইসেন্স প্রদানের সমস্ত খরচ দিবেন।

উক্ত খরচ দিয়া টাকা উদ্বৃত্ত থাকিলে, এই আইনক্রমে পাটের গুদামের লাইসেন্স নিমিত্ত যে ফী আদায় করা যায়, তাহা কমাইবার নিমিত্ত ঐ টাকা প্রয়োগ করা যাইবে।

অগ্নিনির্ব্বাপকদলের ব্যয় পোষণার্থে কাহার কত দিতে হইবে তাহার কথা।

২৫ ধারা। সকল কর্ম্মকারকদের বেতনাদি এবং যত যন্ত্র ভাড়া করিয়া কি ক্রয় করিয়া লওয়া যায় ও এই আইনের তৃতীয় খণ্ডমতে অন্য যত খরচ হয় তাহা কলিকাতা নগরের কমিশ্যনরগণ ও শাখানগরের কমিশ্যনরেরা নিম্নলিখিত হারানুসারে দিবেন, কলিকাতা নগরের কমিশ্যনরগণ দশ ভাগের সাত ভাগ, শাখানগরের কমিশ্যনরেরা দশ ভাগের তিন ভাগ। ত্রৈমাসে অগ্নিনির্ব্বাপকদলের নিমিত্তে মোটে কত টাকা খরচ লাগিয়াছে ও এই আইনক্রমে ফী ও অর্থদণ্ড হইতে কলিকাতায় ও শাখা নগরে কত টাকা জমা হইয়াছে এবং উভয় কমিশ্যনরদিগের ঠিক কত করিয়া দিতে হইবে পোলীসের কমিশ্যনর সাহেব বৎসরের প্রত্যেক ত্রৈমাসান্তরে কলিকাতা ও শাখানগরের কমিশ্যনরদিগকে এই২ কথা সংসিতমতে জানাইবেন। উক্ত কমিশ্যনরেরা সেই সংসিতপত্র পাইলে সংসিতমতে তাঁহাদের নামে যত টাকা লিখিত হয় তত টাকা দিবেন, কিন্তু দশ ভাগের মধ্যে শাখানগরের কমিশ্যনরদের যে তিন ভাগ দিতে হইবে সেই তিন ভাগ যেন কোন বৎসর দশ হাজার টাকার অধিক না হয়।

PART V.

Miscellaneous

26 The Lieutenant-Governor of Bengal may, on the recommendation of the Commissioners passed by resolution, declare that any other fibre or any commodity which is stored or deposited in warehouses besides jute or cotton, shall be warehoused, and kept subject to the provisions of Part II of this Act When such declaration shall have been made in the *Calcutta Gazette*, this Act shall be read as if the name or names of the said fibre or commodity had been printed in addition to the words "jute" or "cotton" in the several sections of Part II, wherein the said words "jute" or "cotton" may occur

Lieutenant-Governor may declare the warehousing of any other substance to be subject to Act

27 The Commissioners for the town of Calcutta and Municipal Commissioners respectively shall make a report to the Lieutenant Governor once a year, at such time as the Lieutenant-Governor shall direct, showing how the provisions of this Act have been carried out, and specifying the jute warehouses in respect of which licenses have been granted Such report shall be forthwith published in the *Calcutta Gazette*

Submission of reports

28 Any person committing any offence in respect of which a penalty is provided by section 15 or section 23 of this Act may, if his name and address be unknown, be arrested by any officer of police, and forthwith conveyed before some Magistrate having jurisdiction in the place in which such offence has been committed, or shall be taken to the nearest police-station within the said jurisdiction in order that such person may be detained until he can be brought before a Magistrate, or until he shall enter into recognizance with or without sureties for his appearance before a Magistrate.

Power to arrest

29 Whenever such person shall be taken to a police-station, the officer in charge of such station shall, as soon as conveniently may be cause him to be conveyed before some Magistrate having jurisdiction in the matter

Offenders to be brought before Magistrate

30 Every license granted under Part II of this Act shall, as far as possible, be in the form in the schedule to this Act annexed

Form of license

[*Government Gazette, 3rd June* 1879]

পঞ্চম খণ্ড।

বিবিধ বিধি।

২৬ ধারা। কমিশ্যনরগণ নির্দ্ধারণ করিয়া পরামর্শ দিলে পাট ও তূলা ভিন্ন অন্য যে আঁশাল দ্রব্য কিম্বা অন্য যে কোন দ্রব্য গুদামে সঞ্চিত করিয়া কি গচ্ছিত করিয়া রাখা গিয়া থাকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কমিশ্যনরগণের সেই পরামর্শমতে ঐ সকল দ্রব্য এই আইনের দ্বিতীয় খণ্ডের বিধানমতে গুদামজাত করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে দ্বিতীয় খণ্ডের যে২ ধারায়, "পাট" ও "তূলা" শব্দ থাকে সেই২ ধারায় ঐ২ শব্দের পর উক্ত আঁশাল দ্রব্যের বা অন্য দ্রব্যের নাম লেখা থাকার ন্যায় ঐ২ ধারা পাঠ করিতে হইবে।

অন্য দ্রব্য গুদামজাত করা গেলে তাহার প্রতিও এই আইনের বিধান খাটে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এই আজ্ঞা করিতে পারিবার কথা।

২৭ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য যে রূপে সম্পাদন হইতেছে এবং পাটের যে২ গুদামের উক্ত লাইসেন্স দেওয়া গিয়াছে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে২ সময় নিরূপণ করেন কলিকাতা নগরের কমিশ্যনরগণ ও মুনিসিপল কমিশ্যনরেরা সেই২ সময়ে বৎসর২ একবার সেইরূপ রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট অবিলম্বে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

রিপোর্ট দিবার কথা।

২৮ ধারা। এই আইনের ১৫ কি ২৩ ধারায় যে২ অপরাধের অর্থদণ্ডের বিধান হইল কোন ব্যক্তি উক্ত কোন অপরাধ করিলে ও তাঁহার নাম ও বাসস্থান জানা না থাকিলে পোলীসের কোন কর্ম্মকারক তাঁহাকে ধরিতে ও যে স্থানে অপরাধ করা হইয়াছে সেই স্থানের বিচারাধিপত্য প্রাপ্ত কোন মাজিষ্ট্রেটের সম্মুখে আনিতে পারিবেন কিম্বা উক্ত বিচারাধিপত্যের অন্তর্গত সন্নিহিত পোলীস থানায় তাঁহাকে তৎক্ষণাৎ লইয়া গিয়া যত কাল মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যাইতে না পারে কিম্বা ঐ ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবেন জামিনদের সহিত কি জামিনভিন্ন যত কাল ইহার মুচলকা লিখিয়া না দেন তত কাল তাঁহাকে তথায় আটক করাইয়া রাখিবেন।

ধৃত করিবার ক্ষমতার কথা।

২৯ ধারা। উক্ত প্রকারে পোলীস থানায় আনা গেলে যে থানার অধ্যক্ষতা ভার থাকে তিনি সুবিধামতে ত্বরায় সেই বিষয়ের বিচারাধিপত্য-বিশিষ্ট কোন মাজিষ্ট্রেটের নিকট ঐ ব্যক্তিকে পাঠাইবেন।

অপরাধিদের বিচার ব্যক্তির প্রতি ঐ হইবার কথা।

৩০ ধারা। এই আইনের ২য় খণ্ডমতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা যত দূর হইতে পারে, এই আইনের তফসীলের নির্দ্ধারিত পাঠে লেখা যাইবে।

লাইসেন্সের পাঠ।

31 Nothing in this Act shall be deemed to apply to places wherein small quantities of jute, not exceeding four maunds at any one time are deposited for the purpose of any manufacture or retail trade

Saving of places of manufacture or retail trade

৩১ ধারা। কোন কারিগরির নিমিত্ত কিম্বা খুচরা কারিগরির কি খুচরা বিক্রয়ের নিমিত্ত অল্প করিয়া বিক্রয়ের স্থানের প্রতি অর্থাৎ এককালে চারিমণের না খাটিবার কথা। অনধিক পাট যে স্থানে রাখা গিয়া থাকে, এই আইনের বিধান যে সেই স্থানের প্রতি খাটে, এমত জ্ঞান করিতে হইবে না।

SCHEDULE

(*See Section* 30)

License under Bengal Act V of 1879

No *of* 187

The Corporation of the Town of Calcutta hereby grant unto

this License under Bengal Act V of 1879 to store and press jute in premises No

Calcutta,

subject to the conditions noted on the back, and they hereby acknowledge to have received the sum of Rs being the License Fee due by the said from

to 187 in

respect of the aforesaid premises at the rate of Rs per annum

Name of owner

Name of occupier

Secretary to the Corporation of the Town of Calcutta

The *day of*

W E H Forsyth,
Offg Asst Secy to the Govt of Bengal

তফসীল।

(৩০ ধারা দেখ।)

১৮৭৯ সালের বঙ্গীয় ৫ আইনমতে লাইসেন্স।

১৮ সালের অমুক নম্বর।

কলিকাতানগরের সমবায়িত সমাজ ১৮৭৯ সালের বঙ্গীয় ৫ আইনমতে শ্রীঅমুককে পৃষ্ঠলিখিত নিয়মাধীনে কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে পাট রাখিবার ও বাঁধিবার এই লাইসেন্স দিলেন এবং তাঁহারা উক্ত ব্যক্তির স্থানে পূর্ব্বোক্ত বাটীর নিমিত্ত বৎসর এত টাকার হারে ১৮৭ সালের অমুক তারিখ অবধি অমুক তারিখ পর্য্যন্ত লাইসেন্স ফী বলিয়া এত টাকা বুঝিয়া পাইলেন।

স্বামির নাম

দখলীকারের নাম

কলিকাতা নগরের সমবায়িত সমাজের সেক্রেটরী।

সাল তাং

ডব্লিউ, ই এচ, ফর্সাইথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

Raj Krishna Mukhopadhyaya, M A and B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 10, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ১০ জুন।

PART V.

Acts of the Bengal Council

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 16th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 20th May 1879, is hereby promulgated for general information —

ACT No VI OF 1879

An Act to provide for the construction of a Steam Tramway between Siliguree and Darjeeling

Preamble

WHEREAS a Company has been formed called the Darjeeling Steam Tramway Company, Limited, hereinafter called the Company, for the purpose of constructing, maintaining, and working a steam tramway from Siligoree to Darjeeling, and whereas an agreement bearing date the eighth day of April eighteen hundred and seventy-nine has been entered into between Franklin Prestage, Esq , as trustee on behalf of the Company, and the Secretary of State for India in Council,

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ১৬ আপ্রিল তারিখে উক্ত মান্যবর সাহেব অনুমোদন করিলে, তাহা ১৮৭৯ সালের ২০ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৬ আইন।

শিলিগুড়িহইতে দার্জিলিং পর্য্যন্ত ষ্টীম ট্রামওয়ে নির্ম্মাণের বিধানার্থ আইন।

হেতুবাদ।

শিলিগুড়িহইতে দার্জিলিং পর্য্যন্ত ষ্টীম ট্রামওয়ে নির্ম্মাণ করিবার ও রক্ষা করিবার ও চালাইবার নিমিত্ত দার্জিলিং ট্রামওয়ে কোম্পানি লিমিটেড নামে একটা কোম্পানি হইয়াছে, এই আইনে পরে কোম্পানি শব্দে উক্ত কোম্পানি বুঝাইবে, এবং উক্ত উদ্দেশ্য সাধন জন্য ১৮৭৯ সালের ৮ আপ্রিল তারিখে কোম্পানির পক্ষে ন্যাসধারী স্বরূপ শ্রীযুত ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ সাহেবের সহিত মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিয়মপত্র হইয়াছে এবং পূর্ব্বোক্ত শিলিগুড়ি হইতে দার্জিলিং পর্য্যন্ত যে গাড়ীর পথ আছে তদুপরি

for the above purpose, and whereas it is expedient that the Company should be authorized to construct, maintain, and work a steam tramway upon the existing cart road between Siligoree and Darjeeling as aforesaid and to do all things necessary in that behalf, It is enacted as follows —

Short title. Commencement.

1 This Act may be called The Darjeeling Steam Tramway Act, and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Power to construct tramway

2 The Company may construct and maintain upon the said existing cart road between Siligoree and Darjeeling a tramway, conformable to the specification and conditions set forth in the hereinbefore mentioned agreement between the said trustee for the Company and the said Secretary of State, or any agreement which may hereafter be entered into between the Company and the said Secretary of State, with all proper rails, sidings, stations, offices, warehouses, fixed machinery and other works connected therewith or for the purposes thereof, and use and employ upon such tramway such locomotive engines or other moving power, and such carriages or wagons to be drawn or propelled thereby, as they may deem fit

Power to obstruct cart road

3 The Company may, with the permission of such officer as the Local Government may from time to time empower in that behalf, obstruct the said cart road, but in such case the Company shall provide such accommodation for the local traffic during such obstruction as the said officer shall direct

W E H FORSYTH,
Offg Asst Secy to the Govt of Bengal

ষ্টীম ট্রামওয়ে নির্ম্মাণ করিবার ও রক্ষা করিবার ও চালাইবার ও তদর্থে যাহা কিছু আবশ্যক হয় তাহা করিবার ক্ষমতা কোম্পানিকে দেওয়া বিধেয়, অতএব নিম্ন লিখিত বিধান করা গেল।

সংক্ষেপ নাম। আরম্ভ।

১ ধারা। এই আইন দার্জ্জিলিং ষ্টীম ট্রামওয়ে বিষয়ক আইন নামে খ্যাত হইতে পারিবে,

এবং এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনসহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল হইবে।

ট্রামওয়ে নির্ম্মাণ করিবার ক্ষমতার কথা।

২ ধারা। কোম্পানির উক্ত ন্যাসধারির সহিত উক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের যে নিয়মপত্রের পূর্ব্বে উল্লেখ করা গিয়াছে, কিম্বা ইহার পর কোম্পানির সহিত উক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের যে নিয়মপত্র হয়, সেই নিয়মপত্রের নির্দ্দেশ ও নিয়ম অনুসারে শিলিগুড়ি হইতে দার্জ্জিলিং পর্য্যন্ত যে গাড়ির রাস্তা আছে, তদুপরি কোম্পানি যথাযোগ্য রেল ও পার্শ্বস্থ রেল ও ষ্টেশন ও কার্য্যালয় ও গুদাম ও ভূসলগ্ন কল ও তৎসংক্রান্ত কি তৎকার্য্যসাধনোপযোগী অন্যান্য বিষয়সহ ট্রামওয়ে নির্ম্মাণ ও রক্ষা করিতে পারিবেন, এবং যদ্রূপ উচিত বোধ করেন উক্ত ট্রামওয়ের উপর তদ্রূপ পরিচালক কল কি অন্য চালক শক্তি এবং তৎকর্ত্তৃক আকৃষ্ট কি পরিচালিত তদ্রূপ আরোহিদের কি মালের গাড়ী ব্যবহার ও নিয়োগ করিতে পারিবেন।

গাড়ীর পথ অবরোধ করিবার ক্ষমতার কথা।

৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এতদর্থে সময়ে২ যে কার্য্যকারককে ক্ষমতা দেন তাঁহার অনুমতি লইয়া কোম্পানী উক্ত গাড়ীর পথ অবরোধ করিতে পারিবেন, কিন্তু এরূপস্থলে উক্ত কার্য্যকারক যদ্রূপ আদেশ দেন, উক্ত অবরোধকালে কোম্পানি স্থানীয় বাণিজ্য কার্য্যের তদ্রূপ সুবিধা করিয়া দিবেন।

ডব্লিউ, ই, এচ, ফরসাইথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং
আসিষ্টাণ্ট সেক্রেটরী।

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 16th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 22nd May 1879, is hereby promulgated for general information —

ACT NO VII OF 1879

An Act to provide for the proper management of certain Inland Steam Vessels

Preamble

WHEREAS it is expedient that inland steam vessels of a burden exceeding one hundred tons should be commanded by competent persons, and it is

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ১৬ আপ্রিল তারিখে উক্ত মান্যবর সাহেব অনুমোদন করিলে, তাহা ১৮৭৯ সালের ২২ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের অনুমোদিত হইয়া এতদ্দ্বারা সাধারণের অবগতি নিমিত্ত প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৭ আইন।

কোনং দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের উপযুক্ত তত্ত্বাবধানের বিধানার্থ আইন।

হেতুবাদ।

যে সকল দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতে একশত টনের অধিক বোঝাই ধরে, তৎসমুদয় উপযুক্ত ব্যক্তির অধ্যক্ষতাধীনে থাকা বিহিত, এবং তন্নিমিত্ত উক্ত পোতের অ-

therefore desirable to provide for the examination of commanders of such vessels and for the granting of certificates to them It is enacted as follows —

Definition of "inland steam vessel"

1 "Inland steam vessel" in this Act means a steam vessel of a burden exceeding one hundred tons engaged in the inland trade of Bengal which in the course of its ordinary voyage traverses at any time of the year any part of the river Hooghly below the town of Calcutta

Local Government may make rules

2 The local Government may from time to time make, alter, add to, or repeal rules for the examination of, and the granting of certificates to, commanders of inland steam vessels,

Provided that the first rules made under this Act shall be published in the *Calcutta Gazette* at least two months before they take effect

Inland steam vessels to have certificated commanders

3 Every inland steam vessel shall be commanded by a person holding a certificate duly in force under the said rules

Penalty on owner if vessel is commanded by uncertificated commander

4 If any such vessel is not so commanded, the owner thereof shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one thousand rupees, and such fine may from time to time be reimposed on the said owner after the expiration of one month from the last previous conviction, so long as the provisions of section 3 are not complied with in respect of such vessel

Commanders deemed to be pilots under section 38 of Indian Ports Act

5 A Commander of any inland steam vessel who holds a certificate duly in force under the said rules shall be deemed to be a pilot in respect of such vessel for the purposes of section 38 of the Indian Ports Act, 1875

Notice of accidents to be given to local Government

6 In any of the cases following (namely) —

(*a*) Whenever any inland steam vessel is wrecked, abandoned, or materially damaged in any part of the River Hooghly below the town of Calcutta,

(*b*) Whenever any such vessel causes loss or material damage to any other inland steam vessel or to any sea-going vessel in the aforesaid part of the river Hooghly,

(*c*) Whenever, by reason of any casualty happening to or on board of any inland steam vessel in the aforesaid part of the river Hooghly, loss of life ensues,

ধ্যক্ষদিগকে পরীক্ষা করিবার ও সর্টিফিকেট দিবার বিধান করা বাঞ্ছনীয়, অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

"দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের" লক্ষণ।

১ ধারা। একশত টনের অধিক বোঝাইধারী যে বাষ্পীয় পোত বাঙ্গালার দেশাভ্যন্তরিক বাণিজ্য কার্য্যে নিযুক্ত থাকিয়া নিয়মিত জলযাত্রাক্রমে বৎসরের কোন সময়ে কলিকাতার নীচে হুগলী নদীর কোন অংশ দিয়া গমন করে, এই আইনে "দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোত" শব্দে সেই বাষ্পীয় পোত বুঝায়।

স্থানীয় গবর্ণমেণ্ট বিধি প্রণয়ন করিতে পারিবেন।

২ ধারা। দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের অধ্যক্ষদিগকে পরীক্ষা করিবার ও সর্টিফিকেট দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধি প্রণয়ন করিতে কিম্বা তাহা পরিবর্ত্তিত কি পরিবর্দ্ধিত কি রহিত করিতে পারিবেন।

কিন্তু এই আইনমতে প্রথম যে বিধি প্রণীত হয় তাহা ফলবৎ হইবার অন্যূন দুই মাস পূর্ব্বে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের সর্টিফিকেট প্রাপ্ত অধ্যক্ষ থাকিবে।

৩ ধারা। প্রত্যেক দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোত উক্ত বিধিমতে নিয়মিতরূপে বলবৎ সর্টিফিকেট প্রাপ্ত ব্যক্তির অধ্যক্ষতাধীনে থাকিবে।

সর্টিফিকেটবিহীন অধ্যক্ষের অধ্যক্ষতাধীনে পোত রাখিলে স্বামির অর্থদণ্ডের কথা।

৪ ধারা। যদি উক্তরূপ কোন পোত তদ্রূপ অধ্যক্ষতাধীনে না থাকে, মাজিষ্ট্রেটের নিকট অপরাধ নির্ণয় হইলে তাহার স্বামির এক হাজার টাকার অনধিক অর্থ দণ্ড হইবে এবং যাবৎ উক্ত পোত সম্বন্ধে ৩ ধারার বিধান মান্য করা না হয় পূর্ব্ব অপরাধ নির্ণয় অবধি এক মাস গত হইলে পর উক্ত স্বামির আবার সময়েং তদ্রূপ অর্থ দণ্ড করা যাইতে পারিবে।

অধ্যক্ষদিগকে ভারতবর্ষীয় বন্দরবিষয়ক আইনের ৩৮ ধারাক্রমে আড়কাটী বলিয়া জ্ঞান করা যাইবে।

৫ ধারা। উক্তরূপ কোন পোতের অধ্যক্ষ উক্ত বিধিমতে নিয়মিতরূপে বলবৎ সর্টিফিকেট প্রাপ্ত হইলে, ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৩৮ ধারাক্রমে তাঁহাকে আড়কাটী বলিয়া জ্ঞান করা যাইবে।

স্থানীয় গবর্ণমেণ্টে দুর্ঘটনা সংবাদ দিতে হইবে।

৬ ধারা। পশ্চাল্লিখিত স্থলে, অর্থাৎ,

(ক) কলিকাতা নগরের নীচে হুগলী নদীর মধ্যে কোন স্থানে কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোত ভগ্ন কি পরিত্যক্ত কি গুরুতররূপে ক্ষতিগ্রস্ত হইলে

(খ) হুগলী নদীর পূর্ব্বোক্ত ভাগে উক্তরূপ কোন পোত অন্য কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা সমুদ্রগামী পোতের কোন হানি কি গুরুতর ক্ষতি করিলে,

(গ) হুগলী নদীর পূর্ব্বোক্ত ভাগে কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা তদুপরি কোন দুর্ঘটনা ঘটিয়া প্রাণের হানি হইলে,

The Commander shall give immediate notice of such wreck, abandonment, loss, damage, or casualty, to the Port Officer of Calcutta

Any Commander wilfully failing to give notice under this section shall be liable to a fine not exceeding five hundred rupees

The Port Officer receiving such notice shall without delay communicate the same to the local Government

7 If in any such case a formal investigation appears to the local Government to be requisite or expedient, the local Government may order such investigation, and the provisions of section 4, sections 6 to 11 (both inclusive), and sections 15 and 16 of the Indian Merchant Shipping Act, 1875, shall be applicable, as far as may be, to all proceedings under this section

Investigation of accidents

8 The local Government may suspend or cancel the certificate of any Commander as aforesaid if he is reported by the court making such investigation to be incompetent, or to have been guilty of misconduct, or if he has been convicted of a non-bailable offence

Local Government may suspend or cancel certificates

9 No proceedings shall be taken against any person for the recovery of a penalty under this Act before such day as the Lieutenant-Governor may fix by notification in the *Calcutta Gazette*

Penalty not to be enforced before a certain time

10 This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the consent of the Governor-General

Commencement of Act

W E H FORSYTH,

Offg Asst Secy to the Govt of Bengal

পোতাধ্যক্ষ উক্তরূপ ভগ্ন হইবার কি পরিত্যাগের কি হানির কি ক্ষতির কি দুর্ঘটনা সংবাদ তৎক্ষণাৎ কলিকাতা বন্দরের কর্তৃপক্ষকে দিবেন।

কোন পোতাধ্যক্ষ ইচ্ছাপূর্ব্বক এই ধারামতে সংবাদ না দিলে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

বন্দরের কর্তৃপক্ষ উক্তরূপ সংবাদ পাইলে তাহা অবিলম্বে স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন।

৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট এরূপ কোন স্থলে নিয়মিত অনুসন্ধান লওয়া আবশ্যক কি হিতকর বোধ করিলে তদ্রূপ অনুসন্ধান লইতে আদেশ করিতে পারিবেন এবং এই ধারামতে যে সকল কার্য্যানুষ্ঠান হয়, তাহাতে যত দূর সম্ভব ভারতবর্ষীয় সওদাগরী জাহাজবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৪ ধারা ও ৬ অবধি ১১ ধারা ও ১৫ ও ১৬ ধারার বিধান খাটিবে।

দুর্ঘটনা অনুসন্ধান লইবার কথা।

৮ ধারা। অনুসন্ধানকারী আদালত পূর্ব্বোক্ত পোতাধ্যক্ষকে অযোগ্য কি অসদাচরণদোষে দূষিত রিপোর্ট করিলে, কিম্বা যে অপরাধের জন্য জামিন লওয়া যায় না তাঁহার সেই অপরাধ সপ্রমাণ হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার সর্টিফিকেট স্থগিত কি রহিত করিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট সর্টিফিকেট স্থগিত কি রহিত করিতে পারিবেন।

৯ ধারা। কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে তারিখ নির্দ্ধারিত করেন তৎপূর্ব্বে এই আইনক্রমে অর্থদণ্ড আদায়ের নিমিত্ত কোন ব্যক্তির নামে কোন কার্য্যানুষ্ঠান করা যাইবে না।

নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে অর্থদণ্ড বলবৎ না করিবার কথা।

১০ ধারা। এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিসহ কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি বলবৎ হইবে।

আইনের কার্য্যারম্ভ।

ডবলিউ, ই, এচ, ফর্সাইথ,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 17th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 22nd May 1879, is hereby promulgated for general information —

ACT No VIII OF 1879

An Act to define and limit the powers of Settlement Officers

WHEREAS it is expedient to define and limit the powers of Settlement Officers It is enacted as follows —

Preamble

1 This Act extends to all the territories under the administration of the Lieutenant-Governor of Bengal, and

Extent

[*Government Gazette*, 10*th June* 1879]

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ১৭ আপ্রল তারিখে উক্ত মান্যবর সাহেব অনুমোদন করিলে, তাহা ১৮৭৯ সালের ২২ মে তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতিনিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৮ আইন।

বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারিত ও সীমাবদ্ধ করিবার নিমিত্ত আইন।

বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারিত ও সীমাবদ্ধ করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

হেতুবাদ।

১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন সমস্ত প্রদেশে এই আইন বর্ত্তিবে।

ব্যাপ্তি।

Commencement of Act

it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Repeal of Bengal Act III of 1878

2 Bengal Act No III of 1878 (*an Act to define and limit the powers of settlement officers with respect to enhancement of rent*) is hereby repealed

3 In this Act—

"Settlement Officer"

"Settlement Officer" means the Collector or any officer in charge of the revenue jurisdiction of a district, and includes any Assistant Commissioner, Deputy Collector, or Sub-Deputy Collector whom the Collector or other officer as aforesaid may authorize to conduct the enquiries and proceedings connected with any settlement of land revenue, and any officer who may be appointed by the Lieutenant-Governor to make any such settlement,

'Under tenant'

"Under-tenant" means any holder of a heritable and transferable intermediate tenure between the Government and the ryot other than a zemindar

Settlement proceedings not affected by certain Acts

4 Nothing contained in section 51 of Regulation VIII of 1793, or in sections 13, 14, and 17 of Act X of 1859, or in sections 14, 15, and 18 of Bengal Act VIII of 1869, shall affect any settlement proceedings under Regulation VII of 1822, or under any other law for the time being in force for the regulation of settlements of land revenue

Rent to be in accordance with rates sanctioned by the revenue authorities

5 In any such settlement proceedings the rent recorded as demandable from each ryot shall, except as herein otherwise provided, be in accordance with the general rates sanctioned or subsequently approved for adoption in such settlement by the revenue authorities from time to time empowered in that behalf by the Lieutenant-Governor

Grounds of enhancement

6 The Settlement Officer may, on some one or other of the following grounds and not otherwise, record a higher rent as demandable from any ryot having a right of occupancy than the rent which was previously paid by him, viz —

(1) That the higher rent so recorded is calculated on rates which are not above the prevailing rates payable by the same class of ryots for land of a similar description and with similar advantages in the surrounding neighbourhood

আইনের কার্য্যারম্ভ।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনসহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে সেই তারিখ অবধি প্রবল হইবে।

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন রহিত হইল।

২ ধারা। ১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন (অর্থাৎ খাজানাবৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্ণয় ও তৎসীমা নিরূপণ করণার্থ আইন) এতদ্দ্বারা রহিত করা গেল।

৩ ধারা। এই আইনে

"বন্দোবস্তী কার্য্যকারক"

"বন্দোবস্তী কার্য্যকারক" শব্দে জিলার রাজস্ববিষয়ক বিচারাধিপত্যভারপ্রাপ্ত কালেকটর সাহেব কি কোন কার্য্যকারককে বুঝাইবে এবং ভূমির রাজস্বের কোন বন্দোবস্ত সংক্রান্ত অনুসন্ধান ও কার্য্যানুষ্ঠান করিবার নিমিত্ত কালেকটর সাহেব কি উক্ত কার্য্যকারক যে আসিষ্টান্ট কমিশ্যনর কি ডেপুটী কালেকটর কি সব-ডেপুটী কালেকটরকে অনুমতি দেন এবং উক্তরূপ কোন বন্দোবস্ত করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাদিগকেও বুঝাইবে।

"পেটাও প্রজা।"

জমীদার ব্যতীত গবর্ণমেণ্ট ও রায়তের মধ্যে থাকিয়া যে কেহ পুরুষানুক্রমিক ও হস্তান্তরযোগ্য মধ্যবর্ত্তী ভূসম্পর্ক ভোগ করেন, "পেটাও প্রজা" শব্দে তাঁহাকে বুঝাইবে।

কোন ২ আইন দ্বারা বন্দোবস্তী কার্য্যের ব্যাঘাত হইবে না।

৪ ধারা। ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারায়, কিম্বা ১৮৫৯ সালে ১০ আইনের ১৩ ও ১৪ ও ১৭ ধারায়, কিম্বা ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৪ ও ১৫ ও ১৮ ধারায় যে কোন কথা থাকুক না কেন তাহাতে ১৮২২ সালের ৭ আইন অনুযায়ী কিম্বা ভূমির রাজস্বের বন্দোবস্ত নিয়মিত করিবার নিমিত্ত তৎকালে অন্য যে আইন বলবৎ থাকে তদনুযায়ী বন্দোবস্তী কার্য্যের কোন ব্যাঘাত হইবে না।

খাজানা রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষদের অনুমোদিত হারানুযায়ী হইবে।

৫ ধারা। সময়ে২ এতদর্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত হইয়া রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষেরা কোন বন্দোবস্ত কার্য্যে অবলম্বন জন্য যে যে সাধারণ হারের অনুমতি করেন বা পরে অনুমোদন করেন, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, তদনুসারে উক্ত বন্দোবস্তী কার্য্যে প্রত্যেক রায়তের নিকটে প্রাপ্য বলিয়া খাজানা লিপিবদ্ধ করা যাইবে।

খাজানা বৃদ্ধি করিবার হেতু।

৬ ধারা। দখলীস্বত্ব বিশিষ্ট কোন রায়ত পূর্ব্বে যে খাজানা দিত তাহার নিকটে তদপেক্ষা উচ্চতর খাজানা প্রাপ্য বলিয়া বন্দোবস্তী কার্য্যকারক পশ্চাল্লিখিত এক কি একাধিক হেতুতে লিপিবদ্ধ করিতে পারিবেন, নতুবা নহে, যথা,

(১) উক্তরূপ লিপিবদ্ধ উচ্চতর খাজানা যে হারে ধরা গিয়াছে সেই হার চতুষ্পার্শ্বস্থ সেই প্রকারের ও তত্তুল্য অবস্থার ভূমির জন্য সেই শ্রেণীর রায়তেরা যে চলিত হারে খাজানা দিয়া থাকে তদপেক্ষা অধিক নহে।

(ii) That the enhancement is not greater than is justified by the increase which has taken place in the productive powers of the land otherwise than by the agency, or at the expense, of the ryot since the rent of the ryot was last fixed

(২) শেষবার রায়তের খাজানা ধার্য্য হইবার পরে রায়তের পরিশ্রম কি ব্যয় ভিন্ন ভূমির যে পরিমাণে উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে খাজানা বৃদ্ধি তদপেক্ষা অধিক পরিমাণে করা যায় নাই।

(iii) That the value of the produce of the land has been increased otherwise than by the agency, or at the expense, of the ryot since the rent of the ryot was last fixed; and that such higher rent does not bear a higher proportion to the rent of such ryot as last fixed than the normal price of produce at or about the time of the present settlement bears to the normal price of similar produce which prevailed at or about the time when such rent was last fixed

(৩) শেষবার রায়তের খাজানা ধার্য্য হইবার পরে রায়তের পরিশ্রম কি ব্যয় ভিন্ন ভূমির উৎপন্ন শস্যের মূল্য বৃদ্ধি হইয়াছে, এবং শেষবার খাজানা ধার্য্য হইবার সময়ে বা তৎসমীপবর্ত্তি কালে শস্যের যে প্রকৃত মূল্য চলিত ছিল তাহার সহিত বর্ত্তমান বন্দোবস্ত সময়ে বা তৎসমীপবর্ত্তী কালে সেই শস্যের প্রকৃত মূল্যের যে অনুপাত লক্ষিত হয় শেষবার রায়তের যে খাজানা ধার্য্য হয় তাহার সহিত বর্ত্তমান উচ্চতর খাজানার উচ্চতর অনুপাত নহে।

(iv) That the value of the produce of the land has been increased otherwise than by the agency, or at the expense, of the ryot since the last previous settlement of the lands was made, and that such higher rent does not bear a higher proportion to that which would have been the rent of lands of a similar description and the same area, according to the rates of such previous settlement, than the normal price of produce at or about the time of the present settlement bears to the normal price of similar produce which prevailed at or about the time of such previous settlement, as recorded in the papers of such settlements, or as otherwise ascertained and certified by the Settlement Officer

(৪) ভূমির শেষ পূর্ব্ববন্দোবস্তের পরে রায়তের পরিশ্রম কি ব্যয় ভিন্ন ভূমির উৎপন্ন শস্যের মূল্য বৃদ্ধি হইয়াছে, এবং উক্ত পূর্ব্ব বন্দোবস্ত সময়ে বা তৎসমীপবর্ত্তি কালে শস্যের যে প্রকৃত মূল্য ছিল বলিয়া ঐ বন্দোবস্তের কাগজপত্রে লিপিবদ্ধ দেখা যায় কিম্বা লিপিবদ্ধ না থাকিলে অন্যরূপে নির্ণীত হয় ও বন্দোবস্তী কার্য্যকারক কর্ত্তৃক সংসিতমতে নির্দ্দিষ্ট হয় তাহার সহিত বর্ত্তমান বন্দোবস্ত সময়ে বা তৎসমীপবর্ত্তি কালে সেই শস্যের প্রকৃত মূল্যের যে অনুপাত লক্ষিত হয় পূর্ব্ববন্দোবস্ত সময়ের হারানুসারে সেই প্রকারের ও সেই পরিমাণের ভূমির যে খাজানা হইত তাহার সহিত বর্ত্তমান উচ্চতর খাজানার উচ্চতর অনুপাত নহে।

(v) That the quantity of land held by the ryot has been proved by measurement to be greater than the quantity for which rent has been previously paid by him

(৫) পূর্ব্বে রায়ত যত ভূমির নিমিত্ত খাজানা দিত মাপ দ্বারা প্রমাণ হইয়াছে যে তদপেক্ষা অধিক ভূমি ভোগ করিতেছে।

7 The rent recorded as demandable from an under-tenant shall be determined in accordance with the following rules —

Rules for determining rent recorded as demandable

৭ ধারা। পশ্চাল্লিখিত বিধিমতে পেটাও প্রজার নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা ধার্য্য হইবে,

প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা ধার্য্য করিবার বিধি।

(a) Whenever the Settlement Officer shall find any person holding as an under-tenant, he shall first ascertain and record whether the tenure so held is binding as against the Government

(ক) বন্দোবস্তী কার্য্যকারক পেটাওপ্রজারূপে ভোগধারী কোন ব্যক্তিকে দেখিলে প্রথমত স্থির করিয়া লিপিবদ্ধ করিবেন যে উক্তরূপ ভোগবৃত পেটাও ভূসম্পর্ক গবর্ণমেণ্টের বিরুদ্ধে সিদ্ধ কি না।

(b) If the Settlement Officer finds the tenure to be so binding, the rent recorded as demandable from such under-tenant shall in no case be higher than an amount which shall be ten per cent below the aggregate of the rents recorded as payable to him from the subordinate under-tenants and ryots whose holdings fall within his tenure

(খ) বন্দোবস্তী কার্য্যকারক ঐ পেটাও ভূসম্পর্কে তদ্রূপে সিদ্ধ স্থির করিলে, তন্মধ্যে যে যে অধীন পেটাও প্রজা ও রায়তের যোত পড়ে, তাহাদের নিকটে প্রাপ্য বলিয়া মোট যত খাজানা লিপিবদ্ধ করা যায়, তাহা হইতে শত করা দশ টাকা বাদ দিলে যে টাকা হয়, কোন স্থলে উক্ত পেটাও প্রজার নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা তদপেক্ষা উচ্চতর হইবে না।

(c) If the Settlement Officer shall find that the tenure is not binding as against the Government, he shall first determine the proportionate amount of the demand of land revenue to be

(গ) ঐ পেটাও ভূসম্পর্ক গবর্ণমেণ্টের বিরুদ্ধে সিদ্ধ নহে বন্দোবস্তী কার্য্যকারক এইরূপ স্থির করিলে, ভূমির রাজস্বের দাওয়া নিরূপণার্থ যৎকালে গবর্ণমেণ্টের যে আদেশ চলিত থাকে তদনুসারে ঐ পেটাও ভূসম্পর্কের

assessed upon the lands included in the tenure in accordance with any orders of Government for the time being in force regulating the demand of land revenue, and shall record the rent payable by such under tenant at such a sum (not being less than such proportionate amount of land revenue or more than the aggregate of the rents recorded as payable to him from the subordinate under-tenants and ryots whose holdings fall within his tenure) as may seem fair and equitable with reference to the character and circumstances of the tenure

Procedure when rent demandable is recorded below that to which it might have been enhanced

8 When the rent demandable from any under-tenant or ryot is recorded at an amount below that to which the rent of such under tenant or ryot might have been enhanced under this Act, it may be recorded that such under-tenant or ryot shall from time to time be liable to pay increased rent from such dates as may be fixed by the Settlement Officer, until the rent paid by him reaches the amount which the Settlement Officer may determine to be properly payable by him under this Act

Service of notice of enhancement

9 Whenever a higher rent has been recorded as demandable from any under-tenant or ryot than the rent previously paid by him, the Settlement Officer shall cause to be published a copy of the *jummabundi*, or extracts therefrom, specifying in respect of each such under-tenant or ryot the rent recorded as payable by him, and in the case of a ryot, the clause or clauses of section 6 of this Act under which his rent is enhanced

Such publication may be lawfully made by affixing a copy of the *jummabundi*, or of such extracts therefrom as the Collector may think fit, at the mal cutcherry of the village to which the *jummabundi* relates, or at some other conspicuous place therein, and by proclamation by beat of drum in the said village to the effect that the said copy or extracts have been so affixed, and that the *jummabundi* can be inspected at the office of the Settlement Officer

Suit to contest rents

10 Every under-tenant and ryot shall be liable to pay the rent recorded as demandable from him under this Act, unless it shall be proved in any suit instituted by such under-tenant or ryot to contest his liability to pay the same that such rent has not been assessed in accordance with the provisions of this Act

অন্তর্গত ভূমির উপর ভূমির রাজস্ব বলিয়া যত টাকা দাওয়া করা যাইতে পারে প্রথমত তাহা নির্ণয় করিবেন এবং ঐ ভূসম্পর্কের প্রকৃতি ও অবস্থা বিবেচনায় যত টাকা উপযুক্ত ও ন্যায়সঙ্গত বোধ হয় তত টাকার পরিমাণে উক্ত পেটাও প্রজার দেয় খাজানা লিপিবদ্ধ করিবেন। ঐ টাকা ভূমির রাজস্ব বলিয়া যাহা দাওয়া করা যাইতে পারে তাহার কম হইবে না, অথবা ঐ ভূসম্পর্কের মধ্যে যে সকল অধীন পেটাও প্রজা ও রায়তের যোত পড়ে তাহারা তাঁহাকে মোট যত খাজানা দিবে বলিয়া লিপিবদ্ধ থাকে তদপেক্ষা অধিক হইবে না।

খাজানা যত দূর বর্দ্ধিত করা যাইতে পারিত তদপেক্ষা অল্প খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা গেলে, কার্য্যপ্রণালীর কথা।

৮ ধারা। এই আইনমতে কোন পেটাও প্রজা কি রায়তের খাজানা যত দূর বর্দ্ধিত করা যাইতে পারিত তদপেক্ষা অল্প খাজানা উক্ত পেটাও প্রজা কি রায়তের নিকট প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা গেলে, ইহাও লিপিবদ্ধ করা যাইতে পারিবে যে এই আইনমতে নিয়মিতরূপে যত টাকা দেয় বলিয়া বন্দোবস্তী কার্য্যকারক নির্ণয় করেন যাবৎ তত টাকা পর্য্যন্ত খাজানা বৃদ্ধি না হয়, বন্দোবস্তী কার্য্যকারক যে যে তারিখ নিদ্ধারিত করেন সেই সেই তারিখ অবধি সময়ে সময়ে উক্ত পেটাও প্রজা কি রায়তের খাজানা বৃদ্ধি হইতে পারিবে।

বর্দ্ধিত খাজানার নোটিস জারী করিবার কথা।

৯ ধারা। কোন পেটাও প্রজা কি রায়ত পূর্ব্বে যে খাজানা দিত তদপেক্ষা উচ্চতর খাজানা তাহার নিকট প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা গেলে, বন্দোবস্তী কার্য্যকারক জমাবন্দীর নকল কি তদুদ্ধৃত অংশ প্রচার করিবেন, এবং তাহাতে প্রত্যেক পেটাও প্রজা কি রায়তের দেয় বলিয়া লিপিবদ্ধ খাজানার এবং রায়ত হইলে এই আইনের ৬ ধারার যে কি যে সকল প্রকরণমতে খাজানা বর্দ্ধিত হইয়াছে তাহারও নির্দ্দেশ করিবেন।

ঐ জমাবন্দীর কিম্বা কালেক্টর সাহেব তাহার যে উদ্ধৃতাংশ উচিত বোধ করেন সেই উদ্ধৃতাংশের এক কেতা নকল, জমাবন্দী যে গ্রাম সম্পর্কীয় হয় তাহার মালকাছারীতে কিম্বা ঐ গ্রামের অন্য কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া, এবং উক্ত নকল কি উদ্ধৃতাংশ তদ্রূপে লাগাইয়া দেওয়া গিয়াছে এবং বন্দোবস্তী কার্য্যকারকের কার্য্যালয়ে জমাবন্দী দেখা যাইতে পারে, উক্ত গ্রামে এইরূপ ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া, আইনমতে তদ্রূপ প্রচার করা যাইতে পারিবে।

খাজানা প্রতিবাদ করিবার মোকদ্দমা।

১০ ধারা। এই আইনক্রমে কোন পেটাও প্রজা কি রায়তের নিকটে প্রাপ্য বলিয়া যে খাজানা লিপিবদ্ধ করা যায়, তৎপ্রদানরূপ দায়ের প্রতিবাদার্থ মোকদ্দমা উপস্থিত করিয়া যদি উক্ত পেটাও প্রজা কি রায়ত সপ্রমাণ করিতে না পারে যে এই আইনের বিধানমতে উক্ত খাজানা ধার্য্য করা হয় নাই, তাহা হইলে তাহার ঐ খাজানা দিতে হইবে।

But nothing in clause (*c*) of section 7 of this Act or in this section shall be held to limit the discretion of the Court in determining in any suit under this section the rent of an under tenant of the class described in the said clause (*c*)

No suit under this section shall be instituted otherwise than within four months after the publication of the *jummabundi*, or extracts as aforesaid, in the village in which the lands which are the subject of the suit or any part thereof are situated.

Procedure in suits to contest rent recorded as demandable

11 In all suits instituted to contest the rent recorded as demandable under this Act the Court shall, if it modifies or sets aside such rent, proceed to determine the rent payable by the plaintiff in accordance with this Act, and if any arrears of rent at the rates determined by the Court are found to be due, shall make a decree in favor of the defendant for such arrears, with such costs as may seem proper

Enhancement when to take effect

12 If publication of the copy of a *jummabundi* or of extracts therefrom as provided in section 9 of this Act is made within the first six months of the year of the era current in the district, the enhancement may take effect from the beginning of the year in which such publication may have been made, otherwise it shall take effect from the beginning of the next following year

Rent to hold good for 10 years or until expiration of settlement

13 Rent recorded as demandable under this Act, or fixed by a final decree in any suit as aforesaid, shall not be liable to enhancement until ten years shall have elapsed from the date on which the settlement took effect, or until the period of the settlement shall have expired, whichever may first occur

Application of Act

14 The provisions of this Act shall apply to all settlement proceedings under Regulation VII of 1822 which may have been confirmed after the commencement of Bengal Act III of 1878, or which may hereafter be confirmed or sanctioned by the revenue authorities from time to time empowered in that behalf by the Lieutenant-Governor, whether such proceedings shall have been commenced before or after the commencement of the said Act

W E H Forsyth,
Offg Asst Secy to the Govt of Bengal

[*Government Gazette, 10th June* 1879]

কিন্তু এই ধারামত মোকদ্দমায় ৭ ধারার (গ) প্রকরণে বর্ণিত পেটাও প্রজার খাজানা নিরূপণার্থ আদালতের স্বীয় বিবেচনামতে কার্য্য করিবার যে ক্ষমতা থাকিতেছে, উক্ত (গ) প্রকরণের কি এই ধারার কোন কথায় সেই ক্ষমতার সীমা নির্ণীত করা হইতেছে, এরূপ জ্ঞান করা যাইবে না।

যে ভূমি লইয়া মোকদ্দমা হয় সেই ভূমি কি তাহার কোন অংশ যে গ্রামের অন্তর্গত সেই গ্রামে জমাবন্দী কি পুর্ব্বোক্ত উদ্ধৃতাংশ প্রচারিত হইবার পরে চারি মাস মধ্যে উপস্থিত করা না গেলে উক্তরূপ কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানার প্রতিবাদার্থে মোকদ্দমা উপস্থিত করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

১১ ধারা। এই আইনমতে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানার প্রতিবাদার্থে মোকদ্দমা উপস্থিত করা গেলে, আদালত যদি উক্ত খাজানা পরিবর্ত্তিত কি রহিত করেন, তাহা হইলে এই আইনক্রমে বাদির দেয় খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইবেন, এবং আদালতের ধার্য্য হারে বাকী খাজানা পাওনা থাকিলে যেরূপ খরচা উচিত বোধ করেন তৎসহ প্রতিবাদির অনুকূলে ডিক্রী করিবেন।

খাজানা বৃদ্ধি যে সময়ে কার্য্যকর হইবে।

১২ ধারা। যে জিলায় যে সন চলিত থাকে, সেই জিলায় সেই সনের প্রথম ছয় মাস মধ্যে ৯ ধারাক্রমে খাজানা বৃদ্ধির নোটিস জারী করা গেলে, যে বৎসর উক্ত নোটিস জারী করা যায় সেই বৎসরের প্রারম্ভ অবধি উক্ত খাজানা বৃদ্ধি কার্য্যকর হইবে, স্থলান্তরে পর বৎসরের প্রারম্ভ অবধি কার্য্যকর হইবে।

খাজানা দশ বৎসর পর্য্যন্ত বা বন্দোবস্তের মিয়াদ শেষ পর্য্যন্ত বলবৎ থাকিবে।

১৩ ধারা। খাজানা এই আইনক্রমে প্রাপ্য বলিয়া লিপি বদ্ধ করা গেলে, অথবা পূর্ব্বোক্ত কোন মোকদ্দমার চূড়ান্ত ডিক্রীক্রমে ধার্য্য করা গেলে, বন্দোবস্ত কার্য্যকর হইবার তারিখ অবধি যাবৎ দশ বৎসর গত না হয়, অথবা বন্দোবস্তের মিয়াদ না ফুরায়, (ইহার মধ্যে যেটাই প্রথম ঘটুক না কেন,) আর খাজানা বৃদ্ধি করা যাইবে না।

আইন বর্ত্তিবার কথা।

১৪ ধারা। ১৮২২ সালের ৭ আইনমত যে সকল বন্দোবস্তী কার্য্য ১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন প্রচলিত হইবার পরে দৃঢ়ীকৃত হইয়াছে অথবা তৎপক্ষে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের স্থানে সময়ে২ ক্ষমতা প্রাপ্তরাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষদের দ্বারা ইহার পরদৃঢ়ীকৃত কি অনুমোদিত হইবে, উক্ত আইন প্রচলিত হইবার পুর্ব্বেই হউক কি পরেই হউক ঐ কার্য্যের আরম্ভ হইলে তাহার প্রতি এই আইনের বিধান বর্ত্তিবে।

ডবলিউ, ই, এইচ্, ফর্সাইথ,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

Raj Krishna Mukhopadhyaya, M A and B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 26, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৬ আগষ্ট।

PART V

Acts of the Bengal Council

পঞ্চম খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 15th April 1879, and having received the assent of His Excellency the Governor-General on the 6th June 1879, is hereby promulgated for general information —

ACT No IX OF 1879

An Act to amend the law relating to the Court of Wards

Preamble

WHEREAS it is expedient to amend the law relating to the Court of Wards within the territories under the administration of the Lieutenant-Governor of Bengal, It is enacted as follows —

PART I

PRELIMINARY.

Short title.

1. This Act may be called the Court of Wards Act, 1879.

[*Government Gazette, 26th August* 1879.]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৭৯ সালের ১৫ আপ্রিল তারিখে উক্ত মান্যবর সাহেব অনুমোদন করিলে, তাহা ১৮৭৯ সালের ৬ জুন তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দারা প্রচারিত হইল।

১৮৭৯ সালের ৯ আইন

কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক আইন সংশোধনার্থ আইন।

হেতুবাদ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক আইন সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।

প্রথম খণ্ড।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭৯ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

Extent

It extends to all the territories under the administration of the Lieutenant-Governor of Bengal, including the scheduled districts of Bengal as defined in the Scheduled Districts Act, 1874

ব্যাপ্তি।

তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইন অনুযায়ী বঙ্গদেশের তফসীলে লেখা প্রদেশ সমেত, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন সমুদয় দেশের প্রতি এই আইন বর্ত্তিবে।

Commencement

It shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

আরম্ভ।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনসহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল হইবে।

Repeal of Acts

2 Bengal Act IV of 1870 (the Court of Wards Act), section 11 of Act XXXV of 1858, sections 12, 14, and 15 of Act XL of 1858, and so much of section 21 of Act XL of 1858 as provides that the Civil Court may direct the Collector to take charge of an estate, are hereby repealed

যে যে আইন রহিত হইল।

২ ধারা। কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইন, ১৮৫৮ সালের ৩৫ আইনের ১১ ধারা, ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ ও ১৪ ও ১৫ ধারা, ও ১৮৫৮ সালের ৪০ আইনের ২১ ধারার যে অংশে বিধান আছে যে দেওয়ানী আদালত কোন মহালের ভার গ্রহণ করিতে কালেক্টর সাহেবকে আদেশ করিতে পারেন সেই অংশ, এতদ্দ্বারা রহিত করা গেল।

All persons and properties which at the commencement of this Act are under the charge of the Court of Wards as constituted by Bengal Act IV of 1870 shall be deemed to be under the charge of the Court of Wards as constituted by this Act

১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইনক্রমে সংগঠিত কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে এই আইন প্রচলিত হইবার সময়ে যে সকল ব্যক্তি ও সম্পত্তি থাকে, সেই সকল এই আইনক্রমে সংগঠিত কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে আছে বলিয়া জ্ঞান করা যাইবে।

And all persons and properties which at the commencement of this Act are under the charge of the Collector by virtue of an order of the Civil Court under section 11 of Act XXXV of 1858, or under section 12, section 14, or section 21 of Act XL of 1858, shall from such commencement be deemed to be under the charge of the Court of Wards

১৮৫৮ সালের ৩৫ আইনের ১১ ধারামতে, অথবা ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ কি ১৪ কি ২১ ধারামতে, দেওয়ানী আদালতের আদেশক্রমে কালেক্টর সাহেবের রক্ষণাবেক্ষণাধীনে এই আইন প্রচলিত হইবার সময়ে যে সকল ব্যক্তি ও সম্পত্তি থাকে, সেই সকল তৎসময়াবধি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে আছে বলিয়া জ্ঞান করা যাইবে।

And all rules prescribed, orders or appointments made, and agreements executed under the Court of Wards Act, 1870, and now in force, shall (so far as they are consistent with this Act) be deemed to be respectively prescribed, made, and executed under this Act

এবং কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭০ সালের আইনক্রমে যে সকল বিধি প্রণীত, আদেশ কি নিয়োগ কৃত ও নিয়মপত্র সম্পাদিত হইয়া এক্ষণে বলবৎ আছে সেই সকল যত দূর এই আইন সঙ্গত হয়, এই আইনক্রমে প্রণীত, কৃত ও সম্পাদিত বলিয়া জ্ঞান করা যাইবে।

And all orders and appointments made by Collectors under Act XXXV of 1858 or Act XL of 1858, and now in force, shall (so far as they are consistent with this Act) be deemed to be made under this Act

এবং ১৮৫৮ সালের ৩৫ আইন কি ১৮৫৮ সালের ৪০ আইনক্রমে কালেক্টর সাহেবদের কৃত যে সমুদয় আদেশ ও নিয়োগ এক্ষণে বলবৎ আছে, তৎসমুদয় যত দূর এই আইন সঙ্গত হয় এই আইনক্রমে কৃত বলিয়া জ্ঞান করা যাইবে।

And all suits and proceedings now pending, which may have been commenced under the Court of Wards Act, 1870, or by Collectors under Act XXXV of 1858 or Act XL of 1858, shall be deemed to be commenced under this Act

ও কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭০ সালের আইনক্রমে, অথবা ১৮৫৮ সালের ৩৫ আইন কি ১৮৫৮ সালের ৪০ আইনমতে কালেক্টর সাহেবদের কর্ত্তৃক যে সকল মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য আরব্ধ হইয়া এক্ষণে চলিতেছে, তৎসমুদয় এই আইনক্রমে আরব্ধ হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

[*Government Gazette*, 26*th August* 1879]

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation

"Collector" includes any officer in charge of the revenue jurisdiction of a district

"Collector"

"Court"

"The Court" means the Court of Wards,

or, when the Court of Wards has delegated any of its powers to a Commissioner or Collector or any other person, it means, in respect of such powers, the Commissioner or Collector or person to whom they are delegated

"Estate" means all lands which are borne on the revenue roll of a Collector as liable for the payment of one and the same demand of land revenue

"Estate"

"Minor" means a person who has not completed his age of twenty-one years

"Minor"

"Section" means a section of this Act

"Section"

"Ward" means any person who is under the charge of the Court of Wards, or whose property is under such charge

"Ward"

4 Nothing contained in this Act shall affect any of the provisions of Act XXXIV of 1858, or the jurisdiction, as respects infants, of any High Court of Judicature

Saving of Act XXXIV of 1858 and of jurisdiction of High Courts.

PART II.

Constitution, Jurisdiction, and Powers of the Court of Wards

Board of Revenue to be Court of Wards

5. The Board of Revenue shall be the Court of Wards for the territories to which this Act extends

It shall deal with every person and every property of which it may take or retain charge under this Act, or which may be placed under its charge by order of a competent Court, in accordance with the provisions of this Act

6. Proprietors of estates shall be held disqualified to manage their own property when they are—

Disqualified proprietors

(*a*) females declared by the Court incompetent to manage their own property,

৩ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর বোধ না হইলে,

অর্থ করণ।

"কালেক্টর" শব্দে কোন জিলার রাজস্ব সম্পর্কীয় বিচারাধিপত্য ভারপ্রাপ্ত কার্য্যকারককেও বুঝাইবে।

"কালেক্টর।"

"কোর্ট" শব্দে কোর্ট অব ওয়ার্ডস বুঝাইবে, কিম্বা কোর্ট অব ওয়ার্ডস স্বীয় ক্ষমতা কমিশ্যনর সাহেবের কি কালেক্টর সাহেবের কি অন্য কোন ব্যক্তির প্রতি অর্পণ করিলে ঐ ক্ষমতা সম্বন্ধে তৎপ্রাপ্ত কমিশ্যনর সাহেবকে কি কালেক্টর সাহেবকে কি ব্যক্তিকেও বুঝাইবে।

'কোর্ট।'

কালেক্টরী তৌজীভুক্ত যে সমস্ত ভূমি ভূরাজস্ববিষয়ক একই প্রাপ্য টাকা দিবার দায়ে দায়ী "মহাল" শব্দে তৎ সমস্তই বুঝাইবে।

"মহাল।"

একুশবৎসর বয়স্ যাহার পূর্ণ হয় নাই "অপ্রাপ্তবয়স্ক" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

"অপ্রাপ্তবয়স্ক।"

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

"ধারা।"

যে ব্যক্তি বা যাহার সম্পত্তি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে থাকে "রাজানুপালিত" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

'রাজানুপালিত।'

৪ ধারা। এই আইনের কোন কথায় ১৮৫৮ সালের ৩৪ আইনের কোন বিধানের, কিম্বা অপ্রাপ্তবয়স্কদের সম্বন্ধে কোন হাই কোর্টের বিচারাধিপত্যের, কোন বিঘ্ন হইবে না।

১৮৫৮ সালের ৩৪ আইনের ও হাই কোর্টের বিচারাধিপত্যের সংরক্ষণ।

দ্বিতীয় খণ্ড।

কোর্ট অব ওয়ার্ডসের সংগঠন, এলাকা ও ক্ষমতার বিধি।

৫ ধারা। এই আইন যে যে দেশের প্রতি বর্ত্তে তথাকার রেবিনিউ বোর্ড কোর্ট অব ওয়ার্ডস হইবেন।

রেবিনিউ বোর্ড কোর্ট অব ওয়ার্ডস হইবেন।

বোর্ড এই আইনক্রমে যে প্রত্যেক ব্যক্তির ও সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার লন বা রাখেন, অথবা যাহা এই আইনের বিধান অনুসারে উপযুক্ত আদালতের আদেশক্রমে বোর্ডের রক্ষণাবেক্ষণাধীনে সংস্থাপিত হয়, তাহা লইয়া কার্য্য করিবেন।

৬ ধারা। ভূসম্পত্তির স্বামিরা আপন ২ সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিবার অযোগ্য বলিয়া এই এই স্থলে পরিগণিত হইবেন।

অযোগ্য ভূস্বামির কথা।

(ক) যে সকল স্ত্রীলোক স্বীয় সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া কোর্ট নির্দ্দেশ করেন, তাদৃশ স্ত্রীলোক হইলে,

(*b*) persons declared by the Court to be minors,

(*c*) persons adjudged by a competent Civil Court to be of unsound mind, and incapable of managing their affairs,

(*d*) persons adjudged by a competent Civil Court to be otherwise rendered incapable by physical defects or infirmities of managing their own property

Jurisdiction of Court over disqualified proprietors

7 Whenever the sole proprietor of an estate, or all the joint proprietors of an estate are disqualified as provided in the last preceding section, the Court shall have power to take charge of all the property of every such proprietor or joint proprietor within its jurisdiction, and of the person of any such proprietor or joint proprietor who is resident within its jurisdiction, and also of the person and property of any minor member of the family of any such proprietor or joint proprietor who has an immediate or reversionary interest in the property of such proprietor or joint proprietor

Court when bound to give up charge

8 Whenever the circumstances of any ward become such that the Court could not take charge of him or of his property if he were not under its charge already, the Court shall be bound to release from its charge such person and his property

Discretion of Court as to taking charge

9 The Court may in its discretion, in any case in which it is empowered by this Act to take charge of the person and property of any disqualified proprietor,—

(*a*) take charge of such property without taking charge of such person,

(*b*) refrain from taking charge of any such person or property,

(*c*) at any time withdraw from such charge if taken,

(*d*) at any time resume such charge, after having withdrawn from it

Procedure under Act XL of 1858, and Act XXXV of 1858

10 Whenever a Civil Court thinks it necessary, under section 9 of Act XL of 1858, to make provision for the charge of the person and property of a minor,

whenever a Civil Court recalls any certificate under section 21 of the said Act,

or whenever a person has been adjudged, under Act XXXV of 1858, to be of unsound mind and incapable of managing his affairs,

[*Government Gazette*, 22*nd July* 1879.]

(খ) যে সকল ব্যক্তিকে কোর্ট অপ্রাপ্তবয়স্ক বলিয়া নির্দ্দেশ করেন, তাদৃশ ব্যক্তি হইলে,

(গ) উপযুক্ত দেওয়ানী আদালতের নিষ্পত্তিক্রমে যে সকল ব্যক্তি ক্ষিপ্তমন, ও আপনবিষয় ব্যাপারের কার্য্য নির্ব্বাহ করিতে অক্ষম বলিয়া নির্দ্ধারিত হয়, তাদৃশ ব্যক্তি হইলে।

(ঘ) উপযুক্ত দেওয়ানী আদালতের নিষ্পত্তিক্রমে শারীরিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক যে সকল ব্যক্তি আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অন্যরূপে অক্ষম হইয়াছেন বলিয়া নির্দ্ধারিত হয়, তাদৃশ ব্যক্তি হইলে।

অযোগ্য ভূস্বামিদের উপর কোর্টের এলাকার কথা।

৭ ধারা। পূর্ব্ব ধারার বিধান ক্রমে কোন মহালের একমাত্র ভূস্বামী, কিম্বা কোন মহালের সমুদয় সংসৃষ্ট ভূস্বামী, অযোগ্য হইলে, কোর্ট আপন এলাকার মধ্যস্থ তদ্রূপ ভূস্বামির বা সংসৃষ্ট ভূস্বামির সমুদয় সম্পত্তির, এবং ঐ এলাকার মধ্যে তদ্রূপ কোন ভূস্বামী বা সংসৃষ্ট ভূস্বামী বাস করিতে থাকিলে তাঁহার এবং তদ্রূপ ভূস্বামির কি সংসৃষ্ট ভূস্বামির পরিবারস্থ কোন অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির তদ্রূপ ভূস্বামির বা সংসৃষ্ট ভূস্বামির সম্পত্তিতে বর্ত্তমান কি ভবিষ্যৎ স্বার্থ থাকিলে উক্ত ব্যক্তির ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে পারিবেন

কোর্ট কোন সময়ে রক্ষণাবেক্ষণ ভার পরিত্যাগ করিবেন তাহার কথা।

৮ ধারা। যখন কোন রাজানুপালিতের অবস্থা এরূপ হয় যে কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে পূর্ব্ব হইতে না থাকিলে কোর্ট তাঁহার কি তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে পারিতেন না, কোর্ট উক্ত ব্যক্তিকে ও তাহার সম্পত্তির স্বীয় রক্ষণাবেক্ষণ হইতে মুক্ত করিতে বাধ্য হইবেন।

ভার গ্রহণ সম্বন্ধে কোর্টের বিবেচনার কথা।

৯ ধারা। কোর্ট এই আইনমতে যে স্থলে কোন অযোগ্য ভূস্বামির ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে পারেন, কোর্ট আপন বিবেচনামতে

(ক) উক্ত ব্যক্তিকে ছাড়িয়া তাঁহার সম্পত্তির ভার গ্রহণ করিতে পারিবেন,

(খ) উক্ত ব্যক্তির কি তাঁহার সম্পত্তির ভার গ্রহণ কার্য্য হইতে বিরত থাকিতে পারিবেন,

(গ) তদ্রূপ ভার গ্রহণ করিলেও তাহা যে কোন সময়ে পরিত্যাগ করিতে পারিবেন,

(ঘ) পরিত্যাগ করিবার পরে, যে কোন সময়ে তদ্রূপ ভার পুনর্ব্বার গ্রহণ করিতে পারিবেন।

১৮৫৮ সালের ৪০ আইন ও ৩৫ আইনমতে কার্য্য প্রণালীর কথা।

১০ ধারা। ১৮৫৮ সালের ৪০ আইনের ৯ ধারামতে দেওয়ানী আদালত কোন অপ্রাপ্ত বয়স্ক ব্যক্তির ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণার্থে বিধান করা আবশ্যক জ্ঞান করিলে,

কিম্বা দেওয়ানী আদালত উক্ত আইনের ২১ ধারামত সর্টিফিকেট ফিরাইয়া লইলে,

কিম্বা ১৮৫৮ সালের ৩৫ আইনমতে কোন ব্যক্তি ক্ষিপ্তমনা ও আপন বিষয় ব্যাপারের তত্ত্বাবধান করিতে অক্ষম বলিয়া নিষ্পত্তি হইলে,

if the property of such minor or disqualified proprietor consists, in whole or in part, of land or any interest in land, the Civil Court may apply to the Court of Wards to take charge of the person and property of such minor or disqualified proprietor, and it shall be at the discretion of the Court of Wards to take charge of such person or property, or to refuse to do so

যদি উক্তরূপ অপ্রাপ্তবয়স্ক কি অযোগ্য ভূস্বামির সম্পত্তি সম্পূর্ণরূপে কি অংশতঃ ভূমি কি কোন ভূসম্পর্ক হয়, তাহা হইলে উক্তরূপ অপ্রাপ্ত বয়স্ক কি অযোগ্য ভূস্বামির কি তাহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করুন বলিয়া দেওয়ানী আদালত কোর্ট অব ওয়ার্ডসে প্রার্থনা করিতে পারিবেন, এবং কোর্ট অব ওয়ার্ডস আপন বিবেচনামতে উক্তরূপ ব্যক্তির কি সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিবেন বা করিতে অস্বীকার করিবেন ।

Nothing contained in sections 12 to 19 (both inclusive) of Act XXXV of 1858 shall be held to apply to persons or properties under the charge of the Court of Wards

১৮৫৮ সালের ৩৫ আইনের ১২ অবধি ১৯ পর্য্যন্ত কোন ধারার কোন কথা কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীন ব্যক্তির কি সম্পত্তির প্রতি যে বর্ত্তিবে, এরূপ জ্ঞান করা যাইবে না ।

Procedure when estate is no longer under Court because some proprietors have ceased to be disqualified.

11 Whenever one or more of the joint proprietors of whose properties the Court of Wards has taken charge ceases to be subject to the jurisdiction of the Court of Wards, and the persons and properties of the remaining joint proprietors thereby cease to be subject to the jurisdiction of the Court of Wards, notwithstanding the otherwise continued disqualification of such remaining joint proprietors, the Civil Court which would have jurisdiction under Act XL of 1858 may, on the application of the Court of Wards, direct the Court of Wards to retain or resume charge of the persons and properties of the still disqualified proprietors during the continuance of their disqualification, or, subject to the provisions of section 12, for so long as such Civil Court may order

কোনং ভূস্বামির অযোগ্যতা শেষ হওয়াতে সকল আর কোর্টের অধীন না থাকিলে কার্য্য-প্রণালীর কথা ।

১১ ধারা । যে সকল সংসৃষ্ট ভূস্বামির সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার কোর্ট অব ওয়ার্ডস গ্রহণ করিয়াছেন, তন্মধ্যে এক কি একাধিক ব্যক্তি যখন কোর্ট অব ওয়ার্ডসের এলাকার বহির্ভূত হন এবং তজ্জন্য অবশিষ্ট সংসৃষ্ট ভূস্বামিরা অযোগ্য থাকিলেও ঐ অবশিষ্ট সংসৃষ্ট ভূস্বামিরা ও তাঁহাদের সম্পত্তি আর কোর্ট অব ওয়ার্ডসের এলাকাধীন থাকে না, ১৮৫৮ সালের ৪০ আইনমতে যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্য থাকিত, সেই দেওয়ানী আদালত কোর্ট অব ওয়ার্ডসের প্রার্থনাক্রমে কোর্ট অব ওয়ার্ডসকে আদেশ করিতে পারিবেন যে অযোগ্য ভূস্বামিরা যাবৎ অযোগ্য থাকেন অথবা ১২ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত দেওয়ানী আদালত যে কাল নির্দ্ধারিত করিয়া আদেশ দেন তৎকাল পর্য্যন্ত কোর্ট তাঁহাদের ও তাঁহাদের সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার রাখেন কি পুনঃ গ্রহণ করেন ।

And in case any of the proprietors who have ceased to be subject to the jurisdiction of the Court of Wards so consent the Court of Wards may retain or resume the charge of the properties of such proprietors, or any part thereof, so long as the property of any of the disqualified proprietors remains in charge of the Court of Wards

এবং যাবৎ উক্তরূপ কোন অযোগ্য ভূস্বামির সম্পত্তি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণে থাকে, যে যে ভূস্বামী কোর্ট অব ওয়ার্ডসের এলাকার বহির্ভূত হইয়াছেন তাঁহারা সম্মত হইলে কোর্ট অব ওয়ার্ডস তাঁহাদের সম্পত্তির কি তাহার কোন অংশের রক্ষণাবেক্ষণ ভার রাখিতে কি পুনঃ গ্রহণ করিতে পারিবেন ।

Withdrawal from charge by Court.

12 The Court of Wards may at any time withdraw from the charge of any person and property taken under section 10 or under section 11, and from the charge of any person or property which before the commencement of this Act was placed under the charge of the Collector by a Civil Court under section 12, section 14, or section 21 of Act XL of 1858, or under section 11 of Act XXXV of 1858

কোর্টের রক্ষণাবেক্ষণ ভার পরিত্যাগের কথা ।

১২ ধারা । ১০ কিম্বা ১১ ধারাক্রমে কোন ব্যক্তির কি সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গৃহীত হইলে, কিম্বা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে, ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ কি ১৪ কি ২১ ধারামতে কিম্বা ১৮৫৮ সালের ৩৫ আইনের ১১ ধারামতে দেওয়ানী আদালত কালেক্টর সাহেবের রক্ষণাবেক্ষণাধীনে কোন ব্যক্তিকে কি সম্পত্তি রাখিয়া থাকিলে, কোর্ট অব ওয়ার্ডস যে কোন সময়ে উক্ত রক্ষণাবেক্ষণ ভার পরিত্যাগ করিতে পারিবেন,

Provided that it shall give notice of its intention to withdraw to the Civil Court concerned, and that such notice shall be given not less than two months before the Court of Wards shall so withdraw

কিন্তু যে দেওয়ানী আদালত এতদ্বিষয়ে লিপ্ত থাকেন, উক্ত ভার পরিত্যাগের অভিপ্রায়ের নোটিস সেই দেওয়ানী আদালতকে দিতে হইবে, এবং কোর্ট অব ওয়ার্ডস উক্ত ভার পরিত্যাগের অন্যূন দুই মাস পূর্ব্বে ঐ নোটিস দিবেন ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৯ । ১৯ আগষ্ট ।]

13. Whenever, on the death of any ward, the succession to his property or any part thereof is in dispute, the Court may either direct that such property or part thereof be made over to any person claiming such property, or may retain charge of the same until the right to possession of the claimant has been determined under Bengal Act VII of 1876, or until the dispute has been determined by a competent Civil Court.

Procedure when succession to property disputed

১৩ ধারা। কোন রাজানুপালিত ব্যক্তির মৃত্যুর পর তাঁহার সম্পত্তির কি তাহার কোন অংশের উত্তরাধিকার লইয়া বিবাদ উপস্থিত হইলে, কোর্ট উক্ত সম্পত্তির দাওয়াকারী কোন ব্যক্তিকে ঐ সম্পত্তি কি তদংশ দিবার আদেশ করিতে পারিবেন, কিম্বা যাবৎ ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনমতে দাওয়াদারের অধিকার স্বত্ব নির্ণীত না হয়, বা উপযুক্ত দেওয়ানী আদালত কর্ত্তৃক বিবাদের নিষ্পত্তি না হয়, উক্ত সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার স্বহস্তে রাখিতে পারিবেন।

সম্পত্তির উত্তরাধিকার লইয়া বিবাদ হইলে কর্ত্তব্য প্রণালীর কথা।

14. Subject to the provisions of this Act the Court—

General power of Court

(*a*) may, through its manager, do all such things requisite for the proper care and management of any property of which it may take or retain charge under this Act, or which may be placed under its charge by order of a competent Civil Court, as the proprietor of any such property, if not disqualified, might do for its care and management, and

(*b*) may, in respect of the person of any ward, do all such things as might be lawfully done by the legal guardian of such ward.

১৪ ধারা। এই আইনের বিধানের নিয়মাধীনে (ক) কোর্ট এই আইনক্রমে যে কোন সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করেন কি রাখেন, কিম্বা উপযুক্ত দেওয়ানী আদালতের আদেশক্রমে যে সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে সংস্থাপিত হয়, সেই সম্পত্তির যথাযোগ্য তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য স্বীয় কার্য্যাধ্যক্ষ দ্বারা এরূপ সমুদয় কার্য্য করিতে পারিবেন যাহা উক্ত সম্পত্তির স্বামী অযোগ্য না হইলে, তাহার যথাযোগ্য তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য করিতে পারিতেন, ও

কোর্টের সাধারণ ক্ষমতার কথা।

(খ) কোন রাজানুপালিত ব্যক্তির সম্বন্ধে উক্ত ব্যক্তির আইনমত অভিভাবক আইনমতে যাহা কিছু করিতে পারিতেন, কোর্ট তৎসমুদয় করিতে পারিবেন।

15. The Court may exercise all or any powers conferred on it by this Act through the Commissioners of the Divisions and the Collectors of the Districts in which any part of the property of the disqualified proprietor may be situated, or through any other person whom it may appoint for such purpose.

Exercise of powers conferred on Court through others

১৫ ধারা। যে দেশখণ্ডে ও জিলায় অযোগ্য ভূস্বামির সম্পত্তির কোন অংশ থাকে সেই দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের ও জিলার কালেক্টর সাহেবের দ্বারা অথবা উক্ত কার্য্যার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তদ্দ্বারা, কোর্ট এই আইনক্রমে প্রাপ্ত সমুদয় কি কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

প্রাপ্তক্ষমতানুসারে কোর্টের অন্য দ্বারা কার্য্য করিবার কথা।

The Court may, with the sanction of the Lieutenant Governor, from time to time delegate any of its powers to such Commissioners or Collectors or other person as aforesaid, and may at any time with the like sanction revoke such delegation.

Delegation of powers

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোর্ট পূর্ব্বোক্ত কমিশ্যনর সাহেবের কি কালেক্টর সাহেবের কি অন্য ব্যক্তির প্রতি সময়ে সময়ে আপনার কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন ও তদ্রূপ অনুমতি লইয়া যে কোন সময়ে উক্ত অর্পিত ক্ষমতা রহিত করিতে পারিবেন।

ক্ষমতার্পণের কথা।

16. The Court may from time to time order such establishments to be entertained and expenses to be incurred as it shall consider requisite for the care and management of the persons and properties under its charge, for superintendence, for the audit of accounts, and generally for all purposes of this Act,

Establishments and expenses

and may order that the cost of any such establishment and any such expenses be charged against any one or more properties for the purposes of which they are entertained or incurred.

[*Government Gazette*, 16*th August* 1879.]

১৬ ধারা। স্বীয় রক্ষণাবেক্ষণাধীন ব্যক্তির ও সম্পত্তির তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য ও কর্ত্তৃত্ব জন্য ও হিসাব নিকাশ জন্য, ও সাধারণতঃ এই আইনমত সমুদয় কার্য্য জন্য যে সেরেস্তা রাখা, ও যে ব্যয় করা আবশ্যক বিবেচনা করেন কোর্ট সময়ে২ তদ্বিষয়ে আদেশ করিতে পারিবেন।

সেরেস্তা ও ব্যয়ের কথা।

আর যে এক কি একাধিক সম্পত্তির জন্য যে সেরেস্তা রাখা কি যে ব্যয় করা যায়, তাহার খরচা সেই সম্পত্তির উপর ধরা যায় এরূপ আদেশ করিতে পারিবেন।

17 The Court may, in respect of such of the establishments and expenses referred to in the last preceding section as are of a general nature, direct that they shall be met by a general contribution from the properties benefitted thereby, to be levied in such manner and in such proportion as the Court may from time to time direct

General contribution for general purposes.

18 The Court may sanction the giving of leases or farms of the whole or part of any property under its charge, and may direct the mortgage or sale of any part of such property, and may direct the doing of all such other acts as it may judge to be most for the benefit of the property and the advantage of the ward

Power to manage property.

19 If the Court thinks it expedient to direct the sale or mortgage of any part of an estate of which the ward is the sole proprietor, it may order the Collector to partition off such part into a separate estate, and the demand of land revenue and of the cesses for which the original estate was liable shall be assessed upon and divided between the two separate estates so formed, respectively, in such manner as the Court, with the sanction of the Lieutenant-Governor, may direct

When Court may order property to be formed into a separate estate.

20 The Court may appoint one or more managers for the property of any ward, and one or more guardians for the care of the person of any ward under the charge of the Court, and may control and remove any manager or guardian so appointed

Appointment of managers and guardians.

On any disqualified proprietor becoming a ward, the Court may, at its discretion, confirm or refuse to recognise any appointment of a person to be guardian of such disqualified proprietor, which may have been made by a will

21 The Court may make such orders as to it may seem fit in respect of the custody, education, and residence of a minor ward, and such minor members of the ward's family as are under its charge, and in respect of the custody and residence of any ward, not being a minor, whose person is under the charge of the Court

Custody, education, and residence of wards.

১৭ ধারা। পূর্ব্ব ধারার উল্লিখিত সেরেস্তা ও ব্যয় সাধারণ ভাবের হইলে, কোর্ট তৎসম্বন্ধে এই আদেশ করিতে পারিবেন যে তদ্দ্বারা যেং সম্পত্তির উপকার হয় সেইং সম্পত্তি হইতে তজ্জন্য হারাহারীমতে টাকা তুলিতে হইবে এবং কোর্ট সময়েং যেরূপ আদেশ করেন সেই প্রণালী ও সেই হারে ঐ টাকা আদায় করা যাইবে।

সাধারণ কার্য্য জন্য সাধারণ হারহারীমতে টাকা তুলিবার কথা।

১৮ ধারা। কোর্ট স্বীয় রক্ষণাবেক্ষণাধীন সম্পত্তির কি তাহার কোন অংশের পাট্টা কি ইজারা দিবার অনুমতি করিতে পারিবেন, ও উক্ত সম্পত্তির কোন অংশের বন্ধক দিবার কি বিক্রয় করিবার আদেশ দিতে পারিবেন, ও সম্পত্তির ও রাজানুপালিতের উপকারার্থে সর্ব্বাপেক্ষা যাহা ভাল বিবেচনা করেন তদ্রূপ সমুদয় কার্য্য করিবার আদেশ দিতে পারিবেন।

সম্পত্তির কার্য্যাধ্যক্ষতার ক্ষমতার কথা।

১৯ ধারা। রাজানুপালিত ব্যক্তি যে মহালের একমাত্র ভূস্বামী তাহার কোন অংশ বিক্রয় করিতে কি বন্ধক দিতে আদেশ করা কোর্ট হিতকর বিবেচনা করিলে উক্ত অংশ স্বতন্ত্র মহাল করিবার নিমিত্ত কালেক্টর সাহেবকে আদেশ করিতে পারিবেন, এবং মূল মহাল যে ভূরাজস্বের ও করের দাওয়া জন্য দায়ী ছিল তৎসম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোর্ট যে প্রকার আদেশ করেন সেই প্রকারে ঐ রাজস্ব ও কর তাদৃশ দুই স্বতন্ত্র মহালের উপর ধার্য্য হইয়া বিভক্ত হইবে।

কোর্ট সম্পত্তি কখন, স্বতন্ত্র মহল করিতে পারিবেন তাহার কথা।

২০ ধারা। কোর্ট কোন রাজানুপালিতের সম্পত্তি জন্য এক কি একাধিক কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন, এবং কোর্টের রক্ষণাবেক্ষণাধীন কোন রাজানুপালিতের তত্ত্বাবধান জন্য এক কি একাধিক অভিভাবক নিযুক্ত করিতে পারিবেন এবং উক্তরূপে নিযুক্ত কোন কার্য্যাধ্যক্ষকে কি অভিভাবককে কর্তৃত্বাধীন ও অবসৃত করিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষ ও অভিভাবক নিয়োগের কথা।

কোন অযোগ্য ভূস্বামী রাজানুপালিত হইলে, উক্ত অযোগ্য ভূস্বামির অভিভাবকরূপে যে ব্যক্তি উইল ক্রমে নিযুক্ত থাকেন, কোর্ট স্বীয় বিবেচনামতে সেই ব্যক্তির নিয়োগ দৃঢ় করিতে পারিবেন অথবা তাহা অগ্রাহ্য করিতে পারিবেন।

২১ ধারা। অপ্রাপ্তবয়স্ক রাজানুপালিতের কি রাজানুপালিতের পরিবারের যে সমুদয় অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকেন তাঁহাদের রক্ষণাবেক্ষণ ও শিক্ষা ও বাসস্থানসম্বন্ধে এবং অপ্রাপ্তবয়স্ক না হইলেও যে রাজানুপালিত ব্যক্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকেন, তাঁহার রক্ষণাবেক্ষণ ও বাসস্থান সম্বন্ধে কোর্ট যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ আদেশ করিতে পারিবেন।

রাজানুপালিতের রক্ষণাবেক্ষণ ও শিক্ষা ও বাসস্থানের কথা।

22 The Court shall allow, for the support of each ward and of his family, such monthly sum as it thinks fit (if any) with regard to the rank and circumstances of the parties

Allowance for ward and his family

২২ ধারা। পক্ষদের পদ ও অবস্থার প্রতি দৃষ্টি রাখিয়া কোর্ট যদি কিছু দেওয়া উচিত বোধ করেন যত টাকা উচিত বোধ হয়, রাজ স্বপালিতের ও তাঁহার পরিবারের ভরণপোষণজন্য মাসিক তত টাকা দিবেন।

ওয়ার্ড ও তাঁহার পরিবারের ভরণপোষণের টাকার কথা।

PART III.

PROTECTION FROM SALE OF CERTAIN ESTATES

23 Every estate, and, subject to the provisions of section 14 of Act XI of 1859, every part or share of an estate for which a separate account has been opened under section 10 or section 11 of the said Act, or under section 70 of Bengal Act VII of 1876, shall, whilst it is under the charge of the Court, be exempt from sale for arrears of revenue

Estate under charge of Court exempt from sale

Provided that all arrears of revenue shall be the first charge upon the proceeds of any such estate, part, or share, sold for any other cause than for arrears of revenue while under such charge

24 No estate, the sole property of a minor or of two or more minors, and descended to him or them by the regular course of inheritance, or by virtue of the will of or some settlement made by, some deceased owner thereof, shall be sold for arrears of revenue accruing subsequently to his or their succession to the same, until such minor or one of such minors has completed his age of twenty one years, but all arrears of revenue shall be the first charge upon the proceeds of such estate if the estate is sold for any other cause during such minority

Estate belonging to minor not to be sold for arrears of revenue

The Collector may, on an arrear so accruing on any such estate, attach the estate and collect the rents and all arrears of rent due, managing the estate either directly or through a manager, or by farming it, as he may think fit, for a period not exceeding ten years, nor extending beyond the time when such minor or one of such minors completes his age of twenty one years

But Collector may attach estate

25 The exemption from sale for arrears of revenue given by section 24 shall only apply to cases in which a written notice of the fact that the estate is the sole property

When exemption from sale for arrears of revenue applies

তৃতীয় খণ্ড।

কোন২ সম্পত্তি বিক্রয় না হইবার বিধি।

২৩ ধারা। প্রত্যেক মহাল এবং ১৮৫৯ সালের ১১ আইনের ১৪ ধারার বিধানের নিয়মাধীনে উক্ত আইনের ১০ কি ১১ ধারামতে অথবা ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৭০ ধারামতে, কোন মহালের যে প্রত্যেক ভাগ কি অংশ জন্য স্বতন্ত্র হিসাব খোলা গিয়াছে সেই প্রত্যেক ভাগ কি অংশ, যাবৎ কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকে, বাকী রাজস্ব নিমিত্ত বিক্রীত হইতে পারিবে না।

কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকিতে মহাল বিক্রীত হইতে না পারিবার কথা।

কিন্তু ঐ মহাল কি ভাগ কি অংশ উক্ত রক্ষণাবেক্ষণাধীনে থাকিতে যদি বাকী রাজস্ব ভিন্ন অন্য কোন কারণে বিক্রীত হয় তবে বিক্রয়োৎপন্ন টাকা হইতে প্রথমে সমুদয় বাকী রাজস্ব শোধ করা যাইবে।

২৪ ধারা। যে মহাল কোন এক অপ্রাপ্তবয়স্ক অথবা দুই কিম্বা তদধিক অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি ভিন্ন অন্যের সম্পত্তি না হয় এবং দায়াধিকারের নিয়মিত ক্রমানুসারে কিম্বা কোন মৃত স্বামির উইল কি নিরূপণপত্র বলে তাঁহাকে কি তাঁহাদের প্রতি বর্ত্তিয়াছে যাবৎ তদ্রূপ অপ্রাপ্ত বয়স্ক কি অপ্রাপ্তবয়স্কদের মধ্যে একজন পূর্ণ একবিংশতি বৎসর বয়ঃপ্রাপ্ত না হন তাঁহার কি তাঁহাদের অধিকার গত হইবার পরে যে রাজস্ব বাকী পড়ে তজ্জন্য সেই মহাল বিক্রীত হইবে না। কিন্তু উক্ত অপ্রাপ্তবয়স্কত কালে মহাল অন্য কোন কারণে বিক্রীত হইলে মহালের বিক্রয়োৎপন্ন টাকা হইতে প্রথমতঃ বাকী রাজস্ব পরিশোধ করিতে হইবে।

বাকী রাজস্ব নিমিত্ত অপ্রাপ্তবয়স্কের মহাল বিক্রীত না হইবার কথা।

তদ্রূপ কোন মহালের রাজস্ব বাকী পড়িলে, কালেক্টর সাহেব ঐ মহাল ক্রোক করিতে ও প্রাপ্য খাজানা ও বাকী খাজানা আদায় করিতে পারিবেন, এবং এরূপ করিতে হইলে সাক্ষাৎ সম্বন্ধে কিম্বা কার্য্যাধ্যক্ষ দ্বারা কিম্বা ইজারা দিয়া কি অন্য যেরূপে উচিত বোধ করেন মহালের কার্য্য চালাইতে পারিবেন। কিন্তু এরূপ বন্দোবস্ত দশ বৎসরের অধিক মিয়াদে কিম্বা তদ্রূপ অপ্রাপ্তবয়স্ক কি তদ্রূপ অপ্রাপ্তবয়স্কদের মধ্যে এক জন যে সময়ে পূর্ণ এক বিংশতি বৎসর বয়ঃপ্রাপ্ত হন তদধিক মিয়াদে করিতে পারিবেন না।

কিন্তু কালেক্টর মহাল ক্রোক করিতে পারিবেন ইহার কথা।

২৫ ধারা। ২৪ ধারায় যে বাকী রাজস্বের নিমিত্ত বিক্রয় না হইবার মুক্তি দান হইয়াছে ঐ মহাল এক কি তদধিক অপ্রাপ্তবয়স্ক ভিন্ন অন্যের সম্পত্তি নয় ও তজ্জন্য তদ্রূপ

বাকী রাজস্বের নিমিত্ত বিক্রয় হইতে মুক্ত থাকিবার বিধান যে স্থলে বর্ত্তে তাহার কথা।

of one or more minors, and entitled to such exemption, has been served on the Collector before the sale

মুক্তি পাইবার যোগ্য, কালেক্টর সাহেবকে এই কথার লিখিত নোটিস বিক্রয়ের পূর্ব্বে দেওয়া না গেলে, ঐ মুক্তি বর্ত্তিবে না।

Application of proceeds of farmed estate

26. When an estate has been farmed under the provisions of section 24, the proceeds of such farm shall be paid to the Collector, and the Collector, after deducting the amount of the claims of the Government for revenue and other public demands and the charges of management, shall either pay the proceeds to the person authorised to receive them for the proprietor, or shall dispose of them in any of the modes mentioned in section 49 or in section 50

মহাল ইজারা দেওয়া গেলে তাহার উপস্বত্ব প্রয়োগের কথা।

২৬ ধারা। মহাল ২৪ ধারার বিধানমতে ইজারা দেওয়া গেলে, ঐ ইজারার টাকা কালেক্টর সাহেবকে দেওয়া যাইবে। গবর্ণমেণ্টের রাজস্ব ও অন্য রাজকীয় প্রাপ্য ও কার্য্যাধ্যক্ষতা সম্বন্ধীয় খরচের টাকা রাখিয়া কালেকটর সাহেব ভূস্বামির নিমিত্ত টাকা গ্রহণ করিবার ক্ষমতাপন্ন ব্যক্তিকে অবশিষ্ট টাকা দিবেন, কিম্বা ৪৯ কি ৫০ ধারার লিখিত কোন এক প্রকারে ঐ টাকার প্রয়োগ করিবেন।

PART IV

Ascertainment of Disqualification.

চতুর্থ খণ্ড।

অযোগ্যতা নির্ণয় করিবার বিধি।

Collector to make enquiry and report as to disqualified proprietors

27. Whenever any Collector has reason to believe that any person residing in his district, or being the proprietor of an estate borne on the revenue roll of his district, should be declared or adjudged to be a disqualified proprietor under section 6, he shall make such enquiry as he may deem necessary, and if satisfied that such person should be so declared or adjudged, shall make a report of the same to the Court;

and the Court shall, on receipt of such report, make such order consistent with this Act as may seem to it expedient.

অযোগ্য ভূস্বামিদের সম্বন্ধে কালেকটর সাহেবের অনুসন্ধান লইয়া রিপোর্ট করিবার কথা।

২৭ ধারা। যখন কোন জিলার কালেক্টর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে ঐ জিলা নিবাসী কিম্বা ঐ জিলার তৌজীভুক্ত কোন মহালের অধিকারী কোন ব্যক্তিকে ৫ ধারামতে অযোগ্য ভূস্বামী বলিয়া নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত, তিনি যদ্রূপ আবশ্যক বোধ করেন তদ্রূপ অনুসন্ধান লইবেন, এবং উক্ত ব্যক্তি সম্বন্ধে তদ্রূপ নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত বুঝিলে কোর্টে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন,

এবং উক্ত রিপোর্ট পাইয়া কোর্ট যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপ এই আইনসম্মত আজ্ঞা করিবেন।

Power to enforce provisions of Act without report.

28 Nothing in section 27 shall prevent the Court or the Local Government from putting the provisions of this Act in force without any report from the Collector

রিপোর্ট বিনা আইনের বিধান প্রবল করিতে পারিবার ক্ষমতার কথা।

২৮ ধারা। কালেকটর সাহেবের রিপোর্ট না পাইয়াও কোর্ট কি স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের বিধান প্রবল করিতে গেলে, ২৭ ধারার কোন কথায় তাহার বাধা হইবে না।

Proceedings on death of a proprietor whose heirs are disqualified.

29. Whenever any Collector receives information that the sole proprietor of an estate which is borne on the revenue roll of his district has died,

or that the sole proprietor of any estate has died within his district,

and such Collector has reason to believe that the heirs of such proprietor should be declared or adjudged to be disqualified under section 6, he may take such steps and make such orders for the safety and preservation of the movable property of such heirs, and of all deeds, documents, or papers relating to the property of such heirs, as to him may seem fit

যাঁহার উত্তরাধিকারিরা অযোগ্য এরূপ ভূস্বামির মৃত্যু হইলে কার্য্য প্রণালীর কথা।

২৯ ধারা। যখন কোন জিলার কালেক্টর সাহেব এরূপ সংবাদ পান যে ঐ জিলার তৌজীভুক্ত কোন মহালের একমাত্র ভূস্বামির মৃত্যু হইয়াছে, কিম্বা কোন মহালের একমাত্র ভূস্বামী ঐ জিলার মধ্যে মরিয়াছেন,

এবং উক্ত কালেক্টর সাহেব এরূপ বিশ্বাস করিবার কারণ দেখেন যে উক্ত ভূস্বামির উত্তরাধিকারিদিগকে ৬ ধারামতে অযোগ্য বলিয়া নির্দ্দেশ কি নিষ্পত্তি করা উচিত, তিনি উক্ত উত্তরাধিকারিদিগের অস্থাবর সম্পত্তি ও তাঁহাদের সম্পত্তিসম্পর্কীয় সমুদয় দলীল ও লিপি ও কাগজপত্র নিরাপদে রক্ষা করিবার নিমিত্ত যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ উপায় অবলম্বন ও আজ্ঞা প্রদান করিতে পারিবেন।

Such Collector may call upon any other Collector in whose jurisdiction any such movable property, or any such deeds, documents, or papers may be, to take charge of the same, and thereupon such other Collector shall have the same powers with respect to such property, deeds, documents, and papers within his district as are conferred by this section on the first-mentioned Collector

Recovery of expenses

If the property is not afterwards taken under the charge of the Court, all expenses incurred by a Collector acting under this section shall be recoverable as arrears of revenue from the owner of such property or the person or persons whom the Collector shall find to be in possession of such property, and shall constitute a demand under Bengal Act VII of 1868, or any similar law for the time being in force

Production of minor proprietor and order for his temporary custody

30 A Collector acting under the last preceding section may direct that any person who has the custody of a minor heir of any such deceased proprietor shall produce such minor before such Collector or before any other Collector on a day fixed, and the Collector before whom the minor is so produced may make such order for the temporary custody and protection of such minor as to him may seem fit

If the minor is a female, she shall not be brought into the presence of the Collector, but the Collector may take such steps for her identification as he may think fit

Enquiry in case of lunatics

31 If a sole proprietor of an estate who does not reside within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court is reported by a Collector to be of unsound mind and incapable of managing his affairs, the Court may order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply, in pursuance of the provisions of Act XXXV of 1858, to the Civil Court of the district within the jurisdiction of which such proprietor may reside

Civil Court to make enquiry regarding disqualification on ground of physical defect or infirmity

32 If a sole proprietor of an estate who does not reside within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court is reported by a Collector to be incapable of managing his property on the ground of some physical defect

অন্য যে কালেক্টর সাহেবের এলাকার মধ্যে উক্তরূপ যে কোন অস্থাবর সম্পত্তি কি দলীল কি লিপি কি কাগজপত্র থাকে পূর্ব্বোক্ত কালেক্টর সেই কালেক্টর সাহেবকে তৎ সমুদয়ের রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে আদেশ করিতে পারিবেন, এবং তাহা করিলে ঐ অন্য কালেক্টর সাহেব উক্ত সম্পত্তি ও দলীল ও লিপি ও কাগজপত্র সম্বন্ধে আপন জিলার মধ্যে প্রথমোল্লিখিত কালেক্টর সাহেবের ন্যায় এই ধারানুযায়ি ক্ষমতা প্রাপ্ত হইবেন।

খরচা আদায়ের কথা।

ঐ সম্পত্তি পরে কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে গ্রহণ করা না গেলে, এই ধারামতে কার্য্য করিয়া কালেক্টর সাহেব যে সমস্ত খরচ করেন, তাহা বাকী রাজস্বের ন্যায় উক্ত সম্পত্তির স্বামির নিকট হইতে অথবা কালেক্টর সাহেব ঐ সম্পত্তি যাহাদের অধিকারে আছে দেখেন তাহাদের নিকট হইতে আদায় করা যাইবে, ও তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনক্রমে কি তদ্বৎ যে কোন আইন যৎকালে চলিত থাকে তৎক্রমে প্রাপ্য টাকা বলিয়া গণ্য হইবে।

অপ্রাপ্তবয়স্ক ভূস্বামিকে উপস্থিত করিবার ও তাহার কিয়ৎ কালীন আশ্রয় সম্বন্ধে আজ্ঞা করিবার কথা।

৩০ ধারা। পূর্ব্ব ধারামতে কার্য্য করিয়া কালেকটর সাহেব আদেশ করিতে পারেন যে উক্ত মৃত ভূস্বামির কোন অপ্রাপ্তবয়স্ক উত্তরাধিকারী যে ব্যক্তির আশ্রয়ে আছেন সেই ব্যক্তি নির্দ্দিষ্ট দিনে উক্ত অপ্রাপ্তবয়স্ককে তাঁহার কি অন্য কালেকটর সাহেবের সম্মুখে উপস্থিত করিবেন, এবং যে কালেকটর সাহেবের সম্মুখে উক্ত অপ্রাপ্তবয়স্ককে তদ্রূপে উপস্থিত করা যায় তিনি ঐ অপ্রাপ্তবয়স্কের কিয়ৎকালীন আশ্রয় ও রক্ষণাবেক্ষণ সম্বন্ধে যেরূপ উচিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন।

অপ্রাপ্তবয়স্ক স্ত্রীলোক হইলে, তাঁহাকে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিত করা যাইবে না কিন্তু তাহার স্বরূপতা নির্ণয় জন্য কালেক্টর সাহেব যে উপায় অবলম্বন করা উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

ক্ষিপ্তমনা হইলে অনুসন্ধানের কথা।

৩১ ধারা। কোন মহালের যে একমাত্র ভূস্বামী হাই কোর্টের নিয়মিত আদৌ দেওয়ানী বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস করেন না, তাঁহাকে কোন কালেক্টর সাহেব ক্ষিপ্তমনা ও স্বীয় বিষয় ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া রিপোর্ট করিলে কোর্ট ঐ রিপোর্টকারি কালেক্টর সাহেবকে, কিম্বা অন্য যে কালেক্টর সাহেবকে নিয়োগ করেন তাঁহাকে, যে জিলার দেওয়ানী আদালতের এলাকার মধ্যে উক্ত ভূস্বামির বাস সেই আদালতে ১৮৫৮ সালের ৩৫ আইনের বিধানমতে দরখাস্ত করিতে আজ্ঞা করিবেন।

দেওয়ানী আদালত স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক অযোগ্যতার অনুসন্ধান লইবেন ইহার কথা।

৩২ ধারা। হাই কোর্টের নিয়মিত আদৌ দেওয়ানী বিচারাধিপত্যের সীমার বহির্ভূত স্থানবাসী কোন মহালের একমাত্র ভূস্বামী মানসিক বিকৃত ভিন্ন কোন স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম, কোন কালেক্টর

or infirmity other than unsoundness of mind, the Court may order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply to the principal Civil Court of the district within which such person may be residing, and upon such Collector so applying, such Civil Court shall enquire into and determine the question as to the alleged incapacity

সাহেব এরূপ রিপোর্ট করিলে কোর্ট উক্ত রিপোর্টকারি কালেক্টর সাহেবকে কিম্বা অন্য যে কালেক্টর সাহেবকে নিযুক্ত করেন তাঁহাকে, উক্ত ভূস্বামী যে জিলায় বাস করেন, সেই জিলার প্রধান দেওয়ানী আদালতে দরখাস্ত করিতে আজ্ঞা করিবেন এবং উক্ত কালেক্টর তদ্রূপে দরখাস্ত করিলে, উক্ত দেওয়ানী আদালত কথিত অক্ষমতার অনুসন্ধান লইয়া তদ্বিষয়ের নিষ্পত্তি করিবেন।

33. If a sole proprietor of an estate who is resident within the local limits of the Ordinary Original Civil Jurisdiction of the High Court of Judicature at Fort William in Bengal, or resident beyond the territories administered by the Lieutenant-Governor of Bengal, shall be reported by a Collector to be incapable of managing his property by reason of some physical defect or infirmity other than unsoundness of mind, the Court may order the Collector making such report, or such other Collector as the Court may appoint, to apply to the principal Civil Court of the 24-Pergunnahs, or to such other Civil Court as the Lieutenant-Governor, on application made to him by the Collector in that behalf, may determine

Proceedings in case of physical defect or infirmity when proprietor in jurisdiction of High Court

Such Civil Court shall thereupon enquire into and determine the question as to the alleged incapacity

৩৩ ধারা। বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদৌ দেওয়ানী বিচারাধিপত্যের সীমার অন্তর্গত স্থানবাসী কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন প্রদেশের বহির্ভূত স্থানবাসী কোন মহালের একমাত্র ভূস্বামী মানসিক বিকৃতি ভিন্ন কোন স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হেতুক আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম, কোন কালেক্টর সাহেব এরূপ রিপোর্ট করিলে কোর্ট উক্ত রিপোর্টকারি কালেক্টর সাহেবকে, কিম্বা অন্য যে কালেক্টরকে নিযুক্ত করেন তাঁহাকে, চব্বিশ পরগনার প্রধান দেওয়ানী আদালতে অথবা কালেক্টর সাহেব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে প্রার্থনা করিলে তিনি অন্য যে দেওয়ানী আদালত নির্দ্দেশ করেন সেই আদালতে, প্রার্থনা করিতে আজ্ঞা করিবেন।

হাই কোর্টের এলাকাধীন স্থানবাসি ভূস্বামীর স্বাভাবিক দোষ কি দৌর্ব্বল্য হইলে কার্য্য প্রণালীর কথা।

তাহা হইলে সেই দেওয়ানী আদালত কথিত অক্ষমতার অনুসন্ধান লইয়া তদ্বিষয়ের নিষ্পত্তি করিবেন।

34. When any enquiry is instituted by a Civil Court under section 32 or section 33, such Court shall, for the purposes of making such enquiry, have the powers conferred, and proceed in the manner prescribed, by Act XXXV of 1858 with respect to the enquiries directed to be made by the said Act

Powers of Civil Court when enquiry is instituted under section 32 or 33

৩৪ ধারা। ৩২ কি ৩৩ ধারামতে দেওয়ানী আদালত কোন অনুসন্ধানের কার্য্যানুষ্ঠান করিলে, ১৮৫৮ সালের ৩৫ আইনমতে যে অনুসন্ধান লইবার আদেশ আছে তদর্থে ঐ আইনক্রমে যে২ ক্ষমতা বর্ত্তে ও যে২ বিধানমতে কার্য্য করিবার নিয়ম থাকে, উক্ত দেওয়ানী আদালত উক্ত অনুসন্ধান কার্য্যের নিমিত্ত সেই ক্ষমতা পাইবেন ও সেই২ বিধানমতে কার্য্য করিবেন।

৩২ কি ৩৩ ধারামতে অনুসন্ধানের অনুষ্ঠান হইলে, দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।

The Civil Court shall transmit to the Court of Wards a copy of the order made on each such enquiry, and the Court of Wards shall thereupon, in case the proprietor has been found by the Civil Court to be incapable as aforesaid, make such order, consistent with this Act, as it shall think fit

তদ্রূপ প্রত্যেক অনুসন্ধানের পর যে আজ্ঞা করা যায়, দেওয়ানী আদালত কোর্ট অব ওয়ার্ডসের নিকট সেই আদেশের প্রতিলিপি পাঠাইবেন। তাহা হইলে যদি দেওয়ানী আদালত ভূস্বামিকে পূর্ব্বোক্তমতে অক্ষম বলিয়া নির্ণয় করিয়া থাকেন, কোর্ট অব ওয়ার্ডস এই আইনসঙ্গত যেরূপ আজ্ঞা উচিত বোধ করেন তদ্রূপ আজ্ঞা করিবেন।

The Civil Court shall have, with reference to proprietors who have been adjudged to be incapable as aforesaid, the same powers as are conferred on a Civil Court by section 21 of Act XXXV of 1858, with reference to persons adjudged to be of unsound mind and incapable of managing their affairs

যে সকল ব্যক্তি ক্ষিপ্তমনা ও স্বীয় বিষয়ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া নিষ্পত্তি হইয়াছে, সেই সকল ব্যক্তির সম্বন্ধে ১৮৫৮ সালের ৩৫ আইনের ২১ ধারামতে দেওয়ানী আদালতের প্রতি যে২ ক্ষমতা অর্পিত হইয়াছে, পূর্ব্বোক্তমতে যে সকল ভূস্বামী অক্ষম বলিয়া নিষ্পত্তি হইয়াছে তাঁহাদের সম্বন্ধে দেওয়ানী আদালতের সেই২ ক্ষমতা থাকিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৬ আগষ্ট।]

PART V.

PROCEDURE AFTER ASCERTAINMENT OF DISQUALIFICATION.

Order declaring estate under charge of Court.

35 Whenever the Court has determined to take the person or property of a disqualified proprietor under its charge, whether in accordance with an order of the Civil Court or otherwise, the Court shall make an order declaring the fact and directing that possession be taken of such person and property or of such property on behalf of the Court, and the Court shall be held to be in charge of such property from the time when possession shall have been so taken.

Collector to take possession of movable property

36 As soon as conveniently may be after an order is made under the provisions of section 35, the Collector of every district within which any part of the ward's property may be situated, or some person authorized in writing by him in that behalf, shall take possession of all accounts, papers, and movable property of the ward, and place under proper custody such portion thereof as he may think necessary.

Any such Collector, or some person authorized as aforesaid, may, in case he has reason to believe that any such account, paper, or property is in any room, box, or receptacle within any house in the actual possession of the ward, break open the same for the purpose of searching for such account, paper, or property.

Additional powers of Collector

37 Any such Collector may also order all persons in the employ of the ward, or all persons who were in the employ of the deceased proprietor from whom the ward has derived his property, to attend before him,

and may order any person to deliver up any accounts, papers, or movable property belonging to the ward, or any accounts or papers relating to the ward's property, which the Collector has reason to believe are in such person's possession,

and may order all holders of tenures and under-tenures on such property to produce their titles to such tenures and under-tenures

[*Government Gazette, 26th August* 1879]

পঞ্চম অধ্যায়।

অযোগ্যতা নির্ণয় হইলে পর কার্য্য প্রণালী বিষয়ক বিধি।

সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীন হইলে ইহার নির্দ্দেশসূচক আজ্ঞার কথা।

৩৫ ধারা। দেওয়ানী আদালতের আজ্ঞানুসারে কিম্বা প্রকারান্তরে, কোর্ট অযোগ্যভূস্বামির কি তাহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে কৃত সংকল্প হইলে, তন্নির্দ্দেশসূচক আজ্ঞা করিয়া আদেশ দিবেন যে কোর্টের পক্ষহইতে উক্ত ব্যক্তির ও সম্পত্তির কিম্বা উক্ত সম্পত্তির অধিকার গ্রহণ করা যায় এবং অধিকার গ্রহণ করা হইলে তৎকালাবধি উক্ত সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীন বলিয়া জ্ঞান করা যাইবে।

কালেক্টর সাহেবের অস্থাবর সম্পত্তির অধিকার গ্রহণ করিবার কথা।

৩৬ ধারা। ৩৫ ধারার বিধানমতে আজ্ঞা করা গেলে পর সুবিধামতে যত শীঘ্র হইতে পারে, রাজানুপালিতের সম্পত্তির কোন অংশ যে জিলার মধ্যে থাকে সেই জিলার কালেক্টর সাহেব কিম্বা তৎপাক্ষে লিখিত অনুমতি ক্রমে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি রাজানুপালিতের সমুদয় হিসাব ও কাগজপত্র ও অস্থাবর সম্পত্তি স্বীয় অধিকারে গ্রহণ করিবেন ও তাহার যে অংশ আবশ্যক জ্ঞান করেন উপযুক্ত সংরক্ষণে রাখিবেন।

এবং রাজানুপালিতের নিজ অধিকারে যে বাটী থাকে উক্ত হিসাব কি কাগজপত্র কি সম্পত্তি সেই বাটীর মধ্যে কোন ঘরে কি বাক্সে কি আধারে আছে, কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি এরূপ বিশ্বাস করিবার কারণ দেখিলে উক্ত হিসাব কি কাগজপত্র কি সম্পত্তি অন্বেষণ করিবার জন্যে ঐ ঘর প্রভৃতি ভাঙ্গিয়া খুলিতে পারিবেন।

কালেক্টর সাহেবের অতিরিক্ত ক্ষমতার কথা।

৩৭ ধারা। যে সকল ব্যক্তি রাজানুপালিতের কার্য্যে নিযুক্ত থাকেন কিম্বা যে মৃত ভূস্বামির স্থানে রাজানুপালিত স্বীয় সম্পত্তি প্রাপ্ত হইয়াছেন সেই ভূস্বামির কার্য্যে যে সকল ব্যক্তি নিযুক্ত ছিলেন উক্ত কালেক্টর সাহেব তাঁহাদিগকে আপনার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন,

এবং কোন ব্যক্তির অধিকারে রাজানুপালিতের কোন হিসাব কি কাগজপত্র কি অস্থাবর সম্পত্তি কিম্বা রাজানুপালিতের সম্পত্তি সম্পর্কীয় কোন হিসাব কি কাগজ পত্র আছে কালেক্টর সাহেবের এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে, তিনি উক্ত হিসাব প্রভৃতি দিবার নিমিত্ত ঐ ব্যক্তিকে আজ্ঞা করিতে পারিবেন,

এবং উক্ত সম্পত্তির মধ্যে যাঁহাদের তালুক কি পেটাও তালুক আছে, তাঁহাদের ঐ তালুক ও পেটাও তালুকের আগমসাধক দলীল উপস্থিত করিবার আজ্ঞা করিতে পারিবেন।

PART VI

Management and Guardianship

Collector when to be deemed manager

38 If no manager of the property of a ward is appointed by the Court, the Collector of the district in which the greater part of such property is situated or any other Collector whom the Court may appoint in that behalf, shall be competent to do, under the orders of the Court, anything that might be lawfully done by the manager of such property

Powers of manager

39 Every manager appointed by the Court shall have power to manage all property which may be committed to his charge, to collect the rents of the land entrusted to him, as well as all other money due to the ward, and to grant receipts therefor,

and may, under the orders of the Court, grant or renew such leases and farms as may be necessary for the good management of the property.

General duty of manager

40 Every manager shall manage the property committed to him diligently and faithfully for the benefit of the proprietor, and shall in every respect act to the best of his judgment for the ward's interest as if the property were his own

Specific duties of manager

41 Every manager appointed by the Court shall—

(*a*) have the care of so much of the property of the ward as the Court may direct,

(*b*) give such security (if any) as the Court thinks fit to the Collector duly to account for all such property and for what he shall receive in respect of such property,

(*c*) continue liable to account to the Court, after he has ceased to be manager, for his receipts and disbursements during the period of his management,

(*d*) pass his accounts at such periods and in such form as the Court may direct,

(*e*) pay the balance due from him thereon,

(*f*) apply for the sanction of the Court to any act which may involve the property in expense not previously sanctioned by such Court,

(*g*) sign all papers, deeds, documents, and writings which may be executed by him by virtue of his office,

(*h*) be entitled to such allowance, to be paid out of the property as the Court may think fit, for his care and pains in the execution of his duties,

ষষ্ঠ খণ্ড।

কার্য্যাধ্যক্ষতা ও অভিভাবকতার বিধি।

কালেক্টর সাহেবকে যে সময়ে কার্য্যাধ্যক্ষ জ্ঞান করা যাইবে তাহার কথা।

৩৮ ধারা। কোর্ট রাজানুপালিতের সম্পত্তির কোন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত না করিলে, যে জিলায় উক্ত সম্পত্তির অধিকাংশ থাকে সেই জিলার কালেক্টর সাহেব কিম্বা তদর্থে কোর্ট অন্য যে কালেক্টর সাহেবকে নিযুক্ত করেন সেই কালেক্টর সাহেব উক্ত সম্পত্তির কার্য্যাধ্যক্ষ আইনমতে যাহা কিছু করিতে পারিতেন কোর্টের আজ্ঞাধীনে তৎ সমুদয় করিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষের ক্ষমতার কথা।

৩৯ ধারা। কোর্টের নিযুক্ত প্রত্যেক কার্য্যাধ্যক্ষ আপন রক্ষণাবেক্ষণাধীন সমুদয় সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে পারিবেন ও তাঁহার হস্তে ন্যস্ত ভূমির খাজনা ও রাজানুপালিতের অন্য পাওনা টাকা আদায় করিতে ও তজ্জন্য রসীদ দিতে পারিবেন,

এবং উক্ত সম্পত্তির উৎকৃষ্টরূপ কার্য্যাধ্যক্ষতা জন্য পাট্টা কি ইজারা দেওয়া কি নূতন করিয়া দেওয়া আবশ্যক হইলে, কোর্টের আজ্ঞাধীনে তাহা দিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষের সাধারণ কর্ত্তব্যের কথা।

৪০ ধারা। ভূস্বামির লভ্যার্থে প্রত্যেক কার্য্যাধ্যক্ষ সযত্নে ও বিশ্বস্তভাবে স্বীয় হস্তে ন্যস্ত সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিবেন, এবং সম্পত্তি নিজের হইলে যত দূর সাধ্য আপন বিবেচনামতে যে রূপ কার্য্য করিতেন রাজানুপালিতের স্বার্থের জন্য সম্যক প্রকারে তদ্রূপ করিবেন।

কার্য্যাধ্যক্ষের বিশেষ কর্ত্তব্যের কথা।

৪১ ধারা। কোর্টের নিযুক্ত প্রত্যেক কার্য্যাধ্যক্ষ

(ক) রাজানুপালিতের সম্পত্তির যে অংশের তত্ত্বাবধান করিতে কোর্ট আদেশ দেন সেই অংশের তত্ত্বাবধান করিবেন,

(খ) তদ্রূপ সমুদয় সম্পত্তির ও তৎসম্পর্কে যাহা কিছু পাইবেন তাহার নিয়মিতরূপে হিসাব দিবার নিমিত্ত কোর্ট যদ্রূপ (যদি কোন) জামিন দেওয়া উচিত বোধ করেন, তদ্রূপ জামিন দিবেন,

(গ) তাঁহার কার্য্যাধ্যক্ষতা গেলে, কার্য্যাধ্যক্ষতা কালের আয়ব্যয়ের নিকাশ কোর্টে দিবার দায়ী থাকবেন,

(ঘ) কোর্ট যেরূপে আদেশ করেন তদ্রূপ সময়ে ও তদ্রূপ পাঠে আপনার হিসাব নিকাশ করিবেন,

(ঙ) নিকাশ করিয়া তাঁহার কাছে যে বাকী টাকা পাওনা থাকে তাহা দিবেন,

(চ) যে ব্যয়ের জন্য পূর্ব্বে কোর্টের অনুমতি লওয়া যায় নাই, যে কার্য্যে সম্পত্তির সেই ব্যয় হইবে, সেই কার্য্যের নিমিত্ত কোর্টের অনুমতি প্রার্থনা করিবেন,

(ছ) স্বীয় পদোপলক্ষে যে সকল কাগজপত্র ও দলীল ও নিদর্শনপত্র ও লেখ্য সম্পাদন করেন তাহাতে স্বাক্ষর করিবেন,

(জ) স্বীয় কর্ত্তব্য পালনার্থে যেরূপ যত্ন ও পরিশ্রম করেন তজ্জন্য সম্পত্তি হইতে কোর্ট যত বেতন দেওয়া উচিত বোধ করেন তত বেতন পাইবার স্বত্ববান হইবেন,

(i) be responsible for any loss occasioned to the property by his wilful default or gross negligence

42 A guardian appointed to the care of a ward shall be charged with the custody of the ward, and must look to his maintenance, health, and, if he be a minor, to his education

General duty of guardian

43 Every guardian appointed by the Court shall—

Specific duties of guardian

(*a*) give such security (if any) as the Court thinks fit to the Collector for the due performance of his duty,

(*b*) pass his accounts at such periods and in such form as the Court may direct,

(*c*) pay the balance due from him thereon,

(*d*) continue liable to account to the Court, after he has ceased to be guardian, for his receipts and disbursements during the period of his guardianship,

(*e*) apply for the sanction of the Court to any act which may involve expense not previously sanctioned by the Court,

(*f*) be entitled to such allowance to be paid out of the property of the ward as the Court may think fit for his care and pains in the execution of his duties

44. No person who would be the next legal heir of a ward, or would otherwise be immediately interested in outliving a ward, shall be appointed to be his guardian,

No person to be guardian who can succeed to ward

but nothing in this section shall apply to the mother of a ward, or to a testamentary guardian

45 If the ward is a female, a female of the same religion shall, except in the case of a testamentary guardian, be appointed guardian, preference being given to female relatives, if any such be eligible

Guardian of female ward

But no guardian shall ordinarily be appointed or continued for a female ward if she has an adult husband

46 Every sum due to the Court from a manager or guardian, or from the sureties of a manager or guardian, or from any officer or servant employed under the Court,

Sums due recoverable as demands

(ঝ) তাঁহার ইচ্ছাপূর্ব্বক ত্রুটি কি গুরুতর উপেক্ষা বশতঃ সম্পত্তির কোন ক্ষতি হইলে তজ্জন্য দায়ী হইবেন।

৪২ ধারা। রাজানুপালিতের তত্ত্বাবধানার্থে নিযুক্ত অভিভাবকের প্রতি রাজানুপালিতের সংরক্ষণের ভার অর্পিত থাকিবে ও তাঁহার ভরণপোষণের ও স্বাস্থ্যের ও, অপ্রাপ্তবয়স্ক হইলে, শিক্ষার প্রতি তাঁহার দৃষ্টি রাখিতে হইবে।

অভিভাবকের সাধারণ কর্ত্তব্যের কথা।

৪৩ ধারা। কোর্টের নিযুক্ত প্রত্যেক অভিভাবক—

অভিভাবকের বিশেষ কর্ত্তব্যের কথা।

(ক) তাঁহার নিয়মিতরূপ কর্ত্তব্য পালন সম্বন্ধে কোর্ট কালেক্টর সাহেবের নিকটে যেরূপ (যদি কোন) জামিন দেওয়া উচিত বোধ করেন তদ্রূপ জামিন দিবেন;

(খ) কোর্ট যে সময়ের ও যে পাঠের আদেশ করেন সেই সময়ে ও সেই পাঠে স্বীয় হিসাব নিকাশ করিবেন,

(গ) নিকাশ করিয়া তাঁহার যে বাকী টাকা দেনা হয়, তাহা দিবেন,

(ঘ) অভিভাবকতা শেষ হইলে, অভিভাবকতা কালের আয়ব্যয়ের হিসাবের জন্য কোর্টের নিকটে দায়ী থাকিবেন,

(ঙ) কোর্ট পূর্ব্বে যে ব্যয়ের অনুমতি করেন নাই যে কার্য্যে সেই ব্যয় হয়, সেই কার্য্যজন্য কোর্টের অনুমতি প্রার্থনা করিবেন,

(চ) স্বীয় কর্ত্তব্য পালনার্থে যে যত্ন ও পরিশ্রম করেন তজ্জন্য কোর্ট যত বেতন দেওয়া উচিত বোধ করেন রাজানুপালিতের সম্পত্তিহইতে তত বেতন পাইবার স্বত্ববান হইবেন।

৪৪ ধারা। ব্যবস্থাক্রমে যে ব্যক্তি রাজানুপালিতের আসন্ন উত্তরাধিকারী, কিম্বা রাজানুপালিতের উত্তরজীবী হওয়া প্রকারান্তরে যাঁহার সাক্ষাৎ স্বার্থ, এরূপ ব্যক্তি তাঁহার অভিভাবক পদে নিযুক্ত হইবেন না।

যে ব্যক্তি রাজানুপালিতের উত্তরাধিকারী হইতে পারেন তিনি অভিভাবক হইতে পারিবেন না।

কিন্তু রাজানুপালিতের মাতার প্রতি কিম্বা উইলক্রমে নিরূপিত অভিভাবকের প্রতি এই ধারার কোন কথা বর্ত্তিবে না।

৪৫ ধারা। রাজানুপালিত ব্যক্তি স্ত্রীলোক হইলে, যদি উইলক্রমে নিরূপিত অভিভাবক না থাকে তাঁহার সধর্ম্মী কোন স্ত্রীলোক অভিভাবকের পদে নিযুক্ত হইবেন, স্বসম্পর্কীয় উপযুক্ত স্ত্রীলোক থাকিলে, তাঁহারাই প্রথমে নিযুক্ত হইবার যোগ্য।

স্ত্রীজাতীয় ওয়ার্ডের অভিভাবকের কথা।

কিন্তু স্ত্রীজাতীয় রাজানুপালিতের প্রাপ্তবয়স্ক পতি থাকিলে সাধারণতঃ ঐ স্ত্রীলোকের অভিভাবক নিযুক্ত করা কি রাখা যাইবে না।

৪৬ ধারা। কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের নিকটে কিম্বা কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের জামিনদের নিকটে কিম্বা কোর্টের অধীনে নিযুক্ত কোন কার্য্যকারকের কি চাকরের নিকটে কিম্বা উক্ত কার্য্যকারকের কি চাকরের জামিনদের নিকটে কোর্টের পাওনা প্রত্যেক টাকা

পাওনা টাকা প্রাপ্যের ন্যায় আদায় করা যাইবে।

or from the sureties of any such officer or servant, shall be recoverable as a demand under Bengal Act VII of 1868, or any similar law for the time being in force

Court may order guardian or manager to make over property

47 The Court may order any past or present manager or guardian, or past or present officer subordinate to a manager or guardian, to deliver up his accounts or any property which may be in his possession within such time as may be fixed by the Court

Application of moneys received by manager

48 All moneys received by the manager shall, in the first instance, be applied as the Court may direct according to circumstances,

in payment of the allowance fixed for the support and education of the ward and his family, and of all charges of management and supervision,

in or towards the discharge of the instalments of Government revenue, and of all cesses and other public demands from time to time due in respect of such property.

Application of surplus

49. Whenever upon the accounts a *bona fide* surplus is shown after making the payments mentioned in section 48, such surplus shall be applied as the Court may direct according to the circumstances of the property concerned—

in liquidation of debts payable by the ward,

in payment of such religious, charitable, and other allowances as were paid out of the proceeds of the property before it came under the charge of the Court, and such allowances and donations befitting the position of the ward's family as the Court may authorize to be paid,

in the improvement of the lands or otherwise for the benefit of the ward or his property

Amount expended on improvement not to exceed ten per cent. of surplus

Provided that the amount expended on such improvement and for such benefit shall not exceed ten per centum of the said surplus, unless, in the opinion of the Court and the Lieutenant-Governor, it is desirable, for the protection of the lands, or in the interest of the ward or his property, to expend an amount exceeding such percentage

Surplus to be made over to female and major whose property remains under the charge of the Court

Provided also that if the ward is a female of sound mind, who has completed her age of twenty-one years, or a person who has completed his age of twenty-one years, and whose property remains under the

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে, কিম্বা তদ্রূপ যে আইন যৎকালে চলিত থাকে সেই আইনমতে প্রাপ্য টাকার ন্যায় আদায় করা যাইবে

কোর্টের অভিভাবকের কি কার্য্যাধ্যক্ষের প্রতি সম্পত্তি দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

৪৭ ধারা। কোর্ট যে সময় ধার্য্য করেন সেই সময়ের মধ্যে কোন ভূত কি বর্ত্তমান কার্য্যাধ্যক্ষকে কি অভিভাবককে কিম্বা কার্য্যাধ্যক্ষের কি অভিভাবকের অধীন কোন ভূত কি বর্ত্তমান কর্ম্মচারিকে তাঁহার অধিকারস্থিত হিসাব কি কোন সম্পত্তি দিতে হইবে বলিয়া আজ্ঞা করিতে পারিবেন।

কার্য্যাধ্যক্ষের প্রাপ্ত টাকা প্রয়োগের কথা

৪৮ ধারা। কোর্ট অবস্থা বুঝিয়া যেরূপ আদেশ দেন তদনুসারে কার্য্যাধ্যক্ষ সমুদয় প্রাপ্ত টাকা হইতে প্রথমে

রাজানুপালিতের ও তদীয় পরিবারের ভরণপোষণের ও শিক্ষার অবধারিত টাকা ও কার্য্যাধ্যক্ষতার ও তত্ত্বাবধানের সমস্ত খরচ দিবেন, ও

ঐ সম্পত্তির জন্য গবর্ণমেণ্টের রাজস্বের যে যে কিস্তি কি কর কি অন্য রাজকীয় প্রাপ্য সময়ে২ দেনা পড়ে তৎসমুদয় কি তাহার একাংশ দিবেন।

উদ্বৃত্ত টাকা প্রয়োগের কথা।

৪৯ ধারা। ৪৮ ধারার উল্লিখিত সকল টাকা দেওয়া গেলে পর হিসাবমতে প্রকৃত পক্ষে কিছু উদ্বৃত্ত থাকিলে, সম্পত্তির অবস্থা বুঝিয়া কোর্ট যেরূপ আদেশ করেন তদনুসারে নিম্নলিখিতমতে ঐ উদ্বৃত্ত টাকার প্রয়োগ হইবে।

রাজানুপালিতের দেয় ঋণ পরিশোধার্থে,

সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে আসিবার পূর্ব্বে তদুৎপন্ন উপস্বত্ব হইতে যে ধর্ম্মসংক্রান্ত ও দাতব্য ও অন্য বৃত্তি প্রদত্ত হইত এবং রাজানুপালিতের পারিবারিক পদোপযোগী যে বৃত্তি ও চাঁদা দিতে কোর্ট অনুমতি করেন তৎসমুদয় প্রদানার্থে,

ভূমির উন্নতি সাধনার্থে কি প্রকারান্তরে রাজানুপালিতের কি তদীয় সম্পত্তির উপকারার্থে।

উন্নতি সাধনার্থে উদ্বৃত্ত টাকার উপর শতকরা দশ টাকার অধিক ব্যয় করিতে হইবে না।

কিন্তু তদ্রূপ উন্নতি সাধনার্থে কি উপকারার্থে উক্ত উদ্বৃত্ত টাকার উপর শতকরা ১০ টাকার অধিক ব্যয় করিতে হইবে না। পরন্তু ভূসম্পত্তির রক্ষার্থে কিম্বা রাজানুপালিতের কি তদীয় সম্পত্তির লাভার্থে উক্ত শতকরা ১০ টাকার অধিক ব্যয় করা কোর্টের ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মতে বাঞ্ছনীয় হইলে, সেই ব্যয় করা যাইতে পারিবে।

যে স্ত্রীলোকের ও প্রাপ্তবয়স্কের সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকে তাঁহাকে উদ্বৃত্ত টাকা দিতে হইবে।

রাজানুপালিত ব্যক্তি যদি পূর্ণ একুশ বৎসর বয়ঃপ্রাপ্ত সুস্থমনা স্ত্রীলোক হন কিম্বা পূর্ণ একুশ বৎসর বয়ঃপ্রাপ্ত এমন কোন ব্যক্তি হন যাঁহার সম্মতিক্রমে তাঁহার সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে রহিয়াছে, তবে

Charge of the Court with his consent, no part of the surplus shall be expended by the Court otherwise than in the liquidation of debts or in the improvement of the lands or property as aforesaid, and the remainder of the surplus shall be paid to such female or person

Power to invest surplus

50 If the ward is not a female or person as aforesaid, and if any surplus remains after providing so far as the Court may think fit for the objects mentioned in section 49, the same shall be applied in the purchase of other landed property, or invested at interest on the security of—

promissory notes, debentures, stock, and other securities of the Government of India, or of the United Kingdom of Great Britain and Ireland,

bonds, debentures, and annuities charged by the Imperial Parliament on the revenues of India,

stock or debentures of or shares in railway or other companies, the interest whereon has been guaranteed by the Secretary of State for India in Council,

debentures or other securities for money paid by or on behalf of any municipal body under the authority of any Act of a legislature established in British India,

or such other securities, stocks, or shares, guaranteed by the Government of India or the Government of Bengal as to the Court shall seem fit

PART VII

Suits

Manager or Collector to be next friend or guardian in suits by or against ward

51 In every suit brought by or against any ward, he shall be therein described as a Ward of Court, and the manager of such ward's property, or if there is no manager, the Collector of the district in which the greater part of such property is situated, or any other Collector whom the Court of Wards may appoint in that behalf, shall be named as next friend or guardian for the suit, and shall in such suit represent such ward, and no other person shall be ordered to sue or be sued as next friend or be named as guardian for the suit by any Civil Court in which such suit may be pending

[*Government Gazette*, 26*th August* 1879.]

পূর্ব্বোক্ত মতে ঋণ পরিশোধার্থে কিম্বা ভূমির কি সম্পত্তির উন্নতি সাধনার্থে না হইলে কোর্ট উদ্বৃত্ত টাকার কোন অংশ ব্যয় করিবেন না, এবং উদ্বৃত্ত টাকার অবশিষ্ট ভাগ তদ্রূপ স্ত্রীলোককে কি ব্যক্তিকে দিবেন।

উদ্বৃত্ত টাকাতে ভূম্যাদি ক্রয় করিবার ক্ষমতার কথা।

৫০ ধারা। রাজানুপালিত ব্যক্তি পূর্ব্বোক্তরূপ স্ত্রীলোক কি ব্যক্তি না হইলে, এবং ৪৯ ধারার উল্লিখিত উদ্দেশ্য সাধনার্থে কোর্ট যেরূপ বিধান করা উচিত বোধ করেন তাহার খরচ দিয়া কিছু উদ্বৃত্ত থাকিলে, ঐ টাকাতে অন্য ভূসম্পত্তি ক্রয় করা যাইবে, কিম্বা তাহা লইয়া সুদের আশায়

ভারতবর্ষীয় গবর্ণমেন্টের কিম্বা গ্রেটব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যের প্রমিসরি নোট কি ডিবেঞ্চর কি ষ্টাক কি অন্য সিকুরিটী,

কিম্বা শ্রীশ্রীমতী ভারতেশ্বরীর পার্লিয়ামেণ্ট ভারতবর্ষের রাজস্বের উপর যে বাণ্ডের ও ডিবেঞ্চরের ও বার্ষিক বৃত্তির দায় বর্ত্তান তাহা,

কিম্বা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব রেলওয়ে কি অন্য কোম্পানির যে ষ্টাকের কি ডিবেঞ্চরের কি শ্যারের সুদের প্রতিভূ হন তাহা,

কিম্বা ব্রিটিষ ভারতবর্ষের সংস্থাপিত ব্যবস্থাপকগণের প্রণীত কোন আইনের বলে কোন মুনিসিপাল সমাজ কর্ত্তৃক কি তৎপক্ষে দত্ত টাকার ডিবেঞ্চর কি অন্য সিকুরিটী,

কিম্বা কোর্ট বিহিত বোধ করিলে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট অন্য যে সিকুরিটীর কি ষ্টাকের কি শ্যারের প্রতিভূ হন তাহা ক্রয় করা যাইবে।

সপ্তম খণ্ড।

মোকদ্দমার বিধি।

রাজানুপালিতের পক্ষে কি বিপক্ষে মোকদ্দমা হইলে কার্য্যাধ্যক্ষ কি কালেক্টর সাহেবের আসন্ন বন্ধু কি অভিভাবক হইবার কথা।

৫১ ধারা। কোন রাজানুপালিতের দ্বারা কি তাঁহার নামে, মোকদ্দমা উপস্থিত করা গেলে, ঐ মোকদ্দমায় কোর্টের অনুপালিত বলিয়া তাঁহার বর্ণনা লেখা যাইবে, এবং উক্ত রাজানুপালিতের সম্পত্তির কার্য্যাধ্যক্ষ, কিম্বা কার্য্যাধ্যক্ষ না থাকিলে, উক্ত সম্পত্তির অধিকাংশ যে জিলায় থাকে সেই জিলার কালেক্টর সাহেব অথবা অন্য যে কোন কালেক্টর সাহেবকে কোর্ট অব ওয়ার্ডস এতৎ পক্ষে নিযুক্ত করেন সেই কালেক্টর সাহেব ঐ মোকদ্দমা সম্বন্ধে তাঁহার আসন্ন বন্ধু কিম্বা অভিভাবক বলিয়া খ্যাত হইবেন। তিনি উক্ত মোকদ্দমায় ঐ রাজানুপালিতের স্থলাভিষিক্ত হইবেন এবং যে দেওয়ানী আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে তৎ কর্ত্তৃক অন্য কোন ব্যক্তি আসন্ন বন্ধুস্বরূপ মোকদ্দমা করিতে কিম্বা মোকদ্দমার প্রতিবাদী হইতে আদিষ্ট হইবেন না কিম্বা সেই মোকদ্দমার অভিভাবক নামে খ্যাত হইবেন না।

52 The Court of Wards may by an order nominate or substitute any other person to be next friend or guardian for any such suit, and upon receiving a copy of any such order of substitution, the Civil Court in which such suit is pending shall substitute the name of the next friend or guardian for the suit so appointed for the name of the manager or Collector

Court may substitute another person to be next friend or guardian for the suit

53 If in any such suit any Civil Court shall decree any costs against the next friend or guardian for the suit of the ward, the Court of Wards shall cause such costs to be paid out of any property of the ward which for the time being may be in its hands

Payment of costs

54 Every process which may be issued out of any Civil Court against any ward shall be served, through the Collector, upon the next friend or guardian for the suit as aforesaid of such ward

Process against wards to be served through Court

55 No suit shall be brought on behalf of any ward, unless the same be authorized by some order of the Court

Suits not to be brought on behalf of wards unless authorized by the Court

Provided that a manager may authorize a plaint to be filed in order to prevent a suit from being barred by the Law of Limitation, but such suit shall not be afterwards proceeded with except under the sanction of the Court

Provided also that suits for arrears of rent may be brought on behalf of any ward if authorized by an order of the manager of the landed property on which such rents are due

56 Nothing contained in this Part shall apply to any suit instituted or pending in the High Court, or to a proprietor who has consented to leave his property under the charge of the Court of Wards, as provided in the second clause of section 11.

Saving of suits in the High Court and of persons who consent to remain wards

PART VIII

Penalties

57. Any person who refuses to comply with an order of a Collector under section 29, 30, 36 or 37, shall be liable, by order of the Collector, to a fine not exceeding five hundred rupees

For disobeying certain orders of the Collector

৫২ ধারা। কোর্ট অব ওয়ার্ডস আজ্ঞাপত্র দ্বারা উক্ত কোন মোকদ্দমায় উপস্থিতের জন্য কোন ব্যক্তিকে আসন্ন বন্ধু কি অভিভাবকস্বরূপ মনোনীত কি নিযুক্ত করিতে পারিবেন, এবং মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে, সেই আদালত ঐ পরিবর্তন সূচক আজ্ঞাপত্রের প্রতি নকল প্রাপ্ত হইলে উক্ত কার্য্যাধ্যক্ষ কি কালেক্টর সাহেবের নামের পরিবর্তে মোকদ্দমায় তদ্রূপ নিযুক্ত আসন্ন বন্ধুর কিম্বা অভিভাবকের নাম লিখিবেন।

কোর্টের অন্য ব্যক্তিকে মোকদ্দমা সম্বন্ধে আসন্ন বন্ধু কি অভিভাবক নিযুক্ত করিতে পারিবার কথা।

৫৩ ধারা। যদি তদ্রূপ কোন মোকদ্দমায় কোন দেওয়ানী আদালত ঐ মোকদ্দমাসংক্রান্ত রাজাতুপালিতের আসন্ন বন্ধুর কিম্বা অভিভাবকের উপর খরচা ডিক্রী করেন, তবে তৎকালে রাজাতুপালিতের যে সম্পত্তি কোর্ট অব ওয়ার্ডসের হাতে থাকে কোর্ট তাহা হইতে ঐ খরচা দেওয়াইবেন।

কার্য্যাধ্যক্ষের খরচা দিবার কথা।

৫৪ ধারা। রাজাতুপালিতের নামে কোন দেওয়ানী আদালত হইতে পরওয়ানা জারি হইলে, ঐ রাজাতুপালিতের মোকদ্দমায় যিনি পূর্ব্বোক্তমত আসন্ন বন্ধু কি অভিভাবক হন, কালেক্টর সাহেবের দ্বারা তাঁহাকে ঐ পরওয়ানা দেওয়া যাইবে।

রাজাতুপালিতের নামে পরওয়ানা কোর্টের দ্বারা জারী করিতে হইবার কথা।

৫৫ ধারা। কোর্টের আজ্ঞা হুকুমমত না হইলে, তদ্রূপ কোন রাজাতুপালিতের পক্ষে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না।

কোর্টের অনুমতি না হইলে রাজাতুপালিতের পক্ষে মোকদ্দমা উপস্থিত না করা যাইবার কথা।

পরন্তু মিয়াদের আইনক্রমে মোকদ্দমা অচল হইবার বাধা নিবারণার্থে কার্য্যাধ্যক্ষ আবেদনপত্র দাখিল করিবার অনুমতি দিতে পারিবেন, কিন্তু কোর্টের অনুমতি বিনা পরে উক্ত মোকদ্দমা চালান যাইবে না।

আর যে ভূসম্পত্তির খাজানা পাওনা থাকে সেই ভূসম্পত্তির কার্য্যাধ্যক্ষের আজ্ঞাক্রমে অনুমতি দেওয়া গেলে রাজাতুপালিতের পক্ষে বাকী খাজানার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

৫৬ ধারা। হাই কোর্টে যে মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে কি উপস্থিত থাকে, তাহার প্রতি, কিম্বা ১১ ধারার ২ প্রকরণের বিধানমতে যে ভূস্বামী কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে স্বীয় সম্পত্তি রাখিতে সম্মত হইয়াছেন তাঁহার প্রতি, এই খণ্ডের কোন কথা বর্ত্তিবে না।

হাই কোর্টের মোকদ্দমার প্রতি ও যাঁহারা রাজাতুপালিত থাকিতে সম্মত হন তাঁহাদের প্রতি না বর্ত্তিবার কথা।

অষ্টম খণ্ড।

দণ্ডের বিধি।

৫৭ ধারা। কোন ব্যক্তি ২৯ কি ৩০ কি ৩৬ কি ৩৭ ধারামত কালেক্টর সাহেবের আজ্ঞা পালন করিতে অস্বীকার করিলে কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

কালেক্টর সাহেবের কোন আজ্ঞা অমান্য করিলে, দণ্ডের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৬ আগষ্ট।]

For disobeying orders under section 47

58 Any person who refuses to comply with an order made under section 47 may be punished, by order of the Court, with simple imprisonment and attachment of his property until the order is complied with

For disobeying order of Court

59 Any person who disobeys any lawful order of the Court shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding five hundred rupees, and if he is a manager or guardian appointed by the Court, to a fine not exceeding one thousand rupees

---

PART IX

MISCELLANEOUS

Disabilities of wards

60 No ward shall be competent to create, without the sanction of the Court, any charge upon, or interest in, his property or any part thereof

Adoption by ward invalid without consent of Lieutenant Governor

61 No adoption by any ward, and no written or verbal permission to adopt given by any ward, shall be valid without the consent of the Lieutenant-Governor, obtained either previously or subsequently to such adoption, or to the giving of such permission, on application made to him through the Court

Exception as to persons who consent to remain wards

62 Nothing contained in section 60 or in section 61 shall apply to a proprietor who has consented to leave his property under the charge of the Court, as provided in the second clause of section 11

Arrears of rent how recoverable

63 All arrears of rent due by farmers, under-tenants and ryots, in respect of property under the charge of the Court (whether such rents have become due before or after the Court has taken charge) shall be recoverable as arrears of revenue, and shall constitute a demand under Bengal Act VII of 1868, or any similar Act for the time being in force

The last preceding clause shall not apply to arrears of rent enhanced after issue of notice under section 13 of Act X of 1859, or under section 14 of Bengal Act VIII of 1869, but of which the enhancement has not been agreed to by the person who is liable to pay the same, or has not been confirmed by a competent Court

[*Government Gazette, 26th August* 1879.]

৪৭ ধারামত আজ্ঞা অমান্য করিলে দণ্ডের কথা।

৫৮ ধারা। কোন ব্যক্তি ৪৭ ধারামত আজ্ঞা পালন করিতে অস্বীকার করিলে যাবৎ আজ্ঞা পালন না করেন কোর্টের আজ্ঞাক্রমে তাঁহার সামান্য কারাদণ্ড ও সম্পত্তি ক্রোক হইতে পারিবে।

কোর্টের আজ্ঞা অমান্য করিলে দণ্ডের কথা।

৫৯ ধারা। যদি কোন ব্যক্তি কোর্টের বৈধ আজ্ঞা অমান্য করেন, মাজিষ্ট্রেট কর্ত্তৃক অপরাধ নির্ণীত হইলে, তাঁহার পাঁচশত টাকার অনধিক অর্থদণ্ড, ও তিনি কোর্টের নিযুক্ত কার্য্যাধ্যক্ষ কিম্বা অভিভাবক হইলে, এক হাজার টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

নবম খণ্ড।

বিবিধ বিধি।

রাজানুপালিতদের অক্ষমতার কথা।

৬০ ধারা। কোন রাজানুপালিত ব্যক্তি কোর্টের অনুমতি ব্যতিরেকে, স্বীয় সম্পত্তির কি তাহার কোন অংশের উপর কোন দায় কি স্বার্থ সৃষ্টি করিতে পারিবেন না।

শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি বিনা ওয়ার্ডের পোষ্য পুত্র গ্রহণ অসিদ্ধ হইবার কথা।

৬১ ধারা। রাজানুপালিত ব্যক্তি পোষ্যপুত্র গ্রহণ করিলে কি পোষ্যপুত্র গ্রহণার্থে লিখিত কি বাচনিক অনুমতি দিলেও, উক্ত পোষ্য পুত্র গ্রহণের কি অনুমতি প্রদানের পূর্ব্বে বা পরে কোর্টের দ্বারা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট প্রার্থনা করিয়া তাঁহার সম্মতি প্রাপ্ত না হইলে, ঐ পোষ্যপুত্র গ্রহণ কি অনুমতি প্রদান সিদ্ধ হইবে না।

যাঁহারা রাজানুপালিত থাকিতে সম্মত হন তাঁহাদের বর্জ্জিত হইবার কথা।

৬২ ধারা। ১১ ধারার ২ প্রকরণের বিধানমতে যে ভূস্বামী কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে স্বীয় সম্পত্তি রাখিতে সম্মত হইয়াছেন, তাঁহার প্রতি ৬০ ধারার কি ৬১ ধারার কোন কথা বর্ত্তিবে না।

বাকী খাজানা কিরূপে আদায় করিতে হইবে তাহার কথা।

৬৩ ধারা। কোর্টের রক্ষণাবেক্ষণাধীন সম্পত্তি সম্পর্কীয় বাকী খাজানা ইজারদার ও পেটাও প্রজা ও রায়তদের নিকটে পাওনা থাকিলে, (কোর্টের রক্ষণাবেক্ষণ ভারগ্রহণ করিবার পূর্ব্বে কি পরে যখনই ঐ খাজানা পাওনা হইয়া থাকুক না কেন) ঐ খাজানা বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইবে ও তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনক্রমে কিম্বা তদ্রূপ যে আইন যৎকালে বলবৎ থাকে তৎক্রমে প্রাপ্য টাকা বলিয়া গণ্য হইবে।

১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ধারামতে কিম্বা ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৪ ধারামতে নোটিস প্রচার করিয়া খাজানা বৃদ্ধি করা গেলে, কিন্তু যে ব্যক্তির বর্দ্ধিত খাজানা দিতে হইবে সেই ব্যক্তি তাহা দিতে সম্মত না হইলে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতদ্বারা ঐ বর্দ্ধিত খাজানা দৃঢ় করা না গেলে, সেই খাজানার বাকীর প্রতি ইহার পূর্ব্ব প্রকরণের কোন কথা বর্ত্তিবে না।

Collector or Court to record reasons of penalties.

64. When any penalty is imposed by any order under section 57 or section 58, the Collector or Court passing such order shall make a formal record of the same with the reasons or grounds thereof

Procedure when Court's jurisdiction ceases

65. Whenever the Court has determined to release the property of a ward from its charge, it shall make an order that the jurisdiction of the Court over such property shall cease on a date not more than sixty and not less than fifteen days from the date of such order, and copies of such order shall be published as the Court may direct

Powers of Collector in making enquiries

66 A Collector making any enquiry under this Act may exercise any power conferred by the Code of Civil Procedure on a Civil Court for the trial of suits.

Appeals

67 An appeal shall lie from every order of a Collector under this Act to the Commissioner of the Division, and from every order of a Commissioner under this Act to the Court.

Control of Court

68 All orders or proceedings of the Commissioner and of the Collector under this Act shall be subject to the supervision and control of the Court, and the Court may, if it thinks fit, revise, modify, or reverse any such order or proceeding whether an appeal is presented against such order or proceeding, or otherwise

Control of Lieutenant Governor

69 In the exercise of the powers and in the discharge of the duties conferred and imposed respectively on the Court by this Act, the Court shall be guided by such orders and instructions as it may from time to time receive from the Lieutenant Governor

Power to Court to make rules

70 The Court may make rules consistent with this Act—

(*a*) defining the powers of Commissioners and Collectors respectively when the property of a ward is situated in two or more districts or in two or more divisions,

কালেক্টর সাহেবের কি আদালতের অর্থদণ্ডের হেতু লিখিবার কথা।

৬৪ ধারা। ৫৭ কি ৫৮ ধারামত আজ্ঞাক্রমে অর্থদণ্ড করা গেলে যে কালেক্টর সাহেব কি আদালত উক্ত আজ্ঞা করেন তিনি তাঁহার যুক্তি কি কারণ সহ তাহা রীতিমতে লিপিবদ্ধ করিবেন।

কোর্টের এলাকা না থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

৬৫ ধারা। কোর্ট কোন রাজানুপালিতের সম্পত্তি স্বীয় রক্ষণাবেক্ষণ হইতে মুক্ত করিবার সংকল্প করিলে, এইরূপ আজ্ঞা করিবেন যে আজ্ঞা করিবার তারিখ অবধি ষাইট দিনের অধিক নহে ও পনের দিনের ন্যূন নহে এই সময়ের মধ্যে কোন তারিখে উক্ত সম্পত্তি কোর্টের এলাকা বহিভূত হইবে, এবং কোর্ট যেরূপে আদেশ করেন তদ্রূপে ঐ আজ্ঞা প্রচার করা যাইবে।

অনুসন্ধান লইবার সময়ে কালেকটর সাহেবের ক্ষমতার কথা।

৬৬ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনক্রমে মোকদ্দমার বিচারার্থে দেওয়ানী আদালতের প্রতি যে কোন ক্ষমতা অর্পিত হইয়াছে, এই আইনমত অনুসন্ধান লইবার সময়ে কালেকটর সাহেব সেই ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

আপীলের কথা।

৬৭ ধারা। এই আইনমত কালেক্টর সাহেবের প্রত্যেক আজ্ঞার উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে, এবং এই আইনমত কমিশ্যনর সাহেবের আজ্ঞার উপর কোর্টে আপীল হইতে পারিবে।

কোর্টের কর্তৃত্বের কথা।

৬৮ ধারা। এই আইনমতে কমিশ্যনর সাহেবের ও কালেকটর সাহেবের সমুদয় আজ্ঞা ও কার্য্যানুষ্ঠান কোর্টের তত্ত্বাবধানে ও কর্তৃত্বাধীনে থাকিবে, এবং কোর্ট উচিত বোধ করিলে, তদ্রূপ কোন আজ্ঞা কি কার্য্যানুষ্ঠানের বিরুদ্ধে আপীল উপস্থিত হউক আর না হউক, ঐ আজ্ঞা কি কার্য্যানুষ্ঠান সংশোধন কি পরিবর্ত্তন কি রহিত করিতে পারিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কর্তৃত্বের কথা।

৬৯ ধারা। এই আইনক্রমে কোর্টের প্রতি যে ক্ষমতা ও কর্ত্তব্যভার অর্পিত হইল শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের স্থানে সময়ে২ যেরূপ আজ্ঞা ও উপদেশ প্রাপ্ত হন তদনুসারে কোর্ট সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন ও সেই কর্ত্তব্য পালন করিবেন।

কোর্টের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৭০ ধারা। এই২ কার্য্য জন্য কোর্ট এই আইন সঙ্গত বিধি করিতে পারিবেন,

(ক) রাজানুপালিতের সম্পত্তি দুই কিম্বা তদধিক জিলায় অথবা দুই কিম্বা তদধিক দেশখণ্ডে থাকিলে কালেক্টর সাহেবদের ও কমিশ্যনর সাহেবদের ক্ষমতা নির্দ্ধারণ নিমিত্ত,

(*b*) prescribing what reports shall be made from time to time by Collectors and Commissioners on the condition of the ward and his property,

(*c*) prescribing the periods at which and the mode in which accounts shall be submitted by managers and guardians respectively, and the mode in which such accounts shall be audited,

(*d*) regulating the custody of securities and title deeds belonging to the estate or property of a ward,

(*e*) regulating the procedure in appeals from orders of Collectors and Commissioners respectively under this Act,

(*f*) prescribing the procedure to be observed when a property ceases to be under the charge of the Court,

(*g*) and generally for the better fulfilment of the purposes of this Act

The Court may from time to time alter, add to, or repeal, such rules

W E H FORSYTH,

Offg Asst. Secy. to the Govt of Bengal

(খ) রাজানুপালিতের ও তাঁহার সম্পত্তির অবস্থা সম্বন্ধে সময়েং কালেক্টর সাহেবদের ও কমিশনর সাহেবদের যে যে রিপোর্ট দিতে হইবে, তাহার নির্দ্দেশ নিমিত্ত,

(গ) যে সময়ে ও যে প্রকারে কার্য্যাধ্যক্ষ ও অভিভাবকগণ হিসাব পাঠাইবেন, ও যে প্রকারে উক্ত হিসাব নিকাশ করা যাইবে, তাহার নির্দ্দেশ নিমিত্ত

(ঘ) রাজানুপালিতের সম্পত্তির কি মহালের সিকুরিটীর ও স্বত্ব সম্পর্কীয় দলীলের সংরক্ষণের বিধান নিমিত্ত,

(ঙ) এই আইনমতে কালেক্টর সাহেবের ও কমিশনর সাহেবের আজ্ঞার উপর আপীল করা গেলে, যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে, তাহার বিধান নিমিত্ত,

(চ) কোন সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণের বহির্ভূত হইলে, যে কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে তাহার নির্দ্দেশ নিমিত্ত,

(ছ) এবং সাধারণতঃ এই আইনের অভিপ্রায় উৎকৃষ্টতররূপে সিদ্ধ করিবার নিমিত্ত।

কোর্ট সময়েং উক্ত বিধি পরিবর্ত্তিত কি পরিবর্দ্ধিত কি রহিত করিতে পারিবেন।

ডবলিউ, ই, এচ, ফরসাইথ

ব্যবস্থাপন কার্য্যবিভাগে,

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,

Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 4, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ৪ নবেম্বর ।

PART VII

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড ।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র ।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

SEPTEMBER 1879

R. L. MANGLES, ESQ., V.C.

No. 1

BENGAL Act III of 1878 having been repealed by Bengal Act VIII of 1879, the rules contained in Board's circular order No. 7 of February 1879, are cancelled.

2. The following rules, for the confirmation of settlement proceedings under Bengal Act VIII of 1879, have been approved by the Lieutenant-Governor, as published in the *Calcutta Gazette* of 11th June 1879, page 544, Part I.

WITH reference to the provisions of section 5 Act VIII (B.C.) of 1879, the Lieutenant-Governor is pleased to empower the revenue officers mentioned below, respectively, to sanction or subsequently to approve general rates of rent for adoption in settlements of the different classes specified:—

I. Regular settlements in which the number of ryots whose rents are to be recorded under the Act does not exceed 200.

The Collector or other officer specially empowered by the Government to exercise the powers of a Collector on this behalf.

II.—Regular settlements in which the number of such ryots exceeds 200, but does not exceed 100.

The Commissioner of the Division.

III. All other cases.

In applying the above rules those ryots only will be taken into account who are entitled to have their rents recorded under the Act. Subordinate tenants holding under such ryots, whether known as *korfa* ryots or by any other name, need not be taken into account, even though the settlement officer may for statistical or other purposes record in his proceedings the rents which are actually paid, or which he considers might fairly be paid by such subordinate tenants.

The Board of Revenue.

(2) In supersession of previous orders on the subject the Lieutenant-Governor is pleased to order that the following revenue authorities respectively shall be competent to sanction settlement proceedings under Regulation VII of 1822 and other laws:—

I.—Settlements for a term not exceeding five years of churs the Government revenue assessed on which does not exceed Rs. 200, provided that the settlement is made with resident ryots or others entitled to a settlement and not farmed.

The Collector.

II.—Summary settlements for one year of estates the revenue assessed on which does not exceed Rs. 500, that is, summary extensions for one year of the expiring settlements of such estates owing to detailed enquiries for a regular settlement not being completed, provided that if it is proposed so to extend such a settlement for a second year the sanction of the Commissioner will be required.

The Collector.

III.—All other summary settlements of estates of which the Government revenue does not exceed Rs. 5,000 for two years or less.

The Commissioner of the Division.

IV.—Regular settlements of estates on which the Government revenue assessed does not exceed Rs. 5,000 for the following terms, provided that the settlement be made after detailed enquiry with persons entitled to settlement or with the actual under-tenants and ryots:—

The Commissioner of the Division.

(*a*) up to the year fixed by Government for the termination of temporary settlements in the district;

(*b*) in cases in which the law does not admit of the settlement being made for so long a period as is mentioned in (*a*), and in cases in which the term of settlement is limited

রাজস্ব বিষয়ক সরকুলর।

১৮৭৯ সাল সেপ্টেম্বর মাস।

শ্রীযুত আর, এন, মাঙ্গলস্ সাহেব সি, এস।

১ নম্বর।

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন ১৮৭৯ সালের বঙ্গীয় ৮ আইন দ্বারা রহিত হওয়াতে, ৮৭২ সালের ফেব্রুয়ারি মাসের বোর্ডের ৭ নম্বর সরকুলারে যে বিধি ছিল তাহা রহিত হইল।

২। ১৮৭৯ সালের বঙ্গীয় ৮ আইনমতে রাজস্ব কার্য্য দৃঢ়করণার্থ নিম্নলিখিত বিধি শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অনুমোদিত হইয়া ১৮৭৯ সালের ২৪ জুনের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ৫৬১ অবধি ৫৬৩ পর্য্যন্ত পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ৮৭৯ সালের বঙ্গীয় ৮ আইনের ৫ ধারার বিধানোপলক্ষে রাজস্ব-সম্পর্কীয় নিম্নলিখিত কর্ত্তৃপক্ষদিগকে নির্দ্দিষ্ট ভিন্ন২ শ্রেণীর খাজানার সাধারণ হার অবলম্বন করিবার অনুমতি বা ও পরে রাহিত করিবার ক্ষমতা দিলেন।

প্রথম।—নিয়মিত বন্দোবস্ত করিতে গেলে তাহাতে আইনমতে যে রায়তদের খাজানা লিপিবদ্ধ করিতে হইবে তাহাদের সংখ্যা ২০০ দুই শতের অধিক না হইলে

কালেক্টর সাহেব কিম্বা এতৎপক্ষে গবর্ণমেণ্টের দ্বারা বিশেষমতে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত অন্য কর্ম্মচারী।

দ্বিতীয়।—নিয়মিত বন্দোবস্ত করিতে গেলে তাহাতে উক্ত রায়তদের সংখ্যা ২০০ দুই শতের অধিক ও ৪০০ চারি শতের অনধিক হইলে

দেশখণ্ডের কমিশ্যনর সাহেব।

তৃতীয়।—অন্য সকল স্থলে।

রেবিনিউ বোর্ড।

উপরোক্ত বিধি বর্ত্তাইতে হইলে যে রায়তেরা আইনমতে খাজানা লিপিবদ্ধ করাইতে স্বত্ববান কেবল তাহারাই পরিগণিত হইবে। অধীন যে রায়তেরা উক্ত রায়তদের অধীনে ভোগ করে তাহারা কোর্ফা রায়ত বা অন্য যে নামে খ্যাত হউক স্থিতিরীতির বা অন্য কারণে উক্ত অধীন রায়তেরা বাস্তবিক যত খাজানা দিয়া থাকে বা তাহাদের প্রতি দেওয়া উচিত বলিয়া বন্দোবস্তের ব্যাপারক স্বীয় কার্য্যবিবরণে লিপিবদ্ধ করিলেও তাহারা পরিগণিত হইবে না।

২। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এতদ্বিষয়ের পূর্ব্ব২ আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করিলেন যে, রাজস্ব সম্পর্কীয় নিম্নলিখিত কর্ত্তৃপক্ষেরা ১৮২২ সালের ৭ আইন ও অন্যান্য আইনমতে বন্দোবস্ত কার্য্যের অনুমতি করিতে সক্ষম হইবেন।

প্রথম।—যে চরের উপর ধার্য্য করা গবর্ণমেণ্টের রাজস্ব ২০০৲ টাকার অধিক নয়, পাঁচ বৎসরের অনধিক কালের নিমিত্ত সেই চরের বন্দোবস্ত করা যাইতে পারিবে। কিন্তু বাসিন্দা রায়তদের কিম্বা অন্য যে ব্যক্তিরা বন্দোবস্ত করিয়া লইবার স্বত্ববান তাহাদের সঙ্গে যেন বন্দোবস্ত করা যায়, ইজারা দেওয়া না হয়।

কালেক্টর সাহেব।

দ্বিতীয়।—যে মহালের উপর ধার্য্য করা রাজস্ব ৫০০৲ টাকার অধিক নয়, নিয়মিত বন্দোবস্ত করিবার নিমিত্ত বিশেষ অনুসন্ধান করিবার সময় না হওয়া প্রযুক্ত সেই মহালের যে বন্দোবস্ত শেষ হইতেছে তাহা সংক্ষেপতঃ এক বৎসর বৃদ্ধি করা যাইতে পারিবে। কিন্তু সেই বন্দোবস্ত যদি দ্বিতীয় বৎসর পর্য্যন্ত বৃদ্ধি করিবার প্রস্তাব হইয়া থাকে তবে কমিশ্যনর সাহেবের অনুমোদন আবশ্যক হইবে।

ঐ

তৃতীয়।—যে মহালের গবর্ণমেণ্টের রাজস্ব ৫,০০০৲ টাকার অধিক নয় তাহার অন্য সকল সংক্ষেপ বন্দোবস্ত দুই বৎসরের বা তাহার ন্যূন কালের নিমিত্ত করা যাইতে পারিবে।

দেশখণ্ডের কমিশ্যনর সাহেব।

চতুর্থ।—যে মহালের উপর ধার্য্য করা গবর্ণমেণ্টের রাজস্ব ১০০০৲ টাকার অধিক নয় নিম্নলিখিত কালের নিমিত্ত তাহার নিয়মিত বন্দোবস্ত করা যাইতে পারিবে, কিন্তু বিশেষ অনুসন্ধানের পর যাহারা বন্দোবস্ত করিয়া লইবার স্বত্ববান হন তাঁহাদের কিম্বা স্থানীয় অধীন প্রজা ও রায়তদের সঙ্গে বন্দোবস্ত করা যাইবে।

ঐ

(ক) জিলার চিরস্থায়ী বন্দোবস্ত শেষ হইবার নিমিত্ত গবর্ণমেণ্ট যে বৎসর নিরূপণ করিয়াছেন সেই বৎসর পর্য্যন্ত।

(খ) যে স্থলে (ক) প্রকরণের লিখিত মিয়াদ পর্য্যন্ত আইন অনুসারে ঐ বন্দোবস্ত করা যায় না এবং যে স্থলে গবর্ণমেণ্টের বা বোর্ডের আদেশক্রমে বন্দোবস্তের মিয়াদের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৪ নবেম্বর।]

by orders of the Government or Board (e g, escheated lands which are ordered to be settled for 12 years only) for the longest period allowed by law or by such orders,

(c) in the cases of chur estates only, for not more than ten years

V —Summary settlements which are beyond the competency of Commissioners — The Board of Revenue

VI —Temporary settlements beyond the competency of Commissioners in which the Government revenue assessed does not exceed Rs 25,000 — The Board of Revenue

VII —Permanent settlements to which the proprietors have a statutory right — The Board of Revenue

(3) Temporary settlements in which the Government revenue assessed exceeds Rs 25 000 and proposed permanent settlements to which the proprietors have no statutory right, will be reported for the orders and final sanction of Government

(4) The foregoing rules are applicable to the settlement or re settlement of individual estates or parts of estates, but settlements of whole districts, or pergunnahs, or other sub divisions of districts, should be made and engagements taken subject to the final approval of the Government of India to which, through the Government of Bengal, the proceedings will be reported in due course for such approval

3 At the close of every quarter the Collector shall submit to the Commissioner a return in the form annexed (No XXIII A) of settlements sanctioned by him under the preceding rules The Commissioner shall forward this return to the Board with another, in precisely the same form, of settlements sanctioned by himself The return contains specimen entries, showing the particulars which should be furnished by the local officers

4 As this return will henceforth take its place among the regularly prescribed forms, the following should be added to the "Appendix (List of returns)" at page 299 of the Board's rules (new edition) as a quarterly return — "Return No XXIII A, Settlements sanctioned by the of " The same addition should be made at page 300 under "Returns to be furnished by Commissioners to the Board" "Quarterly" also at page 301 under the head "Quarterly"

5 Indents should be submitted to the Superintendent of Stationery for forms of this return

6 After the confirmation of the settlement of an estate has been received, the estate, whether it is to be held khas or not, will no longer be shown, as "under settlement" in Return VIII

7 As the rules laid down in paragraph 2 of the above, "Rules for the confirmation of settlement proceedings under Act VIII (B C) of 1879," apply to the settlement of fisheries as well as to estates consisting of land within the rental limits prescribed therein, circular order No 3 of December 1873 is modified thus—

For the words "should be reported to the Board for confirmation" substitute "should be dealt with in respect of confirmation of the proceedings, in accordance with the rules laid down in paragraph 2 of the rules published in circular order No 1 of September 1879"

[*Government Gazette*, *4th November* 1879]

সীমা নির্দ্দিষ্ট করা আছে (যেমন বাজেয়াপ্ত ভূমির কেবল ২ বৎসরের নিমিত্ত বন্দোবস্ত করিবার আদেশ আছে) সেই স্থলে আইনক্রমে বা উক্ত আজ্ঞাক্রমে যত দীর্ঘ মিয়াদ হইতে পারে সেই মিয়াদে।

গ) কেবল চর মহাল হইলে দশ বৎসরের অনধিক কাল।

পঞ্চম।—সংক্ষেপে যে বন্দোবস্ত করণ কমিশনর সাহেবের ক্ষমতাতিরিক্ত। — রেবিনিউ বোর্ড।

ষষ্ঠ।—কমিশনর সাহেবের ক্ষমতাতিরিক্ত অল্পকালীন বন্দোবস্ত করা, যাহাতে ধার্য্য করা রাজস্বের পরিমাণ ২৫,০০০ টাকার অধিক না হয়। — ঐ

সপ্তম।—যে স্থলে ভূস্বামিদিগের বাজেয়াপ্ত হইবার মিয়াদ থাকে সেই স্থলে চিরস্থায়ী বন্দোবস্ত। — ঐ

৩। অল্পকালীন যে বন্দোবস্তে ধার্য্য করা গবর্ণমেণ্টের রাজস্ব ২৫,০০০ টাকার অধিক ও ভূস্বামিদিগের বন্দোবস্তানুযায়ি স্বত্ব নাই বলিয়া যে চিরস্থায়ী বন্দোবস্তের প্রস্তাব করা যায় গবর্ণমেণ্টের আজ্ঞার ও চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত তাহার রিপোর্ট করিতে হইবে।

৪। উপরোক্ত সকল বিধি ব্যক্তি বিশেষের মহাল বা মহালের কোন অংশের বন্দোবস্ত বা পুনর্ব্বন্দোবস্তকরণের প্রতি খাটে। কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অপেক্ষায় সমস্ত জিলার বা পরগণার বা জিলার অন্য উপবিভাগের বন্দোবস্ত ও নিয়ম করা যাইবে। উক্ত অনুমোদনের নিমিত্ত বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট দ্বারা উপযুক্ত প্রণালী দিয়া সম্পূর্ণ বিবরণের রিপোর্ট করা যাইবে।

৩। পূর্ব্ববর্ত্তি বিধিমতে কালেক্টর যে সকল বন্দোবস্তের অনুমতি করেন এতৎসংযুক্ত ২৩ A নং পাঠে তাহার রিটর্ণ প্রত্যেক ত্রৈমাসান্তে কমিশনর সাহেবের নিকট পাঠাইবেন। কমিশনর সাহেব ঐ রিটর্ণ বোর্ডে পাঠাইবেন, ও তৎসঙ্গে ঐ পাঠে আপনি যে বন্দোবস্তের অনুমতি করিয়াছেন তাহারও একখান রিটর্ণ পাঠাইবেন। এতৎসংযুক্ত রিটর্ণে আদর্শস্বরূপ কতকগুলি কথা লেখা আছে, স্থানীয় কার্য্যকারকদের যে ২ বিশেষ কথা লিখিতে হইবে, ইহাতে তাহাই প্রদর্শিত হইয়াছে।

৪। এই রিটর্ণ ঐ অবধি নিয়মিতরূপে নির্দ্দিষ্ট পাঠের মধ্যে গণ্য হইবে। এনিমিত্ত বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ২৯৯ পৃষ্ঠায় "অমুকস্থানের অমুকের অনুমোদিত বন্দোবস্তের ২৩ A নং রিটর্ণ" এই কথা ত্রৈমাসিক রিটর্ণ মধ্যে "রিটর্ণের তালিকা বিষয়ক পরিশিষ্টে" যোগ করিতে হইবে। "কমিশনরদের যে ২ রিটর্ণ বোর্ডে দিতে হইবে" তদন্তর্গত "ত্রৈমাসিক" মধ্যে ৩০০ পৃষ্ঠায় ঐ কথা যোগ করিতে হইবে, এবং ৩০১ পৃষ্ঠায় "ত্রৈমাসিক" শীর্ষের মধ্যেও তাহাই করিতে হইবে।

৫। এই রিটর্ণের পাঠের নিমিত্ত স্টেশনরীর সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ইণ্ডেণ্ট পাঠাইতে হইবে।

৬। কোন মহালের বন্দোবস্তের দৃঢ়ীকরণ প্রাপ্ত হওয়া গেলে, ঐ মহাল খাসে থাকুক আর নাই থাকুক তাহা আর ৮ নং রিটর্ণে "বন্দোবস্তাধীন" বলিয়া দেখান যাইবে না।

৭। "উপরি লিখিত ১৮৭৯ সালের ৮ আইনমতে বন্দোবস্তের কার্য্য দৃঢ় করণার্থ বিধির ১ ধারায় যে বিধান আছে, তাহা অনির্দ্দিষ্ট থাকিবার বিষয়ক সামার সম্বন্ধে ভূমি সংক্রান্ত মহাল ও মৎস্য মহাল উভয়েরই বন্দোবস্তের প্রতি খাটিবে। এনিমিত্ত ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ৩ নম্বর সর্কুলর অর্ডর নিম্নলিখিত মতে পরিবর্ত্তিত করা গেল, অর্থাৎ,

প্রথম বাক্যের পরিবর্ত্তে এই বাক্যটী দিতে হইবে, যথা, "মৎস্য মহাল গবর্ণমেণ্টের সম্পত্তি হউক বা না হউক, ভূমিসংক্রান্ত মহালের বন্দোবস্তের ন্যায় তাহার বন্দোবস্তের কার্য্য দৃঢ় করণ সম্পর্কে ১৮৭৯ সালের সেপ্টেম্বর মাসের ২ নম্বর সর্কুলর অর্ডরে প্রকাশিত বিধির ২ ধারার বিধানমতে কার্য্য করিতে হইবে।"

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 23, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৩ ডিসেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

CIVIL

No. 32, dated the 1st September 1879.

The attention of all civil judicial officers is called to the changes in the law on the subject of the admission in evidence of unstamped or insufficiently stamped documents effected by the Indian Stamp Act, 1879.

2. By section 20, Act XVIII, 1869, Civil Courts were required to satisfy themselves that the omission to execute a document tendered in evidence and found not to bear a proper stamp had not arisen from an intention to evade payment of the proper duty, and on being so satisfied, they were empowered to receive the amount of stamp duty deficient, together with a penalty varying from five to twenty times the deficiency, and thereon to certify on the instrument that the proper stamp duty had been levied thereon. An instrument so certified became admissible in evidence as if originally executed on paper bearing the proper stamp.

3. By section 21, Civil Courts were required to register payments of stamp duty and penalties, and endorse the amount on the instruments admitted under section 20, and, at the close of each month, to make a return to the Collector of all such receipts, and pay the same to him.

4. By the Act of 1879, Courts are no longer required to enquire into the circumstances under which an unstamped or insufficiently stamped document came to be executed on paper not bearing a proper stamp. By section 33, all public officers, with certain exceptions, are required to examine every instrument chargeable with duty which comes before them in the performance of their official functions, and *to impound* any instrument which appears not to be duly stamped. Every Court impounding an instrument must forthwith note it as "impounded"; such note shall be dated and signed with the ordinary full signature of the impounding officer.

5. Under section 34 such instrument may be admitted in evidence in a Civil Court if the party desiring to use it shall pay the amount necessary to make up the proper stamp duty, together with a penalty of Rs. 5, or, when ten times the amount of deficient duty exceeds Rs. 5, then with a penalty of ten times such amount.

6. Section 39 requires that Civil Courts shall certify by endorsement on every instrument admitted in evidence under section 34 that the proper duty and penalty have been levied in respect thereof, and the name and residence of the person paying them.

7. Section 35 requires every Civil Court to send to the Collector an authenticated copy of every impounded instrument admitted in evidence. The endorsement required by section 39 should be transcribed on such copy. When an impounded instrument has not been admitted in evidence, whether from failure to pay the requisite duty and penalty, irrelevancy, want of registration, or other cause, it must be sent in original to the Collector. In such cases the provisions of section 43, paragraph 2, are applicable. The copy to be made under this section must be retained in the custody of the Court.

8. Section 39, paragraph 2, entitles persons tendering documents on which deficient stamp duty and penalty has been levied under section 34 to reclaim the same; but the 3rd paragraph of that section directs that the Court shall not, under any circumstances, deliver it before the expiration of one month from the date of impounding it, and if the Collector has certified that its further detention is necessary, it shall not deliver it so long as such certificate is not cancelled. It is obvious that the transmission of the copy to the Collector should be made with the least possible delay to enable him to make such enquiry as may be necessary within the month for which the instrument is to be detained. The High Court therefore directs that every such copy shall be despatched not later than 48 hours from the time when the original is impounded.

[*Government Gazette, 23rd December 1879.*]

9 Judges of all grades will bear in mind that the provisions of section 34 do not apply to bills of exchange, promissory notes, or any instrument chargeable with a duty of one anna only The rule on this subject is unaltered, but the provisions of section 28 Act XVIII of 1869, have been so frequently overlooked, that the Judges take this opportunity of calling attention to it.

10 The authenticated copies required by section 35 and section 43 do not require to be stamped under the Court Fees Act

11 The monthly return to the Collector of duty and penalties levied in Civil Courts, required by circular order No. 16, of 4th December 1876, will be continued till further orders

GENERAL LETTER No. 10.

To

THE

Dated Calcutta, the 4th September 1879

SIR

HIGH COURT
English Department,
Civil and Criminal

IT has been ascertained that the observations contained in circular order No. 26, of 8th July 1878, respecting the unauthorized issue of a certificate to Abdool Ali by Mr. Beaufort, late District Judge of the 24-Pergunnahs, were founded on a mistake of fact, and the said circular order is therefore cancelled.

I have the honor to be,

SIR,

Your most obedient servant,

J. CRAWFURD,

Registrar.

[*Government Gazette*, 23rd *December* 1879]

৯। মিলজক একনচেঞ্জের কিম্বা প্রমিসরী নোটের কিম্বা এক আনা* মাত্র মাশুল যোগ্য কোন নিদর্শনপত্রের প্রতি ৩৪ ধারার বিধান বর্ত্তে না, সকল শ্রেণীর বিচার পতিগণ এই কথা মনে রাখিবেন। এই বিষয় সম্বন্ধে বিধি অপরিবর্ত্তিতই রহিয়াছে, কিন্তু ১৮৬৯ সালের ১৮ আইনের ২৮ ধারার বিধানত এ ।-ধার উপেক্ষিত হইয়াছে যে জজসাহেবেরা এই সুযোগে ইহার প্রতি মনোযোগ আকর্ষণ করিতেছেন।

১০। ৩৫ ধারার ও ৪৩ ধারার আদেশমত সংসিক্ত প্রতিলিপিতে আদালতের মসুল বিষয়ক আইনমতে ইষ্টাম্প লাগাইতে হইবে না।

১১। দেওয়ানী আদালতে যে মাসুল ও অর্থদণ্ড আদায় হয়, ১৮৭৬সালের ৪ ডিসেম্বরের ১৬ নম্বর সরকুলর অর্ডরের আদেশমতে কালেক্টর সাহেবের নিকটে তাহার যে মাসিক রিটর্ণ পাঠাইতে হয়, যাবৎ অন্য আজ্ঞা না হয়, সেই রিটর্ণ পাঠাইতে হইবে।

---

১০ নম্বর সাধারণপত্র।

শ্রীঅমুক সমীপেষু।

কলিকাতা ১৮৭৯ সাল ৪ সেপ্টেম্বর।

২৪ পরগনার ভূতপূর্ব্ব ডিষ্ট্রিক্ট জজ শ্রীযুত বর্কোর্ট সাহেব আবদুল আলিকে যে সর্টিফিকেট দেন তাহা দিতে তাঁহার ক্ষমতা ছিল না বলিয়া ১৮৭৮ সালের ৮ জুলাইর ২৬ নম্বর সরকুলর অর্ডরে যেং কথা লিখিত হয়, তৎসমুদয়ই বৃত্তান্ত ঘটিত ভ্রান্তিমূলক, ইহা নিশ্চিতরূপে জানাগিয়াছে, এই নিমিত্ত উক্ত সরকুলর অর্ডর রহিত করা গেল।

হই কোর্ট।
ইংরেজী কার্য্যবিভাগ।
দেওয়ানী ও ফৌজদারী।

জে, ক্রাকর্ড,
রেজিষ্ট্রার।

RAJ KRISHNA MUKHOPADHYA, M. A. AND B. L.,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৩ ডিসেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 21, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২১ জানুয়ারি ।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড ।

বঙ্গদেশের আইনের পাণ্ডুলিপি ।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department.

The following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 4th January 1879, and was referred to a Select Committee who are to report thereon in one month —

A Bill to provide for the periodical inspection of Steam Boilers and Prime Movers attached thereto in the Town and Suburbs of Calcutta and in Howrah

Preamble.

Whereas it is expedient to provide for the inspection by competent inspectors of steam boilers and prime movers attached thereto in the Town and

বঙ্গদেশের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপন কার্য্য বিভাগ ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৭৯ সালের জানুয়ারি মাসের ৪ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রি-সভায় পঠিত হইয়া এক মাসের মধ্যে রিপোর্ট করিবার নিমিত্ত সিলেক্ট কমিটির প্রতি অর্পিত হয় ।

কলিকাতা নগরে ও তাহার সমুদয় শাখানগরে ও হাবড়ায় বাষ্প বাইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তর পরিদর্শন করণার্থ আইন ।

যেহেতুবাদ ।

শরীর ও সম্পত্তির সংরক্ষণার্থে উপযুক্ত পরিদর্শক দ্বারা কলিকাতা নগর ও তাহার সমুদয় শাখানগর ও হাবড়ার বাষ্প বাইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের পরি-

Suburbs of Calcutta and in Howrah, with a view to the security of persons and property, It is enacted as follows —

Extent and commencement of Act

1. This Act extends in the first place to the Town and Suburbs of Calcutta and to Howrah, and it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

But Lieutenant-Governor may extend it further

But the Lieutenant-Governor of Bengal may, by notification to be published in the *Calcutta Gazette*, extend it to any district within the provinces for the time being under his control, and this Act shall come into force in such district from the date which may be named in such notification

Repeal of Bengal Acts VI of 1864 and III of 1875

2 Bengal Act VI of 1864 and Bengal Act III of 1875 are hereby repealed

But all certificates and rules in force at the commencement of this Act which were granted or made respectively under either of the said Acts shall be deemed to have been respectively granted and made under this Act

Interpretation

3 In this Act, unless there be something repugnant in the subject or context—

"Boiler"

"Boiler" includes any cylinder or vessel for generating steam under pressure

"Prime Mover"

"Prime Mover" includes any steam engine, fly wheel, first driving shaft and pulley attached to any such engine

"Owner"

"Owner" includes any agent or hirer using any boiler or prime mover

Inspectors to be appointed for the purposes of this Act

4 The Lieutenant-Governor of Bengal shall appoint Inspectors for the purposes of this Act, who shall inspect all boilers and prime movers attached thereto in the manner hereinafter provided

Prohibition of the use of a boiler or prime mover without a certificate under this Act

5 No owner of any boiler or prime mover shall use the same, unless a certificate has been duly granted in respect thereof in the manner hereinafter provided, and no owner of any boiler or prime mover shall continue to use the same after the expiration of the period for which such certificate has been granted.

[*Government Gazette*, 21*st January* 1879]

দর্শন করা বিহিত, এই হেতুক পশ্চাল্লিখিত বিধান করা গেল।

আইন যতদূর ব্যাপ্ত হইবে ও যে সময়াবধি প্রচলিত হইবে তাহার কথা।

১ ধারা। এই আইন প্রথমতঃ কলিকাতা নগর ও তাহার সমুদয় শাখানগর ও হাবড়ায়, প্রতি বর্ত্তিবে, এবং ইহা শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের সম্মতিপূর্ব্বক যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ হইতে প্রচলিত হইবে।

কিন্তু শ্রীযুত লেপ্টেনেণ্ট-গবর্ণর সাহেব ইহা অন্যান্য স্থানেও চালাইতে পারিবেন।

কিন্তু বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে বিজ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে সময়ে যে২ প্রদেশ স্বীয় কর্ত্তৃত্বাধীন থাকিবে সেই২ প্রদেশের অন্তর্গত কোন জিলায় এই আইন চালাইতে পারিবেন, এবং ইহা ঐ বিজ্ঞাপন পত্রের উল্লিখিত তারিখঅবধি উক্ত জিলায় চলিত হইবে ইতি।

১৮৬৪ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৭৫ সালের বঙ্গীয় ৩ আইন রহিত হইবার কথা।

২ ধারা। ১৮৬৪ সালের বঙ্গীয় ৬ আইন ও ১৮৭৫ সালের বঙ্গীয় ৩ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু উক্ত দুই আইনের কোন আইনক্রমে দত্ত কি প্রণীত যে২ সর্টিফিকেট ও বিধি এই আইনের প্রচলিত হইবার কালারম্ভে বলবৎ থাকে সেই২ সর্টিফিকেট ও বিধি এই আইনমতে দত্ত ও প্রণীত হইল বলিয়া গণ্য হইবে ইতি।

অর্থের ধারা।

৩ ধারা। বিষয় প্রসঙ্গের অথবা পূর্ব্বাপর কথার বিপরীত ভাব না হইলে, এই আইনে—

"বাইলর।"

"বাইলর" শব্দে বলপ্রয়োগে সঙ্কুচিত বাষ্পোৎপাদনের উপযোগী সর্ব্ব প্রকার নল বা পাত্র বুঝাইবে।

"প্রাইম মুবর।"

"প্রাইম মুবর" শব্দে কোন বাষ্পীয় কল কি তৎসংযুক্ত কোন ফ্লাই হুইল (অর্থাৎ ঘুরপাক প্রদানের চক্র) কি ড্রাইবিং শাফ্‌ট (অর্থাৎ আদ্য চালক শিক) কি কপিকলও বুঝাইবে।

"স্বামী।"

"স্বামী" শব্দে কোন বাইলর কি প্রাইম মুবর ব্যবহারকারি কোন কর্ম্মকারককে কিম্বা ভাড়াটিয়া ব্যক্তিকেও বুঝাইবে ইতি।

এই আইনের কার্য্যার্থে পরিদর্শকদের নিযুক্ত হইবার কথা।

৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই আইনের অভিপ্রায় সফল করণার্থে পরিদর্শকদিগকে নিযুক্ত করিবেন। তাঁহারা পশ্চাল্লিখিতমতে সকল বাইলর ও তৎসংযুক্ত প্রাইম মুবরের পরিদর্শন করিবেন ইতি।

এই আইনমতের সর্টিফিকেট বিনা বাইলর কি প্রাইম মুবর ব্যবহার করিবার নিষেধের কথা।

৫ ধারা। কোন বাইলর কি প্রাইমমুবর পক্ষে পশ্চাল্লিখিতমত সর্টিফিকেট দেওয়া না গেলে সেই বাইলরের কি প্রাইম মুবরের স্বামী সেই বাইলর কি প্রাইম মুবর ব্যবহার করিবেন না, এবং সর্টিফিকেট যে কালের নিমিত্ত দেওয়া যায় সেই কাল উত্তীর্ণ হইলে পর কোন বাইলর কি প্রাইম মুবরের স্বামী সেই বাইলর কি প্রাইমমুবর ব্যবহার করিতে থাকিবেন না ইতি।

6. The owner of any boiler or prime mover in respect of which a certificate is not in force in the manner hereinafter described, shall, before using the same, give notice to an Inspector appointed under this Act of his intention to use or continue to use the same. The Inspector to whom such notice is given shall appoint a time between sunrise and sunset, and within forty-eight hours after such notice, for the inspection of such boiler or prime mover, and at such time shall carefully examine such boiler or prime-mover, and every part thereof, and the owner or person in charge thereof shall afford to such Inspector all reasonable facilities for such examination, and all such information as may reasonably be required

On notice from owner an Inspector to examine boiler or prime mover

৬ ধারা। যে বাইলরের কি প্রাইম মুবরের সর্টিফিকেট পশ্চাল্লিখিতমতে প্রবল নয় তাহার স্বামী তাহা ব্যবহার করিবার কিম্বা করিতে থাকিবার অভিপ্রায়ের সম্বাদ এই আইনের নিয়মানুসারে নিযুক্ত পরিদর্শককে অগ্রে না দিয়া তাহা ব্যবহার করিতে পারিবেন না। উক্ত সম্বাদ যে পরিদর্শককে দেওয়া যাইবে তিনি সূর্য্যোদয়ের ও অস্তগমনের মধ্যবর্ত্তি কালে অথচ উক্ত সম্বাদ পাইলে পর আটচল্লিশ ঘন্টার মধ্যে সেই বাইলর কি প্রাইমমুবর পরিদর্শন করিবার জন্যে সময় স্থির করিবেন, ও সেই সময়ে উক্ত বাইলর কি প্রাইম মুবর ও তাহার প্রত্যেক অংশ সতর্কতাপূর্ব্বক পরীক্ষা করিয়া দেখিবেন এবং স্বামী কি রক্ষক ঐ পরিদর্শকের কর্ত্তব্য পরীক্ষা করিবার যথোচিত সুবিধা করিবেন এবং তিনি যুক্তি সঙ্গত যাহা জানিতে চাহেন তাহা গোচর করাইবেন ইতি।

স্বামী সম্বাদ দিলে পরিদর্শকদ্বারা বাইলর কি প্রাইম মুবর পরীক্ষিত হইবার কথা।

7. If on making the inspection the Inspector is of opinion that the boiler or prime-mover requires any alteration or addition for the purpose of strengthening and improving the same, he may order the owner thereof to carry out such alteration or addition, and no certificate shall be granted in respect of such boiler or prime-mover until such alteration or addition has been made in the manner required by the Inspector

Inspector may order owner to alter boiler or prime mover

১২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর যে পাটের গুদাম স্থাপিত করা যায় যদি কোন ব্যক্তি লাইসেন্স না লইয়া পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিবার নিমিত্ত ঐ২ স্থানের ব্যবহার করেন, তবে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে ঐ ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। তদ্ভিন্ন যত দিন লাইসেন্স বিনা পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিয়া রাখিবার জন্যে ঐ গুদামের ব্যবহার হয় তাহার দিন প্রতি ঐ ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স না লইয়া গুদাম করিবার দণ্ডের কথা।

13. Any person who uses a jute warehouse for the keeping or depositing of jute or cotton after the Commissioners or Municipal Commissioners shall have refused or cancelled a license in respect thereof, or during the time for which such license shall have been suspended, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred rupees, and to a further penalty not exceeding one hundred rupees for every day during which any such jute warehouse may be so used as aforesaid.

Penalty for using warehouse after refusal of license.

১৩ ধারা। কমিশানরগণ কিম্বা মুনিসিপাল কমিশানরেরা পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিবার জন্যে পাটের গুদামের লাইসেন্স দিতে অস্বীকার করিলে কিম্বা তদ্বিষয়ের লাইসেন্স রহিত করিলে যদি কোন ব্যক্তি সেই কার্য্যের নিমিত্ত সেই স্থানের ব্যবহার করেন অথবা লাইসেন্স স্থগিত করা গেলে যদি স্থগিত থাকিবার সময়ের মধ্যে ঐ স্থানের তদ্রূপ ব্যবহার করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন যত দিন ঐ পাটের গুদামের তদ্রূপ ব্যবহার হয় তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স দিতে অস্বীকার হইলে পর গুদাম ব্যবহার করিলে দণ্ডের কথা।

14. Whenever any of the conditions under which a license is held in respect of any jute warehouse have been broken in such jute warehouse, the person whose name appears on the license as the occupier of such jute warehouse shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees in respect of any one condition so broken.

Penalty on occupier in case of breach of conditions of license.

১৪ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, পাটের ঐ গুদামে তাহার কোন নিয়ম লঙ্ঘন হইলে, লাইসেন্সে ঐ পাটের গুদামের দখলীকার বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে উক্ত কোন এক নিয়ম লঙ্ঘন হেতুক তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সের নিয়ম লঙ্ঘন হইলে দখলিকারের দণ্ডের কথা।

15. Any person who breaks any of the conditions under which a license is held in respect of any jute warehouse shall be liable, on conviction before

Penalty on any person in case of breach of conditions of license.

১৫ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, কোন ব্যক্তি তন্মধ্যে কোন নিয়ম লঙ্ঘন করিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে

লাইসেন্সের নিয়ম লঙ্ঘনের নিমিত্ত কোন ব্যক্তির দণ্ডের কথা।

a Magistrate, to a penalty not exceeding fifty rupees for any one such offence, and in default thereof, to imprisonment not exceeding one month.

Penalty for omitting to give notice on change of occupation

16 If on a change in the occupation of any jute warehouse, the person entering into occupation fail to give the notice required by section 8 of this Act, such person shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees.

PART III.

Fire-Brigade.

Organisation of fire-brigade.

17. It shall be the duty of the Commissioners to organize and maintain an efficient fire-brigade for the town and suburbs of Calcutta.

The Commissioners shall have power to appoint and remove any members or officers of the fire-brigade; and they shall furnish the fire-brigade with all such steam or other fire-engines, horses, oxen, accoutrements, tools, and implements, as may be necessary for the complete equipment of the force, or conducive to the efficient performance of their duties.

Power to frame bye-laws.

18. The Commissioners at a special meeting may frame bye laws in respect of the following subjects —

(1) Giving of gratuities to persons who have given notice of fires

(2.) Awarding gratuities by way of a gross sum or annual payment to be from time to time awarded to any member of the fire-brigade or other person specially deserving of reward

(3) For the training, discipline, and good conduct of the members of the force, not being members of the Calcutta and Suburban Police Force

(4.) For the speedy attendance of such members with engines and all necessary implements on the occasion of any alarm of fire.

(5.) Imposing and summarily realizing a fine not exceeding one week's wages from any member of the brigade who may infringe these bye-laws.

অপরাধ নির্ণয় হইলে, তদ্রূপ কোন এক অপরাধহেতুক তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ও দণ্ডের টাকা না দিলে তাহার এক মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা হইতে পারিবে।

দখলিকার পরিবর্ত্তন হইলে নোটিস না দিবার দণ্ডের কথা।

১৬ ধারা। কোন পাটের গুদামের দখীলকার পরিবর্ত্তন হইলে, ও এই আইনের ৮ ধারায় যে নোটিস দিবার আজ্ঞা হইল, নূতন দখীলকার সেই নোটিস না দিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ-নির্ণয় হইলে ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

তৃতীয় খণ্ড।

অগ্নিনির্ব্বাপক দল।

অগ্নিনির্ব্বাপক দল সংস্থাপনের কথা।

১৭ ধারা। কমিশ্যনরগণ কলিকাতা নগরের ও শাখানগরের নিমিত্ত উপযুক্ত অগ্নিনির্ব্বাপকদল সংস্থাপন ও রক্ষা করিবেন।

কমিশ্যনরগণ উক্ত অগ্নিনির্ব্বাপক দলের কর্ম্মকারকদিগকে ও কর্তৃপক্ষদিগকে নিযুক্ত ও অবসর করিতে পারিবেন। এবং বাষ্পীয় কল বা অন্য দমকল ও ঘোড়া ও গোরু ও সাজ ও হাতিয়ার যন্ত্রপ্রভৃতি যত দ্রব্য হইলে ঐ দল সম্যকরূপে সাজান থাকে ও তাঁহাদের কর্ম্ম উপযুক্তরূপে সম্পন্ন হয় কমিশ্যনরগণ সেই সকল দ্রব্য যোগাইয়া দিবেন।

উপবিধি করিবার ক্ষমতার কথা।

১৮ ধারা। কমিশ্যনরগণ বিশেষ অধিবেশন করিয়া নিম্নলিখিত বিষয়ের উপবিধি করিতে পারিবেন।

(১) কোন ব্যক্তি আগুন লাগিবার সম্বাদ দিলে তাহার পুরস্কার পাইবার,

(২) অগ্নিনির্ব্বাপক দলের অন্তর্গত কোন কর্ম্মকারক কিম্বা অন্য কোন ব্যক্তি বিশেষ পুরস্কার পাইবার যোগ্য হইলে সময়েং মোটে বা বার্ষিক বেতনস্বরূপ, তাঁহার সেই পুরস্কার দেওয়ার,

(৩) কলিকাতা নগরের ও শাখানগরের পোলীসদলের অন্তর্গত লোকভিন্ন ঐ দলের অন্তর্গত ব্যক্তিদের সুশিক্ষা ও সুশাসন ও সদাচরণের,

(৪) আগুন লাগিবার কথা শুনিবামাত্র কল এবং আবশ্যক সকল যন্ত্র লইয়া ঐ কর্ম্মকারকদের ত্বরায় উপস্থিত হইবার,

(৫) উক্ত দলের কোন ব্যক্তি এই উপবিধির মধ্যে কোন উপবিধি লঙ্ঘন করিলে এক সপ্তাহের বেতনের অনধিক অর্থদণ্ড ধার্য্য ও সংক্ষেপমতে আদায় করিবার,

(*e*) And generally, for the maintenance of the fire-brigade in a due state of efficiency.

19. On the occasion of a fire, the chief or other officer in charge of the fire-brigade on the spot may

Powers of fire-brigade in cases of fire.

(*a*) remove, or may order any member of the brigade to remove, any persons whose presence shall interfere with the due operation of the brigade;

(*b*) by himself or by his men break into or through, or pull down, any premises for the purpose of putting an end to the fire, doing as little damage as possible;

(*c*) cause the mains and pipes of any district to be shut off, so as to give greater pressure of water in the place where the fire has occurred;

(*d*) call on the officer in charge of the Port Commissioners' fire-engine to render such assistance as may be possible in the case of any fire occurring near the river bank;

(*e*) and, generally, take such measures as may appear necessary for the preservation of life and property.

The chief officer on the spot in charge of the brigade may verbally nominate and depute one or more officers of the brigade to act at a distance, and such officer or officers shall have for the time being the like powers as the chief officer himself possesses under this section.

Police officers of all grades shall be authorised to aid the fire-brigade in the execution of its duties. They may close any street in or near which a fire is burning, and they may, of their own motion or on the request of the chief or other officer of the fire-brigade, remove any persons who interfere by their presence with the operations of the fire-brigade.

Police officers to render assistance.

Any damage done by the fire-brigade in the due execution of their duties shall be deemed to be damage by fire within the meaning of any policy of insurance of property in Calcutta or the suburbs against fire.

Damage done to be deemed damage by fire.

(ঙ) ও সাধারণতঃ উক্ত দলের কার্য্যোপযোগি হইবার উপযুক্ত অবস্থা থাকিবার।

১৯ ধারা। আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের অধ্যক্ষতাকারী প্রধান কি অন্য যে কর্তৃপক্ষ তৎস্থানে থাকেন,

আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের ক্ষমতার কথা।

(ক) তৎস্থানে কোন ব্যক্তিদের উপস্থিতিপ্রযুক্ত কার্য্য উপযুক্তমতে চলিবার বাধা হইলে, তিনি সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করিয়া দিতে কিম্বা উক্ত দলের কোন কর্ম্মকারককে তাহাদিগকে স্থানান্তর করাইয়া দিবার আদেশ করিতে পারিবেন; ও

(খ) আগুন নিবাইয়া ফেলিবার জন্য আপনি কিম্বা আপন কর্ম্মকারকদিগের দ্বারা কোন বাটীতে প্রবেশ করিয়া বা বাটী দিয়া যাইতে বা গৃহাদি ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন, কিন্তু যাহাতে অল্প হানি হয় সাধ্যমতে এমন চেষ্টা করিবেন, ও

(গ) আগুন যে স্থানে লাগে সেই স্থানে নলের জল অধিক বেগে নির্গত হইতে পারে এই নিমিত্ত নগরের অন্য কোন অংশের নল বন্ধ করাইয়া দিতে পারিবেন; ও

(ঘ) গঙ্গার ধারে আগুন লাগিলে বন্দরের কমিশনরদের দমকল যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার প্রতি সাধ্যমতে সাহায্য করিবার আদেশ করিতে পারিবেন; ও

(ঙ) সাধারণতঃ প্রাণ ও সম্পত্তি রক্ষা করিবার জন্য অন্য যে উপায় অবলম্বন করা আবশ্যক হয়, তাহাও করিতে পারিবেন।

অগ্নি নির্ব্বাপক দলের অধ্যক্ষস্বরূপ যে প্রধান কর্ম্মকারক তৎস্থানে থাকেন তিনি বাচনিক আদেশ দিয়া দূর স্থানে গিয়া কর্ম্ম করিবার নিমিত্ত দলের এক কি একাধিক কর্ম্ম কারককে নিযুক্ত করিতে পারিবেন; তাহা করিলে এই ধারামতে প্রধান কর্ম্মকারকের যে২ ক্ষমতা থাকে তৎকালের নিমিত্ত সেই২ কর্ম্মকারকের কি কর্ম্মকারকদের সেই২ ক্ষমতা থাকিবে।

অগ্নি নির্ব্বাপকদল যে সময়ে আপনাদের কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন সেই সময় পোলীসের সকল শ্রেণীর কর্ম্মকারকের প্রতি তাঁহাদের সাহায্য করিবার অনুমতি থাকিবে। যে রাস্তার ধারে আগুন লাগে তাঁহারা সেই রাস্তা বন্ধ করিতে পারিবেন। ও যে ব্যক্তিদের উপস্থিত থাকাপ্রযুক্ত অগ্নিনির্ব্বাপক দলের কার্য্যের ব্যাঘাত হইতে পারে তাঁহারা আপনাদের বিবেচনামতে কিম্বা ঐ দলের প্রধান কি অন্য কর্তৃপক্ষের আদেশমতে সেই ব্যক্তি দিগকে স্থানান্তর করাইয়া দিতে পারিবেন।

পোলীস কর্ম্মকারকদের সাহায্য করিবার কথা।

অগ্নি নির্ব্বাপকদলের কর্ম্মকারকেরা উচিতমতে আপনাদের কর্ম্মনির্ব্বাহ করণ সময়ে যে হানি করেন, কলিকাতা নগরে বা শাখানগরে অগ্নিদ্বারা সম্পত্তির হানি পূরণার্থে কোন বিমাপত্রের কথার অর্থক্রমে সেই হানি অগ্নিজন্য হানি বলিয়া জ্ঞান হইবে।

হানি হইলে অগ্নিদ্বারা হানি বলিয়া জ্ঞান হইবার কথা।

But nothing in this section shall exempt any officer of the police or of the fire-brigade from liability to damages on account of any acts done by him without reasonable cause

Inquiry into origin of fire

20 In the case of any fire occurring in Calcutta or the suburbs, the chief officer of the fire-brigade shall ascertain the facts as to the origin and cause of such fire, and shall make a report thereon to the Magistrate having jurisdiction in the place in which such fire shall have occurred, and the said Magistrate, in any case where he may see fit, shall summon witnesses and take evidence in order to the further ascertainment of such facts

LICENSES AND PENALTIES.

License for using fire-works

21. No person shall let off rockets or send up fire-balloons without a license from the Commissioner of Police, for which license a fee of ten rupees shall be payable.

License for sale or manufacture thereof

22 No person shall sell or manufacture fire-works without a license from the Commissioner of Police, for which a yearly fee of ten rupees shall be payable in advance

Penalty for using without license

23. Whoever shall let off rockets or send up fire-balloons without a license as aforesaid, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees for any one such offence

Penalty for selling, &c.

24 Whoever shall sell or manufacture fire-works without a license as aforesaid, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees,

Power to withdraw license

25 The Commissioner of Police may at his discretion, and after thirty days' notice, withdraw or suspend any license granted by him under this Act

Liability of house-holders

26 In the event of any rockets being let off, or fire-balloons sent up, within the precincts of any private premises or compound without the express permission in writing of the Commissioner of Police, the occupier or owner, or person under whose immediate control the said premises or compound is, shall be liable to a fine

কিন্তু যদি পোলিসের কিম্বা অগ্নিনির্ব্বাপকদলের কোন কর্ম্মকারক যুক্তিসিদ্ধ কারণ বিনা হানিজনক কোন ক্রিয়া করেন, তবে তিনি এই ধারার কোন কথানুসারে হানিপূরণ করিবার দায় হইতে মুক্ত হইবেন না।

আগুন কিরূপে লাগিল ইহার অনুসন্ধান লইবার কথা।

২০ ধারা। কলিকাতার কিম্বা শাখানগরে আগুন লাগিলে, অগ্নিনির্ব্বাপকদলের প্রধান কর্ম্মকারক ঐ আগুন লাগিবার মূল কারণের ও হেতুর বৃত্তান্ত নির্ণয় করিয়া ঐ আগুন লাগিবার স্থানে যে ম্যাজিষ্ট্রেট সাহেবের বিচারের ক্ষমতা থাকে তাঁহার নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন। উক্ত মাজিষ্ট্রেট কোন স্থলে বিহিত বোধ করিলে ঐ বৃত্তান্ত আরো স্পষ্টরূপে নির্ণয় করিবার নিমিত্তে সাক্ষিদিগকে আহ্বান করিয়া সাক্ষ্য লইতে পারিবেন।

লাইসেন্সপাত্রের ও দণ্ডের কথা।

আতশ বাজী ছুড়িবার লাইসেন্সের কথা।

২১ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেবের স্থানে লাইসেন্সপত্র না পাইলে কোন ব্যক্তি কলিকাতা নগরের কি শাখানগরের মধ্যে হাউই কি আগুনের বেলুন ছাড়িতে পারিবে না। উক্ত লাইসেন্সের নিমিত্তে দশ টাকা ফী দিতে হইবে।

তাহা বিক্রয় কি প্রস্তুত করিবার লাইসেন্সের কথা

২২ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেবের স্থানে লাইসেন্স না পাইলে কোন ব্যক্তি কলিকাতা নগরের কি শাখানগরের মধ্যে আতশবাজী বিক্রয় কি প্রস্তুত করিবেন না। সেই লাইসেন্সের নিমিত্ত বৎসর২ আগাম দশ টাকা ফী লাগিবে।

লাইসেন্স বিনা ব্যবহার করিবার দণ্ডের কথা।

২৩ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে লাইসেন্স না পাইয়া কলিকাতা নগরে কি শাখানগরে হাউই কি আগুনের বেলুন ছাড়িলে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

বিক্রয় কি [illegible] করিবার দণ্ডের কথা।

২৪ ধারা। কোন ব্যক্তি পূর্ব্বোক্তমত লাইসেন্স না পাইয়া কলিকাতা নগরে কি শাখানগরে আতশ বাজী বিক্রয় কি প্রস্তুত করিলে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

লাইসেন্স রদ করিবার ক্ষমতার কথা।

২৫ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেব এই আইনমতে যে লাইসেন্স দেন ত্রিশ দিনের নোটিস দিয়া আপনার বিবেচনামতে তাহা রহিত বা কিয়ৎকাল স্থগিত রাখিতে পারিবেন।

গৃহস্থদের দায়ের কথা।

২৬ ধারা। পোলীসের কমিশ্যনর সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি না হইলেও কলিকাতা নগরের কি শাখানগরের অন্তর্গত কোন ব্যক্তির বাড়ীর কি প্রাঙ্গণের মধ্যে কোন স্থানে হাউই কিম্বা আগুনের বেলুন ছাড়া গেলে সেই বাড়ী কি প্রাঙ্গণ অব্যবহিতরূপে যে ব্যক্তির কর্তৃত্বে থাকে তিনি ঐ অপরাধ

not exceeding fifty rupees, unless he can prove who the person having committed the offence is, and that the offence was committed without his knowledge.

PART IV

Expenses and Funds

Application of fund

27. The Commissioners and Municipal Commissioners respectively shall apply the monies derived from the fees and penalties levied under this Act within their respective jurisdictions in payment of all expenses incurred by them respectively in or about the inspection and superintendence of jute warehouses, and the granting of licenses in respect thereof In the case of Calcutta and the suburbs, the balance of such monies after payment of the said expenses shall be paid to the credit of an account in the books of the Commissioners, to be called the fire-brigade account, and shall be applied by the Commissioners for the benefit of the town of Calcutta and the suburbs thereof in such manner as the Lieutenant-Governor of Bengal may direct,

and in the case of the Municipality of Howrah, the balance of such monies after payment of the said expenses shall be paid to the credit of the Municipal Commissioners of Howrah, and shall be applied by them for the purposes of a fire-brigade, or for such other purposes for the benefit of the Municipality of Howrah as the Lieutenant-Governor of Bengal may direct

Proportions of contribution towards payment of expenses of fire-brigade

28 The cost of all establishments and plant hired or purchased, and of all other charges under Part III of this Act, shall be paid from the fire-brigade fund The full amount of such charges over and above the monies which may accrue to the fire-brigade fund under section 27 of this Act, shall be contributed by the Commissioners and by the Suburban Commissioners in the following proportions, namely,—by the Commissioners, seven-tenths, by the Suburban Commissioners, three-tenths At the end of each quarter of a year, the Commissioners shall certify to the Suburban Commissioners the total cost of the fire-brigade for such year, the money which may have accrued under section 27 of this Act, and the precise sum which must be paid by each body charged with the cost of the Calcutta fire-brigade under this Act On the receipt of such certificate, the Suburban Commissioners shall pay the sum certified against them by the Commissioners provided

কে করিয়াছে ও সেই অপরাধ আপনার অজ্ঞাতসারে করা গিয়াছে ইহার প্রমাণ দিতে না পারিলে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ।

চতুর্থ খণ্ড ।

খরচার ও ফণ্ডের বিধি ।

ফণ্ডের টাকায় যাহা ক রিতে হইবে তাহার কথ ।

২৭ ধারা । এই আইনমতে ফী ও দণ্ডস্বরূপ যত টাকা আদায় হয় কমিশ্যনরগণ এবং মুনিসিপল কমিশ্যনরেরা আপন ক্ষমতাধীন স্থানে প্রাপ্ত সেই টাকা হইতে পাটের গুদামের পরিদর্শন ও তত্ত্বাবধান এবং তৎসম্পর্কীয় লাইসেন্স প্রদানের সমস্ত খরচ দিবেন । টাকা উদ্বর্ত্ত থাকিলে কলিকাতানগরে ও শাখানগরে কমিশ্যনরগণের খাতা-বহীর মধ্যে অগ্নি নির্ব্বাপকদলের হিসাবখাতা নামে যে বহী থাকিবেক তাহা সেই বহীতে জমা করিয়া লওয়া যাইবে । এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যদ্রূপ আদেশ করুন, কমিশ্যনরগণ কলিকাতা নগরের ও শাখা নগরের হিতার্থে তাহা তদ্রূপে খরচ করিবেন ।

এবং হাবড়ার মুনিসিপালিটীর মধ্যে উক্ত খরচ শোধ হইলে পর ঐ টাকার যাহা বাকী থাকে তাহা হাবড়ার মুনিসিপল কমিশ্যনরদের নামে জমা করিয়া লওয়া যাইবে, এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যদ্রূপে আজ্ঞা করেন তাঁহারা তদ্রূপে অগ্নিনির্ব্বাপক দলের জন্যে কিম্বা হাবড়ার মুনিসিপালীটীর হিতকর অন্য কার্য্যে তাহা খরচ করিবেন ।

অগ্নিনির্ব্বাপকদলের ব্যয় পোষণার্থে কাহার কত দিতে হইবে তাহার কথা ।

২৮ ধারা । সকল কর্ম্মকারকদের বেতনাদি এবং যত যন্ত্র ভাড়া করিয়া কি ক্রয় করিয়া লওয়া যায় ও এই আইনের তৃতীয় খণ্ডমত অন্য যত খরচ হয় তাহা অগ্নিনির্ব্বাপক দলের ফণ্ডহইতে দেওয়া যাইবে । এই আইনের ২৭ ধারামতে অগ্নিনির্ব্বাপকদলের ফণ্ডে যত টাকা জমা হয় কমিশ্যনরগণ ও শাখানগরের কমিশ্যনরেরা নিম্নলিখিত হারানুসারে তাহার উর্দ্ধ ও তদধিক অন্য খরচের সমুদয় টাকা দিবেন, কমিশ্যনরগণ দশভাগের সাত ভাগ, শাখানগরের কমিশ্যনরেরা দশভাগের তিন ভাগ । প্রতিবৎসর অগ্নিনির্ব্বাপকদলের নিমিত্তে মোটে কত টাকা খরচ লাগে ও এই আইনের ২৭ ধারামতে কত টাকা জমা হইযাছে এবং এই আইনমতে কলিকাতার অগ্নিনির্ব্বাপকদলের খরচ দিবার ভার যেং সমাজের প্রতি বর্ত্তে সেইং সমাজের ঠিক কত করিয়া দিতে হইবে কমিশ্যনরগণ উক্ত বৎসরের প্রত্যেক ত্রৈমাসান্তরে শাখানগরের কমিশ্যনরদিগকে এইং কথা শংসিতমতে জানাইবেন । শাখানগরের কমিশ্যনরেরা সেই শংসিতপত্র পাইলে কমিশ্যনরগণ শংসিতমতে তাঁহাদের নামে যত টাকা লেখেন তত টাকা দিবেন । কিন্তু দশ ভাগের মধ্যে শাখানগরের কমিশ্যনরদের

that in no case shall the three-tenths payable by the Suburban Commissioners in any year after the first year of the establishment of the fire-brigade exceed the sum of ten thousand rupees

---

PART V

MISCELLANEOUS

29 The Lieutenant Governor of Bengal may, on the recommendation of the Commissioners passed by resolution, declare that any other fibre or any commodity which is stored or deposited in warehouses besides jute or cotton, shall be warehoused, and kept subject to the provisions of Part II of this Act When such declaration shall have been made in the *Calcutta Gazette*, this Act shall be read as if the name or names of the said fibre or commodity had been printed in addition to the words "jute" or "cotton" in the several sections of Part II, wherein the said words "jute" or "cotton" may occur

Lieutenant Governor may declare the warehousing of any other substance to be subject to Act

30 The Commissioners and Municipal Commissioners respectively shall make a report to the Lieutenant-Governor once a year, at such time as the Lieutenant-Governor shall direct, showing how the provisions of this Act have been carried out, and specifying the jute warehouses in respect of which licenses have been granted Such report shall be forthwith published in the *Calcutta Gazette*

Submission of reports

31 Any person committing any offence in respect of which a penalty is provided by section 15 or section 26 of this Act may, if his name and address be unknown be arrested by any officer to be by the Commissioners or the Municipal Commissioners within their respective jurisdictions thereunto appointed, and by such officer or any person by him thereunto authorized, or by any officer of police, forthwith conveyed before some Magistrate having jurisdiction in the place in which such offence shall have been committed, or shall be taken to the nearest police station within the said jurisdiction in order that such person may be detained until he can be brought before a Magistrate, or until he shall enter into recognizance with or without sureties for his appearance before a Magistrate

Power to arrest

[*Government Gazette*, 11*th March* 1879.]

যে তিন ভাগ দিতে হইবে অগ্নিনির্ব্বাপকদল স্থাপন হইবার প্রথম বৎসরের পর কোন বৎসরে সেই তিন ভাগ যেন দশ হাজার টাকার অধিক না হয়।

পঞ্চম খণ্ড।

বিবিধ বিধি।

২৯ ধারা। কমিশানরগণ নির্দ্ধারণ করিয়া পরামর্শ দিলে পাট ও তূলা ভিন্ন অন্য যে কোন মাল দ্রব্য কিম্বা অন্য যে কোন দ্রব্য গুদামে সঞ্চিত করিয়া কি গচ্ছিৎ করিয়া রাখা গিয়া থাকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কমিশানরগণের সেই পরামর্শমতে ঐ সকল দ্রব্য এই আইনের দ্বিতীয় খণ্ডের বিধানমতে গুদামজাত করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে দ্বিতীয় খণ্ডের যে২ ধারায়, "পাট" ও "তূলা" শব্দ থাকে সেই২ ধারায় ঐ২ শব্দের পর উক্ত মাল দ্রব্যের বা অন্য দ্রব্যের নাম লেখা থাকার ন্যায় ঐ২ ধারা পাঠ করিতে হইবে।

অন্য দ্রব্য গুদামজাৎ করা গেলে তাহার প্রতিও এই আইনের বিধান খাটে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এই আজ্ঞা করিতে পারিবার কথা।

৩০ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য যে রূপ সম্পাদন হইতেছে এবং পাটের যে২ গুদামের উক্ত লাইসেন্স দেওয়া গিয়াছে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে২ সময় নিরূপণ করেন কমিশানরগণ ও মুনিসিপিল কমিশানরেরা সেই২ সময়ে বৎসর২ একবার সেইরূপ রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট অগৌণে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

রিপোর্ট দিবার কথা।

৩১ ধারা। এই আইনের ১৫ কি ২৬ ধারায় যে২ অপরাধের অর্থদণ্ডের বিধান হইল কোন ব্যক্তি উক্ত কোন অপরাধ করিলে ও তাঁহার নাম ও বাসস্থান জানা না থাকিলে কমিশানরগণ কিম্বা মুনিসিপল কমিশানরেরা আপন২ ক্ষমতাধীন স্থানে তাঁহাকে ধরিবার জন্যে যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তিনি তাঁহাকে ধরিতে পারিবেন ও যে স্থানে অপরাধ করা গেল ঐ কর্ম্মকারক কিম্বা সেই কর্ম্মে তাঁহার নিযুক্ত অন্য ব্যক্তি কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক সেই স্থানের বিচারাধিপত্য প্রাপ্ত কোন মাজিষ্ট্রেটের সম্মুখে তাঁহাকে আনিবেন কিম্বা বিচারাধিপত্য বিশিষ্ট সন্নিহিত পোলীস থানায় তাঁহাকে তৎক্ষণাৎ লইয়া গিয়া যত কাল মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যাইতে না পারে কিম্বা ঐ ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবেন জামিনের সহিত কি জামিনভিন্ন যতকাল ইহার মুচলকা লিখিয়া না দেন তত কাল তাঁহাকে তথায় আটক করাইয়া রাখিবেন।

ধৃত করিবার ক্ষমতার কথা।

32 Whenever such person shall be taken to a police station, the officer in charge of such station shall, as soon as conveniently may be, cause him to be conveyed before some Magistrate having jurisdiction in the matter

Offenders to be brought to trial.

৩২ ধারা। উক্ত প্রকারে পোলীস থানায় আনা গেলে যে ব্যক্তির প্রতি ঐ থানার অধ্যক্ষতা ভার থাকে তিনি সুবিধামতে ত্বরায় সেই বিষয়ের বিচারাধিপত্যবিশিষ্ট কোন মাজিষ্ট্রেটের নিকট ঐ ব্যক্তিকে পাঠাইবেন।

অপরাধিদের বিচার হইবার কথা।

33. Whenever any person shall be charged with the commission of any offence under this Act before a Magistrate, such Magistrate may forthwith hear and summarily determine the charge of such offence

Summary jurisdiction

৩৩ ধারা। এই আইনের উল্লিখিত কোন অপরাধ করিয়াছে বলিয়া মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে মাজিষ্ট্রেট তৎক্ষণাৎ সরাসরীমতে ঐ অপরাধের অভিযোগ শুনিয়া নির্ণয় করিবেন।

সরাসরীমতে বিচার হইবার কথা।

34 Every license granted under Part II of this Act shall, as far as possible, be in the form in the schedule to this Act annexed

Form of license.

৩৪ ধারা। এই আইনের ২ য় খণ্ডমতে পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলের বিষয়ে যে লাইসেন্স দেওয়া যায় তাহা যত দূর হইতে পারে, এই আইনের তফসীলের নির্দ্ধারিত পাঠে লেখা যাইবে।

লাইসেন্সের পাঠ।

35 Nothing in this Act shall be deemed to apply to places wherein small quantities of jute, not exceeding four maunds at any one time, are deposited for the purpose of any manufacture or retail trade

Saving of places of manufacture of retail trade

৩৫ ধারা। কোন কারিগরির নিমিত্ত কিম্বা খুজরা বিক্রয়ের নিমিত্ত অল্প করিয়া, অর্থাৎ এক কালে চারিমণের অনধিক পাট যে স্থানে রাখা গিয়া থাকে, এই আইনের বিধান যে সেই স্থানের প্রতি খাটে, এমত জ্ঞান করিতে হইবেন না।

কারিগরির কি খুজরা বিক্রয়ের স্থানের প্রতি না খাটিবার কথা।

SCHEDULE

(*See Section* 34)

License under Bengal Act of 1879
No *of* 187

The Corporation of the Town of Calcutta hereby grant unto
this License under Bengal Act of 1879 to store and press jute in premises No
Calcutta,
subject to the conditions noted on the back, and they hereby acknowledge to have received the sum of Rs. being the License Fee due by the said from
to 187 in respect of the aforesaid premises at the rate of Rs per annum

Name of owner
Name of occupier

Secretary to the Corporation of the Town of Calcutta

The day of

তফসীল।

(৩৪ ধারা দেখ।)

১৮৭৯ সালের বঙ্গীয় আইনমত লাইসেন্স।

অমুক সালের অমুক নম্বর।

কলিকাতা নগরের সমবায়িত সমাজ ১৮৭৯ সালের বঙ্গীয় আইনমতে শ্রীঅমুককে পৃষ্ঠলিখিত নিয়মাধীনে কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে পাট রাখিবার ও বাঁধিবার এই লাইসেন্স দিলেন এবং তাঁহারা উক্ত ব্যক্তির স্থানে পূর্ব্বোক্ত বাটীর নিমিত্তে বৎসর এত টাকার হারে ১৮৭ সালের অমুক তারিখঅবধি অমুক তারিখ পর্য্যন্ত লাইসেন্স ফী বলিয়া এত টাকা বুঝিয়া পাইলেন।

স্বামির নাম
দখলীকারের নাম

কলিকাতা নগরের সমবায়িত সমাজের সেক্রেটরী।

সাল তাং

STATEMENT OF OBJECTS AND REASONS.

It has been found desirable to reduce the fees which are now leviable on licenses for jute warehouses But as the law prescribes a minimum fee, it is necessary to resort to further legislation to effect this object The present Bill empowers the Local Government to fix a scale of fees for jute warehouses after consultation with the municipal authorities It has also been decided to repeal the clauses in the Jute Warehouse and Fire-brigade Act which authorize the levy of contributions from Insurance Companies for the expenses of the fire-brigade in Calcutta and the Suburbs, as these sums, although paid in the first place by the companies, are afterwards recovered by them from the insurers, on whom the taxation really falls These clauses are accordingly omitted from the Bill It is also intended to bring places used for the storing of mineral oils under the operation of the Act As these amendments will considerably alter the existing law, it has been found convenient to consolidate it into one Act

J O'Kinealy

The 21st December 1878

Frederick Clarke,
Asst Secy to the Govt of Bengal,
Legislative Department

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

পাটের গুদামের লাইসেন্স জন্য একণে যে ফী দিতে হয়, তাহা কমান বাঞ্ছনীয় হইয়া উঠিয়াছে। কিন্তু ফী যত কম হইতে পারে আইনে তাহারই নির্দ্দেশ থাকায়, উক্ত অভিপ্রায় সিদ্ধির নিমিত্ত নূতন ব্যবস্থা করিবার প্রয়োজন হইয়াছে। মুনিসিপাল কর্তৃপক্ষদিগের সহিত পরামর্শ করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট পাটের গুদামের ফীর হার ধার্য্য করিতে পারিবেন, উপস্থিত পাণ্ডুলিপিতে এইরূপ ক্ষমতা প্রদত্ত হইয়াছে। পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদল বিষয়ক আইনের যে যে প্রকরণক্রমে কলিকাতায় ও শাখানগরের ইনস্যুরান্স কোম্পানিদের নিকট হইতে অগ্নিনির্ব্বাপকদলের ব্যয় নির্ব্বাহার্থে অর্থসাহায্য লইবার ক্ষমতা প্রদত্ত হইয়াছিল সেই সেই প্রকরণগুলি রহিত করা যাইবে, অবধারিত হইয়াছে, কারণ উক্ত টাকা প্রথমে কোম্পানিরা দিলেও পরে তাহা বিমাকারিদিগের নিকট হইতে আদায় করিয়া লওয়া হয়, সুতরাং প্রকৃত পক্ষে বিমাকারিদের উপরই করভার পড়ে। এজন্য এই প্রকরণগুলি পাণ্ডুলিপি হইতে উঠাইয়া দেওয়া হইয়াছে। খনিজ তৈল সঞ্চিত করিয়া রাখিবার স্থানগুলিও এই আইনের কার্য্যাধীনে আনিবার অভিপ্রায় আছে। এইরূপে সংশোধিত হইলে বর্ত্তমান আইন বহুলাংশে পরিবর্ত্তিত হইবে এজন্য এক আইনে সমুদয় ব্যবস্থা সংগ্রহ করা সুবিধা বোধ হইয়াছে।

জে, ওকিনেলী।

১৮৭৮ সাল ২১ ডিসেম্বর।

ফ্রেডরিক ক্লার্ক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।
Raj Krishna Mukhopadhyaya, M A and B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 1, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১ আপ্রিল।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Bill was read in the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations on the 8th March 1879, and was referred to a Select Committee who are to report thereon in three weeks —

A Bill to amend Bengal Act III of 1878

Preamble

WHEREAS it is necessary to amend Bengal Act III of 1878 *(an Act to define and limit the powers of settlement officers with respect to enhancement of rent)*, and further to define the powers of settlement officers in respect of the determination of rents It is enacted as follows —

Proviso added to section 2

1 To section 2 of the said Act the following proviso shall be added —

Provided always that notwithstanding anything to the contrary in this or any other Act, any rent which may have been recorded as demandable from an under-tenant or ryot in accordance with rates confirmed under the provisions of section 3 of this Act, and in respect of which notice shall have been served or published as provided in section 4 of Bengal Act III of 1878, shall by every court having cognizance of rent suits be deemed to be fair and equitable, and, if such rent be higher than the rent previously paid by such under-tenant or ryot, to have been correctly enhanced, unless it be proved that such recorded rent is higher than the rent which would be demandable from such under-tenant or ryot according to the calculations mentioned in section 5 as substituted by this Act

New proviso in section 3

2 The following proviso shall be substituted for the first proviso in section 3 of the said Act —

"Provided that where in the course of any settlement proceedings conducted under Regulation VII of 1822, the general rates of rent to be adopted in such settlement shall have been confirmed by the revenue authorities from time to time empowered in this behalf by the local Government, and, in accordance with such rates, a higher rent shall have been recorded as demandable from any under tenant or ryot than was previously paid by him, such rent shall be deemed to have been correctly enhanced until the contrary be proved"

[*Government Gazette*, 1st *April* 1879]

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কার্য্যবিভাগ।

আইনের নিম্নলিখিত পাণ্ডুলিপি ১৮৭৯ সালের ৮ মার্চ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইয়া তিন সপ্তাহের মধ্যে রিপোর্ট করিবার জন্য সিলেক্ট কমিটির হস্তে অর্পিত হয়।—

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন (অর্থাৎ খাজানাবৃদ্ধিকরণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারণ ও সংসীমা নিরূপণ করণার্থ আইন) সংশোধন করা, এবং খাজানা নির্ণয় সম্বন্ধে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা আরও নির্দ্ধারিত করা আবশ্যক, অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।—

২ ধারায় উপবিধান যোগ করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ২ ধারায় পশ্চাল্লিখিত উপবিধান যোগ করিতে হইবে।—

কিন্তু এই কি অন্য আইনে বিপরীত বিধান থাকিলেও এই আইনের ৩ ধারার বিধানক্রমে অনুমোদিত হারানুসারে কোন পেটাও প্রজা কি রায়তের নিকটে প্রাপ্য বলিয়া যে খাজানা লিপিবদ্ধ হয়, এবং যৎসম্বন্ধে ১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইনের ৪ ধারার বিধানক্রমে নোটিস জারী কি প্রচার করা যায় তাহা খাজানার মোকদ্দমার বিচার ভারপ্রাপ্ত প্রত্যেক আদালত উপযুক্ত ও ন্যায্য জ্ঞান করিবেন, এবং তাহা পূর্ব্বে উক্ত পেটাও প্রজা কি রায়ত যে খাজানা দিত তদপেক্ষা উচ্চতর হইলেও, যদি ইহা সপ্রমাণ না হয় যে এই আইনে প্রদত্ত ৫ ধারার উল্লিখিত হিসাবক্রমে উক্ত পেটাও প্রজা কি রায়তের নিকটে যে খাজানা প্রাপ্য হয় ঐ লিপিবদ্ধ খাজানা তদপেক্ষা উচ্চতর, তাহা হইলে ঐ খাজানা ন্যায়মতে বৃদ্ধি করা গিয়াছে বলিয়া জ্ঞান করিবেন।

৩ ধারার নূতন উপবিধান।

২ ধারা। উক্ত আইনের ৩ ধারার প্রথম উপবিধানের পরিবর্ত্তে পশ্চাল্লিখিত উপবিধান দিতে হইবে।

"কিন্তু ১৮২২ সালের ৭ আইন অনুসারে বন্দোবস্তী কার্য্যক্রমে উক্ত বন্দোবস্তে খাজানার যে সাধারণ হার ধরিতে হইবে এতৎপক্ষে সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে ক্ষমতা প্রাপ্ত রাজস্বসম্পার্কীয় কর্ত্তৃপক্ষেরা তাহার অনুমোদন করিলে, এবং কোন পেটাও প্রজা কি রায়ত পূর্ব্বে যে খাজানা দিত উক্ত হারানুসারে, তাহার নিকটে তদপেক্ষা উচ্চতর খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ হইলে, যাবৎ বিপরীত প্রমাণ না পাওয়া যায়, উক্ত খাজানা ন্যায়মতে বৃদ্ধি করা হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।"

New section substituted for section 5.

3. The following section shall be substituted for section 5 of the said Act.—

"In any notice served, or in any general notice published as provided in the last preceding section, it shall not be necessary to specify the area which was held, or the amount of rent which was paid by any under-tenant or ryot at any previous time, but it shall be sufficient to state that the rents recorded in the proceedings as demandable from the under-tenants or ryots named in such notice, or in the jummabundi appended thereto, on account of the land now held by them respectively, are calculated on rates which do not bear a higher proportion to the general rates which were taken as the basis of the last previous settlement of the estate than the average value of produce, prevailing at the time of the present settlement, bears to the value of similar produce which prevailed at such last settlement as recorded in the papers of such settlement, or otherwise ascertained, or (if the value of produce at the time of such previous settlement has not been recorded in the papers of such settlement or cannot be otherwise ascertained) than the average value of produce prevailing at the time of the present settlement bears to the average value of similar produce calculated on any period of three consecutive years since the date of the last previous settlement."

৩. ধারা। উক্ত আইনের ৫ ধারার পরিবর্ত্তে পশ্চাল্লিখিত ধারা দিতে হইবে।

৫ ধারার পরিবর্ত্তে নূতন ধারা।

"পূর্ব্বে নোটিস জারী কিম্বা পূর্ব্ব ধারাক্রমে যে সাধারণ নোটিস প্রচার করা যায়, তাহাতে পূর্ব্বে কোন পেটাও প্রজা কি রায়ত যত ভূমি ভোগ করিত বা যত খাজানা দিত ইহার নির্দ্দেশ করা আবশ্যক হইবে না। উক্ত নোটিসে কি তৎসংযুক্ত জমাবন্দিতে যে পেটাও প্রজা কি রায়তদের নাম থাকে, তাহাদের ভোগ করা ভূমিজন্য তাহাদের কাছে প্রাপ্য বলিয়া যত খাজানা নথীতে লিপিবদ্ধ থাকে, তাহা পশ্চাল্লিখিত হিসাবে ধরা গিয়াছে বলিলেই যথেষ্ট হইবে। পূর্ব্ব বন্দোবস্তের সময়ে শস্যের যে মূল্য ছিল বলিয়া উক্ত বন্দোবস্তের কাগজে লিপিবদ্ধ দেখা যায় বা অন্যরূপে নির্ণীত হয়, তাহার সহিত বর্ত্তমান বন্দোবস্তকালীন উক্ত শস্যের গড়মূল্যের যে অনুপাত লক্ষিত হয়, কিম্বা পূর্ব্ববন্দোবস্ত সময়ের শস্যের মূল্য বন্দোবস্তের কাগজে লিপিবদ্ধ না থাকিলে বা অন্যরূপে নির্ণীত করা না গেলে, পূর্ব্ব বন্দোবস্তের পরবর্ত্তী ক্রমিক তিন বৎসরের শস্যের গড় মূল্যের সহিত বর্ত্তমান বন্দোবস্তকালীন উক্ত শস্যের গড় মূল্যের যে অনুপাত দৃষ্ট হয়, মহালের পূর্ব্ব বন্দোবস্তে যে সাধারণ হার অবলম্বিত হয় তাহার সহিত বর্ত্তমান হারের তাদৃশ অনুপাত লক্ষিত হইয়াছে।"

STATEMENT OF OBJECTS AND REASONS.

BENGAL Act III of 1878 provides that enhanced rents recorded as demandable by a settlement officer in the course of proceedings under Regulation VII of 1822 shall be deemed to have been correctly enhanced until the contrary be proved. But in order that this validity may attach to rents so recorded, it is necessary that a notice of enhancement be served on each ryot, or a jummabundi published under section 4; and section 5 requires that the grounds of the enhancement shall be specified in any such notice or jummabundi.

Section 2 further requires that the grounds of enhancement must be one or more of those specified in Section 18, Bengal Act VIII of 1868. Where the ground of enhancement under that section is a rise in the value of produce, the decisions of the Civil Courts indicate that they will require a specific comparison to be made, on the one hand, between the rates on which the proposed enhanced rent is calculated, and the value of the produce at the time being, and, on the other, between the rates on which the rent previously paid was calculated, and the value of the produce at the time when the rent of the holding was last adjusted, or at some other period during the tenancy of the ryot *

* In the celebrated case of Thakooranee Dassee (III W R 29), decided on the 19th June 1865, Mr Justice Macpherson, while concurring with Mr. Justice Trevor on the principle that the enhanced rent should bear to the present value of the produce the same proportion as the old rent bore to the value of produce at the time taken for comparison, wrote in his judgment—

"Let the zemindar go back to any year he chooses; let him go back to the last adjustment if he can, if not to any year which he thinks will suit his purpose"

Experience has shewn that these conditions practically frustrate the object of the Act. In most cases of resettlement of large estates the Collector is unable to obtain from the zemindars anything like complete papers, from which it can be shown in what year, or on what area (and therefore on what rates), the existing arrangement as to rent was made with each separate ryot, such arrangement having in most cases been made, and the holding itself created, at some time after the last general settlement of the estate, the records of which therefore contain no mention of it.

It is against the interest both of the zemindar and of the ryot to furnish the information, and not only so, but in many cases, even in estates the property of Government, the information does not exist in such a systematic shape as to make it available In the absence of it, it is impossible for the settlement officer to set out the grounds of enhancement in the notices or eventually to establish them in Court, if called on to do so, in the specific manner required,

As the assessment of the land revenue demand on the zemindars must depend in great measure on the aggregate of the rents which are paid by the under-tenants and ryots, the effect of the difficulty above explained is to debar the settlement officer, on the expiration of the term for which an estate has been temporarily settled, from assessing on it such a demand of land revenue as fairly represents the share of the unearned increased value of the produce of the soil to which the State is fairly entitled as public revenue

The object of the Bill is to remove this difficulty, while securing the ryot against arbitrary and excessive enhancement

H. L. DAMPIER.

The 8th March 1879.

FREDERICK CLARKE,
Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Dept.

[*Government Gazette*, 1st *April* 1879.]

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইনে বিধান আছে যে ১৮২২ সালের ৭ আইন অনুসারে কার্য্য করিয়া কোন বন্দোবস্তী কার্য্যকারক বর্দ্ধিত খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করিলে, যাবৎ বিপরীত প্রমাণ না পাওয়া যায়, তাহা ন্যায়মতে বর্দ্ধিত হইয়াছে জ্ঞান করিতে হইবে। কিন্তু উক্তরূপ লিপিবদ্ধ খাজানা সিদ্ধ করাইবার জন্য আবশ্যক এই যে প্রত্যেক রায়তকে খাজানা বৃদ্ধির নোটিস দেওয়া হয়, কিম্বা ৪ ধারাক্রমে জমাবন্দি প্রচার করা হয়, আর ৫ ধারার আদেশ এই যে উক্ত নোটিস বা জমাবন্দিতে খাজানা বৃদ্ধির হেতু নির্দ্দিষ্ট থাকে।

২ ধারায় আরও আদেশ আছে যে খাজনা বৃদ্ধির হেতু ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৮ ধারার নির্দ্দিষ্ট এক বা অনেক হেতু হওয়া চাই। শস্যের মূল্যবৃদ্ধি উক্ত ধারাক্রমে খাজানা বৃদ্ধির হেতু হইলে, দেওয়ানী আদালতের নিষ্পত্তি দৃষ্টে জানা যায় যে তাঁহারা এই চাহেন যে প্রস্তাবিত বর্দ্ধিত খাজানার হার ও প্রচলিত শস্যের মূল্যের সহিত পূর্ব্ব প্রদত্ত খাজানার হারের ও শেষ বন্দোবস্ত সময়ে অথবা রায়তের ভূমিভোগকালীন অন্য কোন সময়ে শস্যের যে মূল্য ছিল তাহার বিশেষ তুলনা করিতে হইবে।

১৮৬৫ সালের ১৯ জুন তারিখে যে ঠাকুরাণী দাসীর প্রসিদ্ধ মোকদ্দমার নিষ্পত্তি হয় (উইকলী রিপোর্টের ৩ বালম ২৯ পৃষ্ঠা) তাহাতে ট্রেবর সাহেবের সহিত এই নিয়মসম্বন্ধে একমত হইলেও যে তুলনা জন্য গৃহীত সময়ের শস্যের মূল্যের সহিত পূর্ব্বখাজানার যে অনুপাত উক্ত শস্যের বর্ত্তমান মূল্যের সহিত বর্দ্ধিত খাজনার সেইঅনুপাত হওয়া উচিত জষ্টিস ম্যাকফারসন তাঁহার বিচারপত্রে লিখেন "জমীদার পূর্ব্বের যে কোন বৎসর নির্ব্বাচন করিয়া লইতে পারেন, তিনি পূর্ব্ববন্দোবস্তের সময় ধরিতে পারেন কিম্বা আপনার অভিপ্রায় সিদ্ধিজন্য অন্য কোন বৎসর ধরিতে পারেন।"

অভিজ্ঞতা দ্বারা জানা গিয়াছে যে এই সকল নিয়মে কার্য্যতঃ আইনের অভিপ্রায় সিদ্ধির ব্যাঘাত হইতেছে। বড় বড় মহালের পুনঃ বন্দোবস্ত কালে অধিকাংশ স্থানে কালেক্টর সাহেব জমীদারদের নিকট হইতে এরূপ সম্পূর্ণ কাগজপত্র পান না, যাহা হইতে দৃষ্ট হইতে পারে যে কোন বৎসর কি পরিমাণের ভূমি সম্বন্ধে (সুতরাং কি হারে) প্রত্যেক রায়তের সহিত খাজানার বর্ত্তমান বন্দোবস্ত করা হইয়াছিল। অধিকাংশ স্থলে শেষ সাধারণ বন্দোবস্তের পরে কোন সময়ে এরূপ খাজানার বন্দোবস্ত হয়, এমন কি যোতেরই সৃষ্টি হয়। সুতরাং উক্ত সাধারণ বন্দোবস্তের কাগজে ইহার কোন উল্লেখ নাই।

উক্ত বিবরণ প্রদান করা জমীদার ও রায়ত উভয়েরই স্বার্থ বিরুদ্ধ, এবং কেবল তাহাই নহে; যে সকল মহাল গবর্ণমেণ্টের সম্পত্তি সেখানেও উক্ত বিবরণ ব্যবহার করা যাইতে পারে এরূপ প্রণালীবদ্ধ আকারে নাই। ইহার অভাবে বন্দোবস্তী কার্য্যকারকের পক্ষে নোটিসে খাজানা বৃদ্ধি করিবার হেতু বিবৃত করা এবং আদালত চাহিলে যদ্রূপ নির্দ্দিষ্ট প্রকারে প্রমাণ দিতে হয় সেই প্রকারে শেষে আদালতে উক্ত হেতু সংস্থাপন করা অসম্ভব।

পেটাও প্রজা ও রায়তেরা জমীদারকে মোট যত খাজানা দিয়া থাকে তাহার উপরই নির্ভর করিয়া জমীদারদিগের নিকট প্রাপ্য ভূমির রাজস্ব স্থির করা যায়। সুতরাং পূর্ব্বে যে বিঘ্নের ব্যাখ্যা করা গিয়াছে তাহার ফল এই হয় যে কিয়ৎকালীন বন্দোবস্তী মহালের বন্দোবস্ত কাল গত হইলে পর ভূমির উৎপন্নের অনুপার্জ্জিত বর্দ্ধিত মূল্যের যে অংশ সরকারী রাজস্ব বলিয়া গবর্ণমেণ্ট ন্যায়তঃ দাওয়া করিতে পারেন বন্দোবস্তী কার্য্যকারক ঠিক তদনুযায়ী প্রাপ্য ভূমির রাজস্ব স্থির করিতে পারেন না।

এই বিঘ্ন হরণ করা, অথচ স্বেচ্ছাচারসম্ভূত ও অত্যধিক খাজানাবৃদ্ধি হইতে রায়তদিগকে রক্ষা করা, এই পাণ্ডুলিপির উদ্দেশ্য।

এচ. এল ডাম্পিয়ার

১৮৭৯ সাল ৮ মার্চ।

ফ্রেডেরিক ক্লার্ক,
ব্যবস্থাপন বিভাগে বাঙ্গালা
গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

THE following report of the Select Committee, together with the Bill as amended by them is, by order of the President, published for general information :—

WE, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom the Bill to provide for the periodical inspection of steam-boilers and prime-movers attached thereto in the Town and Suburbs of Calcutta and in Howrah was referred, have the honor to make the following report —

We have considered a memorial on the provisions of the Bill signed by the manufacturing firms noted in the margin

S H Robinson, Secretary and Managing Director, Goosery Cotton Mills Co , Limited

Schoene, Kilburn & Co., Secretaries, Dunbar Cotton Mills, Limited , Managing Agents, Samnuggur Jute Factory Co , Limited

Andrew Yule & Co , Agents, Bengal Mills Co , Limited , Agents, Budge Budge Jute Mills Co , Limited

Barry & Co , Secretaries and Agents, Gourepore Co , Limited

A R McIntosh & Co Agents and Secretaries Calcutta Jute Mills Co , Limited , Managing Agents New Beerbhoom Coal Co , Limited

Mantlier and Edwards, Agents and Secretaries, Bengal Iron Works Co , Limited , Engineers and Contractors.

M G Stewart Director, Budge Budge Jute Mills Co , Limited

Finlay, Muir & Co , Agents, Champdany Jute Co , Limited , Agents Golabaree Co , Limited

Gillanders, Arbuthnot & Co , Managing Agents Bullighatta Jute Co , Limited

George Henderson & Co Agents, Bally Paper Mill Co , Agents Barnagore Jute Factory, Limited

Thomas Carritt Director, New Beerbhoom Coal Co

W H Cogswell, Director, Goosery Cotton Mills and Fort Gloster Jute Mill

Macneill & Co , Agents, Ganges Manufacturing Co , Limited Equitable Coal Co , Limited

Turner Morrison & Co , Managing Agents, Cossipore Sugar Mills

Henry S Cox General Manager, Camperdown Trading and Pressing Co , Limited , Managing Agent, Oriental Jute Manufacturing Co Limited

I Macallister & Co Secretaries Bowreah Cotton Mills Co Limited , Managing Agents Fort Gloster Jute Manufacturing Co Limited , Managing Agents, Rustomjee Twine and Canvas Factory Co Limited

Per pro Ernsthausen and Oesterley

W M Bleck, Managing Agents Howrah Mills Co , Managing Agents Strand Bank [illegible] Co

D B Mehta & Co , Secretaries Empress Mills

Mackinnon, Mackenzie & Co , Agents India Jute Co Limited Agents Garden Reach Cotton Mill Association

Hoare, Miller & Co , Agents Serajgunge Jute Co Limited

Lushton Brothers Managing Agents Asiatic Jute Co Limited , Managing Directors and Secretaries Ramkistopore Press Co , Limited Secretaries Nasmyth's Patent Press Co , Limited

Apcar & Co , Agents Seebpore Jute Manufacturing Co , Limited

A H Gowenlock Jessop & Co

Kettlewell, Bullen & Co , Managing Agents Chitpore Hydraulic Pressing Co

J W O Keefe, Director, Gouripore Co , Limited Director Bowreah Cotton Mills Co

Burn & Co

C N Kernot, Director, Seebpore Jute Co , Limited

T Young & Co , Owners Shalimar Rope Works Albion Works Seebpore, Howrah Foundry

Rutherfurd & Co Agents Riverside Press Co , Limited

J Longmuir & Co , Directors, Bengal Coal Co Directors, Goosery Cotton Mills Co

Frederick Woodhouse, Director, India General Steam Navigation Co Limited, and Dunbar Cotton Mills Co

W H Harton & Co , Soap Manufacturers

Mackintosh Burn & Co

Ralli Brothers Jute Steam Press Owners

Simpson & Co

Larkinjee Brothers Hastings Mills

Cantwell & Co

Gladstone Wyllie & Co , Managing Owners Clive Jute Mills

For Robert Steel under letter of authority W I Alexander

We have empowered the Lieutenant-Governor to make rules for appointing, suspending, and removing Inspectors, and for determining the time for which certificates are to be in force

We have provided that the rules must be published three times in the *Calcutta Gazette* before they take effect

In section 7 we have substituted for "not so exposed as to be likely to cause injury to any person" the words "not so exposed as to be likely to be dangerous"

We have provided that the Inspector shall make his inspection within fourteen days from the receipt of notice from the owner

The Bill empowered the Inspector to order any alteration or addition to be made if he thought that the boiler or prime-mover required it We have allowed an appeal against an order of this kind to a person authorised by the Lieutenant-Governor to hear such appeal, either sitting alone, or assisted by two experts.

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট, তাঁহাদিগের সংশোধিত পাণ্ডুলিপিসহেত, শ্রীযুত প্রেসিডেণ্ট সাহেবের আদেশক্রমে সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।—

বঙ্গদেশে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার নিয়ন্ধ।করকারী সদস্য আমাদের প্রতি কলিকাতার ও তাহার শাখানগরের ও হাবড়ার বাষ্পীয় বাইলর ও তৎসংযুক্ত প্রাইমমুবর সকলের নিয়মিত কালান্তর পরিদর্শনার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়, আমরা তৎসঙ্গে সসভ্রমে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।—

ঘুষড়ির সূতার কল লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও মানেজিং ডৈরেকটর শ্রীযুত এল, এচ রাহিজম সাহেবের,
ডনবারের সূতার কল লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও শ্যামনগরের পাটের কুঠী লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট শোম,ফিনবর্ণ কোম্পানির
বেঙ্গল মিল লিমিটেড কোম্পানির এজেণ্ট ও বজবজের পাটের কল লিমিটেড কোম্পানির এজেণ্ট আপ্টন কোম্পানির
গৌরীপুর লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও এজেণ্ট বর্ধি কোম্পানির,
কলিকাতার পাটের কল লিমিটেড কোম্পানির এজেণ্ট ও সেক্রেটরী ও নিউ বীরভূম কোল লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট এ, আর মোলণ্টন কোম্পানির
বেঙ্গল আইরন্ ওর্কস লিমিটেড কোম্পানির এজেণ্ট ও সেক্রেটরী এবং ইঞ্জিনিয়র কণ্ট্রাক্টর মারিল্লিয়র ও এডওয়ার্ডস সাহেবের,
বজবজের পাটের কল লিমিটেড কোম্পানির ডৈরেকটর শ্রীযুত এম, জি, ষ্টুয়ার্ট সাহেবের
চাঁপদানির জুট লিমিটেড কোম্পানির এজেণ্ট ও গোলাবাড়ী লিমিটেড কোম্পানির এজেণ্ট কিমলে ম্যুর কোম্পানির,
বেলিয়াঘাটা জুট লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট গিলণ্ডার্স আর্বথনট কোম্পানির,
বালির কাগজের কলের এজেণ্ট ও বরাহনগর জুট লিমিটেড কুঠীর এজেণ্ট জর্জ হেণ্ডসন কোম্পানির
নিউ বীরভূম কোল কোম্পানির ডৈরেকটর শ্রীযুত ডামস কারিট সাহেবের,
ঘুষড়ি সূতার কলের ও ফোর্ট গ্লষ্টর পাটের কলের ডৈরেকটর শ্রীযুত ডবলিউ, এচ, কগসওয়েল সাহেবের,
গাঞ্জেস মামুকাক চুরিং লিমিটেড কোম্পানির ও ইক্যুটেবল কোল লিমিটেড কোম্পানির এজেণ্ট মাকনেল কোম্পানির
কাশীপুরের চিনির কলের মানেজিং এজেণ্ট টর্ণর মরিসন কোম্পানির
বাম্পরডে মেট্রেডিং ও প্রেসিং লিমিটেড কোম্পানির জেনেরল মানেজর ও ওরিয়েণ্টল জুট মেন্মুফ্যাকচুরিং লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট শ্রীযুত হেনরি এল, কক্স সাহেবের
বাউড়ের সূতার কল লিমিটেড কোম্পানির সেক্রেটরী ও ফোর্ট গ্লষ্টর জুটম মেন্যুফ্যাকচুরিং লিমিটেড কোম্পানির মানেজিং এজেণ্ট ও সম্মুখস্থ টাইমও কাষেস লিমিটেড ফাকটরী কোম্পানির মানেজিং এজেণ্ট আর মকেলিষ্টার কোম্পানির
আর্ণলথিউসেন ও অষ্টালিদের পক্ষে ও তাঁহাদেরদ্বারা প্রেরিত
হাবড়ার কল কাম্পানির মানেজিং এজেণ্ট ওষ্ট্রাণ্ড বাঙ্ক প্রেসিং কোম্পানির মানিজিং এজেণ্ট শ্রীযুত ডবলিউ এম বীক সাহেবের
এপ্রেস কলের সেক্রেটরী ডি, বি মেহত কোম্পানির
ইণ্ডিয়া জুট লিমিটেড কোম্পানির এজেণ্ট ও বুটীগোপার কটন মীল আসোসীএসনের এজেণ্ট ম কিনন মাকেঞ্জি কোম্পানির
শেরাজগঞ্জের জুটলিমিটেড কোম্পানির এজেণ্ট হেয়াব মিলর কোম্পানির,
আসিয়াটিক জুট লিমীটড কোম্পানির এজেণ্ট ও রামকৃষ্ণপুর প্রেস লিমিটেড কোম্পানির মানেজিং ডৈরেকটর ও সেক্রেটরী ও ন্যাসমাইথস পেটেণ্ট প্রেস লিমিটেড কোম্পানির সেক্রেটরী রবনব্রাদরদের
শিবপুরের জুট মান্যুফ্যাকচুরিং লিমিটেড কোম্পানির এজেণ্ট আপকার কোম্পানির জেসপ কোম্পানির শ্রীযুত এ, এচ গৌয়েনলক সাহেবের,
চিৎপুরের হাইড্রলিক প্রেসিং কোম্পানির মানেজিং এজেণ্ট কেটলওয়েল বুলেন কোম্পানির,
গৌরীপুর লিমিটেড কোম্পানির ডৈরেকটর ও বাউড়ের সূতার কলের ডৈরেকটর শ্রীযুত জে ডবলিউ ওকীক সাহেবের
বর্ণ কোম্পানির,
শিবপুরের জুট লিমিটেড কোম্পানির ডৈরেকটর শ্রীযুত সি, এল কার্ণট সাহেবের
শিবপুর ও হাবড়ার ঢালাই খানার শালিমার রোপ ওয়ার্কের এবং আর্মিনিয়ম ওয়ার্কের স্বামী জে, ইবং কোম্পানির
রিবরসাইড প্রেস লিমিটেড কোম্পানির এজেণ্ট র রকর্ড কোম্পানির
বেঙ্গল কোল কোম্পানির ডৈরেকটর ও ঘুষড়ির সূতার কল কোম্পানির ডৈরেকটর টি, লংমুর কোম্পানির
ইণ্ডিয়া জেনরল ষ্টীম নাবিগেশন লিমিটেড কোম্পানির ও ডনবারের সূতার কল কোম্পানির ডৈরেকটর শ্রীযুত ফ্রেড্রিক উডফোর্ড সাহেবের.
কাচি প্রস্তুত কারি ডবলিউ, এচ, হাটন কোম্পানির,
ম্যাকিন্টস বর্ণ কোম্পানির,
জুট ষ্টীম প্রেস স্বামী রালি ব্রাদরদের,
সিমসন কোম্পানির,
হেষ্টিংস কলের বর্কশেয়র ব্রাদরদের,
কার্ণটওয়েল কোম্পানির,
ক্লাইব পাটের কলের মানেজিং স্বামী ষ্টাড্ষ্টন ওয়াইলী কোম্পানির
সমভ্যাপরমতে রবর্ট ষ্টীল সাহেবের পক্ষে শ্রীযুত ডবলিউ, পি, আলেকজাণ্ডর সাহেবের,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১ আপ্রিল।]

আমরা উক্ত পাণ্ডুলিপির বিধান সম্বন্ধে পার্শ্বলিখিত শিল্পিদলসমূহের স্বাক্ষরিত আবেদন পত্র মনোযোগ পূর্ব্বক দেখিয়াছি।

TUESDAY, APRIL 22, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২২ আপ্রিল।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

Legislative Department

The following report of the Select Committee, together with the Bill as amended by them, is, by order of the President, published for general information :—

We, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom the Bill to consolidate and amend the law relating to jute warehouses and fire-brigades was referred, have the honor to make the following report

From Assistant Secretary to Government of Bengal Financial Department, No 152, dated 1st March 1879, and enclosure

We have received and considered the paper noted in the margin.

One of the conditions of a license for a jute warehouse was that the roof of a building was not to be used for the combing or drying of loose jute, jute rejections, or cotton. As circumstances may exist in which this can be done without danger, we have relaxed the rule by providing that the roof of a building shall not be used for such purposes without the sanction of the municipal authorities

Instead of the maximum penalty of Rs 100 for breach of the conditions of a license, we have provided that such breach shall render the offender liable to have his license cancelled, or to a fine not exceeding Rs 500

Owing to the difficulty experienced in working the fire-brigade, we have transferred the superintendence of the brigade to the Commissioner of Police, and have given power to the local Government to frame rules for its maintenance and management.

We have provided that any balance which may remain after payment of the expenses of a fire-brigade, and the expenses connected with the inspection of jute warehouses and the granting of licenses, is to be applied in reduction of the fees levied on licenses for jute warehouses

We have struck out as unnecessary the clause which gave Magistrates summary jurisdiction under the Act

J O'Kinealy
A B Inglis.
Ameer Ali.

The 26th March 1879.

[*Government Gazette*, 22nd *April* 1879.]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কার্য্যবিভাগ।

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট তাঁহাদিগের সংশোধিত পাণ্ডুলিপিসমেত, শ্রীযুক্ত প্রেসিডেণ্ট সাহেবের আদেশক্রমে, সাধারণের অবগতির নিমিত্ত প্রকাশিত হইতেছে।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার নিম্নস্বাক্ষরকারী সভ্যগণ আমাদের হস্তে পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদলবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়। আমরা তৎসম্বন্ধে সসম্ভ্রমে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।

(মিউনিসিপাল ডিপার্টমেণ্টে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটরী সাহেবের ১৮৭৯ সালের ১ মার্চ তারিখের ১৫২ নং ও তদন্তর্গত কাগজপত্র।)

আমরা পার্শ্বোল্লিখিত কাগজপত্র প্রাপ্ত হইয়া তাহা বিবেচনাপূর্ব্বক দেখিয়াছি।

পাটের গুদামের লাইসেন্স দিবার একটী নিয়ম এই ছিল যে আলগা পাট, পাটের ওঁচা বা ফুল্‌ঝুরি রাখিবার কি শুকাইবার নিমিত্ত কোন ঘরের ছাদ ব্যবহৃত হইবে না। এরূপ কার্য্যে অবস্থাক্রমে শঙ্কা না থাকিতে পারে বুঝিয়া, আমরা নিয়ম পরিবর্ত্তন করিয়া বিধান করিয়াছি যে মুনিসিপাল কর্ত্তৃপক্ষদের অনুমতি বিনা উক্ত কার্য্যে অন্য কোন গৃহের ছাদ ব্যবহৃত হইবে না।

লাইসেন্সের নিয়মভঙ্গের অনধিক ১০০৲ টাকা অর্থ দণ্ডের পরিবর্ত্তে, আমরা বিধান করিয়াছি যে উক্তরূপ নিয়মভঙ্গ করিলে অপরাধী ব্যক্তির লাইসেন্স রহিত হইতে বা ৫০০ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

অগ্নিনির্ব্বাপকদল রাখা কার্য্য করা কঠিন দেখিয়া আমরা উক্ত দলের কর্ত্তৃক পোলীসের কমিশনর সাহেবের প্রতি অর্পণ করিয়াছি, এবং তাহার রক্ষণ ও তত্ত্বাবধান সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেণ্টকে দিয়াছি।

আমরা বিধান করিয়াছি যে, অগ্নিনির্ব্বাপক দলের খরচ ও পাটের গুদাম পরিদর্শনের ও লাইসেন্স দিবার খরচ দিয়া টাকা উদ্বৃত্ত থাকিলে, পাটের গুদামের লাইসেন্স নিমিত্ত যে ফী আদায় করা যায় তাহা কমাইবার জন্য ঐ টাকা প্রয়োগ করা যাইবে।

যে প্রকরণ দ্বারা অ্যাসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটদিগকে সরাসরি ক্ষমতা প্রদান করা হইয়াছিল, অনাবশ্যক বোধ করিয়া আমরা সে প্রকরণটী উঠাইয়া দিয়াছি।

জে, ওকিনেলি।
এ, বি, ইংলিস।
আমির আলি।

১৮৭৯ সাল ২৬ মার্চ।

AMENDED BILL.

A Bill to consolidate and amend the law relating to jute warehouses and fire-brigades

Preamble

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to jute warehouses and fire-brigades It is enacted as follows:—

PART I

PRELIMINARY

Short title.

1. This Act may be cited as "the Jute Warehouse and Fire Brigade Act, 1879"

Extent

With the exception of Part III and Section 25 it applies to Calcutta, and to such portions of the Suburbs thereof as are for the time being subject to the operation of Bengal Act II of 1866 and also to the Municipality of Howrah

Part III and Section 25 apply only to Calcutta and the portions of the Suburbs aforesaid

Commencement.

And it shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General.

Repeal of Acts.

2 Bengal Act II of 1872, Bengal Act II of 1875, and Bengal Act I of 1877, are hereby repealed

But all bye-laws and appointments made under the said Acts and now in force shall be deemed to have been made under this Act

Definitions

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

"Jute"

"Cotton"

"Jute" and "Cotton" mean respectively "Jute" and "Cotton" which have not been pressed or screwed as if for shipment

"Person"

"Person" includes a firm and a Hindu undivided family

Magistrate"

"Magistrate" includes a Justice of the Peace for Calcutta, and any person exercising all or any of the powers of a Magistrate

Jute warehouse.'

"Jute Warehouse" means any warehouse, store, depôt, yard, godown, or other place used for the storing, keeping, pressing, or depositing of jute or cotton, or other substance for the time being subject to the operation of this Act

[*Government Gazette, 22nd April* 1879]

সংশোধিত পাণ্ডুলিপি।

পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদল বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপকদল বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা গেল।—

প্রথম খণ্ড।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "পাটের গুদাম ও অগ্নিনির্ব্বাপক দলবিষয়ক ১৮৭৯ সালের আইন" নামে অভিহিত হইতে পারিবে।

[illegible]

তৃতীয় খণ্ড ও ২৫ ধারা ব্যতীত, এই আইন কলিকাতায়, ও ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন যৎকালে শাখানগরের যে যে অংশে প্রচলিত থাকে সেই সেই অংশে, ও হাবড়া মুনিসিপালিটীতে চলিবে।

তৃতীয় খণ্ড ও ২৫ ধারা কেবল কলিকাতা ও পূর্ব্বোক্ত শাখানগরের অংশবিশেষের প্রতি বর্ত্তিবে।

আরম্ভ।

এবং এই আইন শ্রীযুক্ত গবর্নর জেনরল সাহেবের সম্মতিসহ যে তারিখে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, সেই তারিখ অবধি প্রবল হইবে।

যেং আইন রহিত হইল।

২ ধারা। ১৮৭২ সালের বঙ্গীয় ২ আইন, ১৮৭৫ সালের বঙ্গীয় ২ আইন, ও ১৮৭৭ সালের বঙ্গীয় ১ আইন এতদ্দ্বারা রহিত করা গেল।

কিন্তু ঐ২ আইনক্রমে যে সমুদয় উপবিধি ও নিয়োগ করা হইয়া, এক্ষণে বলবৎ আছে, তৎসমুদয় এই আইনক্রমে করা হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

অর্থকরণ।

৩ ধারা। বিষয় বা পূর্ব্বাপর কথায় বিপরীত ভাব প্রকাশ না পাইলে, এই আইনে

"পাট।"

"তুলা।"

যে পাট বা তুলা জাহাজে পাঠাইবার মত করিয়া বাঁধ দিয়া বা কশাইয়া দেওয়া যায় "পাট" ও "তুলা" শব্দে তদ্ভিন্ন পাট ও তুলা বুঝাইবে।

"ব্যক্তি।"

"ব্যক্তি" শব্দে কুঠী ও অবিভক্ত হিন্দু পরিবার ও বুঝাইবে।

"মাজিষ্ট্রেট।"

"মাজিষ্ট্রেট" শব্দে কলিকাতার শান্তিরক্ষার্থ জষ্টিস্ এবং মাজিষ্ট্রেটের সকল কিম্বা অন্যতর ক্ষমতাক্রান্ত কর্ম্মকারী কোন ব্যক্তিকেও বুঝাইবে।

"পাটের গুদাম।"

পাট তুলা প্রভৃতি যৎকালে যে দ্রব্যের উপর এই আইনের বিধান বর্ত্তে তাহা সঞ্চিত করিবার কি রাখিবার কি বাঁধ দেওয়াইবার কি গচ্ছিত রাখিবার নিমিত্ত যে আড়ৎ কি গোলা কি গুদাম কি কারখানা কি অন্য স্থানের ব্যবহার হয়, "পাটের গুদাম" শব্দে সেই স্থান বুঝাইবে।

"The Commissioners." "The Commissioners" means the Corporation of the town of Calcutta

"কমিশ্যনরগণ।" "কমিশ্যনরগণ" শব্দে কলিকাতা নগরের সমবায়িত সমাজ বুঝাইবে।

PART II.

Jute Warehouses

4 No jute warehouse shall be used for the storing, keeping, pressing, or depositing of jute or cotton, unless the owner or occupier thereof shall have previously obtained a license for such use

Existing warehouses not to be used till licensed.

5 From and after the commencement of this [illegible] granted to [illegible] the [illegible] of Calcutta under [illegible] of 1870 or Bengal Act II of [illegible] payment of an [illegible] Local Government, af[illegible] missioners [illegible] in such instalments as th[illegible] Com[illegible] direct.

Fee for license for jute warehouse.

In fixing the amount of fee [illegible] respect of any jute warehouse the Lo[illegible]ment shall have regard to the annual v[illegible] as it is for the time assessed, to t[illegible] municipal taxes, to the size and p[illegible] of the jute warehouse, to the number a[illegible] of the pressing machines erected or proposed to be erected in such jute warehou[illegible] the probable income derived from such jute warehouse by its owner or occupier

The Local Government may from time to time on the recommendation of the Commissioners at a special meeting, alter the amount of the fee to be paid in respect of any jute warehouse

6. Any person proposing to use any land for the purposes of a jute warehouse within the town of Calcutta shall send to the Commissioners a plan of such land and all the buildings thereon, prepared in such manner as the Commissioners may direct, and it shall be within the discretion of the Commissioners at a special meeting to grant or refuse a license to establish the same

License for new jute warehouse

Every license for a jute warehouse, to be granted under this section, shall be subject to the following conditions, namely—

(1) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be stored, or screwed, or pressed, save within a

---

দ্বিতীয় খণ্ড।

পাটের গুদামের কথা।

৪ ধারা। কোন পাটের গুদামের স্বামী কি দখলীকার পাট কি তুলা সঞ্চিত করিবার কি রাখিবার কি দাঁত দেওয়াইবার কি গচ্ছিত রাখিবার নিমিত্তে ঐ গুদাম ব্যবহার করিবার লাইসেন্স না পাইলে সেই কার্য্যে উক্ত গুদামের ব্যবহার করিতে পারিবেন না।

লাইসেন্স ভিন্ন বর্ত্তমান গুদাম ব্যবহার হইতে পারিবে না।

৫ ধারা। ১৮৭০ সালের ৬ আইনক্রমে অথবা ১৮৬৫ সালের ২ আইনক্রমে কলিকাতানগরের মধ্যস্থ পাটের গুদামের যে কোন লাইসেন্স প্রদত্ত হইয়াছে, এই আইনের প্রচলনাবধি তাহা বার্ষিক [illegible] নিয়মাধীন হইবে। কমিশ্যনরগণের সহিত [illegible] পরামর্শ করিয়া, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ফী [illegible] করিবেন, এবং কমিশ্যনরগণ যে২ কিস্তি [illegible] সেই সেই কিস্তিমতে ঐ ফী দিতে হইবে।

পাটের গুদামের লাইসেন্সের ফী।

[illegible] পাটের [illegible] গুদামের কত টাকা ফী ধার্য্য করা যাইবে [illegible] নিরূপণ করিতে হইলে, যৎকালে ঐ গুদামের [illegible] মূল্য ধার্য্য করা যায়, যত মুনিসিপাল টাক্স [illegible] হয়, উক্ত গুদামের যেরূপ আয়তন ও অবস্থান, উক্ত গুদামে যত সংখ্যক ও যে গুণের দাঁত দেওয়াইবার যন্ত্র বসান আছে বা বসাইবার প্রস্তাব আছে এবং ঐ গুদাম হইতে স্বামীর কি দখলীকারের অনুমান যত আয় হয়, স্থানীয় গবর্ণমেণ্ট সেই সকল বিবেচনা করিবেন।

[illegible] কমিশ্যনরগণ পরামর্শ দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট কোন পাটের গুদামের যত ফী দিতে হয় [illegible] সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন।

৬ ধারা। কোন ব্যক্তি পাটের গুদাম করিবার জন্য কলিকাতা নগরের মধ্যে ভূমির ব্যবহার করিতে ইচ্ছা করিলে, কমিশ্যনরগণ যেরূপ আদেশ করেন, ঐ ভূমির ও তদুপরিস্থ সমুদয় গৃহাদির নক্শা তদ্রূপে প্রস্তুত করিয়া তাঁহাদিগের নিকটে পাঠাইবেন, তাহা হইলে কমিশ্যনরগণ বিশেষ অধিবেশনকালে আপনাদের বিবেচনামতে সেই গুদাম স্থাপন করিবার লাইসেন্স দিতে বা অস্বীকার করিতে পারিবেন।

নূতন পাটের গুদামের লাইসেন্সের কথা।

এই ধারামতে পাটের গুদামের যে লাইসেন্স দেওয়া যায়, তাহা এই২ নিয়মাধীনে দেওয়া যাইবে, যথা,

(১) কমিশ্যনরগণ যে দ্রব্যের ও নক্শার অনুমোদন করেন, কোন ঘর সেই দ্রব্যে ও সেই নক্শামতে প্রস্তুত না হইলে, আ-

building constructed of such materials, and on such a plan as may be approved of by the Commissioners.

(2) That no loose jute, jute rejections or cuttings, or cotton, shall be combed or dried except within an enclosure, and that the top or roof of any building or of any hut shall not be used for such combing or drying without the sanction in writing of the Commissioners

(3) That space shall be reserved on land appertaining to the jute warehouse for the loading or unloading of carts

(4) That no portion of the jute warehouse shall be used as a residence, and no artificial light (other than one duly and thoroughly protected) or lucifer matches shall be introduced therein, and that no person shall smoke therein

(5) That the jute warehouse shall at all times be open to the inspection of officers duly appointed by the Commissioners

(6) That the engines and furnaces used in the jute warehouse shall be placed as may be considered necessary by the Commissioners

(7) That an annual fee shall be imposed in respect thereof as provided by the last preceding section

7. The Commissioners shall appoint suitable officers for the inspection of jute warehouses within the town of Calcutta, and any officer so appointed, and any superintendent or inspector of police within the said town, may enter at any time into any jute warehouse, where jute or cotton may be kept, and inspect the same

Appointment of inspecting officers

8 On a change in the occupation of any jute warehouse, the person entering into occupation of the same shall, within two weeks of his so entering into occupation, give notice in writing to the Commissioners of such change of occupation, and shall thereupon pay to the Commissioners a fee of two rupees, and his name shall accordingly be substituted in such license for the name of the last occupier.

On change of occupation in warehouse, occupier to give notice.

[*Government Gazette*, 22nd *April* 1879]

লগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা সেই ঘরে সঞ্চিত করা কি কপাস কি বাঁত দেওয়া যাইবে না।

(২) ঘেরা স্থান ভিন্ন কোন স্থানে আলগা পাট কি পাটের ওঁচা কি ছাটা পাট কি তুলা আঁচড়াইতে কি শুখাইতে দেওয়া যাইবে না, এবং কমিশ্যনরগণের লিখিত অনুমতি ব্যতিরেকে কোন কোটার ছাদ কি ঘরের চাল উক্তরূপ আঁচড়াইবার কি শুকাইবার নিমিত্ত ব্যবহৃত হইবে না।

(৩) গাঁড়িতে বোঝাই দিবার কি তাহা হইতে নামাইবার জন্যে পাটের গুদামের জমিতে স্থান রাখিতে হইবে।

(৪) পাটের গুদামের কোন অংশ বাসস্থানরূপে ব্যবহৃত হইবে না এবং উপযুক্ত ও সম্পূর্ণরূপে লাণ্টনে বদ্ধ না থাকিলে কোন প্রদীপ কিম্বা বিলাতী দিয়া শলাই পাটের গুদামে আনা হইবে না ও তথায় কেহই তামাক খাইতে পারিবে না।

(৫) কমিশ্যনরগণ নিয়মমতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারা যখন তখন গিয়া পাটের গুদাম দেখিতে পারিবেন।

(৬) পাটের গুদামে যে কলের ও উনানের ব্যবহার হয়, কমিশ্যনরগণ যে স্থানে রাখা আবশ্যক জ্ঞান করেন তাহা সেই স্থানে রাখিতে হইবে।

(৭) পূর্ব্বধারার বিধানক্রমে গুদামের বার্ষিক ফী দিতে হইবে।

৭ ধারা। কমিশ্যনরগণ কলিকাতা নগরের মধ্যে পরিদর্শকদিগকে নি পাটের গুদাম পরিদর্শন করিযুক্ত করিবার কথা। বার উপযুক্ত কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবেন। এবং পাটের যে গুদামে পাট কি তুলা রাখা যায় পূর্ব্বোক্তমত নিযুক্ত কার্য্যকারক এবং উক্ত নগরের পোলীসের কোন সুপরিণ্টেণ্ডেণ্ট কি ইনস্পেক্টর কোন সময়ে সেই গুদামে প্রবেশ করিয়া তাহার পরিদর্শন করিতে পারিবেন।

৮ ধারা। পাটের কোন গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে যে ব্যক্তি তাহা নূতন দখল করিয়া লন তিনি ঐ দখল লইবার তারিখ অবধি দুই সপ্তাহের মধ্যে কমিশ্যনরগণের নিকট পত্র লিখিয়া দখলীকার পরিবর্ত্তন হইবার সংবাদ দিয়া, কমিশ্যনরগণকে দুই টাকা ফী দিবেন। তাহা হইলে লাইসেন্সপত্রের মধ্যে পূর্ব্বদখলীকারের নামের পরিবর্ত্তে দখলীকার বলিয়া তাঁহার নাম লেখা যাইবে।

গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে দখলীকারের নোটিস দিবার কথা।

If any jute warehouse is let out in portions, the person so letting it out and entitled to the rent shall, for the purposes of this Act, be deemed to be the occupier

Cancelment or suspension of license

9. It shall be in the discretion of the Commissioners at a special meeting to cancel or to suspend for such time as they shall think fit the license of any jute warehouse in respect of which any one or more of the conditions under which such license is held shall appear to them to have been broken, or in respect of which the provisions of the last preceding section have been broken.

Municipal Commissioners to have same power as the Calcutta Commissioners.

10 The provisions of the five last preceding sections shall apply to any jute warehouse situated or used, or any land proposed to be used as a jute warehouse out of the town of Calcutta and within the limits of the operation of this Act, save that the powers and duties conferred and imposed respectively on the Commissioners, or on the Commissioners at a special meeting, shall be exercised and discharged by the Municipal Commissioners at a meeting within whose jurisdiction such warehouse or land is situated.

PENALTIES

Penalty for not taking out license.

11 Any person who without a license uses any jute warehouse for keeping or depositing jute or cotton, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees for each day during which he may use or continue to use such jute warehouse as aforesaid

Penalty for establishing warehouse without license

12 Any person who without a license uses any jute warehouse for keeping or depositing jute or cotton established after the commencement of this Act, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred rupees, and to a further penalty not exceeding fifty rupees for every day during which such jute warehouse is used for keeping or depositing jute or cotton without a license

Penalty for using warehouse after refusal of license.

13. Any person who uses a jute warehouse for the keeping or depositing of jute or cotton after the Commissioners or Municipal Commissioners shall have refused or cancelled a license in respect thereof

কোন পাটের গুদাম খণ্ড২ করিয়া নানা ব্যক্তিকে ভাড়া দেওয়া গেলে, যে ব্যক্তি তাহা ভাড়া দিয়া ভ ড়া পাইবার অধিকারী হন এই আইনের কার্য্যপক্ষে তাঁহাকেই দখলীকার বলিয়া জ্ঞান করা যাইবে।

লাইসেন্স রহিত করিবার কি স্থগিত রাখিবার কথা।

৯ ধারা। কোন পাটের গুদাম করিবার লাইসেন্স যেং নিয়মানুসারে পাওয়া গিয়াছে সেই গুদামের সম্পর্কে তন্মধ্যে এক কি কএক নিয়ম ভঙ্গ হইয়াছে কিম্বা ইহার পূর্ব্ব ধারার বিধান ভঙ্গ হইয়াছে কমিশ্যনরগণের এমত বোধ হইলে তাঁহারা বিশেষ অধিবেশন করিয়া আপনাদের বিবেচনাতে ঐ লাইসেন্স রহিত করিতে পারিবেন, কিম্বা যত দিন উচিত বোধ করেন ততদিন তাহা স্থগিত রাখিতে পারিবেন।

মুনিসিপাল কমিশ্যনরদের কলিকাতার কমিশ্যনরগণের ন্যায় ক্ষমতা থাকিবে।

১০ ধারা। এই আইনের বিধান কলিকাতা নগরের বহির্ভূত যে সীমার মধ্যে প্রচলিত হয় সেই সীমার মধ্যে যে পাটের গুদাম থাকে কি ব্যবহৃত হয় কিম্বা পাটের গুদামের নিমিত্ত যে ভূমির ব্যবহার হইবার প্রস্তাব হয় তৎপ্রতি পূর্ব্ববর্ত্তী শেষ পাঁচ ধারার বিধান বর্ত্তিবে। প্রভেদ এই যে কমিশ্যনরগণের প্রতি কিম্বা বিশেষ অধিবেশন করিয়া কমিশ্যনরগণের প্রতি যে২ ক্ষমতা প্রদত্ত হইল বা তাঁহাদের যে২ কর্ত্তব্য নির্দ্ধারিত হইল উক্ত গুদাম কি ভূমি যে মুনিসিপাল কমিশ্যনরদিগের এলাকাধীন তাঁহারা অধিবিষ্ট হইয়া সেই সেই ক্ষমতামতে কার্য্য করিবেন ও সেই২ কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

দণ্ডের বিধি।

লাইসেন্স না লইবার দণ্ডের কথা।

১১ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে লাইসেন্স না লইয়া যদি পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিয়া রাখিবার নিমিত্ত পাটের গুদাম ব্যবহার করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই দোষ প্রমাণ হইলে তিনি যত দিন ঐ গুদাম ব্যবহার করেন বা করিতে থাকেন তাহার দিন প্রতি ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স না লইয়া গুদাম করার দণ্ডের কথা।

১২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর যে পাটের গুদাম স্থাপিত করা যায় যদি কোন ব্যক্তি লাইসেন্স না লইয়া পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিবার নিমিত্ত সেই গুদামের ব্যবহার করেন, তবে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে ঐ ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। অধিকন্তু যত দিন লাইসেন্স বিনা পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিয়া রাখিবার জন্যে ঐ গুদামের ব্যবহার হয় তাহার দিন প্রতি ঐ ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্স দিতে অস্বীকার হইলে পর গুদাম ব্যবহার করিলে দণ্ডের কথা।

১৩ ধারা। কমিশ্যনরগণ কিম্বা মুনিসিপাল কমিশ্যনরেরা পাট কি তুলা রাখিবার কি গচ্ছিত করিবার জন্যে পাটের গুদামের লাইসেন্স দিতে অস্বীকার করিলে কিম্বা ঐ গুদামের লাইসেন্স রহিত করিলে যদি কোন ব্যক্তি সেই

or during the time for which such license shall have been suspended, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred rupees, and to a further penalty not exceeding one hundred rupees for every day during which any such jute warehouse may be so used as aforesaid

কার্য্যের নিমিত্ত সেই স্থানের ব্যবহার করেন অথবা লাইসেন্স স্থগিত করা গেলে যদি স্থগিত থাকিবার সময়ের মধ্যে ঐ স্থানের তদ্রূপ ব্যবহার করেন, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে তদ্ভিন্ন যত দিন ঐ পাটের গুদামের তদ্রূপ ব্যবহার হয় তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

Penalty on occupier in case of breach of conditions of license

14 Whenever any of the conditions under which a license is held in respect of any jute warehouse have been broken in such jute warehouse, the person whose name appears on the license as the occupier of such jute warehouse shall be liable, on conviction before a Magistrate, to have his license cancelled, or to a fine not exceeding five hundred rupees

লাইসেন্সের নিয়ম লঙ্ঘন হইলে দখলীকারের দণ্ডের কথা।

১৪ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, পাটের ঐ গুদামে তাহার কোন নিয়ম লঙ্ঘন হইলে, লাইসেন্সে ঐ পাটের গুদামের দখলীকার বলিয়া যে ব্যক্তির নাম লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে তাঁহার লাইসেন্স রহিত হইতে বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

Penalty on any person in case of breach of conditions of license

15 Any person who breaks any of the conditions under which a license is held in respect of any jute warehouse shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees for any one such offence

লাইসেন্সের নিয়ম লঙ্ঘনের নিমিত্ত কোন ব্যক্তির দণ্ডের কথা।

১৫ ধারা। পাটের কোন গুদামের লাইসেন্স যেং নিয়মানুসারে রাখা যাইতে পারিবে, কোন ব্যক্তি তন্মধ্যে কোন নিয়ম লঙ্ঘন করিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে, তদ্রূপ কোন এক অপরাধহেতুক তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

Penalty for omitting to give notice on change of occupation

16 If on a change in the occupation of any jute warehouse, the person entering into occupation fail to give the notice required by section 8 of this Act, such person shall be liable on conviction before a Magistrate, to a penalty not exceeding one hundred rupees

দখলীকার পরিবর্ত্তন হইলে নোটিস না দিবার দণ্ডের কথা।

১৬ ধারা। কোন পাটের গুদামের দখলীকার পরিবর্ত্তন হইলে, এই আইনের ৮ ধারায় যে নোটিস দিবার আজ্ঞা হইল, নূতন দখলীকার সেই নোটিস না দিলে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অপরাধ নির্ণয় হইলে ঐ ব্যক্তির এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

PART III

FIRE-BRIGADE

Commissioner of Police to take charge of fire brigade

17 The Commissioner of Police for the town of Calcutta shall, as soon as may be after the commencement of this Act, take charge of the existing fire-brigade, with all buildings, engines, animals, accoutrements, tools and implements, and there after from time to time make such further or other provision as he may deem expedient in order to maintain it efficiently for the town and suburbs of Calcutta

Local Government may make orders

18 The Local Government may from time to time make, and when made, alter or repeal such general or special orders as it may think fit—

[*Government Gazette, 22nd April* 1879]

তৃতীয় খণ্ড।

অগ্নিনির্ব্বাপক দল।

পোলীসের কমিশ্যনর সাহেব অগ্নিনির্ব্বাপক দলের ভারগ্রহণ করিবেন।

১৭ ধারা। কলিকাতা নগরের পোলীসের কমিশ্যনর সাহেব এই আইন প্রচলিত হইবার পরে যত শীঘ্র পারেন সমুদয় ইমারত ও কল ও জন্তু ও সাজ ও যন্ত্র ও হাতিয়ার সমেত অগ্নিনির্ব্বাপক দলের ভার গ্রহণ করিবেন, এবং তদনন্তর কলিকাতা ও শাখা-নগরের নিমিত্ত ঐ দল কার্য্যদক্ষভাবে রাখিতে আর কি জন্য যে নিয়ম আবশ্যক বোধ করেন সময়২ তাহাও করিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

১৮ ধারা। নিম্নলিখিত বিষয়ের নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে রূপ বিহিত জ্ঞান করেন সামান্য কি বিশেষ আজ্ঞা করিতে, ও করা হইলে তাহা পরিবর্ত্তিত কি রহিত করিতে পারিবেন।—

For appointing or removing any member or officer of the force

উক্ত দলের কোন কর্ম্মকারি কি কর্তৃপক্ষকে নিযুক্ত কি অপসারিত করিবার নিমিত্ত।

For furnishing the fire-brigade with such fire-engines, fire-escapes, horses, oxen accoutrements, tools and implements as it may think proper

যদ্রূপ উচিত বিবেচনা করেন অগ্নিনির্ব্বাপক দলকে তদ্রূপ দমকল ও আগুন হইতে মুক্তিপ্রাপ্তির যন্ত্র ও ঘোড়া ও গোরু ও সাজ ও যন্ত্র ও হাতিয়ার যোগাইবার নিমিত্ত।

For building, providing, or hiring places for the keeping of the force, engines, horses and appurtenances

উক্ত দল ও কল ও ঘোড়া ও তৎসম্বন্ধীয় অন্যান্য দ্রব্য রাখিবার স্থান নির্ম্মাণ কি বিধান কি ভাড়া করিবার নিমিত্ত।

For giving gratuities to persons who have given notice of fires.

কোন ব্যক্তি আগুন লাগিবার সম্বাদ দিলে তাহাকে পুরস্কার দিবার নিমিত্ত।

For the training, discipline, good conduct, salaries, and pensions of the members of the force.

ঐ দলের অন্তর্গত ব্যক্তিদের সুশিক্ষা ও সুশাসন ও সদাচরণ ও বেতন ও পেন্সনের নিমিত্ত।

For the speedy attendance of such members with engines and all necessary implements on the occasion of any alarm of fire

আগুন লাগিবার কথা শুনিবামাত্র কল এবং আবশ্যক সকল যন্ত্র লইয়া ঐ কর্ম্মকারকদের ত্বরায় উপস্থিত হইবার নিমিত্ত।

For sending the force, engines and appurtenances, beyond the limits of the town and suburbs of Calcutta in order to extinguish fire in the neighbourhood of the said limits

কলিকাতা নগরের ও শাখানগরের সীমার নিকটবর্ত্তী স্থানে অগ্নিনির্ব্বাণার্থে উক্ত সীমার বাহিরে উক্ত দল ও কল ও তৎসংক্রান্ত দ্রব্যাদি পাঠাইবার নিমিত্ত।

For imposing and summarily realizing a fine not exceeding one week's wages from any member of the brigade who may infringe these bye laws

উক্ত দলের কোন ব্যক্তি এই উপবিধির মধ্যে কোন উপবিধি লঙ্ঘন করিলে এক সপ্তাহের বেতনের অনধিক অর্থদণ্ড ধার্য্য ও সংক্ষেপমতে আদায় করিবার নিমিত্ত।

Generally, for the maintenance of the fire-brigade in a due state of efficiency

ও সাধারণ্যে উক্ত দলের কার্য্যোপযোগি হইবার উপযুক্ত অবস্থা রক্ষা করিবার নিমিত্ত।

Such orders shall be published in the *Calcutta Gazette*, and shall take effect from such publication.

এই সকল আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে, এবং প্রকাশ করণাবধি কার্য্যকর হইবে।

Powers of fire-brigade in cases of fire.

আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের ক্ষমতার কথা।

19 On the occasion of a fire, the chief or other officer in charge of the fire-brigade on the spot may

১৯ ধারা। আগুন লাগিলে অগ্নিনির্ব্বাপক দলের অধ্যক্ষতাকারী প্রধান কি অন্য যে কর্তৃপক্ষ তৎস্থানে থাকেন,

(*a*) remove, or may order any member of the brigade to remove, any persons who by their presence interfere with the due operation of the brigade,

(ক) তৎস্থানে কোন ব্যক্তিদের উপস্থিতিপ্রযুক্ত দলকে উপযুক্তমতে চলিবার বাধা হইলে, তিনি সেই ব্যক্তিদিগকে স্থানান্তর করিয়া দিতে কিম্বা উক্ত দলের কোন কর্ম্মকারককে তাহাদিগকে স্থানান্তর করাইয়া দিবার আদেশ করিতে পারিবেন, ও

(*b*) by himself or by his men break into or through, or pull down, any premises for the purpose of putting an end to the fire, doing as little damage as possible,

(খ) আগুন নিবাইয়া ফেলিবার জন্য আপনি কিম্বা আপন কর্ম্মকারকদিগের দ্বারা কোন বাটীতে প্রবেশ করিয়া বা বাটী দিয়া যাইতে বা গৃহাদি ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন, কিন্তু যাহাতে অল্প হানি হয় সাধ্যমতে এমন চেষ্টা করিবেন, ও

(*c*) cause the mains and pipes of any district to be shut off, so as to give greater pressure of water in the place where the fire has occurred,

(গ) আগুন যে স্থানে লাগে সেই স্থানে নলের জল অধিক বেগে নির্গত হইতে পারে এই নিমিত্ত নগরের অন্য কোন অংশের নল বন্ধ করাইয়া দিতে পারিবেন ; ও

(*d*) call on the officer in charge of the Port Commissioners' fire-engine to render such assistance as may be possible in the case of any fire occurring near the river bank,

(ঘ) গঙ্গার ধারে আগুন লাগিলে বন্দরের কমিশনরদের দমকল যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার প্রতি সাধ্যমতে সাহায্য করিবার আদেশ করিতে পারিবেন ; ও

(*e*) and, generally, take such measures as may appear necessary for the preservation of life and property

(ঙ) সাধারণতঃ প্রাণ ও সম্পত্তি রক্ষা করিবার জন্য অন্য যে উপায় অবলম্বন করা আবশ্যক হয়, তাহাও করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আক্টোবর।]

shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty rupees for every such offence

22 The Commissioner of Police may at his discretion, and after thirty days' notice, withdraw or suspend any license granted by him under this Act

Power to withdraw license

23 In the event of any rockets being let off or fire balloons sent up within the precincts of any private premises or compound without the express permission in writing of the Commissioner of Police, the occupier or owner, or person under whose immediate control the said premises or compound is, shall be liable to a fine not exceeding fifty rupees, unless he can prove who the person having committed the offence is, and that the offence was committed without his knowledge

Liability of householders

PART IV

Application of Funds and Apportionment of Expenses

24 The Commissioners and Municipal Commissioners of the Suburbs and Howrah respectively shall apply the moneys derived from the fees and penalties levied under this Act within their respective jurisdictions—

Application of moneys received under Act

(1) in payment of the expenses of a fire brigade,

(2) in payment of all expenses incurred by them respectively in or about the inspection and superintendence of jute warehouses, and the granting of licenses in respect thereof

Any balance which may remain after payment of such expenses shall be applied in reduction of the fees levied on licenses for jute warehouses under this Act

25. The cost of all establishments and plant hired or purchased, and of all other charges under Part III of this Act, shall be contributed by the Commissioners for the town of Calcutta, and by the Suburban Commissioners in the following proportions, namely—by the Commissioners for the town of Calcutta, seven-tenths, by the Suburban Commissioners three-tenths At the end of each quarter of a year the Commissioner of Police shall certify to the Calcutta and Suburban Commissioners respectively the total cost of the fire-brigade for such quarter,

Proportions of contribution towards payment of expenses of fire-brigade

মাজিষ্ট্রেটের সমক্ষে সেই কথার প্রমাণ হইলে তাঁহার উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

২২ ধারা। পোলীসের কমিশনর সাহেব এই আইনমতে যে লাইসেন্স দেন তিনি ত্রিশ দিনের নোটিস দিয়া আপনার বিবেচনামতে তাহা রদ করিতে বা কিয়ৎকাল স্থগিত রাখিতে পারিবেন।

লাইসেন্স রদ করিবার ক্ষমতার কথা।

২৩ ধারা। পোলীসের কমিশনর সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি না হইলেও কোন ব্যক্তির বাটীর কি প্রাঙ্গণের মধ্যে কোন স্থানে হাউই কি আগুনের বেলুন ছাড়া গেলে সেই বাটীর কি প্রাঙ্গণের দখলকার যে ব্যক্তির কর্তৃত্বে থাকে তিনি ঐ অপরাধ কে করিয়াছে ও সেই অপরাধ তাঁহার অজ্ঞাতসারে করা গিয়াছে ইহার প্রমাণ দিতে না পারিলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

গৃহস্থদের দায়ের কথা।

চতুর্থ খণ্ড।

ফণ্ডের প্রয়োগ ও ব্যয়বিভাগের বিধি।

২৪ ধারা। এই আইনমতে ফী ও দণ্ডস্বরূপ যত টাকা আদায় হয় কমিশনরগণ এবং শাখানগর ও হাবড়ার মুনিসিপাল কমিশনরেরা আপন কর্ম্মাধীন স্থানে প্রাপ্ত সেই টাকা হইতে

আইনক্রমে প্রাপ্ত টাকা প্রয়োগের কথা।

(১) অগ্নিনির্ব্বাপক দলের খরচ দিবেন,

ও (২) পাটের গুদামের পরিদর্শন ও তত্ত্বাবধান এবং তৎসম্পর্কীয় লাইসেন্স প্রদানের সমস্ত খরচ দিবেন।

উক্ত খরচ দিয়া টাকা উদ্বৃত্ত থাকিলে, এই আইনক্রমে পাটের গুদামের লাইসেন্স নিমিত্ত যে ফী আদায় করা যায়, তাহা কমাইবার নিমিত্তে এ টাকা প্রয়োগ করা যাইবে।

২৫ ধারা। সকল কর্ম্মকারকদের বেতনাদি এবং যত যন্ত্র ভাড়া লওয়া কি ক্রয় করিয়া লওয়া যায় ও এই আইনের তৃতীয় খণ্ডমতে অন্য যত খরচ হয় তাহা, কলিকাতা নগরের কমিশনরগণ ও শাখা নগরের কমিশনরেরা নিম্নলিখিত হারানুসারে দিবেন, কলিকাতা নগরের কমিশনরগণ দশ ভাগের সাত ভাগ, শাখা নগরের কমিশনরেরা দশ ভাগের তিন ভাগ। ত্রৈমাসিক অগ্নিনির্ব্বাপকদের নিমিত্তে মোট কত টাকা খরচ পড়িয়াছে ও এই আইনক্রমে ফী ও অর্থদণ্ড হইতে কলিকাতায় ও শাখা নগরে কত টাকা জমা হইয়াছে এবং উভয় কমিশনরদিগের ঠিক কত করিয়া দিতে হইবে পোলীসের কমিশনর

অগ্নিনির্ব্বাপকদলের ব্যয় পোষণার্থ কে কত দিতে হইবে তাহার কথা।

the money which may have accrued from the fees and penalties levied under this Act in Calcutta and the Suburbs, and the precise sum which must be paid by the said Commissioners respectively. On the receipt of such certificate, the said Commissioners shall forthwith pay the sum certified against them, provided that in no case shall the three-tenths payable in any year by the Suburban Commissioners exceed the sum of ten thousand rupees.

PART V

MISCELLANEOUS.

26. The Lieutenant Governor of Bengal may, on the recommendation of the Commissioners passed by resolution, declare that any other fibre or any commodity which is stored or deposited in warehouses besides jute or cotton, shall be warehoused, and kept subject to the provisions of Part II of this Act. When such declaration shall have been made in the *Calcutta Gazette*, this Act shall be read as if the name or names of the said fibre or commodity had been printed in addition to the words "jute" or "cotton" in the several sections of Part II, wherein the said words "jute" or "cotton" may occur.

Lieutenant-Governor may declare the warehousing of any other substance to be subject to Act.

27. The Commissioners for the town of Calcutta and Municipal Commissioners, respectively, shall make a report to the Lieutenant-Governor once a year, at such time as the Lieutenant-Governor shall direct, showing how the provisions of this Act have been carried out, and specifying the jute warehouses in respect of which licenses have been granted. Such report shall be forthwith published in the *Calcutta Gazette*.

Submission of reports.

28. Any person committing any offence in respect of which a penalty is provided by section 15 or section 23 of this Act may, if his name and address be unknown, be arrested by any officer of police, and forthwith conveyed before some Magistrate having jurisdiction in the place in which such offence has been committed, or shall be taken to the nearest police station within the said jurisdiction in order that such person may be detained until he can be brought before a Magistrate, or until he shall enter into recognizance with or without sureties for his appearance before a Magistrate.

Power to arrest.

[*Government Gazette, 22nd April* 1879.]

সাহেব বৎসরের প্রত্যেক ট্রৈমাসান্তরে কলিকাতা ও শাখানগরের কমিশনরদিগকে এতৎ কথা সংলিতপত্রে জানাইবেন। উক্ত কমিশনরেরা সেই সংলিতপত্র পাইলে সংলিপ্তমতে তাঁহাদের নামে যত টাকা লিখিত হয় তত টাকা দিবেন কিন্তু দশ ভাগের মধ্যে শাখানগরের কমিশনরদের যে তিন ভাগ দিতে হইবে সেই তিন ভাগ যেন দশ হাজার টাকার অধিক না হয়।

পঞ্চম খণ্ড।

বিবিধ বিধি।

২৬ ধারা। কমিশনরগণ নির্দ্ধারণ করিয়া পরামর্শ দিলে পাট ও তুলা ভিন্ন অন্য যে আঁশাল দ্রব্য কিম্বা অন্য যে কোন দ্রব্য গুদামে সঞ্চিত করিয়া কি গচ্ছিত করিয়া রাখা গিয়া থাকে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কমিশনরগণের সেই পরামর্শমতে ঐ সকল দ্রব্য এই আইনের দ্বিতীয় খণ্ডের বিধানমতে গুদামজাত করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। তদ্রূপ আজ্ঞা কলিকাতা গেজেটে প্রকাশ করা গেলে দ্বিতীয় খণ্ডের যেং ধারায়, "পাট" ও "তুলা" শব্দ থাকে সেইং ধারায় ঐং শব্দের পর উক্ত আঁশাল দ্রব্য বা অন্য দ্রব্যের নাম লেখা থাকার ন্যায় ঐং ধারা পাঠ করিতে হইবে।

অন্য দ্রব্য গুদামজাৎ করা গেলে তাহার প্রতিও এই আইনের বিধান খাটে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের এই আজ্ঞা করিতে পারিবার কথা।

২৭ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য যে রূপে সম্পাদন হইতেছে এবং পাটের যেং গুদামের উক্ত লাইসেন্স দেওয়া গিয়াছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যেং সময় নিরূপণ করেন কলিকাতা নগরের কমিশনরগণ ও মুনিসিপাল কমিশনর দ্বারা সেইং সময়ে বৎসরং একবার সেইরূপ রিপোর্ট করিবেন। সেই রিপোর্ট অবিলম্বে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে।

রিপোর্ট দিবার কথা।

২৮ ধারা। এই আইনের ১৫ কি ২৩ ধারার যেং অপরাধের অর্থদণ্ডের বিধান হইল কোন ব্যক্তি উক্ত কোন অপরাধ করিলে ও তাঁহার নাম ও বাসস্থান জানা না থাকিলে পোলীসের কোন কর্ম্মকারক তাঁহাকে ধরিতে ও যে স্থানে অপরাধ করা হইয়াছে সেই স্থানের বিচারাধিপত্য প্রাপ্ত কোন মাজিষ্ট্রেটের সম্মুখে আনিতে পারিবেন কিম্বা বিচারাধিপত্যবিশিষ্ট সন্নিহিত পোলীস থানায় তাঁহাকে তৎক্ষণাৎ লইয়া গিয়া যত কাল মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যাইতে না পারে কিম্বা ঐ ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবেন জামিনের সহিত কি জামিন ভিন্ন যতকাল ইহার মুচলকা লিখিয়া না দেন তত কাল তাঁহাকে তথায় আটক করাইয়া রাখিবেন।

ধৃত করিবার ক্ষমতার কথা।

29 Whenever such person shall be taken to a police station, the officer in charge of such station shall, as soon as conveniently may be, cause him to be conveyed before some Magistrate having jurisdiction in the matter

Offenders to be brought to trial

30 Every license granted under Part II of this Act shall, as far as possible, be in the form in the schedule to this Act annexed

Form of license

31 Nothing in this Act shall be deemed to apply to places wherein small quantities of jute, not exceeding four maunds at any one time, are deposited for the purpose of any manufacture or retail trade

Saving of places of manufacture or retail trade

SCHEDULE

(*See Section* 30)

License under Bengal Act of 1879.

No. *of* 187

The Corporation of the Town of Calcutta hereby grant unto
this License under Bengal Act of 1879 to store and press jute in premises No
Calcutta,
subject to the conditions noted on the back, and they hereby acknowledge to have received the sum of Rs. being the License Fee due by the said from to 187 in respect of the aforesaid premises at the rate of Rs per annum

Name of owner ________________

Name of occupier ________________

____

Secretary to the Corporation of the Town of Calcutta

The day of

FREDERICK CLARKE,
Asst Secy to the Govt of Bengal, Legislative Department

২৯ ধারা। উক্ত প্রকারে পোলীস থানায় আনা অপরাধিদের বিচার পৌলে যে ব্যক্তির প্রতি ঐ হইবার কথা। থানার অধ্যক্ষতা ভার থাকে তিনি সুবিধামতে ত্বরায় সেই বিষয়ের বিচারাধিপত্য বিশিষ্ট কোন মাজিষ্ট্রেটের নিকট ঐ ব্যক্তিকে পাঠাইবেন।

৩০ ধারা। এই আইনের ২য় খণ্ডমতে যে লাইসেন্স লাইসেন্সের পাঠ। দেওয়া যায় তাহা যত দূর হইতে পারে, এই আইনের তফসীলের নির্দ্ধারিত পাঠে লেখা যাইবে।

৩১ ধারা। কোন কারিগরির নিমিত্ত কিম্বা খুচরা কারিগরির কি খুচরা বিক্রয়ের নিমিত্ত অল্প করিয়া বিক্রয়ের স্থানের প্রতি অর্থাৎ এককালে চারিমণের না খাটিবার কথা। অনধিক পাট যে স্থানে রাখা গিয়া থাকে, এই আইনের বিধান যে সেই স্থানের প্রতি খাটে, এমত জ্ঞান করিতে হইবে না।

তফসীল।

(৩০ ধারা দেখ।)

১৮৭৯ সালের বঙ্গীয় আইনমতে লাইসেন্স।

১৮ সালের অমুক নম্বর।

কলিকাতানগরের সমবায়িত সমাজ ১৮৭৯ সালের বঙ্গীয় আইনমতে শ্রীঅমুককে পৃষ্ঠলিখিত নিয়মাধীনে কলিকাতা নগরের অমুক রাস্তার অমুক নম্বরের বাটীতে পাট রাখিবার ও বাঁধ দিবার এই লাইসেন্স দিলেন এবং তাঁহারা উক্ত ব্যক্তির স্থানে পূর্ব্বোক্ত বাটীর নিমিত্ত বৎসর এত টাকার হারে ১৮৭ সালের অমুক তারিখ অবধি অমুক তারিখ পর্য্যন্ত লাইসেন্স ফী বলিয়া এত টাকা বুঝিয়া পাইলেন।

স্বামির নাম

দখলীকারের নাম

কলিকাতা নগরের সমবায়িত সমাজের সেক্রেটরী।

সাল তাং

ফ্রেডরিক ক্লার্ক,
ব্যবস্থাপক কার্য্যবিভাগে
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

THE following report of the Select Committee, together with the Bill as amended by them, is, by order of the President, published for general information :—

WE, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom the Bill to provide for the proper management of certain inland steam vessels was referred, have the honor to make the following report :—

The only material alteration that we have made in the Bill is to state more precisely the cases in which notice of accidents occurring to or on board of inland steam vessels is to be given to the local Government.

We have also provided that the rules in the first instance shall be published two months before taking effect.

A. B. INGLIS.
A. MACKENZIE.
JOHN D. BELL.
C. T. BUCKLAND.

The 2nd April 1879.

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত রিপোর্ট তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপিসমেত, শ্রীযুক্ত প্রেসিডেন্ট সাহেবের আদেশক্রমে, সাধারণের অবগতিনিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সদস্য নিম্নস্বাক্ষরকারী আমাদের হস্তে কোনং দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের উপযুক্ত তত্ত্বাবধানের বিধানার্থ আইনের পাণ্ডুলিপি অর্পিত হয়। আমরা তৎসম্বন্ধে সসম্ভ্রমে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।

আমরা পাণ্ডুলিপিতে কেবল একটী গুরুতর পরিবর্ত্তন করিয়াছি, দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা তদুপরি কোন দুর্দৈব ঘটিলে যে যে স্থলে স্থানীয় গবর্ণমেন্টে নোটিস দিতে হইবে তাহা আমরা অধিকতর নিশ্চিত করিয়া লিখিয়াছি।

আমরা আরও বিধান করিয়াছি যে প্রথমতঃ ফলবৎ হইবার দুই মাস পূর্ব্বে বিধিগুলি প্রকাশ করা যাইবে।

এ, বি, ইংলিস।
এ, মাকেঞ্জি।
জন ডি, বেল।
সি, টি, বকলণ্ড।

১৮৭৯ সাল ২ আপ্রিল।

AMENDED BILL.

A Bill to provide for the proper management of certain Inland Steam Vessels.

Whereas it is expedient that inland steam vessels of a burden exceeding one hundred tons should be commanded by competent persons, and it is therefore desirable to provide for the examination of commanders of such vessels and for the granting of certificates to them It is enacted as follows —

Preamble

1 "Inland steam vessel" in this Act means a steam vessel of a burden exceeding one hundred tons engaged in the inland trade of Bengal which in the course of its ordinary voyage traverses at any time of the year any part of the river Hooghly below the town of Calcutta.

Definition of "inland steam vessel"

2 The local Government may from time to time make, alter, add to, or repeal rules for the examination of, and the granting of certificates to, commanders of inland steam vessels,

Local Government may make rules

Provided that the first rules made under this Act shall be published in the *Calcutta Gazette* at least two months before they take effect

3 Every inland steam vessel shall be commanded by a person holding a certificate duly in force under the said rules

Inland steam vessels to have certificated commanders.

4 If any such vessel is not so commanded, the owner thereof shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one thousand rupees, and such fine may continue to be imposed on the said owner after the expiration of one month from the last previous conviction, so long as the provisions of section 3 are not complied with in respect of such vessel.

Penalty on owner if vessel is commanded by uncertificated commander

5. A Commander of any inland steam vessel who holds a certificate duly in force under the said rules shall be deemed to be a pilot in respect of such vessel for the purposes of section 38 of the Indian Ports Act, 1875.

Commanders deemed to be pilots under section 38 of Indian Ports Act.

6 In any of the cases following (namely) —

Notice of accidents to be given to local Government

সংশোধিত পাণ্ডুলিপি ।

কোনং দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের উপযুক্ত তত্ত্বাবধানের বিধানার্থ আইনের পাণ্ডুলিপি ।

যে সকল দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতে এক শত টনের অধিক বোঝাই ধরে, তৎসমুদয় উপযুক্ত লোকের অধ্যক্ষতাধীনে থাকা বিহিত, এবং তন্নিমিত্ত উক্ত পোতের অধ্যক্ষদিগকে পরীক্ষা করিবার ও সর্টিফিকেট দিবার বিধান করা বাঞ্ছনীয়; অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে ।

হেতুবাদ ।

১ ধারা । একশত টনের অধিক বোঝাই ধারী যে বাষ্পীয় পোত বাঙ্গলার দেশাভ্যন্তরিক বাণিজ্য কার্য্যে নিযুক্ত থাকিয়া নিয়মিত জলযাত্রাক্রমে বৎসরের কোন সময়ে কলিকাতার নীচে হুগলী নদীর কোন অংশ দিয়া গমন করে, এই আইনে "দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোত" শব্দে সেই বাষ্পীয় পোত বুঝায় ।

"দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের" লক্ষণ ।

২ ধারা । দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের অধ্যক্ষদিগকে পরীক্ষা করিবার ও সর্টিফিকেট দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং বিধি প্রণয়ন করিতে পারিবেন, ও প্রণীত হইলে, তাহা পরিবর্ত্তিত কি পরিবর্দ্ধিত কি রহিত করিতে পারিবেন ।

স্থানীয় গবর্ণমেণ্ট বিধি প্রণয়ন করিতে পারিবেন ।

কিন্তু এই আইনমতে প্রথম যে বিধি প্রণীত হয় তাহা কলবৎ হইবার অন্যূন দুই মাস পূর্ব্বে কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে ।

৩ ধারা । প্রত্যেক দেশাভ্যন্তরিক বাষ্পীয়পোত উক্ত বিধিমতে নিয়মিতরূপে বলবৎ সর্টিফিকেট প্রাপ্ত ব্যক্তির অধ্যক্ষতাধীনে থাকিবে ।

দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের সর্টিফিকেট প্রাপ্ত অধ্যক্ষ থাকিবে ।

৪ ধারা । যদি উক্তরূপ কোন পোত তদ্রূপ অধ্যক্ষতাধীনে না থাকে, মাজিষ্ট্রেটের নিকট অপরাধ নির্ণয় হইলে তাহার স্বামির এক হাজার টাকার অনধিক অর্থ দণ্ড হইবে এবং যাবৎ উক্ত পোত সম্বন্ধে ৩ ধারার বিধান মান্য করা না হয়, পূর্ব্ব অপরাধ নির্ণয় অবধি এক মাস গত হইলে পর উক্ত স্বামির আবার তদ্রূপ অর্থ দণ্ড করা যাইতে পারিবে ।

সর্টিফিকেটবিহীন অধ্যক্ষের অধ্যক্ষতাধীনে পোত রাখিলে, স্বামির অর্থদণ্ডের কথা ।

৫ ধারা । উক্তরূপ কোন পোতের অধ্যক্ষ উক্ত বিধিমতে নিয়মিতরূপে বলবৎ সর্টিফিকেটপ্রাপ্ত হইলে, ভারতবর্ষীয় বন্দরবিষয়ক ১৮৭৫ সালের আইনের ৩৮ ধারাক্রমে তাঁহাকে আড়কাটী বলিয়া জ্ঞান করা যাইবে ।

অধ্যক্ষদিগকে ভারতবর্ষীয় বন্দরবিষয়ক আইনের ৩৮ ধারাক্রমে আড়কাটী বলিয়া জ্ঞান করা যাইবে ।

৬ ধারা । পশ্চাল্লিখিত স্থলে, অর্থাৎ,

(*a*) Whenever any inland steam vessel is wrecked, abandoned, or materially damaged in any part of the River Hooghly below the town of Calcutta,

(*b*) Whenever any such vessel causes loss or material damage to any other inland steam vessel or to any sea-going vessel in the aforesaid part of the River Hooghly,

(*c*) Whenever, by reason of any casualty happening to or on board of any inland steam vessel in the aforesaid part of the River Hooghly, loss of life ensues,

The Commander shall give immediate notice of such wreck, abandonment, loss, damage, or casualty, to the Port Officer of Calcutta

Any Commander wilfully failing to give notice under this section shall be liable to a fine not exceeding five hundred rupees

The Port Officer receiving such notice shall without delay communicate the same to the local Government

Investigation of accidents.

7 If in any such case a formal investigation appears to the local Government to be requisite or expedient, the local Government may order such investigation, and the provisions of section 4, sections 6 to 11 (both inclusive), and sections 15 and 16 of the Indian Merchant Shipping Act, 1875, shall be applicable, as far as may be, to all proceedings under this section

Local Government may suspend or cancel certificates

8 The local Government may suspend or cancel the certificate of any Commander as aforesaid if he is reported by the court making such investigation to be incompetent, or to have been guilty of misconduct, or if he has been convicted of a non-bailable offence

Penalty not to be enforced before a certain time

9 No proceedings shall be taken against any person for the recovery of a penalty under this Act before such day as the Lieutenant-Governor may fix by notification in the *Calcutta Gazette*

Commencement of Act

10 This Act shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the consent of the Governor-General

W. E. H. FORSYTH,

Offg Asst Secy to the Govt of Bengal,

Legislative Department

[*Government Gazette*, 22nd *April* 1879]

স্থানীয় গবর্ণমেণ্টে দুর্ঘটনার সংবাদ দিতে হইবে।

(ক) কলিকাতা নগরের নীচে হুগলী নদীর মধ্যে কোন স্থানে কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোত ভগ্ন কি পরিত্যক্ত কি গুরুতররূপে ক্ষতিগ্রস্ত হইলে,

(খ) হুগলী নদীর পূর্ব্বোক্ত ভাগে উক্তরূপ কোন পোত অন্য কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা সমুদ্রগামী পোতের কোন হানি কি গুরুতর ক্ষতি করিলে,

(গ) হুগলী নদীর পূর্ব্বোক্ত ভাগে কোন দেশাভ্যন্তরিক বাষ্পীয় পোতের বা তদুপরি কোন দুর্দ্দৈব ঘটিয়া প্রাণের হানি হইলে,

পোতাধ্যক্ষ উক্তরূপ ভগ্ন হইবার কি পরিত্যাগের কি হানির কি ক্ষতির কি দুর্দ্দৈবের সংবাদ তৎক্ষণাৎ কলিকাতার বন্দরের কর্ত্তৃপক্ষকে দিবেন।

কোন পোতাধ্যক্ষ ইচ্ছাপূর্ব্বক এই ধারামতে সংবাদ না দিলে তাঁহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

বন্দরের কর্ত্তৃপক্ষ উক্তরূপ সংবাদ পাইলে তাহা অবিলম্বে স্থানীয় গবর্ণমেণ্টে পাঠাইবেন।

দুর্দ্দৈবের অনুসন্ধান লইবার কথা।

৭ ধারা। যদি এরূপ কোন স্থলে নিয়মিত অনুসন্ধান লওয়া স্থানীয় গবর্ণমেণ্ট আবশ্যক কি হিতকর বোধ করেন, স্থানীয় গবর্ণমেণ্ট তদ্রূপ অনুসন্ধান লইতে আদেশ করিতে পারিবেন এবং এই ধারামতে যে সকল কার্য্যানুষ্ঠান হয় তাহাতে যত দূর সম্ভব ভারতবর্ষীয় সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৭৫ সালের আইনের ৪ ধারা ও ৬ অবধি ১১ ধারা ও ১৫ ও ১৬ ধারার বিধান খাটিবে।

স্থানীয় গবর্ণমেণ্ট সর্টিফিকেট স্থগিত কি রহিত করিতে পারিবেন।

৮ ধারা। অনুসন্ধানকারী আদালত পূর্ব্বোক্ত পোতাধ্যক্ষকে অযোগ্য কি অসদাচরণ দোষে দূষিত রিপোর্ট করিলে, কিম্বা যে অপরাধের জন্য জামিন লওয়া যায় না তাঁহার সেই অপরাধ সপ্রমাণ হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার সর্টিফিকেট স্থগিত কি রহিত করিতে পারিবেন।

নির্দ্দিষ্ট সময়ের পূর্ব্বে অর্থদণ্ড বলবৎ না করিবার কথা।

৯ ধারা। কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে তারিখ নির্দ্ধারিত করেন তৎপূর্ব্বে এই আইনক্রমে অর্থদণ্ড আদায়ের নিমিত্ত কোন ব্যক্তির নামে কোন কার্য্যানুষ্ঠান করা যাইবে না।

আইনের কার্য্যারম্ভ।

১০ ধারা। এই আইন যে তারিখে শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিসহ কলিকাতা গেজেটে প্রকাশিত হয় সেই তারিখ অবধি বলবৎ হইবে ইতি।

ডবলিউ, ই, এচ, ফোর্সাইথ,

ব্যবস্থাপন কার্য্যবিভাগে বঙ্গদেশের

গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L.,

Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 29, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৯ আপ্রিল।

PART VI

Bill of the Bengal Council

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL

LEGISLATIVE DEPARTMENT

The following Bill, as settled by the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 5th April 1879, is, by order of the President, published for general information —

A bill to define and limit the powers of Settlement Officers

Preamble

WHEREAS it is expedient to define and limit the powers of Settlement Officers It is enacted as follows —

Extent

This Act extends to all the territories under the administration of the Lieutenant-Governor of Bengal

Commencement of Act

1 It shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

[*Government Gazette, 29th April* 1879]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কার্য্যবিভাগ।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্টগবর্ণর সাহেবের মন্ত্রিসভা ১৮৭৯ সালের ৫ আপ্রিল তারিখে নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি যেরূপ নির্দ্ধার্য্য করেন, তাহা শ্রীযুক্ত প্রেসিডেণ্ট সাহেবের আদেশক্রমে সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশিত হইতেছে।

বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারিত ও সীমাবদ্ধ করিবার নিমিত্ত আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্দ্ধারিত ও সীমাবদ্ধ করা উচিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

ব্যাপ্তি।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন সমস্ত প্রদেশে এই আইন বর্ত্তিবে।

আইনের কার্য্যারম্ভ।

১ ধারা। এই আইন যে তারিখে শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি সহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যাইবে সেই তারিখ অবধি প্রবল হইবে।

Repeal of Bengal Act III of 1878

2 Bengal Act No III of 1878 (*an Act to define and limit the powers of settlement officers with respect to enhancement of rent*) is hereby repealed.

3 In this Act—

"Settlement Officer"

"Settlement Officer" means the Collector or any officer in charge of the revenue jurisdiction of a district, and includes any Assistant Commissioner, Deputy Collector, or Sub-Deputy Collector whom the Collector or other officer as aforesaid may authorize to conduct the enquiries and proceedings connected with any settlement of land revenue, and any officer who may be appointed by the Lieutenant-Governor to make any such settlement.

"Under-tenant"

"Under-tenant" means any holder of a heritable and transferable intermediate tenure between the Government and the ryot other than a zemindar

Settlement proceedings not affected by certain Acts

4 Nothing contained in section 51 of Regulation VIII of 1793, or in sections 13, 14, and 17 of Act X of 1859, or in sections 14, 15, and 18 of Bengal Act VIII of 1869, shall affect any settlement proceedings under Regulation VII of 1822, or under any other law for the time being in force for the regulation of settlements of land revenue

Rent to be in accordance with rates sanctioned by the revenue authorities

5 In any such settlement proceedings the rent recorded as demandable from each ryot shall, except as herein otherwise provided, be in accordance with the general rates sanctioned or subsequently approved for adoption in such settlement by the revenue authorities from time to time empowered in that behalf by the Lieutenant-Governor

Grounds of enhancement

6 The Settlement Officer may, on some one or other of the following grounds and not otherwise, record a higher rent as demandable from any ryot having a right of occupancy than the rent which was previously paid by him, viz —

(1) That the higher rent so recorded is calculated on rates which are not above the prevailing rates payable by the same class of ryots for land of a similar description and with similar advantages in the surrounding neighbourhood

১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন রহিত হইল।

২ ধারা। ১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন (অর্থাৎ খাজানাবৃদ্ধি করণ সম্পর্কে বন্দোবস্তী কার্য্যকারকদের ক্ষমতা নির্ণয় ও তৎসীমা নিরূপণ করণার্থ আইন) এতদ্বারা রহিত করা গেল।

৩ ধারা। এই আইনে

বন্দোবস্তী কার্য্যকারক

"বন্দোবস্তী কার্য্যকারক" শব্দে জিলার রাজস্ববিষয়ক বিচারাধিপত্যভারপ্রাপ্ত কালেক্টর সাহেব কি কোন কার্য্যকারককে বুঝাইবে এবং ভূমির রাজস্বের কোন বন্দোবস্ত সংক্রান্ত অনুসন্ধান ও কার্য্যানুষ্ঠান করিবার নিমিত্ত কালেক্টর সাহেব কি উক্ত কার্য্যকারক যে আসিষ্টাণ্ট কমিশ্যনর কি ডেপুটী কালেক্টর কি সব-ডেপুটী কালেক্টরকে ক্ষমতা দেন এবং উক্তরূপ কোন বন্দোবস্ত করিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাদিগকেও বুঝাইবে।

"পেটাও প্রজা।"

জমীদার ব্যতীত গবর্ণমেণ্ট ও রায়তের মধ্যে থাকিয়া যে কেহ পুরুষানুক্রমিক ও হস্তান্তরযোগ্য মধ্যবর্ত্তী ভূসম্পর্ক ভোগ করেন, "পেটাও প্রজা" শব্দে তাঁহাকে বুঝাইবে।

কোন২ আইন দ্বারা বন্দোবস্তী কার্য্যের ব্যাঘাত হইবে না।

৪ ধারা। ১৭৯৩ সালের ৮ আইনের ৫১ ধারায়, কিম্বা ১৮৫৯ সালের ১০ আইনের ১৩ ও ১৪ ও ১৭ ধারায়, কিম্বা ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের ১৪ ও ১৫ ও ১৮ ধারায় যে কোন কথা থাকুক না কেন তাহাতে ১৮২২ সালের ৭ আইন অনুযায়ী কিম্বা ভূমির রাজস্বের বন্দোবস্ত নিয়মিত করিবার নিমিত্ত তৎকালে অন্য যে আইন বলবৎ থাকে তদনুযায়ী বন্দোবস্তী কার্য্যের কোন ব্যাঘাত হইবে না।

খাজানা রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষদের অনুমোদিত হারানুযায়ী হইবে।

৫ ধারা। সময়েং তৎপক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে ক্ষমতাপ্রাপ্ত রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষেরা কোন বন্দোবস্তী কার্য্যে অবলম্বন জন্য যে যে সাধারণ হারের অনুমতি করেন বা পরে অনুমোদন করেন, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, তদনুসারে উক্ত বন্দোবস্তী কার্য্যে প্রত্যেক রায়তের নিকটে প্রাপ্য বলিয়া খাজানা লিপিবদ্ধ করা যাইবে।

খাজানা বৃদ্ধি করিবার হেতু।

৬ ধারা। দখলী স্বত্ব বিশিষ্ট কোন রায়ত পূর্ব্বে যে খাজানা দিত তাহার নিকটে তদপেক্ষা উচ্চতর খাজানা প্রাপ্য বলিয়া বন্দোবস্তী কার্য্যকারক পশ্চাল্লিখিত এক কি একাধিক হেতুতে লিপিবদ্ধ করিতে পারিবেন, অন্যথা নহে, যথা,

(১) উক্তরূপ লিপিবদ্ধ উচ্চতর খাজানা যে হারে ধরা গিয়াছে সেই হার চতুষ্পার্শ্বস্থ সেই প্রকারের ও তত্তুল্য অবস্থার ভূমির জন্য সেই শ্রেণীর রায়তেরা যে চলিত হারে খাজানা দিয়া থাকে তদপেক্ষা অধিক নহে।

(ii) That the enhancement is not greater than is justified by the increase which has taken place in the productive powers of the land otherwise than by the agency, or at the expense, of the ryot since the rent of the ryot was last fixed

(iii) That the value of the produce of the land has been increased otherwise than by the agency, or at the expense, of the ryot since the rent of the ryot was last fixed, and that such higher rent does not bear a higher proportion to the rent of such ryot as last fixed than the normal price of produce at or about the time of the present settlement bears to the normal price of similar produce which prevailed at or about the time when such rent was last fixed

(iv) That the value of the produce of the land has been increased otherwise than by the agency, or at the expense, of the ryot since the last previous settlement of the lands was made, and that such higher rent does not bear a higher proportion to that which would have been the rent of lands of a similar description and the same area, according to the rates of such previous settlement, than the normal price of produce at or about the time of the present settlement bears to the normal price of similar produce which prevailed at or about the time of such previous settlement, as recorded in the papers of such settlements, or as otherwise ascertained and certified by the Settlement Officer

(v) That the quantity of land held by the ryot has been proved by measurement to be greater than the quantity for which rent has been previously paid by him

7 The rent recorded as demandable from an under-tenant shall be determined in accordance with the following rules —

Rules for determining rent recorded as demandable

(a) Whenever the Settlement Officer shall find any person holding as an under-tenant, he shall first ascertain and record whether the under-tenure so held is binding as against the Government

(*b*) If the Settlement Officer finds the under-tenure to be so binding, the rent recorded as demandable from such under-tenant shall in no case be higher than an amount which shall be ten per cent below the aggregate of the rents recorded as payable to him from the subordinate under-tenants and ryots whose holdings fall within his tenure.

(c) If the Settlement Officer shall find that the under-tenure is not binding as against the Government, he shall first determine the propor-

(২) শেষবার রায়তের খাজানা ধার্য্য হইবার পরে রায়তের পরিশ্রম কি ব্যয় ভিন্ন ভূমির যে পরিমাণে উৎপাদিকা শক্তি বৃদ্ধি হইয়াছে খাজানা বৃদ্ধি তদপেক্ষা অধিক পরিমাণে করা যায় নাই।

(৩) শেষবার রায়তের খাজানা ধার্য্য হইবার পরে রায়তের পরিশ্রম কি ব্যয় ভিন্ন ভূমির উৎপন্ন শস্যের মূল্য বৃদ্ধি হইয়াছে, এবং শেষবার খাজানা ধার্য্য হইবার সময়ে বা তৎসমীপবর্ত্তি কালে শস্যের যে প্রকৃত মূল্য চলিত ছিল তাহার সহিত বর্ত্তমান বন্দোবস্ত সময়ে বা তৎসমীপবর্ত্তী কালে সেই শস্যের প্রকৃত মূল্যের যে অনুপাত লক্ষিত হয় শেষবার রায়তের যে খাজানা ধার্য্য হয় তাহার সহিত বর্ত্তমান উচ্চতর খাজানার উচ্চতর অনুপাত নহে।

(৪) ভূমির শেষ পূর্ব্ববন্দোবস্তের পরে রায়তের পরিশ্রম কি ব্যয় ভিন্ন ভূমির উৎপন্ন শস্যের মূল্য বৃদ্ধি হইয়াছে, এবং উক্ত পূর্ব্ব বন্দোবস্ত সময়ে বা তৎসমীপবর্ত্তী কালে শস্যের যে প্রকৃত মূল্য ছিল বলিয়া ঐ বন্দোবস্তের কাগজপত্রে লিপিবদ্ধ দেখা যায় কিম্বা লিপিবদ্ধ না থাকিলে অন্যরূপে নির্ণীত হয় ও বন্দোবস্তী কার্য্যকারক কর্ত্তৃক সংসিদ্ধমতে নির্দ্দিষ্ট হয় তাহার সহিত বর্ত্তমান বন্দোবস্ত সময়ে বা তৎসমীপবর্ত্তী কালে সেই শস্যের প্রকৃত মূল্যের যে অনুপাত লক্ষিত হয় পূর্ব্ববন্দোবস্ত সময়ের হারানুসারে সেই প্রকারের ও সেই পরিমাণের ভূমির যে খাজানা হইত তাহার সহিত বর্ত্তমান উচ্চতর খাজানার উচ্চতর অনুপাত নহে।

(৫) পূর্ব্বে রায়ত যত ভূমির নিমিত্ত খাজানা দিত মাপ দ্বারা প্রমাণ হইয়াছে যে তদপেক্ষা অধিক ভূমি ভোগ করিতেছে।

৭ ধারা। পশ্চাল্লিখিত বিধিমতে পেটাও প্রজার নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা ধার্য্য হইবে।

পেটাও প্রজার নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা ধার্য্য করিবার বিধি।

(ক) বন্দোবস্তী কার্য্যকারক পেটাও প্রজারূপে ভোগকারী কোন ব্যক্তিকে দেখিলে প্রথমতঃ স্থির করিয়া লিপিবদ্ধ করিবেন যে উক্তরূপ ভোগকৃত পেটাও ভূসম্পর্ক গবর্ণমেণ্টের বিরুদ্ধে সিদ্ধ কি না।

(খ) বন্দোবস্তী কার্য্যকারক ঐ পেটাও ভূসম্পর্ক তদ্রূপে সিদ্ধ স্থির করিলে, তন্মধ্যে যে যে অধীন পেটাও প্রজা ও রায়তের যোত পড়ে, তাহাদের নিকটে প্রাপ্য বলিয়া মোট যত খাজানা লিপিবদ্ধ করা যায়, তাহা হইতে শতকরা দশ টাকা বাদ দিলে যে টাকা হয়, কোন স্থলে উক্ত পেটাও প্রজার নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানা তদপেক্ষা উচ্চতর হইবে না।

(গ) ঐ পেটাও ভূসম্পর্ক গবর্ণমেণ্টের বিরুদ্ধে সিদ্ধ নহে বন্দোবস্তী কার্য্যকারক এইরূপ স্থির করিলে, ভূমির রাজস্বের দাওয়া নিরূপণার্থ যৎকালে গবর্ণমেণ্টের যে

tionate amount of the demand of land revenue to be assessed upon the lands included in the under-tenure in accordance with any orders of Government for the time being in force regulating the demand of land revenue, and shall record the rent payable by such under-tenant at such a sum (not being less than such proportionate amount of land revenue or more than the aggregate of the rents recorded as payable to him from the subordinate under-tenants and ryots whose holdings fall within his tenure) as may seem fair and equitable with reference to the character and circumstances of the tenure.

But nothing in clause (c) shall be held to limit the discretion of the Civil Court in determining in any suit under section 11 of this Act the rent of an under-tenant of the class described in the said clause.

Procedure when rent demandable is recorded below that to which it might have been enhanced.

8. When the rent demandable from any under-tenant or ryot is recorded at an amount below that to which the rent of such under-tenant or ryot might have been enhanced under this Act, it may be recorded that such under-tenant or ryot shall from time to time be liable to pay increased rent from such dates as may be fixed by the Settlement Officer, until the rent paid by him reaches the amount which the Settlement Officer may determine to be properly payable by him under this Act.

Service of notice of enhancement.

9. Whenever a higher rent has been recorded as demandable from any under-tenant or ryot than the rent previously paid by him, the Settlement Officer shall cause to be published a copy of the *jummabundi* or extracts therefrom, specifying in respect of each such under-tenant or ryot the rent recorded as payable by him, and, in the case of a ryot, the clause or clauses of section 6 of this Act under which his rent is enhanced.

Such publication may be lawfully made by affixing a copy of the *jummabundi*, or of such extracts therefrom as the Collector may think fit, at the mal cutcherry of the village to which the *jummabundi* relates, or at some other conspicuous place therein, and by proclamation by beat of drum in the said village to the effect that the same copy or extracts have been so affixed, and that the *jummabundi* can be inspected at the office of the Settlement Officer.

[*Government Gazette*, 29th *April* 1879.]

আদেশ চলিত থাকে তদনুসারে ঐ পেটাও ভূসম্পর্কে অন্তর্গত ভূমির উপর ভূমির রাজস্ব বলিয়া যত টাকা দাওয়া করা যাইতে পারে প্রথমত তাহা নির্ণয় করিবেন এবং ঐ ভূসম্পর্কের প্রকৃতি ও অবস্থা বিবেচনায় যত টাকা উপযুক্ত ও ন্যায়সঙ্গত বোধ হয় তত টাকার পরিমাণে উক্ত পেটাও প্রজার দেয় খাজানা লিপিবদ্ধ করিবেন। ঐ টাকা ভূমির রাজস্ব বলিয়া যাহা দাওয়া করা যাইতে পারে তাহার কম হইবে না, অথবা ঐ ভূসম্পর্কের মধ্যে যে সকল অধীন পেটাও প্রজা ও রায়তের যোত পড়ে তাহারা উহাকে মোট যত খাজানা দিবে বলিয়া লিপিবদ্ধ থাকে তদপেক্ষা অধিক হইবে না।

কিন্তু এই আইনের ১১ ধারানুযায়ী মোকদ্দমায় দেওয়ানী আদালত যে স্বীয় বিবেচনামতে (গ) প্রকরণ বর্ণিত পেটাও প্রজার খাজানা ধার্য্য করিবার ক্ষমতা পাইয়াছেন, উক্ত প্রকরণের কোন কথায় সেই ক্ষমতার সীমা নির্ণীত করা হইয়াছে, এরূপ জ্ঞান করা যাইবে না।

খাজানা যত দূর বৰ্দ্ধিত করা যাইতে পারিত তদপেক্ষা অল্প খাজানা প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

৮ ধারা। এই আইনমতে কোন পেটাও প্রজা কি রায়তের খাজানা যত দূর বর্দ্ধিত করা যাইতে পারিত তদপেক্ষা অল্প খাজানা উক্ত পেটাও প্রজা কি রায়তের নিকট প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা গেলে ইহাও লিপিবদ্ধ করা যাইতে পারিবে যে এই আইনমতে নিয়মমতরূপ যত টাকা দেয় বলিয়া বন্দোবস্তী কার্য্যকারক নির্ণয় করেন যাবৎ তত টাকা পর্য্যন্ত খাজানা বৃদ্ধি না হয়, বন্দোবস্তী কার্য্যকারক যে যে তারিখ নির্দ্ধারিত করেন সেই সেই তারিখ অবধি সময়ে সময়ে উক্ত পেটাও প্রজা কি রায়তের খাজানা বৃদ্ধি হইতে পারিবে।

বর্দ্ধিত খাজানার নোটিস জারী করিবার কথা।

৯ ধারা। কোন পেটাও প্রজা কি রায়ত পূর্ব্বে যে খাজানা দিত তদপেক্ষা উচ্চতর খাজানা তাহার নিকট প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা গেলে, বন্দোবস্তী কার্য্যকারক জমাবন্দীর নকল কি তদুদ্ধৃত অংশ প্রচার করিবেন, এবং তাহাতে প্রত্যেক পেটাও প্রজা কি রায়তের দেয় বলিয়া লিপিবদ্ধ খাজানার এবং রায়ত হইলে এই আইনের ৬ ধারার যে কি যে সকল প্রকরণমতে খাজানা বৰ্দ্ধিত হইয়াছে তাহারও নির্দ্দেশ করিবেন।

ঐ জমাবন্দীর কিম্বা কালেক্টর সাহেব তাহার যে উদ্ধৃতাংশ উচিত বোধ করেন সেই উদ্ধৃতাংশের এক একত নকল, জমাবন্দী যে গ্রাম সম্পর্কীয় হয় তাহার মাল কাছারীতে কিম্বা ঐ গ্রামের অন্য কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া, এবং উক্ত নকল কি উদ্ধৃতাংশ তদ্রূপে লাগাইয়া দেওয়া গিয়াছে এবং বন্দোবস্তী কার্য্যকারকের কার্য্যালয়ে জমাবন্দী দেখা যাইতে পারে, উক্ত গ্রামে এইরূপ ঢেঁড়রা দিয়া ঘোষণা করিয়া, আইনমতে তদ্রূপ প্রচার করা যাইতে পারিবে।

10. Every under-tenant and ryot shall be liable to pay the rent recorded as demandable from him under this Act, unless it shall be proved in any suit instituted by such under-tenant or ryot to contest his liability to pay the same that such rent has not been assessed in accordance with the provisions of this Act.

Suit to contest rents.

No such suit shall be instituted otherwise than within four months after the publication of the *jummabunds*, or extracts as aforesaid, in the village in which the lands which are the subject of the suit or any part thereof are situated.

11. In all suits instituted to contest the rent recorded as demandable under this Act the Court shall, if it modifies or sets aside such rent, proceed to determine the rent payable by the plaintiff in accordance with this Act, and if any arrears of rent at the rates determined by the Court are found to be due, shall make a decree in favour of the defendant, with such costs as may seem proper.

Procedure in suits to contest rent recorded as demandable.

12. If publication of the copy of a *jummabunds* or of extracts therefrom as provided in section 9 of this Act is made within the first six months of the year of the era current in the district, the enhancement may take effect from the beginning of the year in which such publication may have been made, otherwise it shall take effect from the beginning of the next following year.

Enhancement when to take effect.

13. Rent recorded as demandable under this Act, or fixed by a final decree in any suit as aforesaid, shall not be liable to enhancement until ten years shall have elapsed from the date on which the settlement took effect, or until the period of the settlement shall have expired, whichever may first occur.

Rent to hold good for 10 years or until expiration of settlement.

14. The provisions of this Act shall apply to all settlement proceedings under Regulation VII of 1822 which may have been confirmed after the commencement of Bengal Act III of 1878, or which may hereafter be confirmed or sanctioned by the revenue authorities from time to time empowered in that behalf by the Lieutenant-Governor, whether such proceedings shall have been commenced before or after such commencement.

Application of Act.

W. E. H. FORSYTH,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

১০ ধারা । এই আইনক্রমে কোন পেটাও প্রজা কি রায়তের নিকটে প্রাপ্য বলিয়া যে খাজানা লিপিবদ্ধ করা যায়, তৎপ্রদানসম্বন্ধে দায়ের প্রতিবাদার্থে মোকদ্দমা উপস্থিত করিয়া যদি উক্ত পেটাও প্রজা কি রায়ত সপ্রমাণ করিতে না পারে যে এই আইনের বিধানমতে উক্ত খাজানা ধার্য্য করা হয় নাই, তাহা হইলে তাহার ঐ খাজানা দিতে হইবে ।

খাজানা প্রতিবাদ করিবার মোকদ্দমা ।

যে ভূমি লইয়া মোকদ্দমা হয় সেই ভূমি কি তাহার কোন অংশ যে গ্রামের অন্তর্গত সেই গ্রামে জমাবন্দী কি পূর্ব্বোক্ত উদ্ধৃতাংশ প্রচারিত হইবার পরে চারি মাস মধ্যে উপস্থিত করা না গেলে উক্তরূপ কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ।

১১ ধারা । এই আইনমতে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানার প্রতিবাদার্থে মোকদ্দমা উপস্থিত করা গেলে, আদালত যদি উক্ত খাজানা পরিবর্ত্তিত কি রহিত করেন তাহা হইলে এই আইনক্রমে বাদির দেয় খাজানা ধার্য্য করিতে প্রবৃত্ত হইবেন, এবং আদালতের ধার্য্য হারে বাকী খাজানা পাওনা থাকিলে যেরূপ খরচা উচিত বোধ করেন তৎসহ প্রতিবাদির অনুকূলে ডিক্রী করিবেন ।

প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ খাজানার প্রতিবাদার্থে মোকদ্দমা উপস্থিত করা গেলে কার্য্যপ্রণালীর কথা ।

১২ ধারা । যে জিলায় যে সন চলিত থাকে, সেই জিলায় সেই সনের প্রথম ছয় মাস মধ্যে ৯ ধারাক্রমে খাজানা বৃদ্ধির নোটিস জারী করা গেলে, যে বৎসর উক্ত নোটিস জারী করা যায় সেই বৎসরের আরম্ভ অবধি উক্ত খাজানা বৃদ্ধি কার্য্যকর হইবে, অন্যথা পর বৎসরের আরম্ভ অবধি কার্য্যকর হইবে ।

খাজানা বৃদ্ধি যে সময়ে কার্য্যকর হইবে ।

১৩ ধারা । খাজানা এই আইনক্রমে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা গেলে, অথবা পূর্ব্বোক্ত কোন মোকদ্দমায় চূড়ান্ত ডিক্রীক্রমে ধার্য্য করা গেলে, বন্দোবস্ত কার্য্যকর হইবার তারিখ অবধি যাবৎ দশবৎসর গত না হয়, অথবা বন্দোবস্তের মিয়াদ না ফুরায়, (ইহার মধ্যে যেটাই প্রথম ঘটুক না কেন,) তাবৎ খাজানা বৃদ্ধি করা যাইবে না ।

খাজানা দশ বৎসর পর্য্যন্ত বা বন্দোবস্তের মিয়াদ শেষ পর্য্যন্ত বলবৎ থাকিবে ।

১৪ ধারা । ১৮২২ সালের ৭ আইনমত যে সকল বন্দোবস্তী কার্য্য ১৮৭৮ সালের বঙ্গীয় ৩ আইন প্রচলিত হওয়ার পরে দৃঢ়ীকৃত হইয়াছে অথবা তৎপক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে সময়ে২ ক্ষমতা প্রাপ্ত রাজস্ববিষয়ক কর্ত্তৃপক্ষদের দ্বারা দৃঢ়ীকৃত কি অনুমোদিত হইয়াছে, উক্ত আইন প্রচলিত হইবার পূর্ব্বেই হউক কি পরেই হউক ঐ কার্য্যের আরম্ভ হইলে তাহার প্রতি এই আইনের বিধান বর্ত্তিবে ।

আইন বর্ত্তিবার কথা ।

ডবলিউ, ই, এইচ্, ফোর্সাইথ ।
ব্যবস্থাপক কার্য্য বিভাগে বঙ্গদেশের,
গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী ।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B.L.,
Bengali Translator.

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 13, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৩ মে।

PART VI.

Bill of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following report of the Select Committee, together with the Bill as re-amended, is, by order of the President, published for general information.—

We, the undersigned members of the Council of the Lieutenant-Governor of Bengal, to whom the Bill to amend the law relating to the Court of Wards was referred back at the meeting of the Council held on the 8th instant, have the honor to make the following report

Parts I, II, and III have been re-arranged, but there is nothing new in them which is foreign to the intention of the Committee as expressed in the Bill already submitted to the Council

Some amendments have been made to give effect to the change under which the Court of Wards is substituted for the Collector with regard to those properties which have been made over, or are hereafter to be made over, by the Civil Court under Act XXXV and Act XL of 1858 The object of these amendments is to create uniformity of jurisdiction under the Court of Wards in all such cases

Section 5 contains a revised and more full definition of disqualified proprietors, whilst section 7 prescribes when the Court is bound to give over charge of a ward's property

After section 12 we have re produced the provisions of section 80 of Bengal Act IV of 1870, to enable the Court to sell an estate to which no claimant is prepared to press his legal rights on the expiration of the wardship.

We have omitted the clause which provided that no estate should be leased in putni or other permanent under-tenure without the consent of the Lieutenant-Governor

In sections 12, 13, 18, 38, 39, &c, we have provided for the execution of the orders of the Court, and also as regards leases, mortgages, &c, through the manager The intention of the law is as heretofore, that the manager is the person legally responsible for all that is done whilst the estate is entrusted to his charge, but that he is protected so long as he acts in conformity with the orders and instructions of the Court of Wards

We have omitted the section by which the share in a joint undivided estate or tenure under the charge of the Court was not liable to sale for recovery of arrear sof revenue or other demands similarly recoverable until after the end of the year in which such arrears accrued, such a provision is unnecessary for the protection of the minor's estate, as a separate account can be opened in the Collector's books on account of the separate share of a minor On the other hand, such a provision is capable of being made very injurious to Government, if the other shareholders choose to withhold the payment of their shares of the revenue with the knowledge that they will be covered by the protection given to the minor's estate, as, unless a separate account is opened, the whole estate or nothing must be sold for arrears of revenue The protection given to an estate which is the sole property of a minor from liability to sale for arrears of revenue is still continued

In sections 29 and 30 provision is made to enable the Collector of the district to make certain enquiries as to the person and property of a person believed to be disqualified through the agency of the Collector of the district in which the person or property are to be found

At the beginning of Part VI we have inserted a section providing that if no manager is appointed, the Collector of the district in which the greater part of the property is situated, or any other Collector whom the Court may appoint, shall be competent to perform the duties of a manager

In section 45 we have provided that if the ward is a female of sound mind, and not a minor, the surplus proceeds of the estate, after the liquidation of debts and improvement of the lands or property, shall be paid over to her for her absolute use The same rule is also made to apply in the case of those persons who, having been minors under the charge of the Court, have elected to leave their property under the charge of the Court pending the minority of their co-proprietors

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কার্য্যবিভাগ।

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত দ্বিতীয় রিপোর্ট, পুনঃসংশোধিত পাণ্ডুলিপিসমেত, শ্রীযুত প্রেসিডেণ্ট সাহেবের আদেশক্রমে, সাধারণের অবগতির নিমিত্ত প্রচার করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভার সদস্য নিম্নস্বাক্ষরকারী আমাদের হস্তে এই মাসের ৮ তারিখের সভার অধিবেশনে কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক আইন সংশোধনার্থ আইনের পাণ্ডু-লিপি পুনর্ব্বার অর্পিত হয়। আমরা তৎসম্বন্ধে সসম্ভ্রমে নিম্নলিখিত রিপোর্ট দিতেছি।

১, ২ ও ৩ খণ্ড নূতন প্রকারে মুদ্রিত হইয়াছে। কিন্তু মন্ত্রিসভার পূর্ব্বে যে পাণ্ডুলিপি উপস্থিত করা হইয়াছিল, তাহাতে কমিটীর যে অভিপ্রায় প্রকাশ ছিল তদ্বিরুদ্ধ নূতন কিছু ঐ তিন খণ্ডে নাই।

দেওয়ানী আদালত ১৮৫৮ সালের ৩৫ ও ৪০ আইনমতে যে যে সম্পত্তি সমর্পণ করিয়াছেন কি পরে করিবেন, সেই সেই সম্পত্তি সম্বন্ধে কোর্ট অব ওয়ার্ডস কালেক্টর সাহেবের পদ অধিকার করিবেন, এই পরিবর্ত্তন বকার্য্যে পরিণত করিতে গিয়া কিছু২ সংশোধন করা গিয়াছে। তদ্রূপ সকল স্থলে কোর্ট অব ওয়ার্ডসের এলাকার সমতা করা এই২ সংশোধনে উদ্দেশ্য।

৫ ধারায় অযোগ্য ভূস্বামিদের সংশোধিত ও অপেক্ষাকৃত সম্পূর্ণ লক্ষণ দেওয়া গিয়াছে, আর কোর্ট কোন্ সময়ে ওয়ার্ডের সম্পত্তির রক্ষণাবেক্ষণভার পরিত্যাগ করিতে বাধ্য ৭ ধারায় ইহার নির্দ্দেশ আছে।

রক্ষণাবেক্ষণ কাল গত হইলে কোন মহাল সম্বন্ধে কোন দাওয়াদার স্বীয় বৈধ স্বত্ব স্থাপনের চেষ্টা না করিলে, কোর্টকে ঐ মহাল বিক্রয় করিতে সক্ষম করিবার নিমিত্ত, আমারা ১২ ধারার পরে ১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইনের ৮০ ধারার বিধান পুনর্ব্বার দিয়াছি।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতি ব্যতিরেকে কোন মহালের পত্তনী কি অন্য কোনরূপ চিরকালীন বন্দোবস্ত করিয়া পাট্টা দেওয়া যাইবে না, এই বিধান যে প্রকরণে ছিল আমরা সেই প্রক-রণটী উঠাইয়া দিয়াছি।

কার্য্যাধ্যক্ষ দ্বারা কোর্টের আজ্ঞা পালনের ও পাট্টা, বন্ধক প্রভৃতি সম্পাদনের বিধান আমরা ১২ ১৩, ১৮, ৩৮, ৩৯, প্রভৃতি ধারায় করিয়াছি। পূর্ব্বে যেরূপ ছিল এক্ষণেও আইনের অভিপ্রায় এই যে মহাল যৎকালে কার্য্যাধ্যক্ষের হস্তে ন্যস্ত থাকে সমুদয় কার্য্যের জন্য তিনিই আইনমতে দায়ী, কিন্তু কোর্ট অব ওয়ার্ডসের আজ্ঞা ও উপদেশক্রমে কার্য্য করিলে তিনি রক্ষিত হইবেন।

যে বৎসর বাকী পড়ে সেই বৎসর শেষ না হইলে বাকী রাজস্বের কি তদ্রূপে আদায়যোগ্য অন্য প্রাপ্য টাকার আদায় জন্য কোর্টের রক্ষণাবেক্ষণাধীন কোন সংসৃষ্ট অবিভক্ত মহালের কি ভূসম্পর্কের অংশ যে ধারাক্রমে বিক্রীত হইতে পারিত না, আমরা সেই ধারাটী উঠাইয়া দিয়াছি। অপ্রাপ্ত বয়স্কের মহাল রক্ষার্থে এরূপ বিধান অনাবশ্যক, কারণ অপ্রাপ্ত বয়স্কের স্বতন্ত্র অংশের জন্য কালেক্টর সাহেবের খাতায় স্বতন্ত্র হিসাব খোলা যাইতে পারে। অপর পক্ষে, যদি অন্য অংশিদারেরা এই জানিয়া আপন২ অংশের রাজস্ব না দেয় যে অপ্রাপ্তবয়স্কের মহালের সংরক্ষণের বিধানদ্বারা তাহাদেরও সংরক্ষণ হইবে, তাহা হইলে এরূপ বিধানদ্বারা গবর্ণমেণ্টের বিশেষ অনিষ্ট হইতে পারে, কারণ স্বতন্ত্র হিসাব খোলা না গেলে বাকী রাজস্বজন্য হয় সমুদয় মহাল নতুবা কিছুই বিক্রয় করা যাইবে না। যে মহাল একমাত্র অপ্রাপ্তবয়স্কের সম্পত্তি, বাকী রাজস্বজন্য সেই মহালের বিক্রয় বারণ এখনও থাকিল।

কোন ব্যক্তি অযোগ্য বলিয়া বিশ্বাস হইলে, যে জিলায় সেই ব্যক্তি কি তাহার সম্পত্তি থাকে সেই জিলার কালেক্টর সাহেবের দ্বারা সেই ব্যক্তির ও তাহার সম্পত্তির কোন২ অনুসন্ধান জিলার কালেক্টর সাহেব লইতে পারিবেন, ২৯ ও ৩০ ধারায় এইরূপ বিধান করা গিয়াছে।

আমরা ষষ্ঠ খণ্ডের প্রথমে একটী ধারা দিয়া বিধান করিয়াছি যে, কোন কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করা না হইলে, সম্পত্তির অধিকাংশ যে জিলায় থাকে সেই জিলার কালেক্টর সাহেব, কিম্বা অন্য যে কালেক্টর সাহেবকে কোর্ট নিযুক্ত করেন সেই কালেক্টর সাহেব, কার্য্যাধ্যক্ষের কর্ত্তব্য সম্পাদন করিতে পারিবেন।

৪৫ ধারায় আমরা বিধান করিয়াছি যে অপ্রাপ্তবয়স্ক নহে ও ক্ষিপ্তমনা নহে ওয়ার্ড এরূপ স্ত্রীলোক হইলে ঋণ পরিশোধ ও ভূমির কি সম্পত্তির উন্নতি সাধন করণানন্তর মহালের উদ্বৃত্ত উপস্বত্ব তাঁহার ইচ্ছা-মত ব্যবহার জন্য তাঁহাকে দেওয়া যাইবে। আর যে সকল ব্যক্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে অপ্রাপ্ত-বয়স্ক ছিলেন এবং সংসৃষ্ট ভূস্বামিদের অপ্রাপ্ত বয়স্ক অবস্থা থাকিতে আপন সম্পত্তি কোর্টের রক্ষণা-বেক্ষণাধীনে রাখিয়া দিয়াছেন, তাঁহাদের প্রতিও উক্ত বিধান বর্ত্তান গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৩ মে।]

We have struck out, as covered by the general powers of the Court, the section which empowered the Court to compromise claims and refer them to arbitration.

We have provided that the prohibition of adoption without the consent of the Lieutenant-Governor is not to apply to major proprietors whose property remains under the charge of the Court with their consent

We have substituted for sections 61 and 62 of the old Bill a revised section making all arrears of rent payable in respect of a ward's estate recoverable by the same process as rents payable to a Collector on account of Government.

We have struck out the section which empowered proprietors to sue persons professing to have acted under the authority of the Court for acts done in contravention of the Court of Wards Act or for breach of trust, as the right to sue in such cases exists without any specific enactment.

C T BUCKLAND
H L DAMPIER
A MACKENZIE
J O'KINEALY
MOHINY MOHUN ROY
PRAMATHA NATHA ROY,
of Dighapatea

The 22nd March 1879

[*Government Gazette*, 13*th May* 1879]

দাওয়ার রক্ষা করিবার ও তাহা নাবালিগকে অর্পণ করিবার ক্ষমতা যে ধারাক্রমে কোর্টকে দেওয়া গিয়াছিল, কোর্টের সাধারণ ক্ষমতার অন্তর্গত বলিয়া তাহা আমরা উঠাইয়া দিয়াছি।

আমরা বিধান করিয়াছি যে, যে সকল প্রাপ্তবয়স্ক ভূম্যধিকারিদের সম্মতিক্রমে তাঁহাদের সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতি বিনা পোষ্যপুত্র গ্রহণ বিষয়ে তাঁহাদের প্রতি বর্ত্তিবে না।

আমরা পুরাতন পাণ্ডুলিপির ৬১ ও ৬২ ধারার পরিবর্ত্তে একটি সংশোধিত ধারা দিয়া বিধান করিয়াছি যে, যে প্রকারে কালেক্টর সাহেব গবর্ণমেন্টের প্রাপ্য খাজানা আদায় করেন, ওয়ার্ডের মহালের বাকী খাজানা সেইরূপে আদায় করা যাইবে।

কোর্টঅব ওয়ার্ডস বিষয়ক আইন লঙ্ঘন করিয়া কিম্বা বিশ্বাসঘাতকতা করিয়া যে ব্যক্তি প্রকাশ করে যে কোর্টের অনুমতিক্রমে কার্য্য করিয়াছে তাহার নামে মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা যে ধারায় ভূম্যধিকারিদিগকে দেওয়া গিয়াছিল, আমরা সেই ধারা উঠাইয়া দিয়াছি, কারণ বিশেষ বিধান ব্যতিরেকে এরূপস্থলে মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব আছে।

সি, টি, বকলাণ্ড।
এচ, এল, ডাম্পিয়ার।
এ, মাকেঞ্জি।
জে, ওকিনেলী।
মোহিনী মোহন রায়।
প্রমথনাথ রায় (দিঘাপতিয়ার।)

১৮৭৯ সাল ২৮ মার্চ।

RE-AMENDED BILL

A Bill to amend the law relating to the Court of Wards.

Preamble

Whereas it is expedient to amend the law relating to the Court of Wards within the territories under the administration of the Lieutenant-Governor of Bengal, It is enacted as follows —

PART I.

Preliminary.

Short title.

1. This Act may be called the Court of Wards Act, 1879.

Extent

It extends to all the territories under the administration of the Lieutenant-Governor of Bengal, including the scheduled districts of Bengal as defined in the Scheduled Districts Act, 1874

Commencement

It shall come into force from the date on which it may be published in the *Calcutta Gazette* with the assent of the Governor-General

Repeal of Acts

2 Bengal Act IV of 1870 (the Court of Wards Act), section 11 of Act XXXV of 1858, sections 12, 14, and 15 of Act XL of 1858, and so much of section 21 of Act XL of 1858 as provides that the Civil Court may direct the Collector to take charge of an estate, are hereby repealed

All persons and properties which at the commencement of this Act are under the charge of the Court of Wards as constituted by Bengal Act IV of 1870 shall be deemed to be under the charge of the Court of Wards as constituted by this Act

And all persons and properties which at the commencement of this Act are under the charge of the Collector by virtue of an order of the Civil Court under section 11 of Act XXXV of 1858, or under section 12, section 14, or section 21 of Act XL of 1858, shall from such commencement be deemed to be under the charge of the Court of Wards

And all rules prescribed, orders or appointments made, and agreements executed under the Court of Wards Act, 1870, and now in force, shall (so far as they are consistent with this Act) be deemed to be respectively prescribed, made, and executed under this Act

[*Government Gazette*, 13*th May* 1879]

পুনঃ সংশোধিত পাণ্ডুলিপি।

কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

প্রস্তাবনা।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক আইন সংশোধন করা বিহিত। অতএব নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম খণ্ড।

উপক্রমণিকা।

সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭৯ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

ব্যাপ্তি।

তফসীলে লেখা প্রদেশ বিষয়ক ১৮৭৪ সালের আইন অনুযায়ী বঙ্গদেশের তফসীলে লেখা প্রদেশ সমেত, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন সমুদয় দেশের প্রতি এই আইন বর্ত্তিবে।

আরম্ভ।

এই আইন যে তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতিসহ কলিকাতা গেজেটে প্রকাশ করা যায় সেই তারিখ অবধি প্রবল হইবে।

যে যে আইন রহিত হইল।

২ ধারা। কোর্ট অব ওয়ার্ডসবিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইন, ১৮৫৮ সালের ৩৫ আইনের ১১ ধারা, ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ ও ১৪ ও ১৫ ধারা, ও ১৮৫৮ সালের ৪০ আইনের ২১ ধারার যে অংশে বিধান আছে যে দেওয়ানী আদালত কোন মহালের ভার গ্রহণ করিতে কালেক্টর সাহেবকে আদেশ করিতে পারেন সেই অংশ, এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭০ সালের বঙ্গীয় ৪ আইনক্রমে সংগঠিত কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে এই আইন প্রচলিত হইবার সময়ে যে সকল ব্যক্তি ও সম্পত্তি থাকে, সেই সকল এই আইনক্রমে সংগঠিত কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে আছে বলিয়া জ্ঞান করা যাইবে।

১৮৫৮ সালের ৩৫ আইনের ১১ ধারামতে, অথবা ১৮৫৮ সালের ৪০ আইনের ১২ কি ১৪ কি ২১ ধারামতে, দেওয়ানী আদালতের আদেশক্রমে কালেক্টর সাহেবের রক্ষণাবেক্ষণাধীনে এই আইন প্রচলিত হইবার সময়ে যে সকল ব্যক্তি ও সম্পত্তি থাকে, সেই সকল তৎসময়াবধি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে আছে বলিয়া জ্ঞান করা যাইবে।

এবং কোর্ট অব ওয়ার্ডস বিষয়ক ১৮৭০ সালের আইনক্রমে যে সকল বিধি প্রণীত, আদেশ কি নিয়োগ কৃত ও নিয়মপত্র সম্পাদিত হইয়া এক্ষণে বলবৎ আছে সেই সকল যত দূর এই আইন সঙ্গত হয়, এই আইনক্রমে প্রণীত, কৃত ও সম্পাদিত বলিয়া জ্ঞান করা যাইবে।

And all orders and appointments made by Collectors under Act XXXV of 1858 or Act XL of 1858, and now in force, shall (so far as they are consistent with this Act) be deemed to be made under this Act.

And all suits and proceedings now pending, which may have been commenced under the Court of Wards Act, 1870, or by Collectors under Act XXXV of 1858 or Act XL of 1858, shall be deemed to be commenced under this Act

3. In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation.

"Collector" includes any officer in charge of the revenue jurisdiction of a district.

"Collector"

"The Court" means the Court of Wards;

'Court'

or, when the Court of Wards has delegated any of its powers to a Commissioner or Collector or any other person, it means, in respect of such powers, the Commissioner or Collector or person to whom they are delegated

"Estate" means all lands which are borne on the revenue-roll of a Collector as liable for the payment of one and the same demand of land revenue

'Estate'

"Minor" means a person who has not completed his age of twenty-one years

'Minor"

"Section" means a section of this Act

'Section"

"Ward" means any person who is under the charge of the Court of Wards, or whose property is under such charge

'Ward.'

PART II.

Constitution, Jurisdiction, and Powers of the Court of Wards

Board of Revenue to be Court of Wards.

4 The Board of Revenue shall be the Court of Wards for the territories to which this Act extends

It shall deal with every person and every property of which it may take or retain charge under this Act, or which may be placed under its charge by order of a competent Court, in accordance with the provisions of this Act

এবং ১৮৫৮ সালের ৩৫ আইন কি ১৮৫৮ সালের ৪০ আইনক্রমে কালেক্টর সাহেবদের কৃত যে সমুদয় আদেশ ও নিয়োগ এক্ষণে বলবৎ আছে, তৎসমুদয় যত দূর এই আইন সঙ্গত হয় এই আইনক্রমে কৃত বলিয়া জ্ঞান করা যাইবে।

ও কোর্ট অব ওয়ার্ডস্‌বিষয়ক ১৮৭০ সালের আইনক্রমে, অথবা ১৮৫৮ সালের ৩৫ আইন কি ১৮৫৮ সালের ৪০ আইনমতে কালেক্টর সাহেবদের কর্তৃক যে সকল মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য আরব্ধ হইয়া এক্ষণে চলিতেছে, তৎসমুদয় এই আইনক্রমে আরব্ধ হইয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে।

৩ ধারা। এই আইনে বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা তাহার বোধ না হইলে

অর্থ করণ।

"কালেক্টর" শব্দে কোন জিলার রাজস্ব সম্পর্কীয় বিচারাধিপত্যে ভার প্রাপ্ত কার্য্যকারককেও বুঝাইবে।

"কালেক্টর"

"কোর্ট" শব্দে কোর্ট অব ওয়ার্ডস বুঝাইবে, কিম্বা কোর্ট অব ওয়ার্ডস স্বীয় ক্ষমতা কমিশনর সাহেব কি কালেক্টর সাহেব কি অন্য কোন ব্যক্তির প্রতি অর্পণ করিলে ঐ ক্ষমতা সম্বন্ধে তৎপ্রাপ্ত কমিশনর সাহেব কি কালেক্টর সাহেব কি ব্যক্তিকেও বুঝাইবে।

"কোর্ট।"

কালেক্টরী তৌজিভুক্ত যে সমস্ত ভূমি ভূরাজস্ববিষয়ক একই প্রাপ্য টাকা দিবার দায়যুক্ত "মহাল" শব্দে তৎসমস্তই বুঝাইবে।

"মহাল।"

একুশবৎসর বয়ঃক্রম যাহার পূর্ণ হয় নাই "অপ্রাপ্তবয়স্ক" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

অপ্রাপ্তবয়স্ক।

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

"ধারা।"

যে ব্যক্তি বা যাহার সম্পত্তি কোর্ট অব ওয়ার্ডসের রক্ষণাবেক্ষণাধীনে থাকে "ওয়ার্ড" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

"ওয়ার্ড।"

দ্বিতীয় খণ্ড।

কোর্ট অব ওয়ার্ডসের সংগঠন, এলাকা ও ক্ষমতার বিধি।

৪ ধারা। এই আইন যে যে দেশের প্রতি বর্ত্তে তথাকার রেবিনিউ বোর্ড কোর্ট অব ওয়ার্ডস হইবেন।

রেবিনিউ বোর্ড কোর্ট অব ওয়ার্ডস হইবে।

বোর্ড এই আইনক্রমে যে প্রত্যেক ব্যক্তির ও সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার লন বা রাখেন, অথবা যাহা এই আইনের বিধান অনুসারে উপযুক্ত আদালতের আদেশক্রমে বোর্ডের রক্ষণাবেক্ষণাধীনে সংস্থাপিত হয়, তাহা লইয়া কার্য্য করবেন।

5. Proprietors of estates shall be held disqualified to manage their own property when they are—

Disqualified proprietors.

(*a*) females declared by the Court incompetent to manage their own property;

(*b*) persons declared by the Court to be minors;

(*c*) persons adjudged by a competent Civil Court to be of unsound mind, and incapable of managing their affairs;

(*d*) persons adjudged by a competent Civil Court to be otherwise rendered incapable by physical defects or infirmities of managing their own property.

6 Whenever the sole proprietor of an estate, or all the joint proprietors of an estate are disqualified as provided in the last preceding section, the Court shall have power to take charge of all the property of every such proprietor or joint proprietor within its jurisdiction, and of the person of any such proprietor or joint proprietor who is resident within its jurisdiction, and also of the person and property of any minor member of the family of any such proprietor or joint proprietor who has an immediate or reversionary interest in the property of such proprietor or joint proprietor

Jurisdiction of Court over disqualified proprietors

Nothing contained in the first clause of this section or in any other part of this Act shall be held to affect any of the provisions of Act XXXIV of 1858, or the jurisdiction, as respects infants, of any High Court of Judicature

7 Whenever the circumstances of any ward become such that the Court could not take charge of him or of his property if he were not under its charge already, the Court shall be bound to release from its charge such person and his property

Court when bound to give up charge

8 The Court may in its discretion, in any case in which it is empowered by this Act to take charge of the person and property of any disqualified proprietor—

Discretion of Court as to taking charge.

(*a*) take charge of such property without taking charge of such person,

(*b*) refrain from taking charge of any such person or property,

(*c*) at any time withdraw from such charge if taken,

[*Government Gazette*, 13*th May* 1879.]

৫ ধারা। ভূসম্পত্তির স্বাধিকারিগণ স্ব স্ব সম্পত্তির অযোগ্য ভূস্বামির কথা। কার্য্যাধ্যক্ষতা করিবার অযোগ্য বলিয়া এই এই স্থলে পরিগণিত হইবেন,

(ক) যে সকল স্ত্রীলোক স্বীয় সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া কোর্ট নির্দ্দেশ করেন, তাদৃশ স্ত্রীলোক হইলে;

(খ) যে সকল ব্যক্তিকে কোর্ট অপ্রাপ্তবয়স্ক বলিয়া নির্দ্দেশ করেন, তাদৃশ ব্যক্তি হইলে,

(গ) উপযুক্ত দেওয়ানী আদালতের বিচারে যে সকল ব্যক্তি বিকৃতমনা ও আপন বিষয় ব্যাপারের কার্য্যাধ্যক্ষতা করিতে অক্ষম বলিয়া নির্দ্ধারিত হয়, তাদৃশ ব্যক্তি হইলে

(ঘ) উপযুক্ত দেওয়ানী আদালতের বিচারে শারীরিক কোন দোষ কি দৌর্ব্বল্য হেতুক যে সকল ব্যক্তি আপন সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা করিতে অন্যরূপে অক্ষম হইয়াছেন বলিয়া নির্দ্ধারিত হয়, তাদৃশ ব্যক্তি হইলে।

৬ ধারা। পূর্ব্ব ধারার বিধানক্রমে কোন মহালের একমাত্র ভূস্বামী, কিম্বা কোন মহালের সমুদয় সংসৃষ্ট ভূস্বামী অযোগ্য হইলে, কোর্ট আপন এলাকার মধ্যস্থ তদ্রূপ ভূস্বামির বা সংসৃষ্ট ভূস্বামির সমুদয় সম্পত্তির, এবং ঐ এলাকার মধ্যে তদ্রূপ কোন ভূস্বামী বা সংসৃষ্ট ভূস্বামী বাস করিতে থাকিলে তাঁহার, এবং তদ্রূপ ভূস্বামির কি সংসৃষ্ট ভূস্বামির পরিবারস্থ কোন অপ্রাপ্তবয়স্ক ব্যক্তির তদ্রূপ ভূস্বামির বা সংসৃষ্ট ভূস্বামির সম্পত্তিতে বর্ত্তমান কি ভবিষ্যৎ স্বার্থ থাকিলে উক্ত ব্যক্তির ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভারগ্রহণ করিতে পারিবেন।

অযোগ্য ভূস্বামিদের উপর কোর্টের এলাকার কথা।

এই ধারার প্রথম প্রকরণের কিম্বা এই আইনের অন্য কোন অংশের কোন কথায় ১৮৫৮ সালের ৩৪ আইনের কোন বিধানের কিম্বা অপ্রাপ্তবয়স্কদিগের সম্বন্ধে হাই কোর্টের বিচারাধিপত্যের কোন বিঘ্ন হইবে না।

৭ ধারা। যখন কোন ওয়ার্ডের অবস্থা এরূপ হয় যে কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে পূর্ব্ব হইতে না থাকিলে কোর্ট তাঁহার কি তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে পারিতেন না, কোর্ট উক্ত ব্যক্তিকে ও তাঁহার সম্পত্তি স্বীয় রক্ষণাবেক্ষণ হইতে মুক্ত করিতে বাধ্য হইবেন।

কোর্ট কোন্ সময়ে রক্ষণাবেক্ষণ ভার পরিত্যাগ করিবেন।

৮ ধারা। কোর্ট এই আইনমতে যে স্থলে কোন অযোগ্য ভূস্বামির ও তাঁহার সম্পত্তির রক্ষণাবেক্ষণ ভার গ্রহণ করিতে পারেন, কোর্ট আপন বিবেচনামতে

ভার গ্রহণ সম্বন্ধে কোর্টের বিবেচনার কথা।

(ক) উক্ত ব্যক্তিকে ছাড়িয়া তাঁহার সম্পত্তির ভারগ্রহণ করিতে পারিবেন,

(খ) উক্ত ব্যক্তির ও তাঁহার সম্পত্তির ভার গ্রহণ কার্য্য হইতে বিরত থাকিতে পারিবেন,

(গ) তদ্রূপ ভার গ্রহণ করিলেও তাহা যে কোন সময়ে পরিত্যাগ করিতে পারিবেন,

of this Act was placed under the charge of the Collector by a Civil Court under section 12, section 14, or section 21 of Act XL of 1858, or under section 11 of Act XXXV of 1858

Provided that it shall give notice of its intention to withdraw to the Civil Court concerned, and that such notice shall be given not less than two months before the Court of Wards shall so withdraw

Procedure when succession to property disputed

12. Whenever, on the death of any ward, the succession to his property or any part thereof is in dispute, the Court may either direct that such property or part thereof be made over to any person claiming such property, or may retain charge of the same until the right to possession of the claimant has been determined under Bengal Act VII of 1876, or until the dispute has been determined by a competent Civil Court

Power to sell property the succession to which is in dispute

13 If within one year after the death of a ward the succession to whose property or some part thereof is in dispute, no suit be instituted to determine the right to the property so in dispute, the Court may cause the same to be sold by public auction, and the proceeds thereof, after deducting therefrom sums payable to Government, to be invested in promissory notes of the Government of India such notes to be held by the Court in trust for the person who may be entitled thereto

Such sale shall be valid to pass the right, title, and interest in the property so sold, of such deceased ward and of every person claiming by, through, or under such deceased ward, or by way of succession, inheritance, remainder, or reversion

General power of Court

14 Subject to the provisions of this Act the Court—

(a) may through its manager, do all such things requisite for the proper care and management of any property of which it may take or retain charge under this Act, or which may be placed under its charge by order of a competent Civil Court, as the proprietor of any such property, if not disqualified, might do for its care and management, and

(b) may, in respect of the person of any ward, do all such things as might be lawfully done by the legal guardian of such ward

[*Government Gazette*, 13*th May* 1879]

নের ১১ ধারামতে দেওয়ানী আদালত কালেক্টর সাহেবের রক্ষণাবেক্ষণাধীনে কোন ব্যক্তি কি সম্পত্তি রাখিয়া থাকিলে, কোর্ট অব ওয়ার্ডস্ যে কোন সময়ে উক্ত রক্ষণাবেক্ষণভার পরিত্যাগ করিতে পারিবেন,

কিন্তু যে দেওয়ানী আদালত এতদ্বিষয়ে লিপ্ত থাকেন, উক্ত ভার পরিত্যাগের অভিপ্রায়ের নোটিস সেই দেওয়ানী আদালতকে দিতে হইবে, এবং কোর্ট অব ওয়ার্ডস্ উক্ত ভার পরিত্যাগের অন্যূন দুই মাস পূর্ব্বে ঐ নোটিস দিবেন।

সম্পত্তির উত্তরাধিকার লইয়া বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

১২ ধারা। কোন ওয়ার্ডের মৃত্যুর পর তাঁহার সম্পত্তির কি তাহার কোন অংশের উত্তরাধিকার লইয়া বিবাদ উপস্থিত হইলে, কোর্ট উক্ত সম্পত্তির দাওয়াকারী কোন ব্যক্তিকে ঐ সম্পত্তি কি তদংশ দিতে আদেশ করিতে পারিবেন, কিম্বা যাবৎ ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইন মতে দাওয়াদারের অধিকার স্বত্ব নির্ণীত না হয়, বা উপযুক্ত দেওয়ানী আদালত কর্ত্তৃক বিবাদের নিষ্পত্তি না হয়, উক্ত সম্পত্তির রক্ষণাবেক্ষণভার স্বহস্তে রাখিতে পারিবেন।

যে সম্পত্তির উত্তরাধিকার লইয়া বিবাদ হয়, তাহা বিক্রয় করিবার ক্ষমতার কথা।

১৩ ধারা। যে ওয়ার্ডের সম্পত্তির কি তাহার কোন অংশের উত্তরাধিকার লইয়া বিবাদ হয়, তাঁহার মৃত্যুর পরে এক বৎসর মধ্যে বিবাদীয় সম্পত্তি সম্বন্ধীয় স্বত্ব নির্ণয়ার্থে মোকদ্দমা উপস্থিত করা না গেলে, কোর্ট প্রকাশ্যরূপে নীলাম করিয়া ঐ সম্পত্তি বিক্রয় করিবেন, এবং গবর্ণমেণ্টের দেয় টাকা বাদ দিয়া বিক্রয়োৎপন্ন টাকায় ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রমিসরি নোট ক্রয় করিবেন। যে ব্যক্তি স্বত্ববান হইবেন তাঁহার নিমিত্ত ন্যাসধারিরূপে কোর্ট উক্ত নোট রাখিবেন।

উক্ত মৃত ওয়ার্ডের ও যে প্রত্যেক ব্যক্তি উক্ত মৃত ওয়ার্ডের বলে কি দ্বারা কি অধীনে কিম্বা উত্তরাধিকার কি দায়াধিকার কি ভাবি উত্তরাধিকার কি ভাবি দায়াধিকারক্রমে দাওয়া করেন তাঁহার তদ্রূপ বিক্রীত সম্পত্তিতে যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক থাকে, তাহা হস্তান্তর করিবার সম্বন্ধে ঐ বিক্রয় সিদ্ধ হইবে।

কোর্টের সাধারণ ক্ষমতার কথা।

১৪ ধারা। এই আইনের বিধানের নিয়মাধীনে (ক) কোর্ট এই আইনক্রমে যে কোন সম্পত্তির রক্ষণাবেক্ষণভার গ্রহণ করেন কি রাখেন কিম্বা উপযুক্ত দেওয়ানী আদালতের আদেশক্রমে যে সম্পত্তি কোর্টের রক্ষণাবেক্ষণাধীনে সংস্থাপিত হয়, সেই সম্পত্তির যথাযোগ্য তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য স্বীয় কার্য্যাধ্যক্ষ দ্বারা এরূপ সমুদয় কার্য্য করিতে পারিবেন যাহা উক্ত সম্পত্তির স্বামী অযোগ্য না হইলে, তাহার যথাযোগ্য তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য করিতে পারিতেন, ও

(খ) কোন ওয়ার্ডের সম্বন্ধে উক্ত ওয়ার্ডের আইনমত অভিভাবক আইনমতে যাহা কিছু করিতে পারিতেন, কোর্ট তৎসমুদয় করিতে পারিবেন।

15 The Court may exercise all or any powers conferred on it by this Act through the Commissioners of the Divisions and the Collectors of the Districts in which any part of the property of the disqualified proprietor may be situated, or through any other person whom it may appoint for such purpose.

Exercise of powers conferred on Court through others.

The Court may, with the sanction of the Lieutenant-Governor, from time to time delegate any of its powers to such Commissioners or Collectors or other person as aforesaid, and may at any time with the like sanction revoke such delegation

Delegation of powers.

16 The Court may from time to time order such establishments to be entertained and expenses to be incurred as it shall consider requisite for the care and management of the persons and properties under its charge, for superintendence, for the audit of accounts, and generally for all purposes of this Act,

Establishments and expenses

and may order that the cost of any such establishment and any such expenses be charged against any one or more properties for the purposes of which they are entertained or incurred

17. The Court may, in respect of such of the establishments and expenses referred to in the last preceding section as are of a general nature, direct that they shall be met by a general contribution from the properties benefitted thereby, to be levied in such manner and in such proportion as the Court may from time to time direct

General contribution for general purposes.

18 The Court may sanction the giving of leases or farms of the whole or part of any property under its charge, and may direct the mortgage or sale of any part of such property, and may direct the doing of all such other acts as it may judge to be most for the benefit of the property and the advantage of the ward

Power to manage property

19 If the Court thinks it expedient to direct the sale or mortgage of any part of an estate of which the ward is the sole proprietor, it may order the Collector to partition off such part into a separate estate, and the demand of land revenue and of the cesses for which the original estate was liable shall be assessed upon and divided between the two separate estates so formed, respectively, in such manner as the Court, with the sanction of the Lieutenant-Governor, may direct

When Court may order property to be formed into a separate estate

১৫ ধারা । যে দেশখণ্ডে ও জিলায় অযোগ্য ভূম্যধিকারীর সম্পত্তির কোন অংশ থাকে, সেই দেশখণ্ডের কমিশ্যনর সাহেব ও জিলার কালেকটর সাহেবের দ্বারা, অথবা উক্ত কার্য্যার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তদ্দ্বারা, কোর্ট এই আইনক্রমে প্রাপ্ত সমুদয় কি কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

প্রাপ্তক্ষমতানুসারে কোর্টের অন্য দ্বারা কার্য্য করিবার কথা।

শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোর্ট পূর্ব্বোক্ত কমিশ্যনর সাহেব কি কালেক্টর সাহেব কি অন্য ব্যক্তিকে সময়ে সময়ে আপনার কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন ও তদ্রূপ অনুমতি লইয়া যে কোন সময়ে উক্ত অর্পিত ক্ষমতা রহিত করিতে পারিবেন।

ক্ষমতার্পণের কথা।

১৬ ধারা । স্বীয় রক্ষণাবেক্ষণাধীন ব্যক্তি ও সম্পত্তির তত্ত্বাবধান ও কার্য্যাধ্যক্ষতা জন্য ও কর্ত্তৃত্ব জন্য ও হিসাব নিকাশ জন্য, ও সাধারণতঃ এই আইনমত সমুদয় কার্য্য জন্য যে সেরেস্তা রাখা, ও যে ব্যয় করা আবশ্যক বিবেচনা করেন, কোর্ট সময়ে২ তদ্বিষয়ে আদেশ করিতে পারিবেন।

সেরেস্তা ও ব্যয়ের কথা।

আর যে এক কি একাধিক সম্পত্তির জন্য যে সেরেস্তা রাখা কি যে ব্যয় করা যায়, তাহার খরচা সেই সম্পত্তির উপর ধরা যায় এরূপ আদেশ করিতে পারিবেন।

১৭ ধারা । পূর্ব্ব ধারার উল্লিখিত সেরেস্তা ও ব্যয় সাধারণ কার্য্য জন্য সাধারণ ভাবের হইলে, কোর্ট তৎসম্বন্ধে এই আদেশ করিতে পারিবেন যে তদ্দ্বারা যে যে সম্পত্তির উপকার হয় সেই২ সম্পত্তি হইতে তজ্জন্য চাঁদারূপে টাকা তুলিতে হইবে, এবং কোর্ট সময়ে২ যেরূপ আদেশ করেন সেই প্রকারে ও সেই হারে ঐ টাকা আদায় করা যাইবে।

সাধারণ ব্যাপারনিমিত্তে টাকা তুলিবার কথা।

১৮ ধারা । কোর্ট স্বীয় রক্ষণাবেক্ষণাধীন সম্পত্তির সমুদয় কি তাহার কোন অংশের পাট্টা কি ইজারা দিতে অনুমতি করিতে পারিবেন, ও উক্ত সম্পত্তির কোন অংশের বন্ধক কি বিক্রয় করিতে আদেশ দিতে পারিবেন, ও সম্পত্তির ও ওয়ার্ডের উপকারার্থে সর্ব্বাপেক্ষা যাহা ভাল বিবেচনা করেন তদ্রূপ সমুদয় কার্য্য করিতে আদেশ দিতে পারিবেন।

সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করার ক্ষমতার কথা।

১৯ ধারা । ওয়ার্ড যে মহালের একমাত্র ভূস্বামী এমত মহালের কোন অংশ বিক্রয় করিতে কি বন্ধক দিতে আদেশ করা কোর্ট হিতকর বিবেচনা করিলে উক্ত অংশ স্বতন্ত্র মহাল করিবার নিমিত্ত কালেক্টর সাহেবকে আদেশ করিতে পারিবেন, এবং মূল মহাল যে ভূরাজস্বের ও করের দাওয়া জন্য দায়ী ছিল, তৎসম্বন্ধে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া কোর্ট যে প্রকার আদেশ করেন সেই প্রকারে ঐ রাজস্ব ও কর তাদৃশ দুই স্বতন্ত্র মহালের উপর ধার্য্য ও বিভক্ত হইবে।

কোর্ট সম্পত্তি কখন স্বতন্ত্র মহাল করিতে আদেশ করিতে পারেন, তাহার কথা।

20 The Court may appoint one or more managers for the property of any ward, and one or more guardians for the care of the person of any ward under the charge of the Court, and may control and remove any manager or guardian so appointed.

Appointment of managers and guardians.

On any disqualified proprietor becoming a ward, the Court may, at its discretion, confirm or refuse to recognise any appointment of a person to be guardian of such disqualified proprietor, which may have been made by a will.

21 The Court may make such orders as to it may seem fit in respect of the custody, education, and residence of a minor ward, and such minor members of the ward's family as are under its charge, and in respect of the custody and residence of any ward, not being a minor, whose person is under the charge of the Court.

Custody, education, and residence of wards.

22 The Court shall allow, for the support of each ward and of his family, such monthly sum as it thinks fit (if any) with regard to the rank and circumstances of the parties.

Allowance for ward and his family.

PART III.

PROTECTION FROM SALE OF CERTAIN LANDED PROPERTY OF WARDS OTHER MINORS.

23 Every estate, and, subject to the provisions of section 14 of Act XI of 1859, every part or share of an estate for which a separate account has been opened under section 10 or section 11 of the said Act, or under section 70 of Bengal Act VII of 1876, shall, whilst it is under the charge of the Court, be exempt from sale for arrears of revenue:

Estate under charge of Court exempt from sale.

Provided that all arrears of revenue shall be the first charge upon the proceeds of any such estate, part, or share, sold for any other cause than for arrears of revenue while under such charge.

24 No estate the sole property of a minor or of two or more minors, and descended to him or them by the regular course of inheritance, or by virtue of the will of, or some settlement made by, some deceased owner thereof, shall be sold for arrears of revenue accruing subsequently to his or their succession to the same, until such minor or one of such minors has completed his age of twenty one years, but

Estate belonging to minor not to be sold for arrears of revenue.

২০ ধারা। কোর্ট কোন ওয়ার্ডের সম্পত্তির জন্য এক কি একাধিক কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন, এবং কোর্টের রক্ষণাবেক্ষণাধীন কোন ওয়ার্ডের তত্ত্বাবধান জন্য এক কি একাধিক অভিভাবক নিযুক্ত করিতে পারিবেন, এবং উক্তরূপে নিযুক্ত কোন কার্য্যাধ্যক্ষ কি অভিভাবককে কর্ত্তৃত্বাধীন ও পদচ্যুত করিতে পারিবেন।

কোর্ট সময়ে২ উক্ত বিধি পরিবর্ত্তিত কি পরিবর্দ্ধিত কি রহিত করিতে পারিবেন।

ফ্রেডরিক ক্লার্ক,
ব্যবস্থাপন কার্য্যবিভাগে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 14, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৪ অক্টোবর।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT

THE following preliminary report of the Select Committee, together with the Bill as amended by them, is, by order of the President, published for general information —

1 THE members of the Select Committee appointed to report upon the Bill to provide for the more speedy realization of arrears of rent and to amend the law relating to rent submit the following preliminary report

2 The Committee have considered the provisions of the Bill They have taken it up without waiting for the criticisms and suggestions of the officers of Government and others who have been consulted, because they thought that it would eventually save time to clear the ground as far as possible, and endeavour to come to some understanding among themselves as to the principles and details of the measure It might also, they held, save the time of mofussil officers to have before them at an early date an amended draft of the Bill for consideration

3 The individual members of the Select Committee, in making this preliminary report, reserve to themselves the right to modify, change, or reject each and any portion of the draft Bill as now amended There is still considerable difference of opinion in respect of many of its provisions, and one of the main objects of this report is to invite attention to the points of doubt, a final settlement as to which is not likely to be arrived at until all the mofussil reports have been received and duly considered

4 Part II of the Bill, relating to the "summary procedure for realization of arrears of rent," has been entirely re-cast, so as to provide clearly for the various steps to be taken under the special procedure contemplated The plaintiff has been required to make out a *prima facie* case before the issue of summons in the form contemplated by the Bill, and the provisions of Act X of 1859, requiring that he should either appear in person or cause the attendance on his behalf of some one acquainted with the facts of the case, have been revived The simple mode of verifying the plaint laid down in Act X has also been introduced An amended form of summons to the defendant has been given in the schedule By section 9 of the amended Bill, if the Court refuses to give the defendant leave to defend it must nevertheless take down his statement and record the reason for its refusal By section 11 a defendant against whom a decree is given under section 10 may appeal on depositing the amount of the decree in the Appellate Court, or giving security, as the Court may direct The decree-holder is not to be allowed to draw the amount of any deposit made, pending appeal The majority of the Committee hold that it is sufficient for the landlord to have his rent practically secured to him without making over to him moneys he may have to refund The Committee have provided that a landlord claiming arrears at enhanced rates may sue under this Bill for so much of his claim as represents the rent at the old rates, and get a decree for that portion of his demand at once, without prejudice to the continuation of his suit under the ordinary procedure in respect of the enhanced rates On the whole, the summary procedure provided by this part has now been put upon a reasonable basis for detailed discussion, fair to both parties, and suited, it may be hoped, to the class of suits that will have to be dealt with under it

5 Some of the members of the Committee feel however, with reference to this whole question of a summary procedure for recovery of arrears of rent, that its practical success or failure will depend entirely upon the intelligence and impartiality with which it may be eventually worked by the Civil Courts If they could feel sure that the aim of the Legislature would always be borne in view, and be worked up to by the Courts, Part II of the Bill would, they believe, do much to remedy the difficulties of which landlords now complain without pressing unduly upon tenants At the same time it may, they think, be worked in such a way as to be unfair to either party.

[*Government Gazette, 14th October* 1879]

বঙ্গদেশের গবর্ণমেণ্ট ।

ব্যবস্থাপক কার্য্যবিভাগ ।

সিলেক্ট কমিটীর পশ্চাল্লিখিত প্রথমস্থলীয় রিপোর্ট, তাঁহাদের সংশোধিত পাণ্ডুলিপিসমেত, শ্রীযুক্ত প্রেসিডেণ্ট সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল ।

১। বাকী খাজানা আদায়ের সুগমতর উপায় বিধানার্থ ও খাজানা সম্বন্ধীয় আইন সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপির উপর রিপোর্ট করিবার নিমিত্ত নিযুক্ত সিলেক্ট কমিটীর সদস্যগণ পশ্চাল্লিখিত প্রথমস্থলীয় রিপোর্ট দিতেছেন ।

২। কমিটী পাণ্ডুলিপির বিধানগুলি বিবেচনা করিয়া দেখিয়াছেন । যে সকল গবর্ণমেণ্টের কার্য্যকারকের কি অন্যান্য ব্যক্তির পরামর্শ জিজ্ঞাসা করা গিয়াছে, তাঁহাদের মতামত ও উপদেশের অপেক্ষা না করিয়া, সদস্যগণ এতদ্বিষয়ে হস্তক্ষেপ করিয়াছেন, কারণ তাঁহারা বিবেচনা করেন যে যতদূর সম্ভব ভূমি পরিষ্কার করিলে ও উক্ত বিষয়ের মূলসূত্র ও বিশেষ২ কথা সম্বন্ধে আপনাদের মধ্যে মিলন সংস্থাপনের চেষ্টা করিলে, পরিণামে অল্প কাল ক্ষয় হইবে । তাঁহারা আরও বিবেচনা করেন যে বিবেচনা নিমিত্ত সত্বর আইনের সংশোধিত পাণ্ডুলিপি প্রাপ্ত হইলে মফঃসলের কার্য্যকারকদের সময় নায় নিবারণ হইতে পারে ।

৩। এই প্রথমস্থলীয় রিপোর্ট করিবার সময়ে সিলেক্ট কমিটীর ভিন্ন২ সদস্যগণ বর্ত্তমান সংশোধিত পাণ্ডুলিপির প্রত্যেক কি কোন অংশ রূপান্তরিত কি পরিবর্ত্তিত কি অগ্রাহ্য করিবার স্বত্ব ত্যাগ করিতেছেন না । ইহার অনেক বিধান সম্বন্ধে বিলক্ষণ মতভেদ রহিয়াছে, এবং সন্দেহ স্থলগুলির প্রতি মনোযোগ আকর্ষণ করাই এই রিপোর্টের একটী মুখ্য উদ্দেশ্য । যাবৎ মফঃসলের সমুদয় রিপোর্ট পাওয়া গিয়া নিয়মিতরূপে বিবেচনা করা না যাইতেছে, তাবৎ এই সন্দেহ স্থলগুলির চূড়ান্ত মীমাংসা হইবে এরূপ বোধ হয় না ।

৪। সরাসরিমতে বাকী খাজানা আদায়ের কার্য্যপ্রণালী বিষয়ক পাণ্ডুলিপির ৩য় খণ্ড সম্পূর্ণরূপে নূতন করিয়া লেখা গিয়াছে, তাহাতে বিশেষ যে কার্য্যপ্রণালীর কল্পনা আছে তদনুসারে ভিন্ন২ যেং আনুষ্ঠানিক কার্য্য করিতে হইবে তাহার স্পষ্ট বিধান করা গিয়াছে । বাদির প্রতি আদেশ করা গিয়াছে যে পাণ্ডুলিপির অনুযায়ি পাঠে সমন দিবার পূর্ব্বে মোকদ্দমা যে আদৌ প্রতীতিজনক ইহা তাঁহাকে দেখাইতে হইবে, এবং তিনি আপনি উপস্থিত হইবেন অথবা মোকদ্দমার বৃত্তান্ত যে জানে এরূপ কোন ব্যক্তিকে আপনার পক্ষে উপস্থিত করাইবেন, ১৮৫৯ সালের ১০ আইনের এই বিধান পুনর্ব্বার বদ্ধ করা গিয়াছে । আবেদনপত্রে সত্য পাঠ লিখিবার যে সরল প্রণালী ১০ আইনে আছে, তাহাও সন্নিবিষ্ট হইয়াছে । প্রতিবাদিকে সমন দিবার সংশোধিত পাঠ তফসীলে প্রদত্ত হইয়াছে । সংশোধিত পাণ্ডুলিপির ৯ ধারামতে, আদালত প্রতিবাদিকে প্রতিবাদ করণার্থ অনুমতি দিতে অস্বীকার করিলেও তাঁহার উক্তি লিখিয়া লইবেন ও অস্বীকার করণের কারণ লিপিবদ্ধ করিবেন । ১১ ধারায় বিধান আছে যে ১০ ধারামতে কোন প্রতিবাদির বিরুদ্ধে ডিক্রী দেওয়া গেলে, তিনি আপীল আদালতে ডিক্রীর টাকা আমানত করিয়া অথবা উক্ত আদালতের আদেশমত জামিন দিয়া আপীল করিতে পারিবেন । আপীলের কার্য্য চলনসময়ে ডিক্রীদার আমানতী টাকা বাহির করিয়া লইতে পারিবেন না । কমিটীর অধিকাংশের মত এই যে ভূম্যধিকারির যে টাকা হয়ত ফিরাইয়া দিতে হইবে তাঁহাকে সেই টাকা না দিয়া তৎপক্ষে কার্য্যতঃ খাজানা সুরক্ষিত হইলেই যথেষ্ট । কমিটী বিধান করিয়াছেন যে কোন ভূম্যধিকারী বর্দ্ধিত হারে বাকী খাজানার দাবী করিলে তাঁহার দাবীর যে অংশ পুরাতন হারে খাজানাস্বরূপ হয় সেই অংশ নিমিত্ত এই পাণ্ডুলিপিমতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, এবং বর্দ্ধিত হার সম্বন্ধে নিয়মিত কার্য্যপ্রণালীক্রমে মোকদ্দমা চলিবার কোন ব্যতিক্রম ব্যতীত দাবীর ঐ অংশ সম্বন্ধে একেবারে ডিক্রী পাইতে পারিবেন । সমুদয় ধরিতে গেলে, এই খণ্ডে সরাসরীমতে কার্য্যপ্রণালীর যে বিধান করা গিয়াছে তাহা এক্ষণে বিশেষরূপ বিচার নিমিত্ত যুক্তিসিদ্ধ ভূমির উপর সংস্থাপিত হইয়াছে, ইহাতে কোন পক্ষের প্রতি অন্যায় হয় নাই এবং এরূপ আশা করা যাইতে পারে যে এতৎক্রমে যে শ্রেণীর মোকদ্দমা লইয়া কার্য্য হইবে ইহা তাহার উপযোগী হইয়াছে ।

৫। কিন্তু সরাসরীমতে বাকী খাজানা আদায়ের কার্য্য প্রণালী বিষয়ক সমস্ত প্রশ্ন সম্বন্ধে কমিটীর কোন২ সদস্যের বিশ্বাস এই যে, যেরূপ বিবেচনা ও অপক্ষপাত সহকারে দেওয়ানী আদালতে পরিণামে এই প্রণালীমতে কার্য্য হয় তাহার উপরই সম্পূর্ণরূপে ইহার সফলতা কি নিষ্ফলতা কার্য্যতঃ নির্ভর করিবে । যদি তাঁহারা নিশ্চিতরূপে বুঝিতে পারিতেন যে আদালতসমূহ ব্যবস্থাপকগণের উদ্দেশ্য সর্ব্বদা মনে রাখিয়া তদনুসারে কার্য্য করিবেন, তবে তাঁহাদের বিশ্বাস, ভূম্যধিকারিরা এক্ষণে যে সকল কষ্টের কথা বলেন প্রজাদের উপর অন্যায় ভার না পড়িয়াও, পাণ্ডুলিপির ২য় খণ্ড দ্বারা সেই সকল কষ্টের অনেক পরিমাণে উপশম হইত । কিন্তু তাঁহারা বিবেচনা করেন যে কোন পক্ষের প্রতি অন্যায় হইতে পারে উক্ত খণ্ডানুসারে এরূপ কার্য্যও হইতে পারে ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৯ । ১৪ অক্টোবর ।]

6. The Committee as a body do not see their way at present to providing a summary procedure that shall be free of this danger. The only absolutely safe way of settling disputes about rent is to try out the issues between the parties in a regular suit It is of course possible by legislation to raise a presumption of law in favour of either landlord or tenant as the case may be, and either party would probably be glad to secure such a weapon against the other. The Legislature can, however, hardly be expected to satisfy such a one-sided demand.

7. *Part III*—The Committee have had much discussion with reference to the limitations under which occupancy tenures might be declared transferable so as to avoid the risk of money-lenders or hostile zemindars buying up such tenures in an estate either for purposes of speculation or annoyance It is perhaps impossible absolutely to guard against such occurrences which may indeed take place even under the present law, though it is believed they are by no means common in Bengal In section 15, however, a definition is given of what should constitute a right of occupancy under this Bill, calculated, it is thought, to reduce the chances of this evil to a minimum, and the question of sub-letting has also been considered with reference to the same difficulty So far as tenures are concerned, which owe their recognition only to Act X of 1859, it is suggested that there is no reason why the practice of sub-letting without the consent of the zemindar should not be absolutely forbidden, and why sub-letting without such consent should not involve forfeiture of occupancy rights This, read with the definition of an occupancy ryot, should perhaps effectually prevent the sale of this class of tenures to persons who do not intend to cultivate them *bonâ fide*. Some of the members of the Committee would have preferred to see the same disability to sub-let extended to all transferable occupancy tenures The practical effect of such an extension would however, in the opinion of others, have been to confiscate the rights of numerous cultivating tenure-holders of old standing, who now by the custom of the district both transfer and sub-let their lands without any reference to their zemindars Section 20 has, therefore, been inserted to save such tenure-holders There can be no doubt that in tenures of old standing the right of sub-letting has always been exercised It has been suggested that a holding for twelve years before the commencement of Act X of 1859 should raise a presumption of the existence of this right But the Committee feel that they cannot deal effectively with this question of sub-letting until they have received and considered the reports of mofussil officers.

8. The provisions of section 7 of Bengal Act VIII of 1869 have not been re-enacted in the amended draft, as they refer to matter belonging more strictly to the law of contract Some of the Committee also hold that the local law of rent should not specifically recognise the possibility of landlords and tenants contracting themselves out of their statutory rights

9. The procedure for the registration of transfers has been made more complete and precise

10 A section has been inserted declaring that all transferable under-tenures are hypothecated for the rent due thereupon, following the principles laid down in the Full Bench decision in XXI, Weekly Reporter, page 94

11 In Part IV some members of the Committee wished to repeal sections 29 and 30, and some to make the award of damages compulsory in every case contemplated by the section As a compromise the sections have been left as they are, except that under section 29 damages may be awarded whether claimed in the plaint or not Sections 31 and 32 have received slight verbal amendments, and a clause has been added enabling a landlord to draw rent deposited in his name by a tenant without prejudice to the rights of either party in respect of the nature of the tenure or holding

12 In Part V, section 33 has been amended so as to make the rent instalments quadrate better with the harvests of the Bengali year and the instalments of Government revenue, and at the same time the payments of interest have been equated, the proviso of the section as originally drafted being left out. It is proposed to apply the provisions of this section to *all* under-tenures.

[*Government Gazette*, 14*th October* 1879.]

৬। এই আশঙ্কা যাহাতে নাই এরূপ সরাসরি কার্য্যপ্রণালী বিধান করিবার পথ কমিটী সবিশেষ-ভাবে এক্ষণে দেখিতেছে না। নিয়মিত মোকদ্দমার উভয় পক্ষের মধ্যে যেং বিবাদের কথা উত্থিত হয়, তাহার বিচার করাই খাজানা বিষয়ক বিবাদ মীমাংসা করিবার এক মাত্র সদুপায়। ব্যবস্থাপন কার্য্য-দ্বারা ভূম্যধিকারির কি স্থল বিশেষে প্রজার অনুকূলে আইনগত অনুমান উত্থাপন করা যাইতে পারে বটে এবং এক পক্ষ অন্য পক্ষের বিরুদ্ধে এরূপ অস্ত্র পাইলে সন্তুষ্ট হইবে সম্ভব। কিন্তু এরূপ প্রত্যাশা করা যাইতে পারে না যে ব্যবস্থাপকগণ এপ্রকার এক পক্ষের ইচ্ছা ফলবতী করিবেন।

৭। ৩য় খণ্ড।—ব্যবসায়ের হিসাবে কিম্বা কষ্ট দিবার নিমিত্ত মহাজন কি বণিক জমিদার কোন মহালের অন্তর্গত দখলীস্বত্ববিশিষ্ট যোত ক্রয় করিতে না পারে, এরূপ নিবারণার্থে উক্ত যোত হস্তান্তর যোগ্য বলিয়া নির্দ্দেশ করিবার সম্বন্ধে কমিটীতে অনেক বাদানুবাদ হইয়াছে। এরূপ ঘটনা একেবারে নিবারণ করা বোধ হয় অসম্ভব, বর্ত্তমান আইনক্রমেও ইহা ঘটিতে পারে, কিন্তু বিশ্বাস আছে যে সচরা-চর বঙ্গদেশে এপ্রকার ঘটনা ঘটে না। যাহাহউক এই পাণ্ডুলিপিমতে যাহা দখলীস্বত্ব বলিয়া গণ্য হইবে ১৫ ধারায় তাহার লক্ষণ প্রদত্ত হইয়াছে। বিবেচনা হয় যে এই দোষ ঘটিবার সম্ভাবনা যত দূর কমান যাইতে পারে, এই লক্ষণ দ্বারা তাহা নিষ্পন্ন হইবে, এবং উক্ত সঙ্কটের প্রতি লক্ষ করিয়া কোর্ফাবিলি করিবার প্রশ্নেরও বিবেচনা করা গিয়াছে। ১৮৫৯ সালের ১০ আইনমতে মাত্র যে যোত গ্রাহ্য হইয়াছে তৎসম্বন্ধে এই কথা বলা যাইতেছে যে জমীদারের সম্মতি বিনা তাহার কোর্ফা বিলি করিবার রীতি এক-বারে কেন নিষিদ্ধ না হইবে, এবং উক্ত সম্মতি বিনা দখলীস্বত্ব কেন নষ্ট না হইবে, ইহার কারণ দেখা যায় না। দখলীস্বত্বপ্রাপ্ত রায়তের লক্ষণের সহিত এই কথা পঠিত হইলে যাহাদের প্রকৃতপক্ষে চাষ করিবার ইচ্ছা নাই, তাহাদের নিকট উক্ত প্রকারের যোত বিক্রয় বোধহয় ফলবৎরূপে নিবারিত হইবে। হস্তা-ন্তর যোগ্যদখলীস্বত্ব বিশিষ্ট সমুদয় যোতের প্রতি কোর্ফাবিলি সম্বন্ধে তদ্রূপ অক্ষমতা বর্ত্তাইতে কমিটীর কোনং সদস্যের ইচ্ছা ছিল। কিন্তু এরূপ বর্ত্তাইবার ফল, অন্যের মতে, কার্য্যতঃ এই হইত যে, যে বহু সংখ্যক পুরাতন চাষি যোতদারেরা এক্ষণে জিলার রীতিমতে জমীদারকে জিজ্ঞাসাবাদ না করিয়া আপনাদের ভূমি হস্তান্তর কি কোর্ফা বিলি করিতে পারে, তাহাদের স্বত্ব কাড়িয়া লওয়া হইত। এজন্য এরূপ যোতদারদের সংরক্ষণার্থ ২০ ধারা সন্নিবেশ করা গিয়াছে। এবিষয়ে সন্দেহ নাই যে পুরাতন যোত সম্বন্ধে কোর্ফা বিলি করিবার স্বত্বানুসারে সর্ব্বদাই কার্য্য হইয়াছে। বলা গিয়াছে যে ১৮৫৯ সালের ১০ আইন প্রচলিত হইবার পূর্ব্বে ১২ বৎসর ভোগ হইলে, উক্ত স্বত্ব থাকিবার অনুমান হইবে। কিন্তু কমিটী বিবেচনা করেন যে, যাবৎ মফঃসলের কার্য্যকারকদের রিপোর্ট পাইয়া বিবেচনা করিতে না পান, তাবৎ ভাল করিয়া এই প্রশ্নের মীমাংসা করিতে পারেন না।

৮। ১৮৫৯ সালের বঙ্গীয় ৮ আইনের ৭ ধারার বিধান সংশোধিত পাণ্ডুলিপিতে পুনর্ব্বার বিধিবদ্ধ করা যায় নাই, কারণ তাহা প্রকৃত পক্ষে চুক্তিসংক্রান্ত আইনের বিষয় সম্পর্কীয়। কমিটীর কোনং সদস্য এরূপ বিবেচনাও করেন যে ভূম্যধিকারী ও প্রজা চুক্তি করিয়া আপনং ব্যবস্থাগত স্বত্ব লোপ করিতে পারে, ইহা খাজানা বিষয়ক স্থানীয় আইনে বিশেষ করিয়া নির্দ্দেশ করা উচিত নহে।

৯। হস্তান্তর করণ রেজিষ্টরী করিবার কার্য্যপ্রণালী অপেক্ষাকৃত সম্পূর্ণ ও পরিষ্কার করা গিয়াছে।

১০। উইকলী রিপোর্টরের ২১ বালামের ৯৪ পৃষ্ঠায় যে ফুল বেঞ্চের নিষ্পত্তি প্রদত্ত হইয়াছে, তাহাতে যে যে নিয়ম অবধারিত হইয়াছে, তদনুসারে সমুদয় হস্তান্তরযোগ্য অধীন যোত তাহার পাওনা খাজানার নিমিত্ত বন্ধকস্বরূপ থাকে এই কথা বলিয়া একটী ধারা সন্নিবেশ করা গিয়াছে।

১১। চতুর্থ খণ্ডের ২৯ ও ৩০ ধারা রহিত করা কমিটীর কোনং সদস্যের ইচ্ছা ছিল, ও উক্ত ধারা মুখারি প্রত্যেক স্থলে ক্ষতিপূরণ দেওয়া বলবৎ করা কাহারও ইচ্ছা ছিল। রক্ষা হইয়া, ধারাগুলি যেরূপ ছিল, তদ্রূপই রাখা গিয়াছে, প্রভেদ এই মাত্র যে, আবেদনপত্রে ক্ষতি পূরণের দাবী থাকুক আর না থাকুক, ২৯ ধারামতে ক্ষতি পূরণের টাকা দেওয়া যাইতে পারিবে। ৩১ ও ৩২ ধারার ভাষাগত কিঞ্চিৎ সংশোধন করা গিয়াছে, এবং ভূম্যধিকারির নামে কোন প্রজা খাজানা আমানত করিলে, ভূসম্পর্কের কি যোতের ভাব সম্বন্ধে কোন পক্ষের স্বত্বের ব্যতিক্রম বিনা ভূম্যধিকারিকে ঐ টাকা বাহির করিয়া লইতে সক্ষম করিবার নিমিত্ত একটী প্রকরণ যোগ করা গিয়াছে।

১২। ৫ খণ্ডে ৩৩ ধারা এরূপে সংশোধন করা গিয়াছে যাহাতে খাজানার কিস্তি বাঙ্গালা সনের হিসাবে ফসলের সময়ের সহিত ও গবর্ণমেন্টের রাজস্বের কিস্তির সহিত অধিকতর পরিমাণে মিলে এবং প্রথম পাণ্ডুলিপির উপবিধি উঠাইয়া দিয়া সুদ দিবার সম্বন্ধেও সমতা স্থাপন করা গিয়াছে। এই ধারার বিধান সমুদয় অধীন ভূসম্পর্কের প্রতি বর্ত্তাইবার প্রস্তাব করা হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৪ অক্টোবর।]

13 Section 34 has been amended so as to provide for the grant of a mere counterfoil receipt for each payment made on account, while the specification of the yearly rental of the holding or tenure is reserved for an annual statement of account

14 Generally, the Committee are inclined to the conclusion that in view of the great importance of the matters treated in this Bill, and of the amount of discussion that is likely to be raised in respect of them, the Government should not attempt to pass it through the Council too rapidly, or until full opportunity has been given for considering the detailed criticism of mofussil officers and of non-official persons interested in land. The majority of the Committee would indeed prefer to see the measure postponed absolutely until next session, steps being taken meantime to prepare and circulate a complete draft of a revised Rent Law for Bengal, in which the provisions of the present Bill, and of the Bill for the settlement of lands on the application of landholders and ryots, might be incorporated, with such further amendments of Act X of 1859 and Bengal Act VIII of 1869 as experience and the decisions of the Courts have shown to be really necessary It is feared that many of the provisions of the Bill will be found eventually so intimately connected with other portions of the existing law, not ostensibly affected by it, that the majority of the Committee would prefer to see the whole subject of a revision of the rent law once for all fairly faced

A MACKENZIE
G C PAUL
A B INGLIS
SYUD AMEER HOSSEIN.
MOHINI MOHUN ROY
KRISTODAS PAL.
PRAMATHA NATHA ROY,
of Deghapatea.
J. O'KINEALY.

The 22nd February 1879.

[*Government Gazette*, 14*th October* 1879.]

১৩। ৩৪ ধারা এরূপে সংশোধন করা গিয়াছে যে তাহাতে চলিত হিসাবে যে প্রত্যেক টাকা দেওয়া যায় তাহার কেবল অনুপত্র বিশিষ্ট কবজ দেওয়া যাইবে, বার্ষিক হিসাবে ভূসম্পর্কের কি যোতের বার্ষিক খাজানার নির্দেশ থাকিবে।

১৪। সাধারণতঃ কমিটী এইরূপ সিদ্ধান্ত করিতে চাহেন যে, এই পাণ্ডুলিপিতে যে সকল বিষয়ে হস্তক্ষেপ করা গিয়াছে তৎ সমুদয়ের গুরুত্ব বিবেচনা করিয়া ও তৎসমুদয়ের সম্বন্ধে যাদৃশ বাদানুবাদ উপস্থিত হইবার সম্ভাবনা তৎপ্রতি লক্ষ করিয়া, অতি সত্বরে বা যাবৎ মফঃসলের কার্য্যকারকদের ও ভূমিতে যাঁহাদের স্বার্থ আছে এরূপ স্বাধীন ব্যক্তিদের পুঙ্খানুপুঙ্খ মতামত বিবাচনা করিবার সম্পূর্ণ সুযোগ না হয়, গবর্ণমেন্ট এই আইন মন্ত্রিসভাদ্বারা বিধিবদ্ধ করিবেন না। বস্তুতঃ কমিটীর অধিকাংশ সদস্যের মত এই যে এই ব্যাপার আগামি অধিবেশন কাল পর্য্যন্ত একেবারে স্থগিত থাকে ও ইতিমধ্যে বাঙ্গালার খাজানা বিষয়ক আইন সংশোধনপূর্ব্বক একটী সম্পূর্ণ পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া প্রচার করা যায়, তাহাতে বর্ত্তমান পাণ্ডুলিপির ও ভূম্যধিকারির ও রায়তের প্রার্থনামতে ভূমির বন্দোবস্ত বিষয়ক আইনের পাণ্ডুলিপির বিধান গুলি, ও ভূয়োদর্শন ও আদালতের নিষ্পত্তিদ্বারা ১৮৫৯ সালের ১০ আইনের ও ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইনের অন্যতর যে সংশোধন প্রকৃতপক্ষে আবশ্যক বলিয়া দৃষ্ট হয় তাহাও, গৃহীত হইতে পারে। বর্ত্তমান আইনের অন্যান্য যেং অংশের সহিত দৃষ্টতঃ এই পাণ্ডুলিপির কোন সম্পর্ক নাই বলিয়া বোধ হয়, পরিণামে সেইং অংশের সহিত এত নিগূঢ় সম্বন্ধ প্রকাশ হইবার আশঙ্কা হয় যে, কমিটীর অধিকাংশ সদস্যের মত এই যে খাজানা বিষয়ক আইন সংশোধনের সমস্ত বিষয়টী একেবারে সুন্দররূপে বিবেচিত হয়।

এ, ম্যাকেঞ্জি।
জি, সি, পল।
এ, বি, ইংলিস।
সৈয়দ আমীর হোসেন।
মোহিনীমোহন রায়।

কৃষ্ণদাস পাল।
প্রমথনাথ রায়, দিঘা-
পতিয়ার।
জে, ওকিনেলী।

১৮৭৯ সাল ২২ ফেব্রুয়ারি।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৭৯। ১৪ অক্টোবর।]

A Bill to provide for the more speedy realization of arrears of rent and to amend the law relating to rent

Preamble

WHEREAS it is expedient to provide for the more speedy realisation of arrears of rent and to amend in other respects the law relating to rent in Bengal It is enacted as follows —

PART I

PRELIMINARY

1 This Act is divided into five Parts

Extent and commencement

It may be extended by the Lieutenant-Governor of Bengal by notification in the *Calcutta Gazette* to any districts within the provinces for the time being subject to the said Lieutenant-Governor in which Act X of 1859 or the Landlord and Tenant Procedure Act, 1869, are, or may be, in force, and it shall take effect accordingly from the date which may be specified in such notification

Repeal of sections

2 Sections 6, 7, 20, and 21 of Act X of 1859, sections 2, 3, 4, and 5 of Bengal Act VI of 1862, and sections 6, 7, 21, 22, 44, 45, 46, and 47 of the the Landlord and Tenant Procedure Act, 1869, are hereby repealed•

This repeal shall not affect any right of occupancy which has accrued before the commencement of this Act

References in any Act to sections hereby repealed shall be read as if made to the corresponding section or sections of this Act

Nothing contained in this Act applies to suits which have been instituted before the commencement thereof

PART II

SUMMARY PROCEDURE FOR REALIZATION OF ARREARS OF RENT.

What suits may be instituted under the Act

3 From and after the commencement of this Act, all suits for arrears of rent brought within twelve months after such arrears become due may be instituted under the provisions of this Part.

Who to present plaint

4 The plaint shall be presented by the plaintiff, or by an authorized agent of the plaintiff who has personal knowledge of the facts of the case, or by an agent who shall be accompanied by a person who has such knowledge

[*Government Gazette*, 14*th October* 1879]

বাকী খাজানা আদায়ের সুগমতর উপায় বিধান ও খাজানা সম্বন্ধীয় আইন সংশোধন জন্য আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বাকী খাজানা আদায়ের সুগমতর উপায় বিধান এবং বাঙ্গালা দেশের খাজানা সম্বন্ধীয় আইন সংশোধন করা আবশ্যক; অতএব নিম্নলিখিত বিধান করা গেল:—

১ম খণ্ড।

উপক্রমণিকা।

১ ধারা। এই আইন পাঁচ খণ্ডে বিভক্ত।

আইন কোথায় এবং কখন প্রচলিত হইবে।

বঙ্গদেশীয় শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের অন্তর্গত যে২ জিলায় ১৮৫৯ সালের ১০ আইন অথবা ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৬৯ সালের আইন প্রচলিত আছে বা হইতে পারে, কলিকাতা গেজেটে বিজ্ঞাপন পত্রদ্বারা বঙ্গদেশীয় শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সেই সেই জিলায় এই আইনের বিধানগুলি বর্ত্তাইতে পারিবেন, এবং ঐ বিজ্ঞাপনপত্রে যে তারিখ নির্দ্দিষ্ট থাকে সেই তারিখ অবধি ঐ বিধানগুলি সেই২ জিলায় কার্য্যকর হইবে।

যে যে ধারা রহিত হইল।

২ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনের ৬, ৭, ২০ এবং ২১ ধারা, ১৮৬২ সালের বঙ্গীয় ৬ আইনের ২, ৩, ৪ এবং ৫ ধারা এবং ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৬৯ সালের আইনের ৬, ৭, ২১, ২২, ৪৪, ৪৫, ৪৬, ও ৪৭ ধারা, এতদ্দ্বারা রহিত হইল।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে দখলী স্বত্বের উৎপত্তি হইয়াছে, এই রাহিত্য দ্বারা তাহার কোন বিঘ্ন হইবে না।

কোন আইনে যে ধারার উল্লেখ আছে এতদ্দ্বারা তাহা রহিত করা গেলে, এই আইনে তদ্বিষয়ক যে কি যে২ ধারা থাকে, তাহার উল্লেখ করা গেলে যেরূপ হইত তদ্রূপ পাঠ ধরা যাইবে।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে যে সকল মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে, এই আইনের কোন কথা তৎপ্রতি বর্ত্তিবে না।

২য় খণ্ড।

সরাসরীমতে বাকী খাজানা আদায়ের কার্য্যপ্রণালী বিষয়ক বিধি।

এই আইনমতে যে২ মোকদ্দমা উপস্থিত করা যাইবে, তাহার কথা।

৩ ধারা। এই আইন যে সময়ে প্রচলিত হইবে সেই সময় অবধি ও তৎপরে, খাজানা পাওনা হইবার দ্বাদশমাস মধ্যে বাকী খাজানার সমুদয় মোকদ্দমা এই খণ্ডের বিধানমতে উপস্থিত করা যাইতে পারিবে।

কে আবেদনপত্র উপস্থিত করিবে, তদ্বিষয়ের কথা।

৪ ধারা। বাদী আবেদনপত্র আপনি উপস্থিত করিবেন, কিম্বা বাদির ক্ষমতাপ্রাপ্ত যে কর্ম্মকারক নিজে মোকদ্দমার বৃত্তান্ত জানে তদ্দ্বারা, কিম্বা যে ব্যক্তি সেই বৃত্তান্ত জানে তৎসহকৃত কর্ম্মকারক দ্বারা উপস্থিত করাইবেন।

It shall be subscribed and verified at the foot by the plaintiff or his agent in the manner following or to the like effect —

"I, A B, do declare that the above statement is true to the best of my knowledge and belief"

5 The plaint may, at the discretion of the Court, and at or before the first hearing, be rejected, returned for amendment within a time to be fixed by the Court, or amended then and there, upon such terms as to the payment of costs occasioned by the amendment as the Court thinks fit—

When plaint may be rejected or amended

(a) if it is not presented in the manner hereinbefore required, or

(b) if it does not contain the particulars specified in section 43 of the Landlord and Tenant Procedure Act, 1869

6 The Court, after registering the plaint and before issuing summons thereupon, shall require the plaintiff, or his authorized agent, to produce such evidence oral or documentary, as shall satisfy the Court—

Primâ facie evidence required

(1) that rent at the same rate as that alleged to be due has been paid in respect of the tenure or holding for which it is claimed some time within the three years immediately preceding the period for which it is claimed, or that the defendant has agreed by a written engagement which is still in force to pay rent at the rate claimed, or that the plaintiff has obtained a decree from a competent Court declaring him entitled to rent at the rate claimed for the period in respect of which he sues, and

(2) that the plaintiff has a *primâ facie* case

If the plaintiff or his authorized agent fail so to satisfy the Court, the Court shall refuse to issue a summons to the defendant

In case of such refusal the plaint shall not be returned to the plaintiff, but he shall have the same right of suing under the ordinary procedure in rent suits for the amount claimed in the plaint as he would have had if he had not instituted a suit under this Act

7 If the Court, after hearing such evidence, is satisfied as aforesaid, it shall forthwith issue a summons to the defendant, which shall be in the form contained in Schedule A of this Act, and the defendant shall

Issue of summons

বাদী কিম্বা তাঁহার কর্ম্মকারক আবেদনপত্রে স্বাক্ষর করিবেন ও তাহার নিম্ন ভাগে পশ্চাল্লিখিত প্রকারের কি সেই মর্ম্মের সত্যপাঠ লিখিবেন।

"আমি অমুক জানাইতেছি যে উপরিলিখিত বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।"

৫ ধারা। (ক) আবেদনপত্র পূর্ব্ব নির্দ্দিষ্ট প্রকারে উপস্থিত না করা গেলে, কিম্বা (খ) তাহাতে ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৬৯ সালের আইনের ৪৩ ধারার নির্দ্দিষ্ট বিশেষ বৃত্তান্ত না থাকিলে,

যে স্থলে আবেদনপত্র অগ্রাহ্য কি সংশোধন করা যাইবে, তাহার কথা।

আদালত স্বীয় বিবেচনামতে, প্রথম শ্রবণ সময়ে কি তৎপূর্ব্বে, আবেদনপত্র অগ্রাহ্য করিতে পারিবেন কিম্বা সংশোধনজনিত খরচা সম্বন্ধে যে রূপ নিয়ম করা আদালত বিহিত বোধ করেন তদ্রূপ নিয়মে আদালতের অবধারিত সময়মধ্যে তাহা সংশোধন করণার্থে ফিরাইয়া দিতে পারিবেন না তৎকালে ও তৎস্থানেই সংশোধন করাইতে পারিবেন।

৬ ধারা। আদালত, আবেদনপত্র রেজিষ্টরী করিয়া তদনুযায়ি সমন দিবার পূর্ব্বে, বাদিকে কিম্বা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে এরূপ বাচনিক কিম্বা লেখ্যগত সাক্ষ্য উপস্থিত করিবার আদেশ দিবেন, যাহাতে আদালতের হৃদ্বোধ জন্মে যে,

আপাততঃ প্রতীতিজনক সাক্ষ্যের আবশ্যকতার কথা।

(১) যে সময়ের জন্য খাজানা পাওনার দাবী করা হইয়াছে, সেই সময়ের অব্যবহিত পূর্ব্ব তিন বৎসরের মধ্যে সেই হারে খাজানা দেওয়া হইয়াছে, অথবা যে হারে খাজানার দাবী করা হইয়াছে বলবৎ চুক্তিলিপি দ্বারা প্রজা সেই হারে খাজানা দিতে সম্মত হইয়াছে অথবা, বাদী যে সময় সম্পর্কে মোকদ্দমা উপস্থিত করিয়াছেন সেই সময় নিমিত্ত যে হারের দাবী করেন সেই হারে তিনি খাজানা পাইবার স্বত্ববান বলিয়া উপযুক্ত আদালতের ডিক্রী পাইয়াছেন, এবং

(২) বাদির মোকদ্দমা আপাততঃ প্রতীতিজনক।

বাদী কি তাঁহার ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক আদালতের তদ্রূপ হৃদ্বোধ জন্মাইতে না পারিলে, আদালত প্রতিবাদিকে সমন দিতে অস্বীকার করিবেন।

উক্তরূপ অস্বীকার হইলে, আবেদনপত্র বাদিকে ফিরাইয়া দেওয়া যাইবে না, কিন্তু এই আইনমত মোকদ্দমা উপস্থিত না করিলে, আবেদনপত্রের দাবীকৃত টাকার নিমিত্ত খাজানার মোকদ্দমার নিয়মিত কার্য্যপ্রণালীক্রমে তাঁহার মোকদ্দমা উপস্থিত করিবার যে স্বত্ব থাকিত, সেই স্বত্ব থাকিবে।

৭ ধারা। তদ্রূপ সাক্ষ্য শ্রবণানন্তর আদালতের পূর্ব্বোক্তরূপ হৃদ্বোধ জন্মিলে আদালত প্রতিবাদির নামে অবিলম্বে সমন দিবেন। উক্ত সমন এই আইনের ১ চিহ্নিত তফসীলের পাঠে লিখিতে হইবে। আর প্রতিবাদী

সমন দিবার কথা।

not be permitted to defend the suit unless he obtains leave from the Court as hereinafter mentioned so to defend

8 The Court shall, upon application within the period of fourteen days from the service of such summons, give leave to the defendant to defend the suit upon his paying into Court the sum mentioned in the summons, or upon his satisfying the Court that he has a defence, and the Court may, before granting such leave, prescribe such terms as to the framing and recording of issues, or otherwise as to it may seem fit, and may, in its discretion, where the sum mentioned in the summons is not paid into Court, require the defendant to give security for the said sum

Leave to defend the suit

9 If the Court refuses to give the defendant leave on his application to defend the suit, it shall receive and file the defendant's written statement of his case, or if there be no such written statement, shall record the nature of the defendant's oral statement, and the Court shall also distinctly record the grounds upon which it refuses to allow the defendant so to defend

Court when to record defendant's statement and grounds of refusal of leave to defend

10 If the defendant fail to appear within fourteen days from the service of the summons, and the Court is satisfied that such service has been duly made,

When plaintiff entitled to decree

or if having appeared, the defendant fail to pay into Court the sum mentioned in the summons, or to satisfy the Court that he has a defence,

or if, after having obtained leave to defend the suit, the defendant fail to defend the same in pursuance of such leave,

the Court shall give the plaintiff a decree for any sum not exceeding the sum mentioned in the summons, together with interest on the same at the rate of twelve per cent per annum to the date of decree and costs

The decree shall carry interest at the rate of six per cent per annum to the date of satisfaction

11 No appeal shall lie from any decree given under section 10 on the part of any judgment-debtor, unless he deposit in the Appellate Court the amount specified in the decree, either in cash or in promissory notes of the Government of India, or give security for its payment, as the said Court may direct

Appeal by judgment debtor

[*Government Gazette*, 14*th October* 1879]

পশ্চাল্লিখিতমতে প্রতিবাদ করণার্থে আদালতের অনুমতি গ্রহণ না করিলে, মোকদ্দমার প্রতিবাদ করিতে পারিবেন না।

৮ ধারা। প্রতিবাদী সমন জারী হইবার চতুর্দ্দশ দিবসের মধ্যে প্রার্থনা করিলে যদি সমনের উল্লিখিত টাকা আদালতে উপস্থিত করেন অথবা প্রতিবাদ করিতে পারিবেন বলিয়া আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারেন, তবে আদালত প্রতিবাদিকে মোকদ্দমার প্রতিবাদ করণার্থে অনুমতি দিবেন, এবং তদ্রূপ অনুমতি দিবার পূর্ব্বে আদালত ইস্যুনির্ণয় ও লিপিবদ্ধ করণ কি অন্য বিষয় সম্বন্ধে যেরূপ নিয়ম করা উচিত বোধ করেন, করিতে পারিবেন, এবং যে স্থলে সমনের লিখিত টাকা আদালতে দেওয়া না যায়, সেই স্থলে স্বীয় বিবেচনামতে উক্ত টাকার নিমিত্ত প্রতিবাদির প্রতি জামিন দিবার আদেশ করিতে পারিবেন।

মোকদ্দমার প্রতিবাদ করণার্থ অনুমতির কথা।

৯ ধারা। প্রতিবাদী প্রার্থনা করিলে আদালত যদি তাহাকে মোকদ্দমার প্রতিবাদ করণার্থ অনুমতি দিতে অস্বীকার করেন, তবে প্রতিবাদী আপনার মোকদ্দমার যে বর্ণনা-পত্র দেন আদালত তাহা লইয়া নথীভুক্ত করিবেন, অথবা তদ্রূপ বর্ণনাপত্র না থাকিলে, প্রতিবাদির বাচনিক উক্তির মর্ম্ম লিপিবদ্ধ করিবেন, এবং যেং কারণে প্রতিবাদিকে প্রতিবাদ করণার্থ অনুমতি দিতে অস্বীকার করেন, স্পষ্টরূপে সেইং কারণও লিপিবদ্ধ করিবেন।

আদালত যে স্থলে প্রতিবাদির উক্তি ও প্রতিবাদ করণার্থ অনুমতি দিতে অস্বীকার করণের কারণ লিপিবদ্ধ করিবেন তাহার কথা।

১০ ধারা। সমন জারী হইলে যদি প্রতিবাদী চৌদ্দ দিন মধ্যে উপস্থিত না হন এবং আদালতের হৃদ্বোধ জন্মে যে তাহা নিয়মমত রূপে জারী করা গিয়াছে,

যেস্থলে বাদী ডিক্রী পাইতে পারিবেন তাহার কথা।

অথবা যদি প্রতিবাদী উপস্থিত হইয়াও, সমনের লিখিত টকা আদালতে না দেন অথবা প্রতিবাদ করিতে পারেন বলিয়া আদালতের হৃদ্বোধ জন্মাইতে সক্ষম না হন,

অথবা যদি প্রতিবাদ করণার্থ অনুমতি পাইয়াও, প্রতিবাদী উক্ত অনুমতিক্রমে প্রতিবাদ করিতে না পারেন,

তবে আদালত বাদিকে সমনের লিখিত টাকার অনধিক টাকার ডিক্রী দিয়া তৎসঙ্গে ডিক্রীর তারিখ পর্য্যন্ত ঐ টাকার উপর বৎসর শতকরা ১২৲ টাকার হিসাবে সুদ ও খরচা দিবেন।

যে পর্য্যন্ত পরিশোধ না হয় ডিক্রীর টাকার উপর বৎসর শতকরা ৬৲ টাকার হিসাবে সুদ ধরা যাইবে।

১১ ধারা। নগদ টাকা কিম্বা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের প্রমিসরী নোট দিয়া আপীল আদালতে ডিক্রীর নির্দ্দিষ্ট টাকা আমানত না করিলে কিম্বা উক্ত আদালতের আদেশমত ঐ টাকা দিবার জামিন না দিলে, ডিক্রীমত খাতক এই আইনের ১০ ধারার অনুযায়ী ডিক্রীর বিরুদ্ধে আপীল করিতে পারিবেন না।

ডিক্রীমত খাতকের আপীলের কথা।

12 When a decree has been given under section 10, the Court may, under special circumstances, set aside the decree, and, if necessary, stay or set aside execution, and may give leave to the defendant to defend the suit if it shall seem reasonable to the Court so to do, and on such terms as the Court may think fit provided that no application to set aside the decree shall be entertained unless presented within thirty days from the date of the execution of any process for enforcing the decree

When Court may set aside decree

১২ ধারা। ১০ ধারামতে ডিক্রী হইলে পর আদা- লত অবস্থা বিশেষে ঐ ডিক্রী অসিদ্ধ করিতে ও আবশ্যক হইলে ডিক্রী জারী স্থগিত রাখিতে বা অসিদ্ধ করিতে পারিবেন এবং প্রতিবাদ করিবার অনুমতি প্রদান যুক্তি সঙ্গত বোধ করিলে যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে প্রতিবাদিকে মোকদ্দমার প্রতিবাদ করিবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু ডিক্রী প্রবল করণার্থে কোন পরওয়ানা দেওয়া গেলে, তদনু যায়ি কার্য্য হইবার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে উপস্থিত করা না গেলে, ডিক্রী অসিদ্ধ করণার্থ কোন প্রার্থনাপত্র গ্রহণ করা যাইবে না।

ডিক্রী অসিদ্ধ করিবার ক্ষমতা কথা।

13 In suits for arrears of rent at enhanced rates the plaintiff may proceed under this Part for so much of his claim as relates to rent at the rate previously in force, and as to the remainder of his claim he may, if he obtain a decree under this Part, continue the same suit under the ordinary procedure in suits for arrears of rent at enhanced rates

Suits for enhancement of rent

১৩ ধারা। বর্দ্ধিত হারে বাকী খাজানার মোকদ্দমায় বাদির দাবীর যে অংশ পূর্ব্বে যে হার বলবৎ ছিল সেই হারে খাজানার সহিত সম্পর্ক রাখে সেই অংশ সম্বন্ধে তিনি এই খণ্ডমত আনুষ্ঠানিক কার্য্য উপস্থিত করিতে পারিবেন, এবং তিনি এই খণ্ডমতে ডিক্রী পাইলে, দাবার অবশিষ্টাংশ সম্বন্ধে বর্দ্ধিত হারে বাকী খাজানার মোকদ্দমার নিয়মিত কার্য্যপ্রণালীমতে সেই মোকদ্দমা চালাইতে পারিবেন।

খাজানাবৃদ্ধির মোকদ্দমার কথা।

14 Except as provided in the preceding sections, the procedure in suits instituted under this Part shall be the same as the procedure in suits instituted under Act X of 1859, or the Landlord and Tenant Procedure Act, 1869, as the case may be

Procedure in suits under this Part

১৪ ধারা। পূর্ব্ববর্ত্তি ধারা সমূহের নির্দ্দিষ্ট স্থল ভিন্ন এই খণ্ডমতে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তৎ- সমুদয়ের কার্য্যপ্রণালী ১৮৫৯ সালের ১০ আইনমতে অথবা, স্থল বিশেষে, ভূম্যধিকারী ও প্রজার কার্য্যপ্রণালীবিষয়ক ১৮৬৯ সালের আইনমতে আনুষ্ঠিত মোকদ্দমার কার্য্যপ্রণালীর ন্যায় হইবে।

এই খণ্ডমত মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

PART III

Right of Occupancy and Sub-Leases

৩য় খণ্ড।

দখলীস্বত্ব ও কোফা প্রজাবিলি বিষয়ক বিধি।

15 Every ryot who shall have held land and cultivated the same for a period of twelve years shall have a right of occupancy in the land so held and cultivated by him, whether it be held under pottah or not, so long as he pays the rent payable on account of the same

What creates a right of occupancy

১৫ ধারা। কোন রায়ত যদি দ্বাদশ বৎসর কাল কোন ভূমি ভোগ ও চাষ করিয়া থাকে, তবে সে পাট্টা পাউক থাকুক বা না থাকুক, যত কাল সে ঐ ভূমির নিমিত্ত দেয় খাজানা দিবে, তত কাল তদ্রূপে আপনার ভোগ করা ও চাষ করা ঐ ভূমি দখল করিবার স্বত্ববান থাকিবে।

কিরূপে দখলী স্বত্বের উৎপত্তি হয় তাহার কথা।

Explanations —1 A ryot shall not be held to cultivate within the meaning of this section unless he cultivates with his own hands, or unless he cultivates through members of his family or by means of hired labour, and at the same time personally, or by the aid of some member of his family, supervises and directs such cultivation

১ ব্যাখ্যা।—রায়ত স্বহস্তে চাষ না করিলে, কিম্বা স্বীয় পরিবারস্থ ব্যক্তিবর্গের দ্বারা কিম্বা বেতনভোগি মজুরদ্বারা চাষ করাইয়া আপনি কিম্বা আপন পরিবারস্থ কোন ব্যক্তির সাহায্যে, উক্ত চাষ কার্য্যের তত্ত্ব বধান ও কার্য্যাধ্যক্ষতা না করিলে, সে এই ধারার অভিপ্রায়ানুযায়ি চাষ করিতেছে বলিয়া জ্ঞান হইবে না।

2 A ryot may pay his rent in kind, and may also remunerate his hired labourers by making over to them a portion of the gross produce As doubts may therefore arise whether some of those who enjoy a portion of the gross produce are ryots or hired labourers, it is hereby declared

২ ব্যাখ্যা।—রায়ত শস্যদ্বারা খাজানা দিতে পারে ও মোট উৎপন্নের কিয়দংশ বেতন ভোগি মজুরদিগকে বেতনস্বরূপ দিতে পারে। এজন্য যাহারা মোট উৎ- পন্নের কিয়দংশ ভোগ করে, তন্মধ্যে কেহ রায়ত কি বেতন ভোগী মজুর, এই বিষয়ে সন্দেহ হইতে পারে বলিয়া, এতদ্দ্বারা নির্দ্দেশ করা যাইতেছে, যে জমীদার

that the person to whom the zemindar or lowest intermediate tenure-holder looks directly for payment, either in cash or in kind, on account of the use of the land, is the ryot within the meaning of this section

16 The holding of the father or other person from whom the ryot inherits shall be deemed to be the holding of the ryot within the meaning of the last preceding section, and the tenure of a ryot who has acquired a right of occupancy shall be heritable and transferable provided that no transfer shall be valid unless the whole tenure is transferred, and that the transferee shall have the right of occupancy only so long as he continues to cultivate the lands in the manner described in the last preceding section

Occupancy tenure heritable and transferable

17 After the commencement of this Act no ryot having a right of occupancy shall, without the consent in writing of the zemindar or other superior tenure-holder to whom his rent is payable, sub-let his holding or any portion thereof, and any such ryot sub-letting without such consent shall be deemed to have forfeited his right of occupancy in his entire holding

Occupancy ryot not to sub-let without consent of zemindar

18 If, after the commencement of this Act, the zemindar or other superior tenure-holder to whom the rent is payable consents to the sub-letting of a portion or the whole of the holding of a ryot having a right of occupancy, the sub-tenant, if he cultivates the lands in the manner described in section 15 of this Act, shall begin to acquire a right of occupancy in the lands sub-let from the date of such sub-letting The ryot who sub-lets the lands shall be deemed to have become the holder of an intermediate tenure, and shall cease to have a right of occupancy in the lands sub-let, but he shall not be liable to be ejected by the zemindar or superior tenure-holder as aforesaid otherwise than for non payment of arrears of rent, and in execution of a decree or order of Court, and the rent which he pays for the lands sub-let shall not be liable to be enhanced above a sum which shall, in default of specific agreement to the contrary, in no case be less than ten per cent below the fair and equitable rates payable for the same land by a ryot having a right of occupancy

Effect of sub-letting with consent

Government Gazette, 11th October 1879]

কি নিম্নতম মধ্যবর্ত্তি পাট্টাদার ভূমির ব্যবহার নিমিত্ত যে ব্যক্তির স্থানে সাক্ষাৎ সম্বন্ধে নগদ টাকা কি শস্য পাইবার প্রত্যাশা করেন, সেই ব্যক্তি এই ধারার অভিপ্রায়ানুযায়ী রায়ত।

১৬ ধারা। পিতার কিম্বা অন্য ব্যক্তির উত্তরাধিকারী হইয়া রায়ত ভোগ করিলে তাহাদিগের ভোগ এই ধারার অভিপ্রায়ানুসারে ঐ রায়তের ভোগ বলিয়া গণ্য হইবে, এবং যে রায়ত দখলীস্বত্ব প্রাপ্ত হইয়াছে তাহার যোত উত্তরাধিকৃত ও হস্তান্তরিত হইতে পারিবে; কিন্তু সমুদয় যোতটী হস্তান্তরিত না হইলে হস্তান্তরীকরণ সিদ্ধ হইবে না, এবং যাহাকে হস্তান্তর করা যায় সে যত দিন পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট প্রকারে ভূমির চাষ করিতে থাকিবে, তত দিন মাত্র তাহার দখলীস্বত্ব থাকিবে।

দখলীস্বত্বযুক্ত যোত উত্তরাধিকৃত ও হস্তান্তরিত হইতে পারিবার কথা।

১৭ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে দখলীস্বত্বাধিকারী কোন রায়ত যে জমীদার বা অন্য উপরিস্থ পাট্টাদারকে খাজানা দিয়া থাকে তাঁহার লিখিত সম্মতি ব্যতিরেকে স্বীয় যোতের কোন অংশ কোর্ফা বিলি করিবে না এবং উক্তরূপ সম্মতি বিনা তদ্রূপ কোন রায়ত কোর্ফা বিলি করিলে, সমুদয় যোতে তাহার দখলীস্বত্ব নষ্ট হইল বলিয়া জ্ঞান হইবে।

জমীদারের সম্মতি ব্যতিরেকে দখলীস্বত্বাধিকারী রায়তের কোর্ফা বিলি না করিবার কথা।

১৮ ধারা। এই আইন প্রচলিত হইবার পরে জমীদার কি অন্য উপরিস্থ যে পাট্টাদারকে খাজানা দিতে হয় তিনি দখলীস্বত্বাধিকারী কোন রায়তের সমুদয় যোত বা তাহার কিয়দংশ কোর্ফা বিলি করিতে সম্মতি দিলে, কোর্ফা প্রজা যদি এই আইনের ১৫ ধারার বর্ণিত প্রকারে ভূমির চাষ করে তাহা হইলে যে তারিখে তাহাকে উক্ত ভূমি কোর্ফা বিলি করা হইয়াছে সেই তারিখ অবধি তাহাতে দখলীস্বত্ব উপার্জ্জন করিতে আরম্ভ করিবে। যে রায়ত কোর্ফা বিলি করে সে মধ্যবর্ত্তী যোতদার হইয়াছে বলিয়া গণ্য হইবে, এবং কোর্ফা বিলি করা ভূমিতে দখলীস্বত্ব হারাইবে, কিন্তু বাকি খাজানা না দেওয়া প্রযুক্ত ও আদালতের ডিক্রী কি হুকুম জারী ব্যতীত অন্য কোন সূত্রে জমীদার কি উপরিস্থ পাট্টাদার তাহাকে যোত ভ্রষ্ট করিতে পারিবেন না। আর, যে ভূমি সেই রায়ত কোর্ফা বিলি করিয়াছে, সেই ভূমির খাজানা, ইহার বিপরীত বিশেষ চুক্তি না থাকিলে, সেই ভূমির জন্য দখলীস্বত্বাধিকারী রায়তের যে ন্যায্য ও বিচারসঙ্গত হার হয় তদপেক্ষা শতকরা দশ টাকার কম নহে এরূপ পরিমাণাপেক্ষা বৃদ্ধি করা যাইবে না।

সম্মতিক্রমে কোর্ফা বিলি দেওয়ার ফলের কথা।

Saving of existing sub leases

19 Sub-leases for a year or for a term of years given before the commencement of this Act by any ryot having a right of occupancy shall hold good for such year or term but no longer

বর্ত্তমান কোর্ফা বিলি সংরক্ষণের কথা।

১৯ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে দখলী স্বত্বাধিকারী কোন রাইয়ত যদি এক বৎসর কি কয়েক বৎসর মিয়াদে কোর্ফা বিলি করিয়া থাকে তাহা সেই বৎসর বা কয়েক বৎসর পর্য্যন্ত চলিবে, কিন্তু তৎপরে নহে।

Saving of persons entitled to sub-let before Act X of 1859

20 Nothing contained in the three last preceding sections shall be held to affect the rights of, or impose any disabilities upon, the holders of any cultivating tenures who were before the commencement of Act X of 1859 entitled to sub-let their lands without the consent of the zemindar or other superior tenure-holder to whom their rent is payable

১৮৫৯ সালের ১০ আইন প্রচলিত হইবার পূর্ব্বে যাঁহারা কোর্ফা বিলি করিতে পারিতেন, তাঁহাদের সংরক্ষণের কথা।

২০ ধারা। জমীদার কি অন্য উপরিস্থ যে পাট্টাদারকে খাজানা দিতে হয় তাঁহার সম্মতি বিনা যে চাষি যোতদারেরা ১৮৫৯ সালের ১০ আইন প্রচলিত হইবার পূর্ব্বে আপন২ ভূমির কোর্ফা বিলি করিতে পারিতেন ইহার পূর্ব্বের তিন ধারার কোন কথাদ্বারা তাঁহাদের স্বত্বের কোন বিঘ্ন হইবে না, কিম্বা তাঁহাদের প্রতি কোন অক্ষমতা বর্ত্তিবে না।

No right of occupancy in zemindar's private lands

21 No right of occupancy shall be acquired by any ryot in *khamar*, *nijjote*, or *seer* lands belonging to the proprietor of the estate or tenure which are held by him as such at the date of the commencement of this Act and let by him on lease for a term or year by year

জমীদারের নিজ জমীতে দখলি স্বত্ব না হইবার কথা।

২১ ধারা। যদি এই আইন প্রচলিত হইবার সময়ে মহালের কি যোতের স্বামী খামার, নিজযোত বা সেরি জমী তদ্ভাবে ভোগ করিতে থাকেন এবং কোন মিয়াদে বা বৎসর বৎসর বিলি করিয়া থাকেন তাহাতে কোন রাইয়তের দখলী স্বত্ব জন্মিবে না।

Transfers of occupancy tenures to be registered

22 All ryots having rights of occupancy are required to register in the sherishta of the zemindar or other superior tenure-holder to whom their rents are payable all transfers of their tenures by sale, gift, or otherwise, as well as all successions thereto and divisions among heirs in cases of inheritance, within three months of each such transfer, succession, or division, and every zemindar or superior tenure holder as aforesaid is required to admit to registry and otherwise give effect to all transfers of whole tenures when made in good faith, and to all such successions and divisions by delivering to the applicant for registration within one month after his application a *hukumnama* or *amulnama* declaring the fact of the transfer, succession, or division having been admitted and registered

Provided that no zemindar or other superior tenure-holder as aforesaid shall be required to admit to registry or give effect to any division or distribution of the rent payable on account of any such tenure, nor shall any such division or distribution of rent be valid and binding without the consent in writing of such zemindar or superior tenure-holders

দখলী স্বত্ব যুক্ত যোতের হস্তান্তরীকরণ রেজিষ্টরী করিতে হইবার কথা।

২২ ধারা। দখলীস্বত্বাধিকারী রায়তগণের প্রতি আদেশ হইতেছে যে তাহাদিগের যোত বিক্রয় দানাদি দ্বারা হস্তান্তরীকরণ, এবং তৎসংক্রান্ত উত্তরভোগিত্ব ও উত্তরাধিকার সূত্রে উত্তরাধিকারিদিগের মধ্যে বিভাগের কথা, উক্ত হস্তান্তরীকরণ, উত্তরভোগিত্ব বা বিভাগের পর তিন মাসের মধ্যে, যে জমীদার বা অন্য উপরিস্থ পাট্টাদারের নিকটে খাজানা দিতে হয়, তাঁহার সেরিস্তায় তাহারা রেজিষ্টরী করাইবে। আর প্রত্যেক জমীদার ও উপরিস্থ পাট্টাদারের প্রতি আদেশ হইতেছে যে রেজিষ্টরী জন্য প্রার্থনা করিবার পরে এক মাসের মধ্যে প্রার্থনাকারীকে উক্ত হস্তান্তরীকরণ, উত্তরভোগিত্ব বা বিভাগ স্বীকৃত হইয়া রেজিষ্টরী করা হইয়াছে এই মর্ম্মের হুকুমনামা বা আমলনামা দিয়া, যে সমস্ত যোতের হস্তান্তরীকরণ সরলভাবে হইয়াছে সেই সকল হস্তান্তরীকরণ, এবং উক্ত উত্তরভোগিত্ব ও বিভাগ রেজিষ্টরী জন্য গ্রহণ করিবেন এবং অন্য প্রকারে কার্য্যকর করিবেন।

কিন্তু তদ্রূপ কোন ভূসম্পর্কের যে খাজানা দিতে হয়, কোন জমীদারের কি উপরিস্থ পাট্টাদারের প্রতি সেই খাজানা বিভাগ কি বণ্টনের কথা রেজিষ্টরী করাইতে বা কার্য্যকর করিতে আজ্ঞা হইবে না, এবং জমীদার কিম্বা উপরিস্থ পাট্টাদারের লিখিত সম্মতি ব্যতিরেকে উক্ত খাজানার বিভাগ কি বণ্টন সিদ্ধ এবং দৃঢ় হইবে না।

Failure to apply for registration or institute suit entails forfeiture of right of occupancy

23. If any person who has acquired a right of occupancy by transfer, succession, or division as aforesaid, fails to apply for registration within three months, or to institute a suit against the person re-

রেজিষ্টরী প্রার্থনা না করিলে কিম্বা মোকদ্দমা উপস্থিত না করিলে, দখলী স্বত্ব লোপের কথা।

২৩ ধারা। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্তরূপ হস্তান্তরীকরণ কি উত্তরভোগিত্ব কি বিভাগ ক্রমে দখলীস্বত্ব প্রাপ্ত হইয়া তিন মাসের মধ্যে রেজিষ্টরীকরণ নিমিত্ত প্রার্থনা না করে, কিম্বা উক্ত হস্তান্তরীকরণের কি উত্তরভোগিত্বের

fusing registration within one year, from the date of such transfer, succession, or division, he shall forfeit his right of occupancy

Registry of transfer made before the commencement of the Act

24 All ryots claiming to have rights of occupancy in virtue of transfers made before the commencement of this Act are required to register the same within one year from the said commencement, and the provisions of section 22 of this Act shall apply to all such transfers.

Fees may be levied on transfers

25 Fees at the rate of two per cent on the annual rent of the interest transferred may be levied by the zemindar or other superior tenure-holder to whom the rent is payable on the registry under this Act of any transfer

Provided that no fee shall be less than one rupee or more than one hundred rupees, and that if the zemindar or other superior tenure-holder as aforesaid fails to deliver the *hukumnama* or *amulnama* as provided in section 22 of this Act, any competent Court may, on a suit therefor being brought by the applicant for registration, direct delivery of the same free of all charges for fees or costs

Transferable under tenures hypothecated for rent due thereon

26 The tenure of an occupancy ryot and all under-tenures which by the title-deeds or the custom of the country are transferable by sale shall be held to be hypothecated for the rent due thereupon, and may, notwithstanding any transfer, be sold in execution for arrears of rent due by the ryot or under-tenant, provided that the transfer has not been admitted to registry, or that sufficient cause for non-registration is not shown to the satisfaction of the Court

Execution may issue on verbal application of decree holder

27 The Court may, when passing a decree for arrears of rent, on the oral application of the decree-holder, order immediate execution thereof either against the person, or the moveable property, or the right of occupancy of the judgment-debtor, but no ryot having a right of occupancy shall be ejected otherwise than by order of Court after the sale of his tenure in execution of decree

Procedure in execution against occupancy tenure

28 The provisions of sections 59 to 63 of the Landlord and Tenant Procedure Act, 1869, shall apply to the sale in execution of decree of the tenure of any ryot having a right of occupancy

[*Government Gazette*, 14*th October* 1879]

কি বিভাগের তারিখ অবধি এক বৎসরের মধ্যে রেজিষ্টরী করিতে অস্বীকারকারি ব্যক্তির বিরুদ্ধে মোকদ্দমা উপস্থিত না করে, তবে তাহার দখলী স্বত্ব হারাইবে।

এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে হস্তান্তরীকরণ রেজিষ্টরী করিবার কথা।

২৪ ধারা। এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে হস্তান্তরীকৃত হইয়াছে বলিয়া যে সকল রায়ত দখলীস্বত্বের দাওয়া করে, তাহাদিগের প্রতি আদেশ হইতেছে যে এই আইনের প্রচলনাবধি এক বৎসরের মধ্যে তাহাদিগের স্বত্ব রেজিষ্টরী করে, এবং এই আইনের ২২ ধারার বিধানগুলি এরূপ হস্তান্তরীকরণের প্রতি খাটিবে।

হস্তান্তরীকরণের ফী লইবার কথা।

২৫ ধারা। এই আইন অনুসারে হস্তান্তরীকরণ রেজিষ্টরী করিতে হইলে জমীদার বা অন্য উপরিস্থ যে পাট্টাদারকে খাজানা দিতে হয় তিনি হস্তান্তরীকৃত সম্পত্তির বার্ষিক খাজানার উপর শতকরা ২৲ টাকা হারে ফী লইতে পারিবেন।

কিন্তু উক্ত ফী এক টাকার কম কি একশত টাকার অধিক হইবে না, এবং যদি পূর্ব্বোক্ত জমীদার বা অন্য উপরিস্থ পাট্টাদার রেজিষ্টরী জন্য প্রার্থনাকারীকে এই আইনের ২২ ধারার বিধানক্রমে হুকুমনামা বা আমলনামা না দেন, ও রেজিষ্টরী করণার্থে প্রার্থনাকারী তন্নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করেন, উপযুক্ত আদালত বিনা ফী ও খরচায় উক্ত হুকুমনামা কি আমলনামা দিতে আদেশ করিতে পারিবেন।

হস্তান্তর যোগ্য অধীন ভূসম্পর্ক পাওনা খাজানা জন্য বন্ধক থাকিবার কথা।

১৯ ধারা। কমিশ্যনরেরা যে কল্পনাপত্র কি নক্সা বা অনুমানপত্র অনুমোদন করেন তাঁহারা কোন সময়ে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতি গ্রহণপূর্ব্বক তাহা পুনর্ব্বিবেচনা করিতে ও তাহাতে আর কথা যোগ করিতে ও তাহা পরিবর্ত্তিত কি রূপান্তরিত করিতে পারিবেন, ও সেই বর্দ্ধিত কি রূপান্তরিত কি পরিবর্ত্তিত কথা গ্রাহ্য করিলে বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করিবেন। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ বর্দ্ধিত কি পরিবর্ত্তিত কি রূপান্তরিত কথা কিম্বা তাহার যে অংশ বিহিত বোধ করেন অনুমোদন করিতে পারিবেন। তদবধি সেই বর্দ্ধিত কি রূপান্তরিত কি পরিবর্ত্তিত কথা ঐ মূল কল্পনাপত্রের কি নক্সার কি অনুমানপত্রের একাংশ হওয়ার ন্যায় তৎপ্রতি এই আক্টের বিধান বর্ত্তিবে, ও কমিশ্যনরেরা সেই বর্দ্ধিত কি রূপান্তরিত কি পরিবর্ত্তিত কথা গ্রাহ্য করিলে পর যে মত বিহিত বোধ করেন প্রকাশ করিবেন। কোন অধিবেশন কালে যে কমিশ্যনরেরা উপস্থিত হন তাঁহাদের অধিকাংশ ব্যক্তি ৩ ধারার লিখিতমতে যোগ্য না হইলে উক্ত বর্দ্ধিত কি রূপান্তরিত কি পরিবর্ত্তিত কথা গ্রাহ্য হইবেনা।

রূপান্তরিত কল্পনাপত্র প্রকাশ করিবার কথা।

২০ ধারা। কোন কল্পনাপত্র প্রকাশিত হইলে তদ্দ্বারা যে ২ ভূমির উপকার হইতে পারে, ১৯ ধারামতে সেই কল্পনাপত্রের পরিবর্দ্ধন কি রূপান্তর কি পরিবর্ত্তন করণ দ্বারা যদি অন্য ভূমির উপকার

fore published, shall be adopted by the Commissioners until the same has been published for not less than fifteen days, according to the provisions of section 11 in every village in which may be situate any portion of the lands to be affected by such addition, alteration, or modification, nor shall any such addition, modification, or alteration be adopted unless the proprietors of not less than half of such lands assent thereto.

Powers of acquisition of land

21 When the Lieutenant-Governor has sanctioned any scheme, plans, and estimates as aforesaid, or some portion thereof, he may take proceedings under the provisions of the Land Acquisition Act, 1870, or any other law for the time being in force for the acquisition of land for public purposes, in order to obtain any land likely to be needed for the works mentioned in such sanctioned scheme, plans, and estimates, or any portion thereof

Lieutenant-Governor may order scheme to be carried out.

22 The Lieutenant-Governor may, if he think fit, order the improvements specified in such sanctioned scheme, plans, and estimate, or portion thereof, to be made by an officer to be thereunto appointed by the Lieutenant-Governor, and may, subject to the sanction of the Governor-General of India in Council, order the advance from the public funds of such sum of money as may be required for the purpose of making such improvements, and such officer may cause the works specified in such scheme and plans to be performed, and for that purpose may by himself, his agents and workmen enter into or upon any lands, and perform such works thereupon as may be required.

Power to Lieutenant-Governor to modify scheme

23. The Lieutenant-Governor may at any time after the said works have been commenced, by an order sanction any alteration or modification of such scheme or plan suggested to him by the officer in charge of such works, provided it shall appear to him that by such modification or alteration the general character and scope of the scheme will not be altered, nor greater expenditure be incurred thereon, than would be incurred in the scheme as originally sanctioned, and after such sanction, such alteration or modification shall be taken to be a portion of the scheme adopted by the Commissioners in substitution for the portion of such scheme thereby altered, and every such modifi-

হইতে পারে, তবে ঐ পরিবর্দ্ধন কি রূপান্তর কি পরিবর্ত্তন করণদ্বারা যে ভূমির উপকার হইতে পারে সেই ভূমির কোন অংশ যে২ গ্রামে থাকে ১১ ধারার বিধানমতে সেই রূপান্তরিত পত্র সেই২ গ্রামে পঞ্চদশ দিন পর্য্যন্ত প্রকাশ না করা গেলে কমিশ্যনরেরা তাহা গ্রাহ্য করিবেন না। এবং ঐ ভূমির অর্দ্ধেকের অন্যূনাংশের অধিকারিরা সেই পরিবর্দ্ধিত কি রূপান্তরিত কি পরিবর্ত্তিত পত্রে সম্মত না হইলে তাহা গ্রাহ্য হইবে না।

ভূমি গ্রহণ করিবার ক্ষমতার কথা।

২১ ধারা। বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত কোন কল্পনাপত্র ও নক্শা ও অনুমানপত্র বা তাহার কোন অংশ অনুমোদন করিলে তল্লিখিত কোন কার্য্য নিষ্পাদনের জন্য কোন ভূমির প্রয়োজন হওয়া সম্ভাবনা হইলে, তিনি ঐ ভূমি পাইবার নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে কিম্বা রাজকীয় কার্য্যার্থে ভূমি গ্রহণ করিবার জন্য যে আইন যৎকালে প্রবল থাকে সেই আইনের বিধানমতে কার্য্যানুষ্ঠান করিতে সক্ষম হইবেন।

কল্পনাপত্র ও অনুমান পত্র লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মুখে অর্পণ করিবার কথা।

২২ ধারা। উক্ত অনুমোদিত কল্পনাপত্রে ও নকশায় ও অনুমানপত্রে কিম্বা তাহার কোন অংশে যে২ উৎকর্ষ সাধন কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিহিত বোধ করিলে, সেই কার্য্য সম্পাদনার্থে কোন কার্য্যকারককে নিযুক্ত করিয়া তাঁহার দ্বারা সেই কার্য্য হইবার আজ্ঞা করিতে পারিবেন এবং উক্ত উৎকর্ষ সাধনের নিমিত্তে যত টাকা প্রয়োজন মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদনের অপেক্ষায় রাজকীয় অর্থাগারহইতে সেই টাকা অগ্রিম দিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং সেই কার্য্যকারক ঐ কল্পনাপত্রের ও নকশার নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদন করাইতে পারিবেন, ও তন্নিমিত্তে আপনি কিম্বা আপনার প্রতিনিধির বা কর্ম্মকারদের দ্বারা কোন ভূমিতে প্রবেশ করিয়া ঐ ভূমিতে যে কার্য্য করা আবশ্যক তাহা করিতে পারিবেন।

ঐ কল্পনাপত্র রূপান্তরিত করিতে লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের ক্ষমতার কথা।

২৩ ধারা। উক্ত কার্য্য আরম্ভ করা গেলে পর যে কার্য্যকারক ঐ কর্ম্মের অধ্যক্ষতা করেন তিনি যদি ঐ কল্পনাপত্রের কি নকশার কোন অংশ পরিবর্ত্তিত কি রূপান্তরিত করিবার প্রস্তাব করেন, তবে তদ্রূপে পরিবর্ত্তিত কি রূপান্তরিত করিলে ঐ কার্য্যের সাধারণ ভাব ও উদ্দেশ্য পরিবর্ত্তন হইবে না এবং ঐ প্রথম অনুমোদিত কল্পনাপত্রানুসারে কার্য্য করিলে যত টাকা খরচ হইত ঐ পরিবর্ত্তিত নিয়মানুসারে কার্য্য করিলে তদধিক খরচ হইবে না শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ইহা দেখিলে কোন সময়ে অনুজ্ঞাপত্রদ্বারা উক্ত কল্পনাপত্র কি নকশা পরিবর্ত্তিত কি রূপান্তরিত করিবার অনুমতি দিতে পারিবেন অনুমোদিত হইলে ঐ কল্পনাপত্রের যে অংশ পরিবর্ত্তিত করা গেল তৎস্থানে ঐ পরিবর্ত্তিত কি রূপান্তরিত অংশ কমিশ্যনরদের গ্রাহ্য করা কল্পনাপত্রের অংশ বলিয়া জ্ঞান হইবে, এবং

cation or alteration shall be published by the Commissioners as to them shall seem fit.

PART IV.

EXPENDITURE AND APPORTIONMENT.

Reports to be made and expenditure certified

24. The officer in charge of the said works shall, until the same shall be finally completed, once in every three months make a detailed report to the Commissioners of the progress of such works and the expenditure thereupon from the day up to which the next preceding report shall have been brought down, and the Comptroller of Public Works Accounts to the Government of Bengal, or some other officer authorized in that behalf by the Lieutenant-Governor, shall from time to time certify the sums advanced from the public funds for such works, and the dates of the respective advances and every such certificate shall be final and conclusive evidence of the sums therein stated to have been advanced, having been so advanced, and of the dates upon which they were respectively so advanced

Cost of compensation to be deemed part of expense of construction

25 All amounts which are payable as compensation for any lands taken for the purposes of this Act, or for damage inflicted in carrying out any scheme or works under this Act, or as salaries of officers, servants, or establishments, or for surveys or valuations, or for costs or charges incurred in carrying out the provisions of this Act, and all other sums in any way expended in carrying out the purposes of this Act, shall be deemed to be part of the expenses for the construction of the work, and all advances for the same with interest at the rate of five per cent. per annum, shall be included in the apportionment of costs, and recoverable in the manner hereinafter provided

Advances to be repaid

26 The proprietors of the land reclaimed and improved respectively and their representatives in title shall be liable to repay any sums so advanced in the manner hereinafter provided, with interest at the rate of five per cent per annum from the time of the respective advances Such repayment may be made by equal instalments not extending beyond ten years.

In respect of liability for repayment of such advances, and for the purposes of the apportionment, payment and recovery of expenses as hereinafter provided, the proprietor who holds the lowest tenure or interest in any land, as deter-

কমিশ্যনরেরা যদ্রূপ বিহিত বোধ করেন সেই পরিবর্ত্তিত কি রূপান্তরিত কথা তদ্রূপে প্রকাশ করাইবেন।

চতুর্থ খণ্ড।

খরচ ও ব্যয়বণ্টনের বিধি।

রিপোর্ট করিবার ও খরচ নিশ্চিতমতে জানাইবার কথা।

২৪ ধারা। যে ব্যক্তির প্রতি ঐ কার্য্য নিষ্পাদন করিবার ভার অর্পণ করা যায়, সেই কার্য্য যত কাল সম্পূর্ণরূপে নিষ্পন্ন না হয় তত কালে সেই কার্য্য যে ভাবে চলিতেছে তিনি তিন২ মাসে কমিশ্যনরদের নিকট এই কথার বিস্তারিত রিপোর্ট করিবেন এবং পূর্ব্ব রিপোর্টের শেষ তারিখ অবধি আর যত টাকা খরচ করিয়াছেন তাহাও সেই রিপোর্টে লিখিবেন। এবং ঐ কর্ম্মের নিমিত্তে রাজকীয় অর্থাগারহইতে যেং তারিখে যত টাকা অগ্রিম দেওয়া গিয়াছে বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কসের হিসাবের কম্‌ট্রোলর সাহেবের কিম্বা অন্য যে কার্য্যকারক শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকটে সেই কর্ম্ম করিবার অনুমতি পান তিনি সময়েং উক্ত কথার শংসিতপত্র লিখিবেন। ও সেই পত্রে অগ্রিম দত্ত বলিয়া যত টাকা নির্দ্দিষ্ট থাকে ও যে তারিখে দেওয়া যায় ঐ শংসিত পত্র সেই টাকা সেই তারিখে দত্ত হইবার চূড়ান্ত ও সিদ্ধান্ত প্রমাণ হইবে।

ক্ষতিপূরণের খরচ কার্য্য সম্পাদনের ব্যয়ের অংশ বলিয়া জ্ঞান হইবার কথা।

২৫ ধারা। এই আইনের কার্য্য পক্ষে যে ভূমি গৃহীত হয় তাহার মূল্য কিম্বা এই আইনমত কল্পনাপত্র কি কার্য্য সাধন করিতে গিয়া যে হানি করা যায় সেই হানিপূরণের টাকা কিম্বা এই আইনের বিধানমতে কার্য্য করণার্থে কর্ম্মচারী ও চাকর ও আমলাদের বেতন স্বরূপ, কি মাপকরণ কি মূল্যনির্দ্ধারণ নিমিত্তে, কি খরচ খরচায় স্বরূপ যে টাকা দিতে হয়, তাহা এবং এই আইনের উদ্দেশ্য সকল করণার্থ অন্য যে সকল টাকা কোনরূপে কোন প্রকারে ব্যয় করা যায় তৎসমুদয় কার্য্য সম্পাদনার্থ ব্যয়ের অংশ বলিয়া জ্ঞান হইবে, এবং উক্ত কার্য্য জন্য যে অগ্রিম টাকা দেওয়া যায়, বৎসর শতকরা পাঁচ টাকা হারে সুদ সমেত তাহা ব্যয়বণ্টনের মধ্যে গণ্য হইবে, ও পশ্চাল্লিখিত বিধানমতে তাহা আদায় করা যাইতে পারিবে।

অগ্রিম টাকা শোধ করিবার কথা

২৬ ধারা। যে ভূম্যধিকারিদের ভূমি কৃষিযোগ্য ও উৎকর্ষিত করা যায় তাঁহারা ও তাঁহাদের স্বত্বগত স্থলাভিষিক্তগণ ঐ টাকা অগ্রিম দিবার তারিখ অবধি বৎসর শতকরা ৫ টাকা হারে সুদ সমেত ঐ অগ্রিম টাকা পশ্চাল্লিখিতমতে শোধ করিবেন। দশ বৎসরের অনধিক কাল মধ্যে সমান সমান কিস্তিক্রমে ঐ টাকা শোধ করা যাইতে পারিবে।

ঐ অগ্রিম টাকা শোধ করিবার দায় সম্বন্ধে, ও পশ্চাল্লিখিতমত ব্যয়বণ্টনের ও টাকা দিবার ও খরচা আদায়ের কার্য্যপক্ষে, কমিশ্যনরদের নিষ্পত্তিমত ভূমির নিম্নতম

mined by the Commissioners, and no other proprietor, shall be deemed to be the proprietor of such land

27 The Commissioners shall, as soon as conveniently may be after the completion of the works has been certified to them by the officer in charge of the same, proceed to classify all the lands which have been benefited in accordance with the degree of benefit derived by each field or plot of such land, and to apportion the amounts payable by the proprietors respectively of all land so benefited in respect of the sums so advanced, and the amount to be charged against each such proprietor shall be determined by the Commissioners with reference to the quantity of land held by him which will be directly benefited by such works and the degree of benefit derived by such land according to the classification aforesaid

Apportionment of charge.

28 The amount apportioned by the Commissioners as payable by the proprietor in respect of any improved lands, shall not exceed the amount of the increased value which, in the opinion of the Commissioners, has been conferred on such lands by such works

Charge on improved lands not to exceed value of improvement.

29. The Commissioners shall, so soon as conveniently may be, after having apportioned the sums to be payable by the proprietors of the lands of any village, respectively, make and publish a report describing the several lands in respect of which they have declared any sum to be payable, the names of the respective proprietors thereof, and the sum payable by each in respect of the same Every such report shall distinguish between the reclaimed lands and the improved lands, and shall classify the latter according to the extent of the improvement

Commissioners to report apportionment

30. If the Commissioners shall, for the space of twelve months after the completion of the entire works has been certified to them as aforesaid, neglect or refuse to apportion the sums payable as aforesaid, or to make such report as aforesaid, or for the space of six months after any report and apportionment shall have been returned to them for further consideration and revision under the provisions hereinafter contained, neglect or refuse to make such further consideration and revision as is required, the Lieutenant-Governor may appoint such officer or officers as to him shall seem fit to

In default of Commissioners, officers to make apportionment and report

সম্পাদকের কি স্বার্থের অধিকারী ভূম্যধিকারী বলিয়া গণ্য হইবেন, অন্য ভূম্যধিকারী নহে।

২৭ ধারা। যে ব্যক্তির প্রতি উক্ত কার্য্য নিষ্পাদন করিবার ভার অর্পণ করা যায় তিনি কার্য্য সম্পাদন হইয়াছে ইহা সংসিদ্ধমতে জানাইলে পর সুবিধামতে যত শীঘ্র হইতে পারে কমিশনরেরা প্রত্যেক ক্ষেত্র কি ভূখণ্ড যে পরিমাণে উপকার প্রাপ্ত হইয়াছে তদনুসারে উপকারপ্রাপ্ত সমুদয় ভূমি শ্রেণীবদ্ধ করিতে প্রবৃত্ত হইবেন, ও যে ভূম্যধিকারিদের কোন ভূমির উপকার হয় তাঁহাদের মধ্যে কাহার নামে কত টাকা ধরিতে হইবে ইহা নিরূপণ করিবেন। সেই কার্য্য দ্বারা সাক্ষাৎ সম্বন্ধে প্রত্যেক ব্যক্তির অধিকারগত যত ভূমির উপকার হইয়াছে ও পূর্ব্বোক্ত শ্রেণীবন্ধনমতে ঐ ভূমির যে পরিমাণে উপকার হইয়াছে কমিশনরগণ ইহা লক্ষ করিয়া খরচ ধরিবেন।

খরচ বণ্টনের কথা।

২৮ ধারা। উৎকর্ষসাধন কার্য্য দ্বারা কমিশনরদের বিবেচনামতে ভূমির যত মূল্য বৃদ্ধি হইয়াছে তাঁহারা সেই উৎকর্ষপ্রাপ্ত ভূমির অধিকারির নামে খরচ ধরিতে গেলে, সেই মূল্যের অধিক ধরিবেন না।

উৎকর্ষসাধন দ্বারা ভূমির যত মূল্য বৃদ্ধি হয় তদতিরিক্ত খরচ না ধরিবার কথা।

২৯ ধারা। কোন গ্রামের ভূমির অধিকারিদের মধ্যে যাহার খরচের যে অংশ দিতে হইবে, কমিশনরেরা ইহা নিরূপণ করিলে পর সাধ্যমতে ত্বরায় তাহার রিপোর্ট লিখিয়া প্রকাশ করিবেন। যে২ ভূমির উপলক্ষে কোন টাকা দেয় বলিয়া প্রকাশ করা যায় এবং ঐ২ ভূমির অধিকারিদের নাম, ও তৎসম্বন্ধে প্রত্যেক জনের যত টাকা দিতে হইবে ঐ রিপোর্টে এই সকল কথা লিখিবেন। তদ্রূপ প্রত্যেক রিপোর্টে ভূমির মধ্যে কোন গুলি কৃষিযোগ্যকৃত ও কোন গুলি উৎকর্ষপ্রাপ্ত ইহারও নির্দ্দেশ থাকিবে, ও উৎকর্ষ সাধনের পরিমাণানুসারে শেষোক্ত ভূমণ্ডল শ্রেণীবদ্ধ করা যাইবে।

যাঁহার যত টাকা ধরা গেল কমিশনরদের এই কথা রিপোর্ট করিবার কথা।

৩০ ধারা। কার্য্য সম্পূর্ণরূপে নিষ্পন্ন হইবার সংসিদ্ধপত্র কমিশনরদের নামে পূর্ব্বের ক্রমমতে দেওয়া গেলে পর বারো মাসের মধ্যে তাঁহারা পূর্ব্বোক্তমতে নানা ব্যক্তির দেনা টাকা ধার্য্য করিতে কিম্বা পূর্ব্বলিখিত আজ্ঞামতে রিপোর্ট করিতে শৈথিল্য কি অস্বীকার করিলে কিম্বা পশ্চাল্লিখিত বিধানমতে তাঁহাদের অধিক বিবেচনা ও সংশোধন করিবার নিমিত্ত কোন রিপোর্ট ও বণ্টনপত্র তাঁহাদিগকে ফিরিয়া দেওয়া গেলে পর ছয় মাসের মধ্যে আবশ্যকমত অধিক বিবেচনা ও সংশোধন করিতে শৈথিল্য কি অস্বীকার করিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব যে কার্য্যকারককে কিম্বা যে কার্য্যকারকদ

কমিশনরেরা ঐ কার্য্য না করিলে কার্য্যকারকদের ঐ খরচ নিরূপণ করিয়া রিপোর্ট করিবার কথা।

make or consider and revise such apportionment and report, and every apportionment and report so made shall have the same force and effect as if the same had been made by the Commissioners

31 Whenever any apportionment and report have been made in pursuance of the provisions hereinbefore contained, the Commissioners or person making such report shall cause such report to be published by affixing in every village in which any lands mentioned therein are situate a copy of so much thereof as relates to such lands, and also a like copy at the office of the Collector and of the sub-divisional officer, and at every Munsif's Court within whose jurisdiction, and at every police thana within the limits of which such village, or any part thereof, is situate

Report to be published

32 Any person who may deem himself to be aggrieved by any such apportionment may, within fifteen days after such report has been published, prefer an objection before the Commissioners, and the Commissioners shall be bound to enquire into and decide upon such objection, and any person who is dissatisfied with such decision may within one month from the date of such decision appeal to the Commissioner of the Division against such apportionment, and such Commissioner shall cause notice of the day fixed for the hearing of such appeal to be published by affixing the same in the office of the Collector and of the sub-divisional officer and in a conspicuous place in every village, and in the Court of every Munsif within whose jurisdiction, and at every police thana within the limits of which, any of the lands mentioned in such report are situate

Appeal against apportionment

Such Commissioner shall hear such appeal, and the objections thereto of all persons interested, and may confirm such apportionment, or may revise and alter the same as to him shall seem fit, or may return the same to the Commissioners or officer making such apportionment and report for further consideration and revision

Every such apportionment and report, when revised or altered, shall, so far as the same has been altered, be published, and be liable to appeal in like manner as the original apportionment and report

The decision of the Commissioner of the Division upon any appeal under this section shall be final

[*Government Gazette*, 14*th October* 1879]

গকে উপযুক্ত বোধ করেন তাঁহাদিগকে সেই ব্যয়বন্টন পত্র ও রিপোর্ট প্রস্তুত করণার্থে অথবা পুনর্ব্বিবেচনা ও সংশোধন করণার্থে নিযুক্ত করিতে পারিবেন ও তাঁহার কি তাঁহাদের সেই ব্যয়বন্টনপত্র ও রিপোর্ট কমিশ্যনরদের দ্বারা করা হইবার ন্যায় বলবৎ ও ফলবৎ হইবে।

৩১ ধারা। পূর্ব্বলিখিত বিধানানুসারে ব্যয়বন্টনপত্র ও রিপোর্ট করা গেলে পর, সেই রিপোর্টের মধ্যে যে গ্রামের কোন ভূমির উল্লেখ হইয়াছে ঐ রিপোর্টের যে অংশের সঙ্গে ঐ ভূমির সম্পর্ক থাকে কমিশ্যনরেরা কিম্বা অন্য যে ব্যক্তি রিপোর্ট করেন তিনি সেই গ্রামে সেই অংশের নকল লটকাইয়া এবং তদ্রূপ এক ২ কেতা নকল কালেক্টর সাহেবের ও মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারীতে লটকাইয়া এবং ঐ গ্রাম কিম্বা তাহার কোন অংশ যে মুনসেফের বিচারাধিপত্যের মধ্যে ও যে পোলীস থানার সীমার মধ্যে থাকে সেই মুনসেফের কাছারিঘরে ও সেই থানায় লটকাইয়া তাহা প্রচার করিবেন।

রিপোর্ট প্রকাশ করিবার কথা।

৩২ ধারা। উক্ত ব্যয়বন্টনদ্বারা কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করিলে, তিনি সেই রিপোর্ট প্রকাশ হইবার পর পনর দিনের মধ্যে কমিশ্যনরদের সম্মুখে আপত্তি উপস্থিত করিতে পারিবেন ও কমিশ্যনরেরা উক্ত আপত্তির তদন্ত লইয়া নিষ্পত্তি করিতে আবদ্ধ থাকিবেন, এবং উক্ত নিষ্পত্তিতে কোন ব্যক্তি অসন্তুষ্ট হইলে, তিনি ঐ নিষ্পত্তির তারিখ অবধি এক মাস মধ্যে খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট ঐ ব্যয়বণ্টনের বিপক্ষে আপীল করিতে পারিবেন। এবং সেই আপীল শুনিবার যে দিন নিরূপণ করা যায় কমিশ্যনর সাহেব সেই দিনের নোটিস কালেক্টর সাহেবের ও মহকুমার কর্ত্তৃপক্ষের কাছারীতে লটকাইয়া ও ঐ রিপোর্টের উল্লিখিত কোন ভূমি যে গ্রামে ও যে মুনসেফের বিচারাধিপত্যের মধ্যে ও যে পোলীস থানার সীমার মধ্যে থাকে সেই গ্রামে ও সেই মুনসেফের কাছারী ঘরে ও সেই থানায় লটকাইয়া সেই নোটিস প্রচার করাইবেন।

ব্যয়বন্টনের বিপক্ষে আপীলের কথা।

ঐ কমিশ্যনর সাহেব ঐ আপীল শুনিয়া এবং তাহাতে যে সকল ব্যক্তির সম্পর্ক থাকে তাঁহাদের আপত্তি শুনিয়া সেই বন্টনপত্র দৃঢ় রাখিতে পারিবেন, কিম্বা যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে তাহা সংশোধন কিম্বা পরিবর্ত্তন করিতে পারিবেন, কিম্বা পুনশ্চ বিবেচনা করিবার ও সংশোধন করিবার নিমিত্তে কমিশ্যনরদের নিকট কিম্বা অন্য যে ব্যক্তি ঐ রিপোর্ট ও ব্যয়বন্টন করিলেন তাঁহার নিকট তাহা ফিরাইয়া দিতে পারিবেন।

তদ্রূপ প্রত্যেক বন্টনপত্র ও রিপোর্ট সংশোধিত কিম্বা পরিবর্ত্তিত হইলে পর যত দূর পরিবর্ত্তন করা গেল, ততদূর প্রকাশ করা যাইবে ও প্রথম বন্টনপত্রের ও রিপোর্টের ন্যায় তাহার উপর আপীলও হইতে পারিবে।

এই ধারামত আপীল হইলে খণ্ডের কমিশ্যনর সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবে।

33 Whenever the Commissioner of the Division shall confirm any apportionment and report or whenever one month shall have elapsed from the publication of any report without any appeal therefrom having been preferred, he shall pass an order declaring the sums payable in respect of the lands respectively and the persons liable to pay the same to be finally determined, and shall cause such order to be published in such manner as to him shall seem fit.

Final determination of apportionment

৩৩ ধারা। খণ্ডের কমিশ্যানর সাহেব কোন রিপোর্ট ও বণ্টনপত্র দৃঢ় রাখিলে, কিম্বা কোন রিপোর্ট প্রচার করা গেলে পর এক মাস গত হইলেও তাহার উপর আপীল উপস্থিত না করা গেলে, উক্ত ভিন্ন ২ ভূমি খণ্ডের উপলক্ষে যত টাকা দেয় ও যেং ব্যক্তি তাহা দিতে দায়ী খণ্ডের কমিশ্যানর সাহেব ইহা চূড়ান্তরূপ নির্দ্ধারিত হইল এই মর্ম্মের অনুজ্ঞাপত্র করিয়া যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে ঐ পত্র প্রকাশ করাইবেন।

বণ্টনপত্রের শেষ নিষ্পত্তির কথা।

PART V

Recovery of sums due to Government

34. As soon as any apportionment has been so finally determined, the Collector of the district may cause a notice in the form in Schedule (B) hereto annexed to be served upon any proprietor of lands reclaimed or improved who has not paid the sum payable by him, and in case such sum is not paid, nor an engagement for the payment thereof entered into within one month after the service of such notice, the same shall be deemed an arrear of demand as mentioned in section 36

Collector to serve notice of apportionment

পঞ্চম খণ্ড।

গবর্ণমেণ্টের পাওনা টাকা আদায়ের বিধি।

৩৪ ধারা। কোন ভূমি কৃষিযোগ্য করা কিম্বা তাহার উৎকর্ষ সাধন করা গেলে পার তাহার উপলক্ষে খরচের যত টাকা ধরা গেল তাহা চূড়ান্তরূপে নির্ধার্য্য করা গেলে যদি সেই ভূম্যধিকারী খরচের সেই অংশ শোধ না করিয়া থাকেন, তবে জিলার কালেক্টর সাহেব তাঁহার নামে B চিহ্নিত তপসীলের পাঠে লিখিত নোটিস জারী করাইবেন। ও যদি খরচের সেই টাকা না দেওয়া যায় ও নোটিস জারী হইলে পর এক মাসের মধ্যে যদি সেই টাকা দিবার কোন করার করা না যায়, তবে তাহা ৩৬ ধারার লিখিতমতে বাকী রাজস্বের দাওয়ার টাকা বলিয়া গণ্য হইবে।

বণ্টনপত্রের নোটিস কালেক্টর সাহেবের জারী করিবার কথা।

35 Every order of the Collector with reference to the term of payment by instalments under the provisions of this Act shall be appealable to the Commissioner of the Division, if the appeal be preferred within one month from the date of such order, and the orders of the Commissioner thereon shall be final

Order of the Collector to be appealable

৩৫ ধারা। এই আইনের বিধানমতে কিস্তি করিয়া টাকা দিবার করারের বিষয়ে কালেক্টর সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর খণ্ডের কমিশ্যানর সাহেবের নিকটে আপীল হইতে পারিবে। ঐ আজ্ঞার তারিখ অবধি এক মাসের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে, ও তাহাতে কমিশ্যানর সাহেব যে আজ্ঞা দেন তাহা চূড়ান্ত হইবে।

কালেক্টর সাহেবের আজ্ঞার উপর আপীল হইবার কথা।

36 Every sum payable under any order or engagement under the provisions of this Act, together with interest thereon at the rate of five per cent per annum, shall be recoverable as arrears of revenue and shall constitute a demand under Bengal Act VII of 1868, and the proprietor of the land in respect of which such sum is payable or his representative in title for the time being shall be liable to pay the same, and, in case of any arrear of demand under section 34, the notice served in the form in Schedule B hereto annexed shall be deemed to be the notice in writing mentioned in section 18 of the said Act VII of 1868, and it shall not be necessary to issue any other notice in writing under the said section

Sums to be recoverable under Bengal Act VII of 1868

৩৬ ধারা। এই আইনের বিধানমত কোন আজ্ঞা কিম্বা করারমতে কোন ব্যক্তির টাকা দেনা হইলে, বাকী রাজস্বের ন্যায় জ্ঞান হইয়া বৎসর শতকরা পাঁচ টাকার হিসাবে সুদ সুদ্ধ ঐ টাকা আদায় হইতে পারিবে,

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে টাকা আদায়ের কথা।

এবং তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমতে দাওয়া বলিয়া গণ্য হইবে, ও যে ভূমির উপলক্ষে উক্ত টাকা দেনা হয় সেই ভূমির অধিকারী কিম্বা যিনি যৎকালে তাঁহার স্বত্বগতস্থলাভিষিক্ত হন তিনি ঐ টাকা দিবার দায়ী হইবেন, এবং ৩৪ ধারামত বাকী রাজস্বের দাওয়ার টাকা হইলে, এতৎ সংযুক্ত B তপসীলের পাঠে নোটিস জারী করা গেলে, তাহা উক্ত ১৮৬৮ সালের ৭ আইনের ১৮ ধারামত লিখিত নোটিস বলিয়া জ্ঞান হইবে এবং ঐ ধারামতে অন্য নোটিস লিখিয়া দেওয়া আবশ্যক হইবে না।

37 In case the Collector certifies that any sum payable as hereinbefore provided cannot be realized as provided by section 36, so much of such sum as shall not have been so realised shall be a charge upon any profits from the property vested in the Collector under the provisions of section 44, and if such property is not sufficient to pay any such sum, the balance shall be a charge upon the reclaimed lands, and shall be levied from the proprietors thereof for the time being as if the same were included in an order passed under the provisions of section 33, and in such and the same proportions as the sums under the report aforesaid finally determined to be payable by each of such proprietors in respect of such lands bear to the entire sum charged in respect of such lands

Recovery of unrealized portion of charge on improved land

৩৭ ধারা। যদি কালেক্টর সাহেব সর্টিফিকেট দেন যে পূর্ব্ব নির্দ্দিষ্টমতে আদায় কোন টাকা ৩৬ ধারার নির্দ্দিষ্ট উপায়ে আদায় হইতে পারে না, তবে ৪৪ ধারার বিধানমতে কালেক্টর সাহেবের প্রতি যে সম্পত্তি অর্পিত হয় উক্ত যত টাকা আদায় হয় নাই তাহার দায় সেই সম্পত্তির লাভের উপর বর্ত্তিবে। এবং ঐ সম্পত্তি তদ্রূপ কোন টাকা শোধ করিবার উপযুক্ত না হইলে, বাকী টাকার দায় কৃষিযোগ্যকৃত ভূমির উপর বর্ত্তিবে, ও সেই টাকা ৩৩ ধারার বিধানের নির্দ্দিষ্ট আজ্ঞাপত্রে ধরা যাইবার ন্যায় ঐ ভূম্যধিকারিদের স্থানে আদায় করা যাইবে, অর্থাৎ সমস্ত ভূমির উপলক্ষে মোট যত টাকা ধরা গেল, পূর্ব্বোক্ত রিপোর্টে সেই টাকার মধ্যে উক্ত ভূমির নিমিত্তে প্রত্যেক জন অধিকারির দেনা বলিয়া যত টাকা চূড়ান্তরূপে ধার্য্য হইল তাহাদের স্থানে তত টাকা আদায় হইবে।

উৎকর্ষিত ভূমির উপর খরচের যে অংশ আদায় করা যায় নাই তাহা আদায় করিবার কথা।

38 Any proprietor who has entered into an engagement for the repayment of any sum apportioned as aforesaid, may at any time repay to the Collector the entire amount of the principal sum which shall be then remaining due, and interest thereupon up to the day of payment, and thenceforth the said engagement shall be terminated and all liabilities in respect thereof for principal or interest shall determine

Power to repay advances

৩৮ ধারা। পূর্ব্বোক্তমতে যে টাকা ধরা গেল কোন ভূম্যধিকারী তাহা কিস্তি করিয়া দিবার করার করিলে পর কোন সময়ে কালেক্টর সাহেবকে তাহার বাকী দেনা সমুদয় টাকা ও সেই টাকা দিবার তারিখ পর্য্যন্ত তাহার উপর সুদ দিতে পারিবেন। তাহা হইলে সেই করার রহিত হইবে এবং আসল টাকার ও সুদের নিমিত্তে সমস্ত দায়ও রহিত হইবে।

অগ্রিমদত্ত টাকা শোধ করিবার কথা।

PART VI

RECOVERY OF SUMS DUE FROM UNDER-TENANTS AND RYOTS

ষষ্ঠ খণ্ড।

অধীন প্রজাদের ও রাইয়তদের স্থানে পাওনা টাকা আদায় করিবার বিধি

39 Every proprietor of lands who has been charged with any sum by a report published as aforesaid may, after he has paid or engaged to pay the same, recover according to the proportions hereinafter provided such sum or any part thereof, with interest at the rate of five per cent per annum from the date of payment of any portion of such sum from any person or persons holding immediately from him lands in respect of which such sum has been declared payable

Proprietor may recover from subordinate tenants

The sum recoverable by such proprietor from any such person in respect of the lands of each class shall bear the same proportion to the sum charged upon such proprietor in respect of all lands of that class as the area of the lands of that class which are held by such person bears to the area of the lands of the same class in respect of which the proprietor has been charged

Provided that no person from whom a proprietor is authorized to recover any sum under

৩৯ ধারা। পূর্ব্বোক্ত বিধানমতে রিপোর্ট প্রকাশ হইয়া গেলে যে ভূমির অধিকারির উপরে টাকা ধার্য্য হয় সেই ভূমির অধিকারী সেই টাকা দিলে কিম্বা দিবার করার করিলে পর, ঐ ভূম্যধিকারির স্থানে যে ব্যক্তি অব্যবহিতরূপে সেই ভূমির অধীন অধিকার গ্রহণ করেন ভূম্যধিকারী তাঁহার স্থানে উক্ত টাকার কোন অংশ দিবার তারিখ অবধি বৎসরে শতকরা পাঁচ টাকা হিসাবে সুদ সমেত ঐ টাকা কি তাহার কোন অংশ পশ্চাল্লিখিত হারে আদায় করিয়া লইতে পারিবেন।

অধীন প্রজাদের স্থানে ভূম্যধিকারিদের অংশমতে টাকা আদায় করিবার কথা।

ভূম্যধিকারির প্রত্যেক শ্রেণীর ভূমির যে অংশ কোন ব্যক্তির অধিকারে থাকে, প্রত্যেক শ্রেণীর সমুদয় ভূমির উপর ভূম্যধিকারির দেয় বলিয়া যত টাকা ধরা যায়, সেই টাকার সেই অংশ ঐ ভূম্যধিকারী উক্ত ব্যক্তির নিকটে আদায় করিয়া লইতে পারিবেন।

কিন্তু ভূম্যধিকারী এই ধারামতে যে ব্যক্তির স্থানে টাকা আদায় করিতে পারেন সেই ব্যক্তির স্থানে মোট

his section shall be liable to pay in any one year more than one-tenth part of the total sum so recoverable from him, and that no person shall be liable to pay in one year more than the increased value of the lands in respect of which the payment is made.

Recovery by under-tenant

40 Any person who has made any payment under the provisions of section 39 may recover the sum or part of the sum which has been so paid by him from any other person holding directly from him lands in respect of which the payment has been made in the proportion and subject to the rules laid down in the second clause of section 39 and to the proviso in the said section

Mode and time of payment

41. The sum payable to a proprietor or superior tenant in any one year under sections 39 or 40, shall be payable by equal instalments upon the days appointed for the payment to such proprietor or superior tenant of the rent of the lands concerned, and shall be recoverable as if the same were an arrear of rent

Proviso

42 No person from whom any sum has been recovered under section 39 or 40 shall be subject to any claim for enhanced rent on account of the benefit caused by the works to his lands

---

PART VII

Miscellaneous.

Drainage works to be subject to the laws relating to embankment

43 All outlets and water channels, natural or artificial, which shall be altered, enlarged, excavated, or cut under the provisions of this Act, and the construction and maintenance of embankments and of dams and works therein or connected therewith shall, save as hereinafter provided, be subject to the law for the time being in force regulating the construction and maintenance of public embankments and public rivers, channels, and outlets

Property of Commissioners

44 All lands which are taken under the provisions of this Act for the purpose of the construction of works therein or thereon, and all works constructed under the provisions of this Act, as well as all outlets, water channels, embankments, and dams so constructed, altered, enlarged, excavated, or cut, shall be vested in the Collector of the district for the time being in trust for the proprietors of the land reclaimed or improved who have

যত টাকা আদেয় হয়, কোন এক বৎসরে তাঁহার দশমাংশের অধিক আদায় করিতে পারিবেন না, এবং যে ভূমির উপলক্ষে টাকা দেওয়া যায় কোন ব্যক্তি এক বৎসরে সেই ভূমির বর্দ্ধিত মূল্যের অধিক টাকা দিবার দায়ী হইবেন না।

অধীন প্রজা টাকার যে অংশ আদায় করিতে পারিবেন তাহার কথা।

৪০ ধারা। কোন ব্যক্তি ৩৯ ধারার বিধানমতে কোন টাকা দিলে পর, অন্য কোন ব্যক্তি তাঁহার স্থানে অব্যবহিতরূপে সেই ভূমির অধীন সম্পর্ক গ্রহণ করিলে, তিনি তাঁহার স্থানে ঐ টাকা কি তাহার অংশ ৩৯ ধারার দ্বিতীয় পদের ও ঐ ধারার উপবিধির নির্দ্দিষ্ট বিধানানুসারে হারহারিমতে আদায় করিতে পারিবেন।

যে প্রকারে ও যে সময়ে টাকা দিতে হইবে, তাহার কথা।

৪১ ধারা। ৩৯ কি ৪০ ধারামতে কোন এক বৎসরে ভূম্যধিকারিকে কি উপরিস্থ প্রজাকে যে টাকা দিতে হয় উক্ত ভূম্যধিকারিকে কি উপরিস্থ প্রজাকে ঐ ভূমির খাজানা দিবার যেং তারিখ ধার্য্য থাকে, সেইং তারিখে সমান কিস্তিক্রমে সেই টাকা দিতে হইবে, এবং তাহা বাকী খাজানার ন্যায় আদায় করিতে পারা যাইবে।

উপবিধি।

৪২ ধারা। যে কোন ব্যক্তির নিকট হইতে ৩৯ কি ৪০ ধারামতে টাকা আদায় করা গিয়াছে, উক্ত কার্য্য দ্বারা তাঁহার ভূমির যে উপকার সাধিত হয় তজ্জন্য তাহার উপর বর্দ্ধিত খাজানার দাওয়া করা যাইবে না।

সপ্তম খণ্ড।

বিবিধ বিধি।

পয়োনালাঘটিত কার্য্য বাঁধ সম্পর্কীয় আইনের অধীন হইবার কথা।

৪৩ ধারা। রাজকীয় বাঁধ এবং রাজকীয় নদী ও জলপথ ও পয়োনালা প্রস্তুত ও রক্ষা করণার্থ যে আইন যৎকালে প্রবল থাকে, পশ্চাৎলিখিত স্থলভিন্ন স্বাভাবিক বা কৃত্রিম যত পয়োনালা ও জলপথ এই আইনের বিধানমতে পরিবর্ত্তন কি পরিবর্দ্ধন কি খনন কি কর্ত্তন করা যায় এবং তৎসংক্রান্ত যে বাঁধ ও ভেড়ি ও কার্য্য করা যায় ও রক্ষা করা যায় তাহাও সেই আইনের অধীন হইবে।

কমিশ্যনরদের সম্পত্তির কথা।

৪৪ ধারা। যে সমুদয় ভূমি তাহাতে কি তদুপরি কার্য্য সম্পাদনার্থে এই আইনের বিধানমতে গৃহীত হয়, ও এই আইনের বিধানমতে যে সমুদয় কার্য্য সম্পাদিত হয় এবং যে সমুদয় পয়োনালা ও জল পথ ও বাঁধ ও ভেড়ি তদ্রূপে সম্পাদন কি পরিবর্ত্তন কি পরিবর্দ্ধন কি খনন কি কর্ত্তন করা যায়, তৎসমুদয় যিনি যৎকালে জিলার কালেকটর হন, কৃষিযোগ্যকৃত কি উৎকর্ষিত ভূমির যে অধিকারিদের উপর খরচের কোন অংশ ধরা গিয়াছে, তাঁহাদের পক্ষে ন্যস্তস্বরূপ

been charged with the payment of any part of the cost, and to assist the Collector in the management of the same, the Lieutenant-Governor may appoint or authorize the election, by the said proprietors of a committee consisting of not less than four or more than six persons, being themselves proprietors of the lands reclaimed or improved

Cost of maintenance of works

45 The expense of keeping in efficient order and repair any improvements or works effected under this Act shall be charged to the profits from the property vested in the Collector under section 44, and if such profits shall not suffice, the balance shall be paid by the proprietors of the lands which have been benefited by such works to the Collector in the proportions of their original contributions, and all sums payable to the Collector under the provisions of this section shall be recoverable from the persons liable thereto in the manner provided in section 36, and every proprietor or other person who has paid any such sum may recover the same or any part of the same, in the proportion and subject to the rules laid down in section 39 or 40, as the case may be

Powers for taking evidence

46 The Commissioners and the Commissioner of the Division shall have the powers conferred on courts by the Code of Civil Procedure for compelling the attendance of witnesses and the production of evidence in any enquiry or appeal which they or he may be empowered to make or entertain under the provisions of this Act

Rent free lands may be deemed subordinate tenures

47 Any land held free of rent or revenue, being less than one hundred standard bighas in extent, and not being a property entered on the Collector's general register of revenue free lands may, for the purposes of this Act, be deemed to form a subordinate tenure held immediately from some proprietor, and the Commissioners shall determine who shall be deemed to be the proprietor in respect of such subordinate tenure Provided that any holder of such land who may deposit the cost of survey of his land at a rate to be approved by the Commissioners calculated on the area claimed by him, shall be entitled to be deemed a proprietor in respect of such lands within the meaning of this Act.

Service of notices

48 All notices under this Act required to be served may be served by delivering the same to the person to be served, or by posting the same upon the door of his dwelling-house, and in case such

তাঁহার প্রতি বর্ত্তিবে; এবং তাহার কার্য্যাধ্যক্ষতা কার্য্যে কালেক্টর সাহেবের সাহায্য নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব চারি জনের অন্যূন ও ছয় জনের অনধিক ব্যক্তির কমিটী নিয়োগ করিতে কিম্বা উক্ত ভূম্যধিকারিদের দ্বারা মোনোনীত হইবার ক্ষমতা দিতে পারিবেন, ঐ ব্যক্তিরাও উক্ত কৃষিযোগ্যকৃত কি উৎকর্ষিত ভূমির অধিকারী হইবেন।

কার্য্যরক্ষা করিবার খরচের কথা।

৪৫ ধারা। এই আইনমতে যে উৎকর্ষ সাধন কি কার্য্য করা যায় তাহা কর্ম্মোপযোগরূপে ও সংস্কারভাবে রাখিবার যত টাকা লাগে তাহা ৪৪ ধারামতে কালেক্টর সাহেবের প্রতি অর্পিত সম্পত্তির লভ্য হইতে লওয়া যাইবে এবং ঐ লভ্য হইতে সঙ্কুলান হইতে না পারিলে, ঐ কার্য্যদ্বারা যে ভূম্যধিকারিদের ভূমির উপকার হয় তাঁহারাই আপনাদের প্রথম দত্ত টাকার পরিমাণের হিসাবমতে কালেক্টর সাহেবকে বাকী টাকা দিবেন। এই ধারার বিধানমতে কালেক্টর সাহেবের নিকট যত টাকা দেনা হয়, তদ্দায়ি ব্যক্তিদের স্থানে তাহা ৩৬ ধারার বিধানমতে আদায় করা যাইতে পারিবে এবং যে প্রত্যেক ভূম্যধিকারী কি অন্য ব্যক্তি তদ্রূপ কোন টাকা দেন তিনি তাহা কি তাহার কোন অংশ ৩৯ কি, স্থল বিশেষে, ৪০ ধারার নির্দ্দিষ্ট বিধানের অধীনে হারাহারিমতে আদায় করিয়া লইতে পারিবেন।

সাক্ষ্য লইবার ক্ষমতার কথা।

৪৬ ধারা। কমিশ্যনরেরা এবং খণ্ডের কমিশ্যনর সাহেব এই আইনের বিধানমতে যে অনুসন্ধান লইবার কিম্বা যে আপীল গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন হন, তৎ সম্পর্কে তাঁহারা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনে আদালতের প্রতি প্রদত্ত ক্ষমতাক্রমে সাক্ষিদিককে ও প্রমাণ উপস্থিত করাইতে পারিবেন।

নিষ্কর ভূমি অধীন যোতবলিয়া জ্ঞান হইতে পারিবার কথা।

৪৭ ধারা। খাজানা কি রাজস্ব বিনা ভোগকৃত কোন ভূমি পরিমাণে নির্দ্দিষ্ট একশত বিঘার কম হইলে ও কালেক্টর সাহেবের লাখেরাজ ভূমির সাধারণ রেজিষ্টরী বহীতে লেখা না থাকিলে এই আইনের কার্য্যপক্ষে কোন ভূম্যধিকারির স্থানে অব্যবহিতরূপে প্রাপ্ত অধীন যোত বলিয়া জ্ঞান হইবে, এবং উক্ত অধীন যোত সম্পর্কে কাহাকে ভূম্যধিকারী বলিয়া জ্ঞান করা যাইবে, ইহা কমিশ্যনরেরা স্থির করিবেন। কিন্তু উক্ত ভূমি ভোগকারী কোন ব্যক্তি যত ভূমির দাওয়া করেন তদনুসারে কমিশ্যনরেরা যে হারের অনুমোদন করেন সেই হারে আপন ভূমি মাপ হইবার খরচ দাখিল করিলে উক্ত ভূমি সম্বন্ধে এই আইনের অভিপ্রায়ানুযায়ি ভূম্যধিকারী বলিয়া গণ্য হইবার স্বত্ববান হইবেন।

নোটিস জারী করিবার কথা।

৪৮ ধারা। এই আইনমতে যে সকল নোটিস জারী করিবার আদেশ হইল ঐ নোটিস যাঁহার নামে হয় তাঁহাকেই দিয়া কিম্বা তাঁহার বাসগৃহের দ্বারে তাহা লাগাইয়া জারী করা যাইতে

person cannot be found and his dwelling-house be not known, then by posting the same on some conspicuous part of the land to which such notice relates, and at the Munsif's Court within whose jurisdiction, and the police thana within the limits of which, such land is situate

Proceedings not to be invalidated by formal errors.

49 No proceeding under this Act shall be defeated or invalidated by reason of any defect in the number or property of assenting proprietors, nor by any defect or omission in the publication or service of any notification, notice, or order, unless material injury is done to any person by such defect or omission, and every order and report of the Commissioners and of the Collector shall be conclusive evidence that all notifications and notices hereby required as preliminary thereto had been duly published and served, and that all other preliminaries thereunto had been duly performed, and, save as is hereinbefore provided, shall be final and conclusive

Control of Commissioner and Board

50 All the proceedings of the Commissioners and of the Collector under the Act shall be subject to the general control and supervision of the Commissioner of the Division and of the Board of Revenue

---

SCHEDULE A—(*referred to in section* 11)

BENGAL DRAINAGE ACT, 1879

To all whom it may concern

Take notice that it is proposed to drain and improve certain lands in the village of , pergunnah Plans and provisional estimates of the works proposed are now lodged in , and may be inspected by any person interested from to o'clock on every day and day till the day of next

All zemindars or owners of estates who are liable to pay revenue direct to Government,

all owners of properties which are borne on the Collector's general register of revenue-free lands,

all persons having permanent tenures or interests subject to payment of revenue or rent fixed in perpetuity, in not less than one hundred standard bighas of land to be affected by this drainage and improvement,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৪ অক্টোবর।]

পারিবে। তাঁহার সন্ধান পাওয়া না গেলে ও তাঁহার বাসগৃহ জানা না থাকিলে, ঐ নোটিস যে ভূমিসম্পর্কীয় তন্ন তাহার কোন প্রকাশ স্থানে, এবং ঐ ভূমি যে মুনসেফের বিচারাধিপত্যের ও যে পোলীস থানার সীমার মধ্যে থাকে সেই মুনসেফের কাছারীঘরে ও সেই থানায় তাহা লটকাইয়া জারী করা যাইবে।

রীতিগত অমনোযোগ হেতুক আনুষ্ঠানিককার্য্য অসিদ্ধ না হইবার কথা।

৪৯ ধারা। যে ভূম্যধিকারিরা সম্মত হন তাঁহাদের সংখ্যা লিখিতে কিম্বা তাঁহাদের সম্পত্তি বিষয়ে কোন ভ্রম হইলেও অথবা কোন জ্ঞাপনপত্র কি নোটিস কিম্বা আজ্ঞা প্রকাশ করিতে কি জারী করিতে কোন ত্রুটি কি চুক হইলেও, যদি সেই ত্রুটি কি চুক প্রযুক্ত কোন ব্যক্তির গুরুতর ক্ষতি না হইয়া থাকে, তবে তৎ প্রযুক্ত এই আইনমতে আনুষ্ঠানিক কোন কার্য্য অসিদ্ধ বা অকর্ম্মণ্য হইবে না। এবং এই আইনমতে কমিশ্যনরদের ও কালেক্টর সাহেবের আজ্ঞাপত্র ও রিপোর্ট প্রচার করিবার পূর্ব্বে কোন জ্ঞাপনপত্র ও নোটিস প্রচার ও জারী করা আবশ্যক হইলে সেই আজ্ঞাপত্র ও রিপোর্ট প্রচার করাই ঐ জ্ঞাপনপত্র ও নোটিস প্রকাশ ও জারী হইবার ও পূর্ব্বকালীন সমস্ত কর্ম্ম নিষ্পাদন হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে এবং পূর্ব্বোক্ত স্থলভিন্ন অন্য স্থলে ঐ আজ্ঞাপত্র ও রিপোর্ট চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবে।

কমিশ্যনর সাহেবের ও বোর্ডের কর্তৃত্বের কথা।

৫০ ধারা। কমিশ্যনরদের ও কালেক্টর সাহেবের এই আইনমত সমুদয় আনুষ্ঠানিক কার্য্য দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের ও রেবিনিউ বোর্ডের সাধারণ কর্তৃত্ব ও তত্ত্বাধীন থাকিবে।

A চিহ্নিত তফসীল।—(১১ ধারায় উল্লিখিত হইয়াছে।)

বঙ্গ দেশের পয়োনালী বিষয়ক ১৮৭৯ সালের আইন।

যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের সমীপেষু।

জানিবেন যে অমুক পরগনার অন্তর্গত অমুক গ্রামের কিয়ৎপরিমাণ ভূমির জলনিঃসরণ ও উৎকর্ষ সাধন করিবার প্রস্তাব হইয়াছে। যে কার্য্য করিবার প্রস্তাব হইল তাহার নক্সা ও ব্যয়ের অনুমানপত্র অমুক স্থানে আছে। সেই বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারা অমুক দিনাবধি আগামি অমুক মাসের অমুক দিন পর্য্যন্ত বেলা অমুক ঘণ্টাবধি অমুক ঘণ্টাপর্য্যন্ত কোন সময়ে দেখিতে পারিবেন।

যে সকল জমীদার কি মহালের স্বামী সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণমেণ্টে রাজস্ব দিতে দায়ী, ও

কালেক্টর সাহেবের লাখেরাজ ভূমির সাধারণ রেজিষ্টরী বহীতে যে সম্পত্তি ভুক্ত আছে তৎসমুদয়ের যাঁহারা স্বামী হন, ও

এই জলনিঃসরণ ও উৎকর্ষসাধন দ্বারা উপকৃত হইতে পারে এরূপ কমিমতে অনূ্ন একশত বিঘা পরিমিত ভূমিতে চিরকালের নিমিত্ত অবধারিত রাজস্ব কি খাজানা দিবার নিয়মাধীনে যে সকল ব্যক্তির স্থায়ী ভূসম্পর্ক কি স্বার্থ আছে, ও

কমিমতে অনূ্ন একশত বিঘা পরিমিত তদ্রূপ ভূমিতে রাজস্ব কি খাজানা বিনা যে সকল ব্যক্তির স্থায়ী ভূসম্পর্ক কি স্বার্থ আছে,

and all persons having permanent tenures or interests free of revenue or of rent, in not less than one hundred standard bighas of such land, are hereby called upon to inspect the said plans and estimates

Those who wish the works to be carried out and are willing to bear their proportion of the cost thereof, are requested to send to the Drainage Commissioners their assent in writing signifying therein, so far as possible, the nature and extent of their interest in such land on or before the day of 18 , and any person having any objection to the execution of the said works may send in objections thereunto on or before the said day

All persons who are hereby called upon to give their assent or express their objections in writing are warned that under the law the Commissioners are not bound to recognize any such assent or objection unless the person making the same specifies the extent and portion of the land which he holds, and the tenure or interest which he has in the same.

Collector, for the Drainage Commissioners.

SCHEDULE B—(*referred to in section* 34)

BENGAL DRAINAGE ACT, 1879.

To

Take notice that the Drainage Commissioners having apportioned against you the sum of as your contribution in respect of the lands of , you are hereby required, within one month from the date of the service of this notice, to pay to me the said sum of Rs. together with interest at the rate of five per cent. per annum from the day of or to enter into an engagement for the payment of the same by instalments extending over a period for not more than 10 years

Collector

By order of the Select Committee,

W E H FORSYTH,

offg Asst Secy to the Govt of Bengal

তাহাদিগকে এতদ্দ্বারা আদেশ করা যাইতেছে যে তাঁহারা উক্ত নক্‌শা ও অনুমানপত্র পরীক্ষা করিয়া দেখেন।

উক্ত কার্য্য সম্পাদনবিষয়ে যাঁহাদের ইচ্ছা আছে, ও খরচের যে অংশ তাঁহাদের প্রতি অর্পিবে সেই অংশ দিতে যাঁহারা সম্মত আছেন তাঁহাদের প্রতি এই আদেশ হইতেছে যে, তাঁহারা ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে কি তৎপূর্ব্বে পয়োনালার কমিশ্যনরদের নিকট লিখিয়া সম্মতি জানাইবেন এবং সেই ভূমিতে তাঁহাদের কত দূর ও কীদৃক সম্পর্ক আছে সেই পত্রে এই কথা সাধ্যমতে জানাইবেন। উক্ত কর্ম্ম সম্পাদন বিষয়ে কোন ব্যক্তির আপত্তি থাকিলে তিনি সেই তারিখে বা তৎপূর্ব্বে আপনার আপত্তি জ্ঞাত করিবেন।

যে সকল ব্যক্তিকে এতদ্দ্বারা লিখিয়া সম্মতি দিবার কি আপত্তি জানাইবার আদেশ করা গেল, তাঁহাদিগকে সাবধান করিয়া দেওয়া যাইতেছে যে সম্মতিদাতা কি আপত্তিকারি ব্যক্তি আপন ভোগকৃত ভূমির পরিমাণ ও অংশ ও তাহাতে তাঁহার যে সম্পর্ক কি স্বার্থ আছে তাহা নির্দ্দেশ না করিলে, কমিশ্যনরেরা আইনমতে তদ্রূপ সম্মতি কি আপত্তি গ্রাহ্য করিতে বদ্ধ হইবেন না

পয়োনালার কমিশ্যনরদের পক্ষে, কালেক্টর সাহেব।

B তফসীল।—

(৩৪ ধারায় উল্লিখিত হইয়াছে)

বঙ্গদেশের পয়োনালা বিষয়ক ১৮৭৯ সালের আইন।

শ্রীঅমুক সমীপেষু।

অমুক স্থানের ভূমির নিমিত্তে যে খরচ লাগিয়াছে তাহার মধ্যে পয়োনালার কমিশ্যনরেরা তোমার অংশ এত টাকা ধার্য্য করিয়াছেন ইহা জানিবে। অতএব এই নোটিস পাইবার তারিখ অবধি এক মাসের মধ্যে তুমি আমাকে অমুকমাসের অমুক তারিখ অবধি বৎসর শতকরা ৫৲ টাকার হিসাবে সুদসুদ্ধ উক্ত টাকা দিবে অথবা দশ বৎসরের অনধিক কাল ব্যাপিয়া কিস্তিক্রমে সেই টাকা দিবার করার করিবে, তোমার প্রতি এই আদেশ হইল।

কালেক্টর।

সিলেক্ট কমিটীর আজ্ঞাক্রমে

ডবলিউ, ই, এচ, ফরসাইথ,

বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L.,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 7, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৭ জানুয়ারি।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L P,

DECEMBER 1878.

HON'BLE C T BUCKLAND,
AND
H L DAMPIER, ESQ

No 1

Commissioners and District Officers are requested, in future, whenever they wish any letter to be treated by either section of the Board as an urgent communication, to forward the letter ready docketed according to the following directions, making use of the printed forms for dockets, which can be obtained on indent from the office of the Superintendent of Stationery

2 Different forms of docket are in use in the two sections* of the Board to meet the different system of record In regard to section B the following particulars should be entered on the docket cover—

1 Designation of officer
2 Number of letter
3 Date of letter
4 Subject of letter

3 The docket form is printed on paper of two kinds, viz blue foolscap and white foolscap The form on blue paper should be used for long letters, which cannot conveniently be written on one side of a half sheet of foolscap paper These letters should be written on a separate sheet or sheets of foolscap paper, and should be attached to the docket cover by a piece of thread at the corner

4 The form on white foolscap paper should be used for short letters which are not likely to occupy more space than one side of a half sheet of foolscap, such letters should be written on the inner side of the form

5 In regard to section A the docket cover explains itself The local officer will not be able to fill in the collection and file numbers, they will of course be left blank, as well as the proceeding number

6 The division of work between two sections is the following—

IN SECTION A

1 Budget and accounts
2 Butwarah
3 Government estates
4 Establishments
5 Miscellaneous *
6 Land acquisition
7 Embankment and irrigation
8 Railways including acquisition
9 Land registration
10 Rent suit and processes
11 Cess
12 Settlement and surveys
13 Wards' and attached estates
14 Waste lands

IN SECTION B

1 Customs
2 Excise
3 License tax
4 Marine
5 Miscellaneous

* This head includes civil suits indents records, security, tours land improvement abstract of proceedings, and the like

[Government Gazette, 7th January 1879]

বঙ্গপ্রভৃতি দেশস্থ রেবিনিউ বোর্ডের সরকুলার অর্ডর।

১৮৭৮ সাল, ডিসেম্বর।

মান্যবর শ্রীযুত সি, টি, বক্লাণ্ড সাহেব,
ও
শ্রীযুত এচ, এল, ডাম্পিয়ের সাহেব।

---

১ নম্বর।

কমিশ্যনরেরা ও জিলাস্থিত কর্ত্তৃপক্ষেরা বোর্ডের দুই কার্য্যখণ্ডের মধ্যে যে খণ্ডে হউক পত্র প্রেরণ করিয়া তৎপ্রতি অগৌণে মনোযোগ আকর্ষিত হয় ইচ্ছা করিলে, নিম্নলিখিত উপদেশমতে পত্রের উপরিভাগে সারলিপি করিয়া পাঠাইবেন। এতদর্থে সারলিপির ছাপা পাটের ব্যবহার করিবেন। সেই পাট ষ্টেশনরি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট চাহিলে পাওয়া যাইবে।

২। বোর্ডের উক্ত দুই কার্য্যখণ্ডে কাগজপত্র নথী করিয়া রাখিবার ভিন্ন২ নিয়ম প্রচলিত থাকাতে সারলিপির ভিন্ন২ পাটের ব্যবহার করা যায়। B চিহ্নিত খণ্ডপক্ষে সারলিপি করা গেলে আবরকে এই কথা লিখিতে হইবে, যথা—

১। কার্য্যকারকের পদোপলক্ষক খ্যাতি।
২। পত্রের সংখ্যা।
৩। পত্রের তারিখ।
৪। পত্রের মর্ম্ম।

৩। সারলিপির পাট নীলবর্ণ ও শাদা ফুলস্ক্যাপ এই দুই প্রকার কাগজে ছাপা হইয়া থাকে। দীর্ঘতা প্রযুক্ত পত্র আধতা ফুলস্ক্যাপ কাগজের একটি পৃষ্ঠায় সুবিধা মতে লেখা যাইতে না পারিলে নীলবর্ণ কাগজের পাট ব্যবহার করা উচিত। উক্তরূপ সকল পত্র ফুলস্ক্যাপ কাগজের একতা পৃথক কাগজে লিখিয়া তাহার কোণে সুতা দিয়া সারলিপির আবরক গাঁথা যাইবে।

৪। সংক্ষেপ যে২ পত্র ফুলস্ক্যাপ কাগজের আধতার একই পৃষ্ঠে লিখিলে লেখা যাইতে পারে তন্নিমিত্ত শাদা ফুলস্ক্যাপ ব্যবহার করা উচিত। উক্ত পত্র পাটের অন্তরভাগে লেখা যাইবে।

৫। A চিহ্নিত কার্য্যখণ্ডের পক্ষে সারলিপির যে আবরক ব্যবহার করা যাইবে, দেখিলেই তাহার উদ্দেশ্য বুঝা যাইবে। স্থানীয় কার্য্যকারক আদালতের ও নথীর নম্বর দিতে পারিবেন না, সেই নম্বরের এবং আনুষ্ঠানিক নম্বরের স্থান শূন্য থাকিবে।

৬। উল্লিখিত দুই কার্য্যখণ্ডের মধ্যে কার্য্যের যে বিভাগ হইয়াছে তাহা এই—

A চিহ্নিত খণ্ডে।

১। আবকারের অনুমানপত্র ও হিসাব।
২। বাঁটওয়ারা
৩। গবর্ণমেণ্টের ইষ্টেট।
৪। সিরিস্তা।
৫। বিবিধ।*
৬। ভূমিস্বাত্ত।
৭। বাঁধ ও জলসেচন।
৮। রেলওয়ে ও তৎসম্পর্কীয় ভূমিস্বাত্ত।
৯। ভূমি রেজিষ্টরি করণ।
১০। বাকী খাজানার মোকদ্দমা ও পরওয়ানা।
১১। কর (সেস।)
১২। ভূমির বন্দোবস্ত ও জরীপ।
১৩। রাজ্যচ্যুত নিজামের ইষ্টেট ও ক্রোকী ইষ্টেট।
১৪। পতিত ভূমি।

B চিহ্নিত খণ্ডে।

১। কষ্টম।
২। আবকারী।
৩। লাইসেন্স টাক্স।
৪। সামুদ্রিক।
৫। বিবিধ।

---

* এই শীর্ষকের মধ্যে দেওয়ানী মোকদ্দমা ও দ্রব্যাদির প্রার্থনা পত্র এক খণ্ডপত্রের নথী ও প্রতিভূ ও দেশভ্রমণ ও ছুটী ও আনুষ্ঠানিক কার্য্যের সূচক ইত্যাদি গণ্য।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৭ জানুয়ারি।]

6 Opium.
7 Salt
8 Stamps
9 Stationery
10 Tolls and Canals

7 All explanations on returns should also in future be similarly docketed before being sent to the Board

HON'BLE C T BUCKLAND

No 2.

CIRCULAR ORDER No 7 of October 1878, on the subject of the stamp duty chargeable on powers-of-attorney executed by, or in favour of, more than one person, is hereby cancelled

[*Government Gazette, 7th January* 1879.

৬। আফীম।
৭। লবণ।
৮। ইষ্টাম্প।
৯। কাগজ কলমাদি।
১০। শুল্কর ও খাল।

৭। বর্ত্তমান কালাবধি রিটর্ণের সঙ্গে যে প্রতিপাদকপত্র থাকে বোর্ডের নিকট পাঠাইবার পূর্ব্বে তাহাতে উপরোক্ত মত সারলিপি দেওয়া যাইবে।

মান্যবর শ্রীযুত সি, টি, বক্ল্যাণ্ড সাহেব।

---

২ নম্বর।

এক কি অধিক ব্যক্তি দ্বারা অথবা তদনুকূলে সম্পাদিত মোক্তারনামার ইষ্টাম্প মাশুল বিষয়ক ১৮৭৮ সালের অক্টোবর মাসের ৭নং সরকুলার অর্ডর এতদ্দ্বারা রহিত করা গেল।

ROBERT ROBINSON, *Offg. Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 14, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৪ জানুয়ারি।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No 38, *dated the* 16*th December* 1878

৪। এজন্য বিধির ১ ধারায় বিধান করা গিয়াছে যে স্থলে দুই শতের অধিক রায়ত বন্দোবস্তের মধ্যে পড়িবে, এবং যে স্থলে গুরুতর কি বিশেষ বিবেচনার বিষয় বা সন্দেহ স্থল থাকে, প্রস্তাবিত হারানুসারে আর কোন কার্য্য হইবার পূর্ব্বে তাহা কমিশ্যনর সাহেবের অনুমোদন জন্য পাঠাইতে হইবে। ১ ও ৪ ধারার পার্শ্বলিখিত মন্তব্য কথায় কার্য্যপ্রণালী ও তাহার উদ্দেশের ব্যাখ্যা আছে। এই সকল হইতে দৃষ্ট হইবে যে দুই বার কমিশ্যনর সাহেবকে স্বতন্ত্ররূপে জিজ্ঞাসাবাদ আবশ্যক, প্রথমবার অনর্থক শ্রম ব্যয় শঙ্কা নিবারণার্থ প্রস্তাবিত হারানুসারে প্রত্যেক রায়তের খাজানা হিসাব করিয়া জমাবন্দীতে লিপিবদ্ধ করিবার পূর্ব্বে উক্ত হার সম্বন্ধে তাঁহার সাধারণ অনুমোদন লইতে, দ্বিতীয় বার, যে কবকারীতে প্রত্যেক রায়তের নিকটে প্রাপ্য খাজানা লিপিবদ্ধ হয় আইন নির্দ্দিষ্ট প্রকারে সেই কবকারির দৃঢ়ীকরণ লইতে।

৫। কিন্তু অনুমোদিত সাধারণ হারানুসারে স্থিরীকৃত প্রত্যেক রায়তের খাজানার দ্বিতীয় বা নিয়মিত দৃঢ়ীকরণ কোন রূপ সাধারণ প্রশ্নঘটিত হইবে না, এবং যে স্থলে কোন রায়ত দেখাইতে পারে যে তাহার প্রতি অন্যায় করা হইয়াছে (যেমন তাহার ক্ষেত্রের জমী অন্যায়মতে শ্রেণীবদ্ধ করা হইয়াছে), সেই স্থল ভিন্ন এরূপ দৃঢ়ীকরণ অবাধে হইবে। এজন্য বিধির ২ ধারায় বিধান করা গিয়াছে যে প্রস্তাবিত হার অনুমোদন কি পরিবর্ত্তন করিবার পূর্ব্বে কমিশ্যনর সাহেব গুরুতর বিষয়ে বোর্ডকে জিজ্ঞাসাবাদ করিবেন। এরূপস্থলে বিধির ৫ ও ৯ ধারাক্রমে বোর্ডকে দ্বিতীয়বার জিজ্ঞাসাবাদ করা আবশ্যক নহে, পরন্তু যে কবকারিতে প্রত্যেক রায়তের নিকটে প্রাপ্য খাজানা লিপিবদ্ধ হয়, আইনের ৩ ধারাক্রমে, তাহার আইনমত নিয়মিত দৃঢ়ীকরণ করিবার ক্ষমতাবিশিষ্ট কর্তৃপক্ষ প্রত্যেক স্থলেই কমিশ্যনর সাহেবকে করা হইয়াছে। বোর্ডে দ্বিতীয়বার জিজ্ঞাসাবাদে অনাবশ্যক কষ্ট ও বিলম্ব হইবে।

১০ ধারা। সম্বন্ধে ইহা সম্ভব যে কোন রায়তের নিকটে প্রাপ্য খাজানার হার সম্বন্ধীয় কবকারির নিয়মিত দৃঢ়ীকরণ হইবার পূর্ব্বে রায়ত জবানবন্দী স্বাক্ষর করিলে, তাহাতে আইনের কথাক্রমে ৩ ও ৪ ধারাবলে রায়ত আইনমতে আবদ্ধ নহে। কিন্তু ইহা একদিগে ধরা যাইতে পারে যে, রায়ত যদি একবার স্বীকার করিয়া থাকে, তবে যে খাজানা তাহার নিকটে প্রাপ্য বলিয়া লিপিবদ্ধ করা হইয়াছে তৎসম্বন্ধে তাহার অসন্তোষের কারণ নাই এরূপ তাহার হৃদয়ঙ্গম হইয়াছে, আর এ দিগে ইহাও অসম্ভব নহে যে অনেক রায়ত একবার স্বাক্ষর করিলে পর আবার যদি তাহাদিগকে দ্বিতীয়বার স্বাক্ষর করিতে বলা যায় তাহারা ভাবিতে পারে যে প্রশ্ন পুনরুত্থাপিত হইল এবং এই ভাবিয়া স্বাক্ষর করিতে অস্বীকার করিতে পারে। এই ধারার নির্দ্দিষ্ট প্রণালী অবলম্বিত হইলে, আইনের ৪ ধারাক্রমে প্রচারার্থ রুবকারির জবানবন্দী লিখিবার অনেক শ্রম কমিয়া যাইবে, এবং যে সকল রায়ত একবার স্বাক্ষর করিয়াছে তজ্জন্য দ্বিতীয়বার বন্দোবস্তী কার্য্যকারকের সম্মুখে উপস্থিত হইবার কষ্ট হইতে সেই রায়তেরা পরিত্রাণ পাইবে।

বিধির প্রথম খণ্ডের অন্য ধারা সম্বন্ধে বলিবার কোন কথা নাই।

৬। দ্বিতীয় খণ্ডে খাজানা ধার্য্যকরণ ভিন্ন অন্য কার্য্যানুষ্ঠানের বিধি আছে।

ভিন্ন ২ কর্তৃপক্ষের অনুমতি দিবার ক্ষমতার বর্ত্তমান বিভাগ সম্বন্ধে বিধির ১৬ ও ১৮ ধারার অনেক পরিবর্ত্তন করা হইয়াছে।

বোর্ডের বিধিপুস্তকের পুরাতন সংস্করণের ২৩৩ পৃষ্ঠায় ৮ অধ্যায়ের ৯ পরিচ্ছেদের ১ ধারায় * যে রূপ বর্ণিত আছে, বর্ত্তমান প্রথা এরূপ।

* ১৮৭৪ সালের ৮ নবেম্বর তারিখের সর্কুলার অর্ডার দ্বারা যদ্রূপে সংশোধিত হইয়াছে।

৭। যৎকালে এই বিধি প্রণীত হয়, এক একর ভূমির অত্যল্পকালের জন্য বন্দোবস্তের দৃঢ়ীকরণ ক্ষমতাও কালেক্টর সাহেবের হাতে রাখা গবর্ণমেণ্টের অভিপ্রায় ছিল না, এবং কমিশ্যনর সাহেবদের অনুমতি দিবার ক্ষমতার সীমাও অতি দৃঢ়রূপে আবদ্ধ রাখিবার অভিপ্রায় ছিল।

এখন ১৬ ধারায় কালেক্টর সাহেবকে যে অতি সীমাবদ্ধ ক্ষমতা দেওয়া গিয়াছে, তাহাতেও কমিশ্যনর সাহেবকে জিজ্ঞাসাবাদের, অধিকাংশস্থলে নাম মাত্র জিজ্ঞাসাবাদের, সংখ্যা অনেক কমিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

8 Rule 18 extends the sanctioning power of Commissioners, and rearranges them. The rule corrects the obvious anomaly which now exists, that although a Commissioner is competent to sanction a given settlement up to the date fixed for the district, say for 30 years, yet, if the law does not admit of the settlement being made for so long a time (as in the case of the estate of a recusant proprietor), he must obtain the Board's sanction to the shorter settlement

9 It may be noted that power to sanction at their discretion settlements for periods short of the date fixed for the expiration of settlements in each district was intentionally withheld from Commissioners in the existing rules, in accordance with the policy of Government to settle for long periods The power is still withheld in the present rules.

10 Rules 17 and 19 provide for the submission to the Board of statements showing the leading features of all settlements sanctioned by the Collectors and Commissioners respectively in the course of each quarter, which will enable them to check the proceedings

11 As soon as these rules, the issue of the first part of which is urgently required, shall have received the approval of the Lieutenant Governor, the Board will take in hand the revision of the settlement chapter of their general rules of practice, in which the rules which may now be passed will be embodied

---

No 287—131L R, dated Calcutta, the 3rd February 1879, from C W BOLTON, ESQ, Officiating Under Secretary to the Government of Bengal, Revenue Department, to the Secretary to the Board of Revenue, Land Revenue Department

I AM directed to acknowledge the receipt of your letter No 3A, of the 7th January 1879, and, in reply, to convey the Lieutenant Governor's approval of the rules therewith submitted, for regulating procedure in settlement cases with special reference to section 3 of Act III of 1878

No 8

THE following corrections should be made at page 300 of volume I of the Board's Rules, new edition —

Under the head of yearly returns to be furnished by all district officers and by Commissioners to the Board, against "a report on Wards' estates," after the words "Government circular," substitute "No 54, of 30th December 1878," for "No 8, of 6th March 1873"

The same correction should be made against "Commissioners' Administration Report," under the head of yearly returns to be furnished by Commissioners to the Board

---

No 9

REVENUE officers in charge of land registration work are informed, in accordance with the opinion of the Legal Remembrancer, that the cost of serving notices under section 77 of Act VII (B C) of 1876 must be borne by Government, and cannot be recovered from the parties concerned.

HON'BLE C T BUCKLAND.

No 10.

IT is hereby notified for general information that, under the provisions of Section 12 of the Bengal Excise Act, No VII (B C) of 1878, the fee on every license for the sale of unfermented tari is fixed at a sum not exceeding Rs 5 per annum, with effect from the 1st April next Each district officer should determine what the fee shall be in his district.

No 11

THE returns submitted by the local officers with reference to paragraph 3 of the Board's circular order No 2, of October 1877, show that in many districts the number of persons now licensed as stamp vendors is not sufficiently large to meet the requirements and convenience of the public The Board therefore request all district officers to appoint as many more vendors as they can find willing to undertake the duty of selling stamps to the public, so as to break down the sort of monopoly which has heretofore existed, and also to report, after six months from the date of the receipt of these orders, how many additional men have been appointed

[*Government Gazette*, *22nd April* 1879.]

৮। বিধির ১৮ ধারায় কমিশনর সাহেবের অনুমতি দিবার ক্ষমতা বৃদ্ধি করিয়া তাহার নববিন্যাস করা হইয়াছে। এতদ্দ্বারা বর্ত্তমান পরিদৃশ্যমান বিশৃংখলা সংশোধন হইয়াছে। সে বিশৃংখলাটী এই যে যদিও জিলার জন্য নির্দ্ধারিত মিয়াদ পর্য্যন্ত, মনেকর ৩০ বৎসর পর্য্যন্ত, কোন বন্দোবস্তের কমিশনর সাহেব অনুমতি করিতে সমর্থ, তথাপি এরূপ দীর্ঘকালের জন্য বন্দোবস্ত করিতে আইনে বারণ থাকিলে (যথা, মহালের স্বামী তাহার বন্দোবস্ত করিয়া লইতে সম্মত না হইলে) উহা অপেক্ষ অল্প কালের জন্য বন্দোবস্ত নিমিত্ত তাঁহাকে বোর্ডের অনুমতি লইতে হয়।

৯। দৃষ্ট হইবে যে দীর্ঘকালের জন্য বন্দোবস্ত করিতে গবর্ণমেন্টের অভিপ্রায় থাকায় প্রচলিত বিধি-মতে প্রত্যেক জিলার বন্দোবস্তের মিয়াদগত হইবার নির্দ্ধারিত তারিখের কম মিয়াদে স্বীয় বিবেচনামতে বন্দোবস্তের অনুমতি করিবার ক্ষমতা কমিশনর সাহেবদিগকে ইচ্ছাপূর্ব্বকেই প্রদত্ত হয় নাই। বর্ত্তমান বিধিতেও উক্ত ক্ষমতা দেওয়া গেল না।

১০। প্রতি ত্রৈমাসে কালেক্টর ও কমিশনর সাহেবের যে সকল বন্দোবস্তের অনুমতি করেন তৎসমুদয়ের প্রধান লক্ষণগুলি যাহাতে দৃষ্ট হয় বিধির ১৭ ও ১৯ ধারায় বোর্ডে এরূপ বিবরণপত্র প্রেরণের বিধান করা গিয়াছে। বোর্ড তাহা দেখিয়া তাঁহাদের কার্য্যপ্রণালী সংশোধন করিতে পারিবেন।

১১। এই বিধি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদিত হইলে (ইহার মধ্যে প্রথম খণ্ড প্রচার অত্যাবশ্যক হইয়া উঠিয়াছে) বোর্ড তাঁহাদের সাধারণ কার্য্যপ্রণালী সম্বন্ধীয় বন্দোবস্তের অধ্যায়ের সংশোধন কার্য্য হস্তে লইবেন, ও তন্মধ্যে একণে যে বিধি প্রণয়ন করা যাইবে তাহা গৃহীত হইবে।

ভূমির রাজস্ববিভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরি সাহেবের প্রতি রেবিনিউ ডিপার্টমেন্টে বঙ্গদেশীয় গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরি শ্রীযুত সি, ডবলিউ বোল্টন সাহেবের ১৮৭৯ সালের ৩ ফেব্রুয়ারি তারিখের কলিকাতায় লিখিত ২৮৭-১৩১ L R নং পত্র।

আমি আদিষ্ট হইয়া আপনার ১৮৭৯ সালের ৭ জানুয়ারি তারিখের ৩ A নং পত্র প্রাপ্তি স্বীকার করিতেছি এবং ১৮৭৮ সালের ৩ আইনের ৩ ধারাক্রমে বন্দোবস্তী কার্য্যপ্রণালী নিয়মিত করিবার যে বিধি তৎসহ প্রেরিত হইয়াছিল উত্তরক্রমে সেই বিধি সম্বন্ধে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমোদন জ্ঞাপন করিতেছি।

---

৮ নং।

বোর্ডের বিধি পুস্তকের নূতন সংস্করণের ১ বালামের ৩০০ পৃষ্ঠায় নিম্নলিখিত সংশোধন করিতে হইবে।

সমুদয় জিলার কর্তৃপক্ষ ও কমিশনর সাহেবদের বোর্ডে বার্ষিক রিটর্ণ দিবার শীর্ষকের নীচে, "রাজানুপালিত ইষ্টেটের রিপোর্টের" পার্শ্বে, "গবর্ণমেন্ট সরকুলার" এইং কথার পরে, "১৭৮৩ সালের ৬ মার্চ তারিখের ৮ নং" এইং কথার পরিবর্ত্তে "১৮৭৮ সালের ৩০ ডিসেম্বর তারিখের ৫৪ নং" এইং কথা দিবে। কমিশনর সাহেবদের বোর্ডে বার্ষিক রিটর্ণ দিবার শীর্ষকের নীচে "কমিশনর সাহেবদের শাসনসম্বন্ধীয় রিপোর্টের" পার্শ্বে উক্তরূপ সংশোধন করিতে হইবে।

---

৯ নং।

রাজকীয় মোকদ্দমার প্রয়োজক সাহেবের মতানুসারে ভূমি রেজিষ্টরীকরণ কার্য্যভারপ্রাপ্ত রাজস্ব বিষয়ক কার্য্যকারকদিগকে জানান যাইতেছে যে, ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৭৭ ধারাক্রমে নোটিস জারী করিবার খরচা গবর্ণমেন্টের দিতে হইবে ও তাহা পক্ষদের নিকট হইতে আদায় করা যাইতে পারে না।

মান্যবর শ্রীযুত সি, টি, বক্লাণ্ড সাহেব।

---

১০ নং।

সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা জানান যাইতেছে যে বঙ্গদেশীয় আবকারী বিষয়ক ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১২ ধারার বিধানক্রমে, আগামী ১ আপ্রিল অবধি গাঁজা নহে এরূপ তাড়ী বিক্রয়ের নিমিত্ত লাইসেন্স ফী ৫ টাকার অনধিক হইবে। প্রত্যেক জিলায় কি ফী হইবে, জিলার কর্তৃপক্ষ স্থির করিবেন।

---

১১ নং।

১৮৭৭ সালের অক্টোবর মাসের বোর্ডের ২ নং সরকুলর অর্ডরের ৩ পরিচ্ছেদ অনুসারে স্থানীয় কার্য্যকারকেরা যে রিটর্ণ পাঠাইয়াছেন, তাহাতে দেখা যায় যে অনেক জিলায় লাইসেন্সপ্রাপ্ত ইষ্টাম্প-বিক্রেতার সংখ্যা একণে যেরূপ আছে, তাহা সাধারণের প্রয়োজন ও সুবিধার উপযোগী নহে। এজন্য বোর্ড সমুদয় জিলার কর্তৃপক্ষদিগকে অনুরোধ করিতেছেন যে সাধারণের নিকটে ইষ্টাম্প বিক্রয় করিতে অভিলাষী আর যত লোক পান তাহাদিগকে ইষ্টাম্পবিক্রেতার পদে নিযুক্ত করিয়া একালপর্য্যন্ত যে ইষ্টাম্প বিক্রয় করণের একপ্রকার একচেটিয়া ব্যবসায় রহিয়াছে তাহা উঠাইয়া দেন, এবং অতিরিক্ত যে কয়জন লোক নিযুক্ত হয় তৎসম্বন্ধে এই আদেশ প্রাপ্তির তারিখের ছয় মাসের পরে রিপোর্ট করেন।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A AND B L,
Bengali Translator.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No. 10, dated the 27th March 1879.

COPY of the annexed Rules* framed by the High Court under Section 287, Act X of 1877, is circulated for the information and guidance of the Civil Courts in the Lower Provinces of Bengal and Assam. The object of these Rules is to place the Courts in a position to fill up correctly the form of Annual Statement prescribed by Circular Order No 8, dated 17th February 1879.

* Published at page 198 of the *Calcutta Gazette* of the 5th March 1879, and at page 208 of the *Assam Gazette* of the 22nd March 1879

Rules framed by the High Court of Judicature at Fort William in Bengal under Section 287 Act X of 1877.

Under Section 287, Act X of 1877, the Court are pleased to direct that, when an application is made to any Civil Court for the attachment of any estate, or share of an estate, borne on the revenue roll of any district, the annual amount of revenue for which the whole estate is liable shall be stated, in addition to the particulars required by Section 238 of the Act, to be specified in the authenticated extract from the register of the Collector's Office

2 Where the application is for the attachment of any revenue-free lands, or of any share in such lands, then, in addition to the particulars required by Section 237 of the Act, the area of the whole revenue-free tenure shall be stated in the application, in case this information has been recorded in the Collector's register

RICHARD GARTH.	J SEWELL WHITE
LOUIS S JACKSON.	ROMESH CHUNDER MITTER.
CHARLES PONTIFEX.	W F MCDONELL
W AINSLIE	H T PRINSEP.
E G BIRCH	A WILSON
G. G MORRIS	L P DELVES BROUGHTON

No 11, dated the 27th March 1879

THE following Rule* framed by the High Court under 24 and 25 Victoria, Chapter 104, Section 15, amending the Rules for observance by the Civil and Criminal Courts in the receipt and repayment of money, which were issued with Circular Order No. 2, dated the 5th February 1877, having been sanctioned by His Excellency the Governor-General in Council, is circulated for the information and guidance of all Judicial Officers in the Lower Provinces of Bengal and Assam —

* Published at page 198 of the *Calcutta Gazette* of the 5th March 1879, and at page 208 of the *Assam Gazette* of the 22nd March 1879

Rule framed by the High Court of Judicature at Fort William in Bengal under 24 and 25 Victoria, Chapter 104, Section 15, amending the Rules for observance by the Civil and Criminal Courts in the receipt and repayment of money, issued with Circular Order No 2, dated 5th February 1877

The following addition shall be made to Rule 18 —

"Payment orders issued for payment from the local Treasury are not to be cashed more than ten days after the date they bear, unless the order is first presented to the Court issuing it, and re-enfaced with a new payment order which again will have validity for ten days."

RICHARD GARTH	J SEWELL WHITE
LOUIS S JACKSON.	ROMESH CHUNDER MITTER.
CHARLES PONTIFEX	W F MCDONELL
W AINSLIE.	H. T. PRINSEP
E G BIRCH	A WILSON
G. G MORRIS.	L P DELVES BROUGHTON.

[*Government Gazette, 22nd April* 1879]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাইকোর্টের আদেশমতে প্রচারিত সরকুলের অর্ডর।

দেওয়ানী পক্ষ।

১০ নম্বর, ১৮৭৯ সাল ২৭ মার্চ।

১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারাক্রমে হাইকোর্টের প্রণীত এতৎসংযুক্ত বিধির * প্রতিলিপি বাঙ্গালা ও আসাম প্রদেশের দেওয়ানী আদালতের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রচারিত হইল। ১৮৭৯ সালের ৭ ফেব্রুয়ারি তারিখের ৮ নং সরকুলের অর্ডরে যে বার্ষিক বিবরণপত্রের পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে তাহা বিশুদ্ধরূপে পূরণ করিতে আদালতদিগকে সম [ ] এই বিধির উদ্দেশ্য।

* ১৮৭৯ সালের ১৮ মার্চ তারিখের বাঙ্গালা গেজেটের ৭ম খণ্ডের ৩৯ পৃষ্ঠায় ও ১৮৭৯ সালের ২২ মার্চ তারিখের আসাম গেজেটের ২০৮ পৃষ্ঠায় প্রকাশ করা যায়।

১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারাক্রমে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি।

১৮৭৭ সালের ১০ আইনের ২৮৭ ধারাক্রমে হাই কোর্ট আদেশ করিতেছেন যে কোন জিলার তৌজিভুক্ত কোন মহাল কি মহালের অংশ ক্রোক করিবার নিমিত্ত দেওয়ানী আদালতে প্রার্থনা করা গেলে কালেক্টর সাহেবের কাছারীর রেজিষ্টরী বহী হইতে সাবেতা উদ্ধৃত লিপিতে উক্ত আইনের ২৩৮ ধারানুসারে যে সকল বিবরণ নির্দ্দেশ করা প্রয়োজন তদতিরিক্ত সমুদয় মহালের বার্ষিক রাজস্ব পরিমাণ লিখিতে হইবে।

২। নিষ্কর ভূমি কি উক্ত ভূমির অংশ ক্রোক করিবার নিমিত্ত প্রার্থনা করা গেলে, উক্ত আইনের ২৩৭ ধারানুসারে যে যে বিবরণের প্রয়োজন, তদতিরিক্ত উক্ত সমুদয় নিষ্কর ভূমির পরিমাণ কালেক্টরের রেজিষ্টরী বহীতে লিপিবদ্ধ থাকিলে এই প্রার্থনাপত্র লিখিতে হইবে।

রিচার্ড গার্থ	জে, সিউএল হুয়াইট
লুইস এস্ জ্যাকসন	রমেশচন্দ্র মিত্র
চার্লস পণ্টিফেক্স	ডবলিউ, এফ ম্যাকডনেল
ডবলিউ, এন্স্লি	এচ, টি, প্রিন্সেপ
ই, জি, বার্চ	এ, উইলসন
জি, জি, মরিস	এল, পি, ডেলবস ব্রোটন।

---

১১ নম্বর, ১৮৭৯ সাল ২৭ মার্চ।

টাকা গ্রহণ ও প্রদান কালে দেওয়ানী ও ফৌজদারী আদালতের অবলম্বন জন্য যে বিধি ১৮৭৭ সালের ৫ ফেব্রুয়ারি তারিখের ২ নং সরকুলর অর্ডরের সহিত জারী করা যায়, তাহা সংশোধন করিয়া হাই কোর্ট শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের আইনের ১৫ ধারাক্রমে পশ্চাল্লিখিত বিধি * প্রণয়ন করিয়াছেন, ও তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া বাঙ্গালা ও আসাম প্রদেশের সমুদয় বিচার সম্পর্কীয় কার্য্যকারকদের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রচারিত হইল।

* ১৮৭৯ সালের ১৮ মার্চ তারিখের বাঙ্গালা গেজেটের ৭ম খণ্ডের ৩৯ পৃষ্ঠায় ও ১৮৭৯ সালের ২২ মার্চ তারিখের আসাম গেজেটের ২০৮ পৃষ্ঠায় প্রকাশ করা যায়।

টাকা গ্রহণ ও প্রদান কালে দেওয়ানী ও ফৌজদারী আদালতের অবলম্বন জন্য ১৮৭৭ সালের ৫ ফেব্রুয়ারি তারিখের ২ নং সরকুলর অর্ডরের সহিত জারী করা বিধি সংশোধন করিয়া শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের আইনের ১৫ ধারাক্রমে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি।

বিধির ১০ ধারায় নিম্নলিখিত কথা গুলি যোগ করিতে হইবে।—

" যে আদালত আদেশ করেন তাঁহার নিকটে প্রথমে উপস্থিত করা না গেলে, এবং তদুপরি টাকা দিবার নূতন আদেশ (এই আদেশও দশ দিন মাত্র বলবৎ থাকিবে) লেখা না গেলে, স্থানীয় খাজানাখানা হইতে টাকা দিবার আদেশ অনুসারে আদেশের তারিখের দশ দিন পরে টাকা দেওয়া যাইবে না।"

রিচার্ড গার্থ	জে, সিউএল হুয়াইট
লুইস এস্ জ্যাকসন	রমেশচন্দ্র মিত্র
চার্লস পণ্টিফেক্স	ডবলিউ, এফ, ম্যাকডনেল
ডবলিউ, এন্স্লি	এচ, টি, প্রিন্সেপ
ই, জি, বার্চ	এ, উইলসন
জি, জি, মরিস	এল, পি, ডেলবস ব্রোটন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২২ আপ্রিল।]

No 12, dated 31st March 1879

The Court desires that all District Judges and all Moonsifs at out-stations will publicly impress upon pleaders of all grades a sense of their responsibility to the Courts in which they practise in the matter of accepting vakalutnamahs from parties themselves, or from persons professing to be authorized by special or general powers of Attorney to act on behalf of other persons

2 The appointment of a pleader on behalf of another person in any suit or proceeding in a Civil Court is an act such as can be performed only by a mookhtar duly qualified and enrolled under Act XX of 1865, except in the cases provided for by clauses (*a*) and (*c*), Section 37, Act X of 1877 The acceptance by a vakeel of a vakalutnamah, except under the circumstances specially provided for, from any other person is in effect an abetment of an infringement of the law, and as such renders him liable to be dealt with for grave professional misconduct

3 The Courts accept vakalutnamahs on the responsibility of pleaders. A pleader accepting a vakalutnamah from his client in person is bound to satisfy himself of his identity, and if it comes through a third party he is bound to see that the latter has authority entitling him to act

4 The Judges and Moonsifs above-mentioned, after reading and explaining the foregoing observations, will record a proceeding setting forth that they have done so, to which the pleaders will be requested to attach their signatures

[*Government Gazette*, 22nd *April* 1879]

১২ নম্বর ১৮৭৯ সাল ৩১ মার্চ ।

হাই কোর্টের ইচ্ছা এই যে মফস্বল জিলার জজ সাহেব ও মফস্বলের মুন্সেফগণ প্রকাশ্যরূপে সকল শ্রেণীর উকীলদিগকে বুঝাইয়া দিবেন স্বপক্ষের স্থানে, কিম্বা অন্য ব্যক্তিদের পক্ষে খাস বা আম-মোক্তার মারফতে কার্য্য করিতে ক্ষমতা প্রাপ্ত বলিয়া পরিচয় প্রদানার্থী মোক্তারের স্থানে, ওকালতনামা গ্রহণ সম্বন্ধে উঁহারা যে আদালতে কর্ম্ম করেন সেই আদালতের নিকট কত দূর দায়ী।

২। ১৮৭৭ সালের ১০ আইনের ৩৭ ধারার (ক) ও (গ) প্রকরণে নির্দ্দিষ্ট স্থল ভিন্ন, যে মোক্তার ১৮৬৫ সালের ২০ আইনমতে নিয়মিতরূপে যথাবিধি সনন্দপ্রাপ্ত ও তালিকাভুক্ত হইয়াছেন, তিনিই কেবল দেওয়ানী আদালতের কোন মোকদ্দমায় কি কর্ম্মানুষ্ঠানে অন্য ব্যক্তির পক্ষে উকীল নিয়োগ করিতে পারেন। বিশেষ বিধানের স্থল ভিন্ন অন্যত্র অন্য কোন ব্যক্তির স্থানে ওকালতনামা গ্রহণ করিলে, উকীল ফলতঃ আইন লংঘনের সহায়তা করেন এবং এইরূপে গুরুতরভাবে পদের অযোগ্য আচরণ করিয়াছেন বলিয়া শাসন যোগ্য হন।

৩। উকীলের মাতব্বরিতে আদালত ওকালতনামা গ্রহণ করেন। উকীল নিজ মওক্কেলের স্থানে ওকালতনামা গ্রহণ করিলে মওক্কেলকে চিনিয়া লইতে বাধ্য, এবং তৃতীয় পক্ষের স্থানে ওকালতনামা প্রাপ্ত হইলে তাঁহার দেখা আবশ্যক যে ঐ তৃতীয় পক্ষের উক্ত কার্য্য করিবার ক্ষমতা আছে।

৪। পূর্ব্বোল্লিখিত জজ ও মুন্সেফগণ উপরি প্রদত্ত মন্তব্যগুলি পাঠ ও ব্যাখ্যা করণের তদ্রূপ করিয়াছেন বলিয়া রুবকারি লিপিবদ্ধ করিবেন, এবং তাহাতে স্বাক্ষর সংযুক্ত করিতে উকীলদিগকে অনুরোধ করা যাইবে।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M A. AND B L,
Bengali Translator

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ২২ আশ্বিন।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 27, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ২৭ মে।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

CIVIL AND CRIMINAL

No 13, dated the 2nd April 1879

The accompanying copies of revised rules framed by the Court under Clause 2 Section 20 of the Court Fees' Act VII of 1870, and under Section 22 of the same Act, are circulated for the information and guidance of all civil and criminal authorities in the Lower Provinces of Bengal

2 These rules have been published at page 304 of the *Calcutta Gazette* of the 2nd April 1879, and immediate effect must be given to them

These Rules having been confirmed by the Lieutenant-Governor of Bengal and sanctioned by the Governor-General in Council, were published in the "Calcutta Gazette" on the 2nd April 1879

II —Rules framed by the High Court of Judicature at Fort William in Bengal, in accordance with Clause II, Section 20, of the Court Fees' Act, 1870, declaring the fees chargeable for service and execution of the several processes in the Courts of Magistrates

I —The fees hereinafter mentioned shall be chargeable for serving and executing the processes to which the fees are respectively attached, viz —

		Rs	A	P
(1)	Warrant of arrest—			
	For the warrant in respect of each person named therein	1	0	0
(2)	Summons—			
	For the summons in respect of one person, or of the first two persons residing in the same place	0	8	0
	In respect of every additional person named therein	0	4	0
(3)	Proclamation for absconding party under Section 171, Code of Criminal Procedure—			
	For the proclamation	2	0	0
(4)	Proclamation for witness not attending, Section 353—			
	For the proclamation	0	8	0
(5)	Warrant of attachment—			
	For the warrant	1	0	0
	Where it is necessary to place officers in charge of property attached, for each officer so employed, per diem	0	4	0
(6)	In cases where an application is made by a complainant for the recovery of costs awarded under Section 31, Act VII of 1870, or of compensation granted under Section 308, Code Criminal Procedure, or where a defendant applies for the recovery of compensation awarded to him under section 209, Code of Criminal Procedure—			
	For the warrant for the levy of the fine or compensation	0	8	0
(7)	Written order—			
	For the order	1	0	0
(8)	Injunction—			
	For the injunction	1	0	0
(9)	Notice—			
	For the notice	1	0	0

II —Nothing herein contained shall be deemed to authorize the levying of any fee for any summons to attend as a juror or assessor in a Court of Session, and no fee shall be chargeable on any such summons

III No fee shall be chargeable in advance on any process of a Criminal Court in any case where the prosecution is on the part of Government, but it shall be competent to any Magistrate in such case if the accused is convicted, to order that such fees shall be paid by the accused or any of them, in like manner as if such fees had been paid by the prosecutor in the first instance

[*Government Gazette 27th May* 1879]

বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরক্যুলর অর্ডর ।

দেওয়ানী ও ফৌজদারীপক্ষ ।

১৩ নম্বর, ১৮৭৯ সাল ২ আপ্রিল ।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ২ প্রকরণমতে এবং ঐ আইনের ২২ ধারামতে কোর্টের প্রণীত সংশোধিত বিধির এতৎসংযুক্ত প্রতিলিপি নিম্নবঙ্গ প্রদেশের সমুদয় দেওয়ানী ও ফৌজদারী কর্তৃপক্ষের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রচার করা গেল ।

২। এই বিধি ১৮৭৯ সালের ২ আপ্রিল তারিখের কলিকাতা গেজেটের ৩০৪ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে, এবং তাহা অবিলম্বে কলবৎ করিতে হইবে ।

এই বিধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কৃত করিলে, ইহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া, ১৮৭৯ সালের ২ আপ্রিল তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয় ।

১। মাজিষ্ট্রেট সাহেবদিগের আদালতে নানা প্রকারের পরওয়ানা দিবার ও জারী করিবার নিমিত্ত যত রসুম লওয়া যাইবে, বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্ট আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২০ ধারার ২ প্রকরণ অনুসারে সেই রসুমবিষয়ক এই২ বিধি করিলেন ।

১ ধারা। নিম্নলিখিত যে পরওয়ানার পার্শ্বে যত রসুম লেখা আছে সেই পরওয়ানা দিবার ও জারী করিবার নিমিত্ত তত রসুম লওয়া যাইবে ।

(১) গ্রেপ্তারী পরওয়ানা	০ তন্মিলিখিত প্রত্যেক ব্যক্তিকে ধরিবার পরওয়ানা হইলে ব্যক্তি প্রতি	১৲
(২) সমন	কেবল এক ব্যক্তিকে কিম্বা একত্র নিবাসী দুই ব্যক্তিকে সমন দিতে হইলে	।০
	ঐ সমনে আরং যত ব্যক্তির নাম লেখা থাকে তাহাদের জন প্রতি	০
(৩) মোকদ্দমার এক পক্ষ পলায়ন করিলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৭১ ধারামত ঘোষণাপত্র	ঘোষণাপত্রের নিমিত্ত	১৲
(৪) সাক্ষী উপস্থিত না হইলে ১৫১ ধারামত ঘোষণাপত্র	ঘোষণাপত্রের নিমিত্ত	।০
(৫) ক্রোক করিবার পরওয়ানা	পরওয়ানার নিমিত্ত	১৲
	ক্রোক করা সম্পত্তি কর্ম্মচারিদের জিম্মায় দিয়া রাখিতে হইলে প্রত্যেক জন কর্ম্মচারির দিন প্রতি	০

(৬) ১৮৭০ সালের ৭ আইনের ৩১ ধারামতে প্রদত্ত খরচা কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৩০৮ ধারামতে প্রদত্ত ক্ষতিপূরণের টাকা আদায় নিমিত্ত বাদী দরখাস্ত করিলে কি ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২০৯ ধারামতে তৎপ্রতি প্রদত্ত ক্ষতিপূরণের টাকা আদায় নিমিত্ত প্রতিবাদী দরখাস্ত করিলে উক্ত জরিমানা কি ক্ষতিপূরণ আদায় করিবার পরওয়ানার নিমিত্ত　।০

(৭) লিখিত আজ্ঞা	আজ্ঞার নিমিত্ত	১৲
(৮) নিষেধ আজ্ঞা	নিষেধের নিমিত্ত	১৲
(৯) নোটিস	নোটিসের নিমিত্ত	১৲

২ ধারা। সেশন আদালতে জুরর কি আসেসরস্বরূপ উপস্থিত হইবার নিমিত্ত যে সমন দেওয়া যায় তাহার উপর এই বিধির কোন কথাক্রমে রসুম লইবার অনুমতি হইল এমত জ্ঞান করিতে হইবে না তদ্রূপ সমনের উপর রসুম লওয়া যাইবে না, ।

৩ ধারা। গবর্ণমেণ্টের পক্ষে নালিশ হইলে, ফৌজদারী আদালতের কোন পরওয়ানার উপর আগাম রসুম লওয়া যাইবে না, কিন্তু সেই মোকদ্দমায় অভিযুক্ত ব্যক্তি অপরাধি নির্ণয় হইলে, মাজিষ্ট্রেট সাহেব তাহার কিম্বা অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে কোন ব্যক্তির ঐ রসুম দিবার আজ্ঞা করিতে পারিবেন। বাদির যেমন প্রথমেই রসুম দিতে হয় ঐ অভিযুক্ত ব্যক্তিদের স্থানে তেমনি রসুম লওয়া যাইবে ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

IV —No process which comes within the operation of Rules I or VI shall be drawn up for service or execution, except upon an application made to the Court for that purpose in writing, on a document bearing upon its face stamps not less in amount than the fee which is directed to be charged for serving and executing the process so sought to be drawn up This application may, however, at the option of the party making it, be included in the petition by which he moves the Court to order the process to issue, but in that case the petition must bear the requisite stamps for the process fee, in addition to such stamps, if any, as are needed for its own validity and in either case, the filing of the application thus duly stamped shall constitute payment of the fee chargeable for the process

V —When a proclamation has been issued for an absent witness, if the witness shall afterwards appear, and the Court shall be of opinion that such witness had absconded or concealed himself for the purpose of avoiding the service of a warrant upon him, such Court may order the witness to pay the cost of the proclamation

VI —In the districts named in the margin, where the sub divisional system has not been fully introduced, in every case where a process has to be executed at a distance of more than 25 miles from the Court from which it is issued, an addition of one-fourth is to be made to the fee chargeable, and if more than 50 miles, an addition of one-half

Rajshahye	Beerbhoom.
Bogra.	Cachar
Dinagepore	Chittagong
Maldah	Noakholly
Rungpore	Singbhoom
Bancoorah	Nowgong
Sylhet	Loherdugga
Hazareebagh	Manbhoom

VII —In the districts named in the margin, where during a portion of the year travelling except by boat is impracticable, boat hire may, when it has to be incurred, be charged in addition to the fees payable under Rules I and VI above The rates at which such boat hire shall be charged shall be fixed from time to time by the District Magistrate, and shall be sufficient only to cover on the whole the actual cost of such boat establishment as it may be necessary to maintain for the purpose of serving processes in cases not cognizable by the Police

Jessore	Mymensingh
Pubna	Tipperah
Dacca	Noacolly
Furreedpore	Sylhet
Buckergunge	

VIII —The High Court may, by notification in the Government Gazette, on sufficient cause shewn, exempt from time to time any district, or part of a district, from the operation of all or any of the above rules, and may similarly bring any district, or part of a district, which may be exempt, under the operation of the same

RICHARD GARTH	ROMESH CHUNDER MITTER
LOUIS S JACKSON	H T PRINSEP
W MARKBY	L R TOTTENHAM
C PONTIFEX	ALEX T MACLEAN
W AINSLIE	L P DELVES BROUGHTON.
J SEWELL WHITE	

These Rules having been confirmed by the Lieutenant Governor of Bengal and sanctioned by the Governor-General in Council, were published in the "Calcutta Gazette" on the 2nd April 1879

IV —Rules framed by the High Court of Judicature at Fort William in Bengal, in accordance with Section 22 of the Court Fees' Act, 1870

1st —The Judge of every district in the Regulation Provinces shall ascertain the average number of processes issued from his own Court, and from each of the Courts subordinate thereto, during three years last past

2nd —To this shall be added, in the districts to which Act VIII (B C) of 1869 may be hereafter extended, the average of processes issued by the Revenue Courts of the same district within the same period

3rd —The peons to be employed in each district shall be in number sufficient for the execution of a like number of processes, each peon being for this purpose considered capable of executing—

In the Zillah Court and the Subordinate Judge's Court, per annum	..	200
„ Moonsif's Court	„ ...	250
„ Courts of Small Causes	„ ...	300

[*Government Gazette*, 27*th May* 1879.]

৪ ধারা। যে পরওয়ানা প্রস্তুত করাইবার জন্য চেষ্টা হয়, সেই পরওয়ানা দিবার ও জারী করিবার জন্য যে রসুম লইবার আদেশ আছে তদপেক্ষা কম মূল্যের ইষ্টাম্পযুক্ত নয় এরূপ দরখাস্তপত্রে আদালতে তদর্থ লিখিত দরখাস্ত না করিলে, ১ ও ৬ ধারার অনুযায়ী কোন পরওয়ানা দিবার কি জারী করিবার নিমিত্ত প্রস্তুত করা যাইবে না। কিন্তু দরখাস্তকারী পক্ষের ইচ্ছা মতে তিনি যে আবেদনপত্রে পরওয়ানা বাহির করিবার নিমিত্ত আদালতে প্রার্থনা করেন ঐ দরখাস্ত সেই আবেদনপত্রের অন্তর্গত করিতে পারিবেন কিন্তু এরূপ স্থলে আবেদনপত্র লিপ্ত করিবার নিমিত্ত ইষ্টাম্পের প্রয়োজন থাকিলে, ঐ ইষ্টাম্পের অতিরিক্ত পরওয়ানার রসুমের জন্য আবশ্যক ইষ্টাম্প আবেদনপত্রে দিতে হইবে, এবং উভয় স্থলেই এই রূপে নিয়মিত ইষ্টাম্প যুক্ত দরখাস্ত দাখিল করিলে, পরওয়ানার মাসুল দেওয়া হইবে।

৫ ধারা। সাক্ষী উপস্থিত না হওয়াতে তাহার নামে ঘোষণাপত্র দেওয়া গেলে পর সাক্ষী উপস্থিত হইলে, ও তাহার উপর পরওয়ানা জারী না হয় এই কারণে পলাইয়াছিল কি গোপনে ছিল আদালতের এইমত থাকিলে, আদালত ঐ সাক্ষির প্রতি সেই ঘোষণাপত্রের খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

রাজশাহী	বীরভূম
বগুড়া	কাছাড়
দিনাজপুর	চট্টগ্রাম
মালদহ	নওয়াখালি
রঙ্গপুর	সিংহভূম
বাঁকুড়া	নওগাঁ
শ্রীহট্ট	লোহারডগা
হাজারিবাগ	মানভূম

৬ ধারা। পার্শ্বলিখিত যেই জিলার মধ্যে, মহকুমা করিয়া জিলা বিভাগ করিবার নিয়ম সম্পূর্ণরূপে প্রচলিত হয় নাই সেইং জিলার যে আদালত হইতে পরওয়ানা বাহির হয় সেই আদালত হইতে ২০ মাইলের অধিক দূরে পরওয়ানা জারী করিতে হইলে, তাহার উপর যত রসুম লওয়া যাইতে পারে তাহা ছাড়া আর সিকি অংশ রসুম লওয়া যাইবে ও ৫০ মাইলের অধিক দূরে জারী করিতে হইলে আর অর্দ্ধেক লওয়া যাইবে।

যশোহর।	ময়মনসিংহ।
পাবনা।	ত্রিপুরা।
ঢাকা।	নওয়াখালী।
ফরিদপুর।	শ্রীহট্ট।
বাকরগঞ্জ।	

৭ ধারা। পার্শ্বে লিখিত জিলা সমূহে বৎসরের কিয়ৎকাল নৌকা ভিন্ন গমনাগমন করা যায় না, ঐ২ জিলায় নৌকা ভাড়া করা গেলে ১ ও ৬ ধারামতে দেয় রসুম ব্যতিরিক্ত ঐ ভাড়া দিতে হইবে। যে হারে উক্ত নৌকা ভাড়া দিতে হইবে, সময়ে ২ জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহা ধার্য্য করিবেন, এবং যে সকল মোকদ্দমা পোলীসের গ্রাহ্য নহে সেই সকল মোকদ্দমার পরওয়ানা জারী করিবার নিমিত্ত যে নৌকার সেরেস্তা রাখা আবশ্যক হয় সেই সেরেস্তার প্রকৃত খরচ যেন উক্ত হারে গড়ে পোষাইয়া যায়।

৮ ধারা। বিশিষ্ট কারণ দেখা না গেলে, হাই কোর্ট গবর্ণমেণ্ট গেজেটে বিজ্ঞাপন পত্র দিয়া সময়ে ২ কোন জিলা কি জিলার অংশ উপরি লিখিত বিধির সমুদয় কি কোন ধারার বিধান হইতে মুক্ত করিতে পারিবেন, এবং যে কোন জিলা কি জিলার অংশ মুক্ত থাকে, তাহা তদ্রূপে উক্ত বিধানের অধীনে আনিতে পারিবেন।

রিচার্ড গার্থ।	রমেশ চন্দ্র মিত্র।
লুইস এস, জ্যাকসন	এচ, টি, প্রিন্সেপ।
ডবলিউ মার্কবি।	এল, আর, টটনহাম।
সি, পণ্টিফেক্স।	আলেক্স, টি ম্যাকলনী।
ডবলিউ, এন্সলী।	এল, পি, ডেলবস্ ব্রোটন।
জে, সিউএল হোগাইট।	

এই বিধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দৃঢ় করিলে ইহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইয়া, ১৮৭৯ সালের ২ আপ্রিল তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হয়।

আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনের ২২ ধারামতে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি।

প্রথম।—আইনের অধীন দেশের প্রত্যেক জিলার জজ সাহেবের আদালত ও তাঁহার অধীন প্রত্যেক আদালত হইতে গত তিন বৎসর গড়ে কত খানি পরওয়ানা বাহির হইয়াছে ঐ২ জজ সাহেব ইহা নিশ্চয় করিয়া জানিয়া লইবেন।

দ্বিতীয়।—যেং জিলায় ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন প্রচলিত আছে সেইং জিলায় খাস আদালত হইতে গড়ে যত পরওয়ানা জারী হইয়াছে তাহাও উক্ত পরওয়ানার সংখ্যার সঙ্গে সংযোগ করিয়া ধরিতে হইবে।

তৃতীয়।—তত খানি পরওয়ানা জারী করিতে যত জন পেয়াদা লাগে প্রত্যেক জিলায় তত জন নিযুক্ত হইবে। ইহার হিসাব করিতে গেলে প্রত্যেক জন পেয়াদা নিম্নলিখিত সংখ্যার পরওয়ানা জারী করিতে পারে, এমত জ্ঞান হইবে,—

জিলার আদালতের ও সবর্ডিনেট জজের আদালতের বৎসর . ..	২০০ খানি
মুনসেফের আদালতের বৎসর	২৫০ ,,
ছোট আদালতের বৎসর	৩০০ ,,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

4th.—In order to provide for the service of processes of certain kinds, which occupy a longer period, and in respect of which a higher fee is charged, 25 per cent. may be added in each case to the average ascertained under the 1st and 2nd Rules.

5th.—In the districts named in the margin (as well as in any other district similarly circumstanced to which the High Court may by notification in the Government Gazette extend this rule), the number of processes which each peon is expected to serve may be reduced by one-third, and the number of peons to be employed shall be calculated accordingly

Backergunge.	Chittagong
Dacca	Dinagepore.
Jessore.	Mymensingh.
Sylhet.	Rajshahye
Kamroop.	Rungpore.
Luckimpore.	Cooch Behar
Goalpara.	
Nowgong	
Furreedpore.	
Lohardugga.	
Hazaribagh.	
Manbhoom.	

N B.—For the districts in the 2nd column the calculation is to be made for from May to October, inclusive, only

6th.—Where there are in any district several Courts of any one class, the Judge may authorise the appointment of such number of peons on the whole for such Courts as may suffice for executing the total number of processes and may from time to time apportion such peons according to need among such Courts.

7th—When it appears to the District Judge that the number of processes issued out of any Court or class of Courts in the district has increased by 10 per cent., he shall be competent to make a corresponding increase in the number of peons, and if there shall be a diminution to the like extent, or if he shall be satisfied that the processes of all or any of such Courts can be executed by a smaller number of peons, it shall be his duty to make a reduction accordingly

Rules framed by the High Court of Judicature at Fort William in Bengal, in accordance with Section 22 of the Court Fees' Act, 1870.

1st—The Magistrate of every district shall ascertain the average number of processes issued in a year from his own Court, and from each of the Courts subordinate thereto, during three years last past.

2nd—The peons to be employed in each district shall be in number sufficient for the execution of a like number of processes, each peon being for this purpose considered capable of executing 300 processes per annum.

3rd—In the districts named on the margin, where the peons entrusted with a large proportion of processes have to be conveyed by boat, the number of processes which each peon is expected to serve may be reduced by one-third, and the number of peons to be employed shall be calculated accordingly

Backergunge	Lukhimpore.
Dacca.	Chittagong.
Jessore	Dinagepore
Sylhet.	Mymensingh.
Kamroop	Rajshahye.
Nowgong	Rungpore

N B—For the districts in the 2nd column the calculation is to be made for from May to October, inclusive, only

4th—Where it appears advisable to the Magistrate of the district, he may authorise the appointment of such number of peons on the whole for all the Courts in his district as may suffice for executing the total number of processes of those Courts, and may from time to time apportion such peons according to need among such Courts.

5th.—When it appears to the District Magistrate that the number of processes issued out of any Court or Courts in the district has increased by 10 per cent, he shall be competent to make a corresponding increase in the number of peons; and if there shall be a diminution to the like extent,

[*Government Gazette, 27th May* 1872.]

চতুর্থ ।—বিশেষ প্রকারের কোনং পরওয়ানা জারী করিতে অধিক সময় লাগিয়া থাকে ও তাহার নিমিত্ত অধিক ফীও লওয়া যায়। ইহার বিধান করিবার জন্যে উক্ত প্রথম ও দ্বিতীয় ধারামতে গড়ে যত পরওয়ানা নিরূপণ হইল তাহার উপর শত করা আর ২৫ খানি ধরিতে হইবে।

পঞ্চম ।—পার্শ্বলিখিত জিলা সমূহে (ও তদ্রূপ অবস্থাপন্ন অন্য যে কোন জিলায় প্রতি হাই কোর্ট গবর্ণমেণ্ট গেজেটে বিজ্ঞাপনপত্র দিয়া এই ধারা বর্ত্তান) একং জন পেয়াদা যত খানি জারী করিতে পারে তাহার তিন অংশের এক অংশ কম করিয়া ধরিতে হইবে। ও যত জন পেয়াদা নিযুক্ত করা যাইবে সেই হিসাবে তাহাদের সংখ্যা ধরিতে হইবে।

বাকরগঞ্জ।	চট্টগ্রাম।
ঢাকা।	দিনাজপুর।
যশোহর।	ময়মনসিংহ।
শ্রীহট্ট।	রাজশাহী।
কামরূপ।	রঙ্গপুর।
নক্ষীপুর।	কুচবিহার।
গোয়ালপাড়া।	
নওগাঁ।	
ফরিদপুর।	
[illegible]।	
[illegible]।	
[illegible]।	

মন্তব্য ।—ডাইন পার্শ্বের ঘরের নামা জিলায় এই হিসাব যে মাসের প্রথমাবধি অক্টোবর মাসের শেষ পর্য্যন্ত ধরিতে হইবে।

ষষ্ঠ ।—কোন জিলায় একই শ্রেণীর অনেক আদালত থাকিলে, ঐ২ আদালতের সমুদয় পরওয়ানা জারী করিতে মোটে যত জন পেয়াদা লাগে, জজ সাহেব তত জনের নিযুক্ত হইবার অনুমতি দিয়া, ঐ২ আদালতের মধ্যে সময়েং ঐ সকল পেয়াদা বিলি করিয়া দিতে পারিবেন।

সপ্তম ।—জিলার অন্তর্গত কোন আদালত কিম্বা আদালত শ্রেণীহইতে যত খানি পরওয়ানা জারী হইয়া থাকে তাহা শতকরা ১০ পর্য্যন্ত বাড়িয়া গিয়াছে, জিলার জজ সাহেব ইহা দেখিতে পাইলে তদনুসারে পেয়াদাদের সংখ্যা বাড়াইয়া দিতে পারিবেন। কোন স্থানে বা পরওয়ানার সংখ্যা উক্ত পরিমাণে কমিয়া গেলে, কিম্বা যত জন পেয়াদা আছে তাহার কম সংখ্যার পেয়াদার দ্বারা উক্ত সকল কি কোনং আদালতের সকল পরওয়ানা জারী হইতে পারে ইহা সুবোধমতে জানিলে তিনি তদনুসারে পেয়াদার সংখ্যা কমাইয়া দিবেন।

আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনের ২২ ধারামতে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত বিধি।

প্রথম ।—প্রত্যেক জিলার মাজিষ্ট্রেট সাহেবের আদালত ও তাহার অধীন প্রত্যেক আদালতহইতে গত তিন বৎসরের গড় ধরিয়া বৎসরং যত খানি পরওয়ানা জারী হইয়া থাকে মাজিষ্ট্রেট সাহেব ইহা নিশ্চয় করিয়া জানিয়া লইবেন।

দ্বিতীয় ।—তত খানি পরওয়ানা জারী করিতে যত জন পেয়াদা লাগে প্রত্যেক জিলায় তত জন নিযুক্ত হইবে। ইহার হিসাব করিতে গেলে প্রত্যেক জন বৎসর ৩০০ খানি জারী করিতে পারে এমত জানিতে হইবে।

তৃতীয় ।—পার্শ্বলিখিত নামা জিলায় যে পেয়াদাদের হাতে পরওয়ানা দেওয়া যায় তাহাদের নৌকা করিয়া যাওয়া আবশ্যক, এই কারণে একং জন যত খানি জারী করিতে পারে তাহার তিন অংশের এক অংশ কম করিয়া ধরিতে হইবে। ও যত জন পেয়াদা নিযুক্ত করা যাইবে সেই হিসাবে তাহাদের সংখ্যা কম ধরিতে হইবে।

বাকরগঞ্জ।	নক্ষীপুর।
ঢাকা।	চট্টগ্রাম।
যশোহর।	দিনাজপুর।
শ্রীহট্ট।	ময়মনসিংহ।
কামরূপ।	রাজশাহী।
নওগাঁ।	রঙ্গপুর।

মন্তব্য ।—ডাইন পার্শ্বের ঘরের নামা জিলায় এই হিসাব যে মাসের প্রথমাবধি অক্টোবর মাসের শেষ পর্য্যন্ত ধরিতে হইবে।

চতুর্থ ।—জিলার মাজিষ্ট্রেট সাহেব বিহিত বোধ করিলে, আপন জিলার অন্তর্গত সকল আদালতের সমুদয় পরওয়ানা জারী করিতে মোটে যত জন পেয়াদা লাগে, তত জনের নিযুক্ত হইবার অনুমতি দিয়া ঐ২ আদালতের প্রয়োজনমতে সময়েং ঐ সকল পেয়াদা বিলি করিয়া দিতে পারিবেন।

পঞ্চম ।—জিলার কোন আদালত কিম্বা কোনং আদালতহইতে যত খানি পরওয়ানা জারী হইয়া থাকে তাহার সংখ্যা শতকরা ১০ পর্য্যন্ত বাড়িয়া গিয়াছে, ইহা জানিতে পাইলে জিলার মাজিষ্ট্রেট সাহেব তদনুসারে পেয়াদাদের সংখ্যাও বাড়াইয়া দিতে পারিবেন

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৭ মে।]

or if he should be satisfied that the processes of all or any of such Courts can be executed by a smaller number of peons, it shall be his duty to make a reduction accordingly.

RICHARD GARTH	ROMESH CHUNDER MITTER.
LOUIS S JACKSON.	H T PRINSEP
W. MARKBY	L R TOTTENHAM.
C PONTIFEX	ALEX. T MACLEAN.
W AINSLIE	L P. DELVES BROUGHTON
J. SEWELL WHITE.	

CIVIL AND CRIMINAL

No 16, dated the 18th April 1879

IN modification of the instructions conveyed in Circular Order No 23, dated 3rd July 1872,* the Court is pleased, at the instance of the Board of Revenue, to direct that all annual indents for authorised judicial forms may be submitted to the Superintendent of Stationery in the month of June of every year, commencing with 1879, instead of in April, as heretofore

* Page 230, Unrepealed Circular Orders, Civil

2 This will not affect the provisions of the said Circular in regard to emergent indents.

CIVIL

No 17, dated the 19th April 1879

THE attention of all officers presiding in the Civil Courts in the Lower Provinces of Bengal and Assam is called to the two notifications,* copies of which are annexed for easy reference, published at page 330, Part I of the *Calcutta Gazette* of the 9th instant, the first issued by the Governor-General in Council under Section 434 of the Code of Civil Procedure, declaring that decrees of the Civil and Revenue Courts of Cooch Behar may be executed in British India as if they had been made by the Courts of British India, and the second containing a certificate by the Deputy Commissioner of Cooch Behar as to the mode in which copies of judicial records of the Cooch Behar Courts are certified in that State

* Dated 8th April 1879

2 The object of the second notification is to obviate the difficulty which might be experienced if, under Section 86 of the Evidence Act, a certificate were to be required in each case of the manner in which documents are certified in Cooch Behar.

3 Directions have been given by His Honor the Lieutenant-Governor of Bengal for the issue of a proclamation in the Cooch Behar State notifying that decrees of the Courts in British India may be executed in that State as if they had been made by the Courts of the State

FOREIGN DEPARTMENT.

NOTIFICATION

The 8th April 1879 —The following notification of the Government of India in the Foreign Department is republished for general information —

No 53J —The 7th March 1879 —Under section 434 of the Code of Civil Procedure the Governor-General in Council is pleased to declare that decrees of the Civil and Revenue Courts of Cooch Behar may be executed in British India as if they had been made by the Courts of British India

A. C. LYALL,
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 27th May* 1879]

ও পরওয়ানার সংখ্যা উক্ত পরিমাণে কমিয়া গেলে. কিম্বা কম সংখ্যক পেয়াদার দ্বারা উক্ত সকল কি কোন২ আদালতের পরওয়ানা জারী হইতে পারে ইহা স্ববোধমতে জানিতে পাইলে তিনি তদনুসারে তাহাদের সংখ্যাও কমাইয়া দিবেন।

রিচার্ড গার্থ।	রমেশ চন্দ্র মিত্র।
লুইস এস জাকসন।	এচ, টি, প্রিন্সেপ।
ডবলিউ মার্কবি।	এল, আর, টটনহাম।
সি, পণ্টিফেক্স।	আলেক্স, টী, ম্যাকলীন।
ডবলিউ এন্সলী।	এল, পি, ডেলবস্ ব্রোটন।
জে, সিউএল হোয়াইট।	

দেওয়ানী ও ফৌজদারী পক্ষ।

১৬ নম্বর, ১৮৭৯ সাল ১৮ আপ্রিল। *

১৮৭২ সালের ৩ জুলাই তারিখের ২৩ নম্বর সরকুলর অর্ডরে * যে অনুজ্ঞা প্রদত্ত হয় তাহা পরিবর্ত্তন করিয়া কোর্ট বোর্ডের অনুরোধক্রমে আদেশ করিতেছেন যে বিচার কার্য্য সংক্রান্ত যে যে পাঠের ব্যবহার হইবার অনুমতি আছে, ১৮৭৯ সাল অবধি প্রতি বৎসর আপ্রিল মাসের পরিবর্ত্তে জুন মাসে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট সেই২ পাঠ পাঠাইবার জন্য ইণ্ডেণ্ট পাঠাইতে হইবে।

* ১৮৭২ সালের ২৩ জুলাইর বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের ৯৫৪ পৃষ্ঠা দেখ।

২। উক্ত সরকুলরে হটাৎ প্রয়োজনীয় ইণ্ডেণ্ট সম্বন্ধে যে বিধান আছে, ইহার কোন কথায় তাহার কোন ব্যতিক্রম হইবে না।

দেওয়ানীপক্ষ।

১৭ নম্বর, ১৮৭৯ সাল ১৯ আপ্রিল।

সহজে দেখিবার জন্য যে দুইটী বিজ্ঞাপনপত্রের প্রতিলিপি এতৎ সঙ্গে প্রদত্ত হইতেছে, ও যন্মধ্যে প্রথমটী ১৮৭৯ সালের ১৮ মার্চের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের প্রথম খণ্ডের ৪৯ পৃষ্ঠায় ও দ্বিতীয়টী ১৮৭৯ সালের ১৫ আপ্রিলের বাঙ্গালা গবর্ণমেণ্টগেজেটের দ্বিতীয় খণ্ডের ৩২৩ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে, তৎপ্রতি বাঙ্গালা ও আসাম প্রদেশের দেওয়ানী আদালতের সমুদয় আধিপত্যকারী কর্তৃপক্ষের মনোযোগ দিবার আদেশ করা গেল। দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৪৩৪ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রথম বিজ্ঞাপনপত্র প্রচার করিয়া আদেশ করিয়াছেন যে কুচবিহারের দেওয়ানী ও রাজস্বসম্পর্কীয় আদালতের ডিক্রী ব্রিটিষ ভারতবর্ষের আদালতের কৃত ডিক্রীর ন্যায় ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে জারী করা যাইতে পারিবে। কুচবিহার রাজ্যের বিচার কার্য্য সম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি যে রূপে সংসিদ্ধ করা যায়, দ্বিতীয় বিজ্ঞাপনপত্রে তৎসম্বন্ধে কুচবিহারের ডেপুটী কমিশ্যনর সাহেবের সর্টিফিকেট আছে।

২। কুচবিহারে কাগজপত্র যে রূপে সংসিদ্ধ করা যায় সাক্ষ্যবিষয়ক আইনের ৮৬ ধারামতে প্রত্যেক স্থলে তদ্বিষয়ের সর্টিফিকেটের প্রয়োজন হইলে যে কষ্ট অনুভূত হইত তাহার নিবারণ করাই দ্বিতীয় বিজ্ঞাপনপত্রের উদ্দেশ্য।

৩। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই সঙ্গিয় কুচবিহার রাজ্যে ঘোষণাপত্র প্রচার করিবার আদেশ দিয়াছেন যে, ব্রিটিষ ভারতবর্ষের আদালতের ডিক্রী কুচবিহার রাজ্যের আদালতের কৃত ডিক্রীর ন্যায় উক্ত রাজ্যমধ্যে জারী করা যাইতে পারিবে।

ফরিন্ ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৭ মার্চ।

৫০J নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ৪৩৪ ধারামতে এই আদেশ করিতেছেন যে কুচবিহারের দেওয়ানী ও রাজস্ব সম্পর্কীয় আদালতের ডিক্রী ব্রিটিষ ভারতবর্ষের আদালতের কৃত ডিক্রীর ন্যায় ব্রিটিষ ভারতবর্ষের মধ্যে জারী করা যাইতে পারিবে।

এ, সি, লায়ল,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৭ মে।]

NOTIFICATION

The 8th April 1879 —With reference to the above notification of the Government of India in the Foreign Department, the following certificate of the mode in which copies of judicial records are certified in the State of Cooch Behar is published for general information —

" I hereby certify that the mode in which copies of judicial records of the Cooch Behar Court are certified as corrects copies is as follows —

" A copy of the judicial record being made, the words ' true copy ' are written at the top of the copy, and it is signed by the presiding officer (or, in the case of the Deputy Commissioner's Court, by the Head Clerk and Sheristadar) of the Court in which the original document is recorded, his official designation being added below his signature, and the seal of the Court affixed thus—

True copy

A B

Dewany Ahilkar of Cooch Behar

(Seal of the Court)

(Sd) G. J DALTON,
Deputy Commr."

COLMAN MACAULAY,
Offg Secy to the Govt of Bengal

CRIMINAL

No 2, dated the 21st April 1879

IN continuation of Circular Order No 10, dated 12th July 1870, the Court directs that the age of each accused person, as well as his name, be entered in column 1 of Sessions Statement No 3, as the information will often throw light on the nature of the case or the propriety of the sentence

[*Government Gazette*, 27*th May* 1879]

বিজ্ঞাপন।

১৮৭৯ সাল ৮আপ্রিল।—১৮৭৯ সালের ১৮ মার্চের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের প্রথম খণ্ডের ৬৯ পৃষ্ঠার প্রকাশিত করিয়া ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭৯ সালের ৫৩ নং জ্ঞাপনপত্রোপলক্ষে কুচবিহার ষ্টেটের বিচারকার্য্যসম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি যে রূপে সংসিত্ত করা যায় তাহার নিম্নলিখিত সর্টিফিকেট সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

"কুচবিহারের আদালতের বিচার সম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি যে রূপে শুদ্ধ প্রতিলিপি বলিয়া সংসিত্ত করা যায় তাহা যে এই রূপ আমি এতদ্দ্বারা ইহা নিশ্চয়মতে জানাইতেছি।—

"বিচার সম্পর্কীয় কাগজপত্রের প্রতিলিপি করা গেলে সেই প্রতিলিপির উপরি ভাগে প্রকৃত প্রতিলিপি ("true copy") এই ২ কথা লেখা যায়, ও আসল দলীল যে আদালতে রিকার্ড করা থাকে সেই আদালতে আধিপত্যকারী কর্তৃপক্ষ (কিম্বা ডেপুটী কমিশ্যনরের আদালত হইলে প্রধান কেরাণী ও সেরেস্তাদার) তাহাতে স্বাক্ষর করেন। সেই স্বাক্ষরের নিম্নভাগে তাঁহার পদের খ্যাতি লেখা যায়, ও তাহাতে এইরূপে আদালতের মোহর বসান যায়, যথা,

প্রকৃত প্রতিলিপি,
শ্রী অমুক
কুচবিহারের দেওয়ানী আহিলকার।

আদালতের মোহর

(স্বাক্ষর) জি, জে, ডালটন
ডেপুটী কমিশ্যনর।"
(স্বাক্ষর) কোলমান মেকলে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ফৌজদারী পক্ষ।

২ নম্বর, ১৮৭৯ সাল ২১ আপ্রিল।

১৮৭০ সালের ১২ জুলাই তারিখের ১০ নম্বর সরক্যুলর অর্ডরের অনুক্রমে কোর্ট আদেশ করিতেছেন যে সেশনের ৩ নম্বর বর্ণনাপত্রের ১ম ঘরে প্রত্যেক অভিযুক্ত ব্যক্তির নাম ও বয়স লিখিতে হইবে, কারণ এতদ্বিবরণ হইতে মোকদ্দমার ভাব ও দণ্ডের উপযোগিতা সম্বন্ধে কিঞ্চিৎ জ্ঞান লাভ হইতে পারে।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. AND B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 2, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ২ সেপ্টেম্বর।

PART VII

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MARCH 1879.

HON'BLE H L DAMPIER.

No 1

IT having been represented that paragraph 44 of the Treasury Rules, which requires the Accountant and Treasurer to reconcile their balances before leaving office on kist days, cannot practically be complied with, the Board, in communication with the Commissioners and Accountant-General, Bengal, have found it necessary to relax this rule by allowing a certain period at kist time in each treasury for completion of the work of bringing the accounts into agreement The number of days allotted to each treasury for this purpose is given in the annexed statement In allowing six days to some districts, the Board have conceded more than the Accountant-General has agreed to The office of the Collector should not be allowed to separate for a holiday of more than one day's duration till the accounts have been adjusted

Statement shewing the number of days allowed at each Kist in the undermentioned Treasuries for the agreement of Accounts.

Division	District	January kist	March kist	June kist	September kist	
		Number of days	Number of days	Number of days	Number of days	
	BENGAL					
	Western Districts					
Burdwan	Burdwan	4	4	3	3	
	Bankoora	1	1	1	1	
	Beerbhoom	1	1	1	1	
	Midnapore	3	3	2	2	
	Hooghly with Howrah	4	4	3	3	
	Central Districts					
Presidency	Nuddea	3	3	3	3	
	Jessore	3	3	3	3	
	Moorshedabad	3	3	3	3	
Rajshahye and Cooch Behar	Dinagepore	1	1	1	1	
	Rajshahye	2	2	2	2	
	Rungpore	1	1	1	1	
	Bogra	1	1	1	1	
	Pubna	3	3	3	3	
	Darjeeling	1	1	1	1	
	Eastern Districts					
Dacca	Furreedpore	[illegible]	4	3	3	
	Backergunge	3	3	2	3	
	Mymensingh	5	6	4	5	
	Tipperah	3	3	3	4	
Chittagong	Noakholly	2	2	3	2	
	BEHAR					
Patna	Patna	6	6	4	4	
	Gya	5	[illegible]	4	3	
	Shahabad	5	5	3	3	
	Mozufferpore	6	6	6	6	
	Durbhunga	6	8	6	6	
	Sarun	6	8	4	4	
	Chumparun	1	1	1	1	
Bhagulpore	Monghyr	6	6	4	4	
	Bhagulpore	2	3	2	[illegible]	
	Purneah	2	3	3	2	
	Maldah	1	1	1	1	
		Kist of 28th April	Kist of 8th November			
	ORISSA	Number of days	Number of days			
Orissa	Cuttack	5	5			
	Pooree	3	3			
	Balasore	3	3			
১৪। রেবিনিউ বোর্ড সময়ে২ যেরূপ হিসাব রাখিবার ও দিবার নিয়ম নির্দ্দেশ করেন স্বীয় পদোপলক্ষে যিনি বিক্রেতা হন তিনি তদ্রূপে তাহা রাখিবেন ও দিবেন।

১৫। প্রত্যেক বিক্রেতা জিলার কালেক্টর সাহেবকে বা উক্ত কালেক্টর সাহেবের বা স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারিকে যে কোন সময়ে আপন হিসাব ও রেজিষ্টর দেখিতে দিবেন, ও তাঁহার নিকট যত ইষ্টাম্প মৌজুদ থাকে তাহাও পরীক্ষা করিতে দিবেন।

১৬। কালেক্টর সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের স্থানে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্ম্মচারী বিক্রেতার নিকট যত ইষ্টাম্প থাকে সেই সমুদয় বা তন্মধ্যে কোন শ্রেণীর ইষ্টাম্প চাহিলে প্রত্যেক বিক্রেতা তাহা দিবেন, সেই ইষ্টাম্পের মূল্য দেওয়া গিয়া থাকিলে যত ডিস্কৌণ্ট দেওয়া হইয়াছিল তাহা বাদে সেই মূল্য ফিরিয়া পাইবেন। কোন বিক্রেতা লাইসেন্স ত্যাগ করিলে কিম্বা তাঁহার লাইসেন্সপত্র রহিত করা গেলে যত ইষ্টাম্প অবিক্রীত থাকে ও যাহার মূল্য দেওয়া গিয়াছে ও ব্যবহারের উপযুক্ত আছে তাহার ডিস্কৌণ্ট বাদে তিনি তাহার মূল্য ফিরিয়া পাইবার অধিকারবান হইবেন।

১৭। অবিক্রীত যে ইষ্টাম্প ব্যবহারোপযোগী থাকে লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতা তাহা বদল দিয়া সেই শ্রেণীর অন্য ইষ্টাম্প লইতে পারিবেন।

১৮। এই বিধি ১৮৭৯ সালের আগষ্ট মাসের ১ তারিখ অবধি বলবৎ হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৮ অক্টোবর।]

R L. MANGLES, ESQ., V C

No 8

WITH reference to Article 45, Schedule I of the Indian Stamp Act, I of 1879, the following correction should be made in clause 9, section XII, chapter IX, page 213, volume I of the revised edition of the Board's Rules —

2 Substitute Re 1 for "Rs 2" in lines 8 and 11.

No 9

UNDER sanction accorded by Government, the Board hereby authorize District Officers to remit all fees less than one anna in amount leviable under section 64 of the Land Registration Act VII (B C) of 1876 These orders will apply to fees already payable and outstanding, as well as to such as may be incurred hereafter

2 The following addition should also be made to clause 1, section VIII, chapter V of the Board's Rules, new edition, with reference to the above —

"All fees under one anna in amount should, however, be remitted."

AUGUST 1879.

R L MANGLES, ESQ, V C

No 1.

FOLLOWING the precedent of the orders contained in the High Court's circular No 19 dated 11th May 1878, with respect to mukhtars, the Board of Revenue hereby direct that no attestation shall in future be required of the powers-of-attorney under which certificated revenue agents appear to conduct cases before revenue officers or authorized vakeels so to appear

No 2

ALL District Officers, who have under their direct management any estates, other than Wards' estates, (whether the standard tehsildaree forms, referred to in the Board's circular of 27th June 1878, are generally in use or not), are requested to submit in future at the close of each quarter, through Commissioners of Divisions, the abstract mehalwari account (Form No. 6), showing the financial results of the management of such estates during the quarter

2 The first return to be submitted should include the results of the first two quarters of the year 1879-80, and should be submitted as soon as possible after September 30th

HON'BLE C T BUCKLAND

No 3

FOR the words "the Collector" in line 1, clause 43, section XVII, of the Board's Excise Rules, substitute the words "The Excise Officer"

[*Government Gazette*, 28th *October* 1879]

শ্রীযুত আর, এল, ম্যাঙ্গলস্ সাহেব, বি, সি।

৮ নম্বর।

ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের ১ আইনের প্রথম তফসীলের ৪৫ প্রকরণ উপলক্ষে বোর্ডের বিধিপুস্তকের নূতন সংস্করণের ১ ভাগের ২১৩ পৃষ্ঠার, ৯ অধ্যায়ের ১২ পরিচ্ছেদের ৯ ধারার নিম্নলিখিত সংশোধন করিতে হইবে।

২। ঐ ধারার ৮ ও ১১ পংক্তিতে '২ টাকা" এই কথার পরিবর্ত্তে "১ টাকা" এই কথা দিতে হইবে।

৯ নম্বর।

ভূমি রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৬৪ ধারামতে আদেয় ফী এক আনার কম হইলে, গবর্ণমেণ্টের অনুমতিক্রমে বোর্ড এতদ্দ্বারা জিলার কর্ত্তৃপক্ষদিগকে ক্ষমতা দিতেছেন যে তাঁহারা ফী ঐ ক্ষমা করিতে পারিবেন। যে ফী দেয় হইয়া বাকী আছে ও যাহা পরে দেয় হইবে তৎসমুদয়ের প্রতি এই আজ্ঞা বর্ত্তিবে।

২। উপরিস্থ আজ্ঞার উপলক্ষে, বোর্ডের বিধি পুস্তকের নূতন সংস্করণের ৫ অধ্যায়ের ৮ পরিচ্ছেদের ১ ধারায় নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।—

"কিন্তু এক আনার কম সমুদয় ফী ক্ষমা করিতে হইবে।"

১৮৭৯ সাল আগষ্ট মাস।

শ্রীযুত আর, এল, ম্যাঙ্গলস্ সাহেব, বি, সি।

১ নম্বর।

মোক্তারদের সম্বন্ধীয় ১৮৭৮ সালের ১১ মে তারিখের হাই কোর্টের ১৯ নম্বর সরকুলারের আজ্ঞা অনুসরণ করিয়া, রেবিনিউ বোর্ড এতদ্দ্বারা আদেশ করিতেছেন যে, যে মোক্তারনামার বলে সর্টিফিকেটপ্রাপ্ত রেবিনিউ এজেণ্টেরা রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকদের সম্মুখে মোকদ্দমা চালাইবার নিমিত্ত উপস্থিত হন অথবা তদ্রূপে উপস্থিত হইবার ক্ষমতা উকীলদের প্রতি অর্পণ করেন, ভবিষ্যতে সেই মোক্তারনামা প্রমাণ করা আবশ্যক হইবে না।

২ নম্বর।

রাজ্যাদুপালিতদের মহালভিন্ন অন্য মহালের অব্যবহিত কার্য্যাধ্যক্ষতার যে সকল জিলার কর্ত্তৃপক্ষদের হস্তে আছে, (১৮৭৮ সালের ২৭ জুনের বোর্ডের সরকুলারে উল্লিখিত আদর্শ তহসীলদারী পাঠ সাধারণতঃ ব্যবহৃত হউক আর নাই হউক), তাঁহাদের প্রতি আদেশ করা যাইতেছে যে তাঁহারা ভবিষ্যতে প্রত্যেক ত্রৈমাসান্তে খণ্ডের কমিশ্যনর সাহেবের হস্ত দিয়া (৬ নম্বর পাঠে) চুম্বক মফলওয়ারী হিসাব পাঠাইবেন, তাহাতে ঐ ত্রৈমাস মধ্যে উক্ত মহালের কার্য্যাধ্যক্ষতার রাজস্বগত ফল প্রদর্শিত হইবে।

২। প্রথমে যে রিটর্ণ পাঠাইতে হইবে, তাহাতে ১৮৭৯—৮০ সালের প্রথম দুই ত্রৈমাসের ফল থাকিবে, এবং ৩০ সেপ্টেম্বরের পর যত শীঘ্র হইতে পারে তাহা পাঠাইতে হইবে।

মান্যবর শ্রীযুত সি, টি, বকলাণ্ড সাহেব।

৩ নম্বর।

বোর্ডের আবকারী বিধির ১৭ পরিচ্ছেদের ৪৩ ধারার ১ পংক্তিতে "কালেক্টর সাহেব" এই কথার পরিবর্ত্তে "আবকারী কর্ত্তৃপক্ষ" এই কথা দিতে হইবে।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M. A. AND B L,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ২৮ অক্টোবর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 16, 1879

মঙ্গলবার ১৮৭৯ সাল ১৬ ডিসেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL.

No 23, dated the 7th June 1879

A doubt having been expressed as to whether the form of "Certificate by Judge of due service of summons under Section 59," Act VIII of 1859, prescribed by Circular Order No 9, dated the 6th April 1871, has been superseded by the Form No 121 in the 4th Schedule of Act X of 1877, the Judges are pleased formally to cancel the form first mentioned, and to direct that the latter be used instead thereof

---

No 24, dated 14th June 1879

It is not necessary that a detailed list of the Exhibits admitted in evidence in a case should form part of the General Index of the contents of the Trial Nuthee, the preparation of which is enjoined by the orders noted in the margin It is sufficient to state in the General Index the number of Exhibits used by each party, the necessary detail being given in the supplementary lists of Exhibits, which should also have a column to show the distinguishing mark put upon each by the Court.

Circular Order No 18 (Civil), dated 18th July 1877
Circular Order No 7 (Civil), dated 23rd February 1878

2. A separate fly-leaf should be prepared for the Process Record in which the papers should be grouped as much as possible, all processes to plaintiffs' witnesses being entered consecutively, and all processes to the witnesses of each defendant or group of defendants. Petitions and other papers should be similarly shown. If there are any papers which cannot be distributed among the several parties, they will form a separate group by themselves.

No. 25, dated the 16th June 1879

In order to secure the accuracy of the entries made in the Daily Abstract Register of Court Fee Stamps prescribed by the orders noted in the margin, the Court are pleased to direct that a detailed daily register be kept in the form annexed in all Civil Courts subject to their superintendence, and that the instructions given below for its preparation be observed

Circular Order (Civil and Criminal) No 23, dated 22nd December 1877

Daily Register of Court Fees realized in the Court of the

at

Serial number of document	Process Fees		Fees for administering affidavits	Amount realized under Act VII of 1870, Schedule 1 Articles 1 to 9 inclusive	Amount realized under the same Schedule Nos 10 to 12	Amount realized under Schedule II	Total	Remarks
	Fees for employment of Ameen	Other fees						
1	2	3	4	5	6	7	8	
	Rs A	Rs A	Rs A	Rs A.	Rs. A	Rs. A	Rs A	

INSTRUCTIONS

This register is meant to show in detail every document filed bearing court Fees stamps, except certified copies the stamps on which should be entered in the register of the Court or Office which issues them At the time the stamps are first punched a serial number should be entered on every document (including certified copies issued) immediately below the stamps, and in column 1 of this register, in the remaining columns of which will be entered the amount of the fees of each kind realized on the document The entries in this register will be totalled daily, and the results entered in the Daily Abstract Register

[*Government Gazette*, 16*th December* 1879]

বঙ্গদেশস্থ কোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী।

২৩ নম্বর, ১৮৭৯ সাল ৭ জুন।

১৮৭১ সালের ৬ আপ্রিলের ৯ নম্বর সরকুলরে সকল উপযুক্তমতে জারী করা গিয়াছে, এই বিষয়ে ১৮৫৯ সালের ৮ আইনের ৫৯ ধারামতে জজের যে সর্টিফিকেট নির্দ্দিষ্ট হয়, তাহা ১৮৭৭ সালের ১০ আইনের চতুর্থ তফসীলের ১২১ নম্বর পাঠদ্বারা রহিত করা গিয়াছে কি না, এতৎসম্বন্ধে সন্দেহ উপস্থিত হওয়াতে জজ সাহেবেরা প্রথমোক্ত পাঠ নিয়মিতরূপে রহিত করিয়া তৎপরিবর্ত্তে শেষোক্ত পাঠ ব্যবহার করিবার আজ্ঞা দিলেন।

---

২৪ নম্বর, ১৮৭৯ সাল ১৪ জুন।

পার্শ্বলিখিত আজ্ঞাদ্বয়ে বিচারের নথীর যে সাধারণ সূচীপত্র প্রস্তুত করিবার আদেশ আছে, সেই সূচীপত্রে মোকদ্দমার প্রধান মধ্যে যে সকল দস্তাবেজ গৃহীত হয় তৎসমুদয়ের বিস্তারিত ফর্দ্দ দিবার প্রয়োজন নাই। প্রত্যেক পক্ষ যত দস্তাবেজ ব্যবহার করেন সাধারণ সূচীপত্রে তাহার সংখ্যা নির্দ্দেশ করিলেই যথেষ্ট, দস্তাবেজের পরিশিষ্ট ফর্দ্দে প্রয়োজনীয় বিশেষ বিবরণ প্রদত্ত হইবে, উহারই একটী ঘরে আদালত প্রত্যেক দস্তাবেজে যে বিশেষ চিহ্ন দেন তাহা লেখা থাকিবে।

১৮৭৭ সালের ১৮ জুলাইর ১০ নম্বর দেওয়ানী সরকুলর।
১৮৭৮ সালের ২৩ ফেব্রুয়ারির ৭ নম্বর দেওয়ানী সরকুলর।

২। পরওয়ানার নথীরও স্বতন্ত্র সূচীপত্র প্রস্তুত করিতে হইবে, তাহাতে যতদূর সম্ভব কাগজ পত্রগুলি শ্রেণীবদ্ধ করিতে হইবে। বাদিদের সাক্ষিদের প্রতি যে সকল পরওয়ানা দেওয়া যায়, ক্রমান্বয়ে তৎসমুদয়ের কথা লিখিতে হইবে, ও তদ্রূপে প্রত্যেক প্রতিবাদির কি প্রতিবাদিদলের সাক্ষিদের পরওয়ানার কথাও লিখিতে হইবে। দরখাস্ত ও অন্যান্য কাগজও উক্তরূপে দেখান যাইবে। ভিন্ন ভিন্ন পক্ষের মধ্যে বিভক্ত করিয়া দেওয়া যায় না এরূপ কাগজ পত্র থাকিলে, তৎসমুদয় লইয়া একটী স্বতন্ত্র শ্রেণী হইবে।

---

২৫ নম্বর, ১৮৭৯ সাল ১৬ জুন।

পার্শ্বোল্লিখিত আজ্ঞায় কোর্ট ফী ইষ্টাম্পের যে দৈনিক সংক্ষিপ্ত রেজিষ্টর নির্দ্ধারিত হইয়াছে তাহাতে যেহ কথা লেখা যায় তৎসমুদয়ের শুদ্ধতা রক্ষা করণার্থে কোর্ট আদেশ করিতেছেন যে তাঁহাদের তত্ত্বাবধারণাধীন সমুদয় দেওয়ানী আদালতে এতৎ সংযুক্ত পাঠে বিস্তারিত দৈনিক রেজিষ্টর রাখিতে হইবে, এবং তাহা প্রস্তুত করিবার নিমিত্ত নিম্নলিখিত উপদেশ পালন করিতে হইবে।

১৮৭৭ সালের ২২ ডিসেম্বরের ২৩ নম্বর দেওয়ানী ও ফৌজদারী সরকুলর অর্ডর।

অমুক স্থানের অমুক আদালতে যে কোর্ট ফী আদায় হইল তাহার দৈনিক রেজিষ্টর।

দস্তাবেজের ক্রমিক নম্বর।	পরওয়ানার ফী		আফিডেবিট করিবার ফী।	১৮৭০ সালের ৭ আইনের ১ তফসীলের ১ অবধি ৯ পর্য্যন্ত প্রকরণমতে আদায় হইল।	ঐ তফসীলের ১০, ১১ ১২ প্রকরণমতে আদায় হইল।	২ তফসীলমতে আদায় হইল।	মোট।	মন্তব্য।
	আমীন নিয়োগের ফী	অন্য ফী।						
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	

সহী মোহরের নকল ছাড়া কোর্ট ফী ইষ্টাম্পযুক্ত যেহ দস্তাবেজ দাখিল হয়, বিস্তারিতরূপে তৎসমুদয় দেখান এই রেজিষ্টরের উদ্দেশ্য। যে আদালত কি কার্য্যালয় সহীমোহরের নকল দেন, সেই আদালতের কি কার্য্যালয়ের রেজিষ্টরে ঐ নকল দিবার ইষ্টাম্প লেখা থাকিবে। ইষ্টাম্প রেদী করিবার সময়ে সহীমোহরের নকলযুক্ত প্রত্যেক দস্তাবেজে ইষ্টাম্পের নীচেই ও এই রেজিষ্টরের ১ ঘরে ক্রমিক নম্বর দিতে হইবে; দস্তাবেজ হইতে প্রত্যেক প্রকারের যত ফী আদায় হয় অবশিষ্ট ঘরে তাহ লেখা থাকিবে। এই রেজিষ্টরের লিখিত অঙ্কগুলি প্রত্যহ ঠিক দিয়া ফল দৈনিক সংক্ষিপ্ত রেজিষ্টরে তুলিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ১৬ ডিসেম্বর।]

No 26, dated 21st June 1879.

The attention of the Judges having been called to the fact that the Circular Order No 12, dated 31st March 1879, lays down a rule for the guidance of the subordinate Courts in a matter which may more conveniently be left to be disposed of by a judicial decision, I am directed to say that the said Circular is hereby cancelled, and, in lieu thereof, the Court desires that all District Judges and all Moonsiffs at out-stations will publicly impress upon pleaders of all grades a sense of their responsibility to the Courts in which they practise in the matter of accepting vakalutnamahs from parties themselves, or from persons professing to be authorized by special or general powers of attorney to act on behalf of other persons

2 The Courts accept vakalutnamahs on the responsibility of Pleaders. A Pleader accepting a vakalutnamah purporting to be executed by his client in person is bound to satisfy himself that it was so executed When it purports to be executed by a third party on behalf of his client, he is bound to ascertain that such person has been duly empowered by the client to appoint a Vakeel, and has himself executed the vakalutnamah

3 The Judges and Moonsiffs above mentioned, after reading and explaining this order to the pleaders at their stations, will record a proceeding setting forth that they have done so, to which the pleaders will be requested to attach their signatures.

No. 27, dated the 12th July 1879

It having been represented that the Subordinate Civil Courts, when fixing the period for the purpose of executing commissions to make local investigations for the purpose of determining the charge to be levied under Clause (*b*), Article 3, Parts II, III, and IV of the revised rules framed by the High Court under Clause 1, Section 20 of the Court Fees Act, 1870, do not always make sufficient allowance for the time occupied by the Ameen in travelling to the spot, and in preparing his report, the Court are pleased to direct that a charge be made for the time occupied in preparing the report, if it cannot be done at once, but that care be taken that the charge on this account is kept down to what is strictly necessary, and also that, in calculating the fees payable, the actual distance the Ameen has to travel be considered, and that it be not assumed, except by the Courts at the Sudder Station, that he is at the Court issuing the commission, when in fact he is not so In case it be doubtful where the Ameen is, it may be assumed that he is at the Sudder Station

---

No 28, dated the 19th July 1879

Whenever, in order to establish the execution or writing of any document tendered as an exhibit in a suit, evidence is given thereof which, if unrebutted, is legally sufficient for the purpose, the document shall be taken, for the purpose of being endorsed and filed as part of the record, as proved within the meaning of Section 142 of the Civil Procedure Code, subject, however, to the provisions of Sections 140 and 142 of the Civil Procedure Code

---

No 30 dated the 23rd August 1879

The following instructions are issued in order to secure uniformity of practice in the matter of levying stamp duty on applications for copies, and on the copies themselves.

2 Under Article 1 (*a*), Schedule II, Act VII of 1870, every application for a copy must bear a stamp of one anna

3 Copies which are not issued with a certificate of their correctness do not require a stamp under the Act Copies of public documents certified under Section 76 of the Evidence Act to be correct must be charged with a court fee under one of the Articles 6 7, or 9 of Schedule I of the Court Fees' Act Every copy under Article 8 must of necessity be stamped

4 Unauthenticated copies should only be marked as "examined" and initialled by the examiner, while copies to be used, or capable of being used as evidence, should be "certified to be a correct copy" and signed in full and bear the seal of the Court.

[*Government Gazette*, 16*th December* 1879.]

২৬ নম্বর, ১৮৭৯ সাল ২১ জুন।

১৮৭৯ সালের ৩. মার্চের ১২ নম্বর সরকুলর অর্ডরে নিম্ন আদালতের উপদেশার্থে এমত একটী বিষয়ের বিধি আছে আদালতের নিষ্পত্তিদ্বারা যাহার মীমাংসা হইতে দেওয়া অধিকতর সুবিধা, এই বিষয়ে জজ সাহেবদের মনোযোগ আকর্ষিত হওয়াতে, আমি আদেশপ্রাপ্ত হইয়া জানাইতেছি যে উক্ত সরকুলর এতদ্বারা রহিত করা গেল, এবং তৎপরিবর্ত্তে কোর্টের ইচ্ছা এই যে সমুদয় জিলার জজ সাহেব ও মফঃসলের মুন্সেফগণ প্রকাশ্যরূপে সকল শ্রেণীর উকীলদিগকে বুঝাইয়া দিবেন যে পক্ষদের স্থানে, কিম্বা অন্য ব্যক্তিদের পক্ষে খাস বা আম মোক্তারনামা বলে কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত বলিয়া পরিচয় প্রদায়ি ব্যক্তিদের স্থানে, ওকালতনামা গ্রহণ সম্বন্ধে তাঁহারা যে আদালতে কর্ম্ম করেন সেই আদালতের নিকটে কত দূর দায়ী।

২। উকীলের মারফতিতে আদালত ওকালতনামা গ্রহণ করেন। উকীল আপন মওক্কেলের লিখিত বলিয়া কোন ওকালতনামা গ্রহণ করিলে, উহা যে তদ্রূপে লিখিত হইয়াছে ইহা তিনি বুঝিয়া লইতে বাধ্য। তাঁহার মওক্কেলের পক্ষে তৃতীয় ব্যক্তি কর্ত্তৃক ওকালতনামা লিখিত বলিয়া প্রকাশ থাকিলে, তিনি ইহা নিশ্চয় করিয়া জানিতে বাধ্য যে উক্ত ব্যক্তি তাঁহার মওক্কেলের নিকট নিয়মিতরূপে উকীল নিয়োগ করিবার ক্ষমতা পাইয়াছেন ও স্বয়ং ওকালতনামা লিখিয়া দিয়াছেন।

৩। পূর্ব্বোল্লিখিত জজ ও মুনসেফগণ এই আজ্ঞা স্ব স্ব স্থানের উকীলদের নিকটে পাঠ ও ব্যাখ্যা করিয়া তদ্রূপ করিয়াছেন বলিয়া রুবকারি লিপিবদ্ধ করিবেন, এবং তাহাতে স্বাক্ষর সংযুক্ত করিতে উকীলদিগকে অনুরোধ করা যাইবে।

---

২৭ নম্বর, ১৮৭৯ সাল ২ জুলাই।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ২০ ধারার ১ প্রকরণমতে হাই কোর্টের প্রণীত সংশোধিত বিধির ২, ৩, ও ৪ ভাগের ৩ প্রকরণের (খ) দফাক্রমে যে খরচ আদায় করিতে হইবে তন্নিরূপণার্থে স্থানীয় অনুসন্ধান লইবার নিমিত্ত যে কমিশান দেওয়া হয় তদনুসারে কার্য্য হইবার মিয়াদ নির্দ্ধারণ কালে নিম্ন দেওয়ানী আদালত আমীনের সেই স্থানে যাইতে ও রিপোর্ট প্রস্তুত করিতে যে সময় লাগে সর্ব্বদা তদ্বিষয়ের যথোচিত বিবেচনা করেন না, এই রূপ বর্ণনা প্রাপ্ত হইয়া কোর্ট আদেশ করিতেছেন যে রিপোর্ট অবিলম্বে প্রস্তুত করা যাইতে না পারিলে, রিপোর্ট প্রস্তুত করিতে যে সময় লাগে তাহার খরচ ধরা যাইবে, কিন্তু সাবধান হইতে হইবে যে যাহা নিতান্ত আবশ্যক এই হিসাবে তদতিরিক্ত খরচ ধরা না হয়, এবং দেয় ফীর হিসাব করিবার সময়ে প্রকৃত পক্ষে আমীনের যত দূর যাইতে হইবে তাহার বিবেচনা করা হয়, এবং সদর মোকামের আদালত ভিন্ন অন্য কোন আদালত এরূপ অনুমান না করেন যে, যে আদালত কমিশান দেন বস্তুতঃ সেখানে না থাকিলেও তিনি সেই আদালতে আছেন। আমীন কোথায় আছেন এই বিষয়ে সন্দেহ থাকিলে, তিনি সদর মোকামে আছেন বলিয়া অনুমান করা যাইতে পারিবে।

---

২৮ নম্বর, ১৮৭৯ সাল ৯ জুলাই।

কোন মোকদ্দমায় দস্তাবেজস্বরূপ যে কোন দলীল উপস্থিত করা যায় তাহার সম্পাদন কি লিখন সপ্রমাণ করণার্থে যদি এরূপ সাক্ষ্য দেওয়া যায়, যাহা বিরুদ্ধ প্রমাণাভাবে আইনমতে প্রচুর, তবে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৪০ ও ১৪২ ধারার বিধানের নিয়মাধীনে দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১৪১ ধারার অভিপ্রায়ানুসারে প্রমাণীকৃত বলিয়া পৃষ্ঠলিপি করিবার ও নথীর একাংশরূপে গাঁথিয়া রাখিবার নিমিত্ত উক্ত দলীল গৃহীত হইবে।

---

৩০ নম্বর, ১৮৭৯ সাল ২৩ আগষ্ট।

প্রতিলিপির প্রার্থনাপত্রের উপর ও প্রতিলিপির উপর যে ইষ্টাম্প মাসুল আদায় করা যায়, তৎসংক্রান্ত রীতির সাম্য সম্পাদন নিমিত্ত পশ্চাল্লিখিত আদেশ প্রদত্ত হইতেছে।

২। ১৮৭০ সালের ৭ আইনের ২ তফসীলের ১ প্রকরণের (ক) দফামতে প্রতিলিপি পাইবার প্রত্যেক প্রার্থনাপত্রে এক আনা মূল্যের ইষ্টাম্প দিতে হইবে।

৩। শুদ্ধতার সংসিত্তলিপি বিনা যে প্রতিলিপি প্রদত্ত হয়, উক্ত আইনমতে তাহাতে ইষ্টাম্প লাগে না। সরকারী কাগজপত্রের প্রতিলিপি সাক্ষ্য বিষয়ক আইনের ৭৬ ধারামতে শুদ্ধ বলিয়া সংসিত্ত লিপিযুক্ত হইলে, তাহাতে আদালতের রসুমবিষয়ক আইনের ১ তফসীলের ৬ কি ৭ কি ৯ প্রকরণমতে কোর্ট ফী লাগিবে। ৮ প্রকরণমত প্রত্যেক প্রতিলিপিতে অবশ্যই ইষ্টাম্প দিতে হইবে।

৪। অসংসিত্ত প্রতিলিপিতে "পরীক্ষিত" বলিয়া চিহ্ন করা থাকিবে ও পরীক্ষক তাহাতে তাঁহার নামের আদ্যক্ষর দিবেন। সাক্ষীস্বরূপ ব্যবহৃত হইবার বা হইতে পারিবার নিমিত্ত যে প্রতিলিপি দেওয়া যায়, তাহাতে "প্রকৃত প্রতিলিপি" বলিয়া সর্টিফিকেট ও পূর্ণ স্বাক্ষর থাকিবে ও তাহা আদালতের মোহরাঙ্কিত হইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৯। ১৬ ডিসেম্বর।]

5 Attention should be given to the instructions contained in Circular Order No 6, dated 2nd June 1875, in determining whether or not an application for a certified copy of a document appertaining to the record of a civil suit should be granted or not The provisions of Section 131, Act X of 1877, under which a party or a pleader is entitled to take copies of his adversary's documents should also be borne in mind.

No 31, dated 30th August 1879

It is provided by Section 217 of the Code of Civil Procedure that copies of judgments and decrees shall be given to parties on their application and at their expense, and it has consequently become necessary to modify the rule contained in paragraph 2 of Circular Order No 31, dated 3rd October 1864

2 By a recent order (Circular Order No. 22, dated 28th May 1879,) the High Court made provision for the giving of information to parties applying for copies, of the amount of fees chargeable for their preparation It now further directs that the time to be deducted, in computing time under the Limitation Act, for the period occupied in obtaining a copy of a decree or order, shall not begin to count until the whole of the court fees chargeable for the same under the Court Fees Act, and also the fees for the preparation of it, shall have been paid, and that any time during which the preparation of the copy is stopped in consequence of the applicant failing to supply sufficient material for it shall not be deducted

3 When the fee for the preparation of the copy is not paid on the second day next following, and exclusive of that on which the application for the same has been made, the application should, unless good cause be shown, be then rejected.

CRIMINAL

No 3, dated the 21st June 1879.

The annexed form of fly-leaf, or index of papers composing the record of trials, is prescribed for adoption by all Criminal Courts subordinate to the High Court, in place of the form now in use

2 As the trial proceeds papers bearing on the offence charged and material to elucidate or justify the decision, will be separately arranged in the order in which they come before the Court, and papers which have no such bearing, or are not material in order of date, and an index for each of these files, will be prepared accordingly

List of Papers composing the *Record*

COURT OF THE AT

CASE No OF 18 .

Complainant
Defendant.

Charge under Section of

Note —When papers are separated for destruction, the record keeper should enter the word "*preserved*" in the last column against those retained for permanent preservation

Pages of record	Description of papers.	Distinctive mark, if any	Note of papers selected for permanent preservation.

[*Government Gazette*, 16*th December* 1879.]

৫। কোন দেওয়ানী মোকদ্দমার নথীর অন্তর্গত কোন দলীলের সংসিদ্ধ প্রতিলিপি পাইবার প্রার্থনাপত্র মঞ্জুর করা যাইবে কি না, ইহা নিরূপণ করিবার নিমিত্ত ১৮৭৫ সালের ২ জুনের ৬ নম্বর সরকুলর অর্ডরের আদেশের প্রতি মনোযোগ দিতে হইবে। ১৮৭২ সালের ১০ আইনের ১৩১ ধারার যে বিধানমতে কোন পক্ষ কি উকীল বিপক্ষের দলীলের প্রতিলিপি লইবার অধিকারী, তাহাও মনে রাখিতে হইবে।

---

৩১ নম্বর, ১৮৭৯ সাল ৩০ আগষ্ট।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২১৭ ধারায় বিধান আছে যে কোন পক্ষ প্রার্থনা করিলে তাঁহার খরচে তাঁহাকে বিচারপত্রের ও ডিক্রীর প্রতিলিপি দেওয়া যাইবে, এবং এই নিমিত্ত ১৮৬৪ সালের ৩ অক্টোবরের ৩১ নম্বর সরকুলর অর্ডরের ২ ধারার বিধি পরিবর্ত্তন করা আবশ্যক হইয়া উঠিয়াছে।

২। হাই কোর্ট সম্প্রতি (১৮৭৯ সালের ২৮ মের ২২ নম্বর সরকুলর অর্ডরে) আজ্ঞা দিয়া যে পক্ষ প্রতিলিপির প্রার্থনা করেন, তাহা প্রস্তুত করিতে যে ফী লাগিবে, তাঁহাকে তাহার সংবাদ দিবার বিধান করিয়াছেন। কোর্ট এক্ষণে আবার আদেশ দিয়েছেন যে কোন ডিক্রীর কি আজ্ঞার প্রতিলিপি লইতে যে সময় লাগে, যাবৎ আদালতের রসুমবিষয়ক আইনমত তাহার সমুদয় কোর্ট ফী ও তাহা প্রস্তুত করিবার ফী প্রদত্ত না হয়, মিয়াদবিষয়ক আইনের হিসাবমতে সেই সময়ের যে অংশ বাদ দেওয়া যাইবে, তাহার গণনারম্ভ হইবে না, এবং প্রার্থক যথাযোগ্য উপকরণ না দেওয়াতে যত কাল প্রতিলিপি প্রস্তুত হওয়া বন্ধ থাকে তাহাও বাদ দেওয়া যাইবে না।

৩। যে তারিখে প্রতিলিপি পাইবার প্রার্থনা করা যায়, সেই তারিখের পর দুই দিন মধ্যে তাহা প্রস্তুত করিবার ফী দেওয়া না গেলে, যদি উপযুক্ত কারণ দর্শান না হয়, তাহাহইলে প্রার্থনাপত্র তখন অগ্রাহ্য করিতে হইবে।

ফৌজদারী।

৩ নম্বর, ১৮৭৯ সাল ২১ জুন।

এক্ষণে যে পাঠ ব্যবহৃত হয় তৎপরিবর্ত্তে হাই কোর্টের অধীনস্থ সমস্ত ফৌজদারী আদালতের অবলম্বন নিমিত্ত বিচারের নথীর অন্তর্গত কাগজপত্রের অতিরিক্ত কি সূচীপত্রের এতৎসংযুক্ত পাঠ নির্দ্দেশ করা গেল।

২। যেমন বিচারকার্য্য চলিতে থাকে, যে সকল কাগজপত্র অভিযুক্ত অপরাধ সম্বন্ধীয় ও নিষ্পত্তি নিষ্পন্ন করণার্থ ও প্রতিশোধনার্থ প্রয়োজনীয়, তৎসমুদয় যে ক্রমে আদালতে উপস্থিত হয় সেই ক্রমে স্বতন্ত্র করিয়া সাজাইতে হইবে, এবং যে সকল কাগজপত্র তদ্রূপ সম্বন্ধ বিশিষ্ট বা প্রয়োজনীয় না হয়, তৎসমুদয় তারিখক্রমে সাজাইতে হইবে, এবং এইরূপ প্রত্যেক নথীর সূচীপত্র প্রস্তুত করিতে হইবে।

অমুক নথীর অন্তর্গত কাগজপত্রের তালিকা।

অমুক স্থানের অমুকের আদালত।

১৮ সালের এত নং মোকদ্দমা।

বাদী।

প্রতিবাদী।

অমুক আইনের অমুক ধারামত অভিযোগ।

মন্তব্য।—যখন বিনষ্ট করিবার নিমিত্ত কাগজপত্র পৃথক্ করা যায়, চিররক্ষণার্থে যে গুলি রাখা যায় মোহাফেজ তাহার পার্শ্বে শেষ ঘরে "রক্ষিত" এই কথা লিখিবেন।

নথীর পৃষ্ঠা।	কাগজের বর্ণনা।	বিশেষ চিহ্ন থাকিলে তাহা।	চিররক্ষণার্থে মনোনীত কাগজ সম্বন্ধে মন্তব্য।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৭৯। ১৬ ডিসেম্বর।]

No 4, dated the 30th August 1879

Under Chapter XII of the Code of Criminal Procedure, service of a summons should, if possible, be made personally, but when the person named therein cannot be found, substituted service is allowed to be made (1) by giving a copy to a male adult member of his family living with him, or, where there is none such on whom service can be made, (2) by fixing a copy on some conspicuous part of the house in which the person to whom the summons is addressed ordinarily resides

2 The court has reason to believe that some laxity of practice exists in the matter of seeing that the requirements of the law are strictly attended to, and, in a case recently brought to its notice, has observed that a Magistrate taking affidavits of the service of summonses received from the Calcutta Small Cause Court, under Section 30, Act IX of 1850, entirely failed to record the particulars which were material to enable that Court to judge whether the provisions of the law had been complied with The Judges are, therefore, pleased to circulate, for the information and guidance of the Criminal Courts, the accompanying extracts from Circular Order, No 9 of 6th April 1871, addressed to Civil Judges, pointing out how the service of process should be proved, and to direct that the instructions given be observed not only with respect to process received from other courts or districts but in every case where it is material to prove the service of process

Extracts from Circular Order No 9, of 6th April 1871, *addressed to Civil Judges* —Vide *unrepealed Circular Orders, page* 25, *&c.*

As to personal service.

Rule 1 —When the summons or notice is served on the defendant personally, the service and the signature of the defendant on the back of the summons or copy should be proved by the affidavit or solemn declaration recorded in writing of the person who actually effected the service, and the dentity of the person served with the party to whom the process is addressed, should be proved by the affidavit or solemn declaration of some one personally acquainted with the party to be served

As to service on an adult male member of the family

Rule 2 —If the service be made on an adult male member of his family residing with him, it should be proved by the affidavit or solemn declaration of the officer effecting the service, and, if necessary, of some other person or persons acquainted with the facts that the defendant could not be found, and that the person to whom the process was delivered was an *adult* male member of his family, and was actually residing with him at the time of such service

As to service by affixing copy of the summons to the house

Rule 3 —If the service be made by affixing it to the dwelling-house of the defendant, it should, in like manner, be proved that the defendant could not be found nor any other person on whom the service could be made, and that the defendant *was actually dwelling* in the house, on the outer door of which a copy of the process was fixed, at the time when it was so fixed.

[*Government Gazette*, 16*th December* 1879.]

ফৌজদারী।

—

৪ নম্বর, ১৮৭৯ সালের ৩০ আগষ্ট।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ২ অধ্যায় মতে, হইতে পারিলে, যে ব্যক্তির নামে সমন দেওয়া যায়, নিজ সেই ব্যক্তির উপরই তাহা জারী করা উচিত। কিন্তু উক্ত ব্যক্তিকে পাওয়া না গেলে, তৎপরিবর্ত্তে (১) তাহার পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত যে পুরুষ তাঁহার সঙ্গে একত্র বাস করে তাহাকে একখণ্ড প্রতিলিপি দিয়া, কিম্বা তদ্রূপ কেহ না থাকিলে, (২) যে ব্যক্তির নামে সমন দেওয়া যায় তিনি সচরাচর যে গৃহে বাস করেন সেই গৃহের কোন প্রকাশ স্থানে এক খণ্ড প্রতিলিপি লাগাইয়া দিয়া, সমন জারী করিবার অনুমতি আছে।

২। ঐ আইনের আদেশ ঠিক পালন হয়, ইহা দেখিবার সম্বন্ধে কার্য্যতঃ কিঞ্চিৎ শৈথিল্য আছে হাইকোর্টের এরূপ বিশ্বাস করিবার কারণ আছে, এবং সম্প্রতি একটী মোকদ্দমার প্রতি মনোযোগ আকর্ষিত হওয়াতে কোর্ট দেখিয়াছেন যে ১৮৫০ সালের ৯ আইনের ৩০ ধারামতে কলিকাতার ছোট আদালত হইতে প্রাপ্ত সমন জারী হইবার আফিডেবিট লইবার সময়ে একজন মাজিষ্ট্রেট, আইনের বিধানমতে কার্য্য হইয়াছিল কি না কোর্ট যাহাতে বুঝিতে পারেন, এরূপ প্রয়োজনীয় বিশেষ কথাগুলি একেবারেই লিখেন নাই। এই নিমিত্ত জজ সাহেবেরা, পরওয়ানা জারী কি প্রকারে সপ্রমাণ করিতে হইবে, এই বিষয় বুঝাইয়া দিয়া দেওয়ানী বিচারপতিদিগকে ১৮৭১ সালের ৬ আপ্রিলের যে ৯ নম্বর সরকুলর অর্ডার দেন, তাহা হইতে এতৎসংযুক্ত বিধি উদ্ধৃত করিয়া ফৌজদারী আদালতের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রচার করিতেছেন ও আজ্ঞা দিতেছেন যে, কেবল অন্য আদালত কি জেলা হইতে প্রাপ্ত পরওয়ানা সম্বন্ধে নহে, পরওয়ানা জারী হইবার প্রমাণ করা যে স্থলে প্রয়োজনীয় তদ্রূপ প্রত্যেক স্থলেই এতদ্ আদেশ পালন করিতে হইবে।

বিধি।

কোন ব্যক্তির উপর জারী করিতে হইবে।

১। সমন কি নোটিস প্রতিবাদিকেই দেওয়া গেলে, ঐ পত্র যে তাঁহাকে দেওয়া গেল, এবং সমনের কিম্বা তৎপ্রতিলিপির পৃষ্ঠে যে প্রতিবাদী স্বাক্ষর করিলেন, যে ব্যক্তি প্রকৃতপক্ষে ঐ সমন দিলেন তাঁহার স্বহস্ত লিখিত আফিডেবিট কিম্বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা দ্বারা ইহার প্রমাণ করিতে হইবে। আরো পরওয়ানায় যে ব্যক্তির নাম লেখা থাকে ঐ পত্র তাঁহাকেই দেওয়া গিয়াছে, তাঁহাকে চিনে এরূপ কোন ব্যক্তির আফিডেবিট বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা দ্বারা ইহার প্রমাণ করিতে হইবে।

তৎপরিবারস্থ বয়ঃপ্রাপ্ত পুরুষের উপর জারী করিতে হইবে।

২। তাঁহার সঙ্গে একত্রে বাস করে তাঁহার পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত এরূপ পুরুষের উপর পরওয়ানা জারী করা গেলে, ঐ ব্যক্তির সন্ধান পাওয়া গেল না ও পরওয়ানা যাহাকে দেওয়া গেল সে ঐ ব্যক্তির পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত পুরুষ ও পরওয়ানা পাইবার সময়ে যথার্থই ঐ ব্যক্তির সঙ্গে বাস করিতেছিল, যে কার্য্যকারক ঐ পরওয়ানা জারী করেন তাঁহারই, এবং আবশ্যক বোধ হইলে, অন্য যে ব্যক্তি বা ব্যক্তিরা সমস্ত বৃত্তান্ত জানেন তাঁহার বা তাঁহাদের আফিডেবিট বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞা দ্বারা এই কথার প্রমাণ লওয়া উচিত।

গৃহে সমনের প্রতিলিপি লাগাইয়া জারী করিতে হইবে।

৩। প্রতিবাদির বাসগৃহে লাগাইয়া জারী করা গেলে, প্রতিবাদির সন্ধান পাওয়া গেল না ও যাহাকে দেওয়া যাইতে পারিত এরূপ অন্য কোন ব্যক্তি ছিল না, এবং পরওয়ানার প্রতিলিপি যে গৃহের বহির্দ্বারে লাগাইয়া দেওয়া যায় প্রতিবাদী তৎকালে যথার্থই সেই গৃহে বাস করিতে ছিলেন, পূর্ব্বোক্তমতে এই২ কথার প্রমাণ লওয়া উচিত।

RAJ KRISHNA MUKHOPADHYA, M A AND B L,
Bengali Translator

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 30, 1879.

মঙ্গলবার ১৮৭৯ সাল ৩০ ডিসেম্বর।

PART VII.

Circular Orders of the High Court and Board of Revenue.

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDER ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CIVIL

No 83, dated the 18th September 1879

THE High Court finds it necessary to call the attention of the Judges of Subordinate Courts to the following observations and rules with reference to Sections 294 and 306 of the Code of Civil Procedure.

2 Section 294 does not provide for the set-off of a part of the purchase-money against a part of the amount due under a decree The whole of the purchase money may be set off against a part of the amount due under a decree, where the latter exceeds he former, or where the purchase-money exceeds the amount due under the decree, the whole of the latter may be set off against the former

3 When the decree-holder purchasing property of his debtor at an execution sale, with leave of the Court, desires to make a set off, the Court executing the decree "shall enter up satisfaction of the decree, in whole or in part, accordingly" No receipt is required from the decree holder, and the entering up of satisfaction does not depend upon his giving such receipt When he has signified his intention of claiming a set off, the Court is to *enter up satisfaction* in full, or in part, as the case may be, without any further action in that respect by the decree-holder

4 Satisfaction cannot be entered up until the sale has been confirmed, and must then be done once for all The practice of entering up satisfaction, as for the earnest-money required under Section 306, is irregular and is prohibited

Rules framed under Section 652 of the Civil Procedure Code

I —When the amount to be paid by a decree-holder buying with the leave of the Court, and who has signified his intention of claiming a set-off, is not more than the amount due to him under the decree and for the costs of executing it, the deposit required shall not exceed the amount of the court fees due on the sale under Clause F, Article 6, Parts II, III, and IV of the Rules under the Court Fees' Act, Section 20, Clause 1

II —When the amount of purchase money exceeds the amount due to the decree-holder as above, but such excess, together with the amount of Court fees due for the sale, does not exceed 25 per cent of the purchase money, the deposit required shall not exceed the amount of such excess and court fees

III —When the excess with or without the court fees for the sale, is greater than 25 per cent of the purchase-money, the full deposit of 25 per cent shall be required as authorized by Section 306

IV —Whenever the amount due as court fees for the sale of the property has been deposited under Rule I or Rule II, the Court shall, at the time of confirming the sale, direct that such sum be applied by an officer of the Court to the purchase of the necessary stamps, and shall cause the same to be attached to the proceeding containing the order of confirmation, and to be then and there properly defaced All Judges will be held personally responsible for compliance with this order, which, if attended to at the proper time, will give no appreciable trouble

[*Government Gazette, 30th December* 1879]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরক্যুলর অর্ডর।

দেওয়ানী।

৩৩ নম্বর, ১৮৭৯ সাল ১৮ সেপ্টম্বর।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৯৪ ও ৩০৬ ধারা সম্বন্ধীয় নিম্নলিখিত মন্তব্য ও বিধির প্রতি অধীন আদালতের বিচারপতিদের মনোযোগ আকর্ষণ করা হাই কোর্ট আবশ্যক বিবেচনা করিতেছেন।

২। ২৯৪ ধারায় ক্রয়ের টাকার একাংশ ডিক্রীমত পাওনা টাকার একাংশ হইতে বাদ দিবার বিধান নাই। ডিক্রীমত পাওনা টাকা ক্রয়ের টাকা অপেক্ষা অধিক হইলে, শেষোক্ত সমুদয় টাকা প্রথমোক্ত টাকার একাংশের তুল্যমূল্যরূপে বাদ দেওয়া যাইতে পারে, অথবা ক্রয়ের টাকা ডিক্রীমত পাওনা টাকা অপেক্ষা অধিক হইলে, শেষোক্ত সমুদয় টাকা প্রথমোক্ত টাকা হইতে বাদ দেওয়া যাইতে পারে।

৩। ডিক্রীজারী ক্রমে বিক্রয় কালে ডিক্রীদার আদালতের অনুমতি গ্রহণপূর্ব্বক আপনার খাতকের সম্পত্তি ক্রয় করিয়া ক্রয়ের টাকা ও ডিক্রীমত পাওনা টাকা এই উভয়ের এক হইতে এক বাদ দিতে ইচ্ছা করিলে, "যে আদালত ডিক্রীজারী করেন তিনি তদনুসারে ডিক্রীর সমুদয় টাকা কি তাহার একাংশ শোধ হওয়ার কথা লিখিয়া দিবেন"। ডিক্রীদারের স্থানে রসীদ লইবার প্রয়োজন নাই, এবং তাঁহার তদ্রূপ রসীদ দিবার উপরে শোধ হওয়ার কথা লিখিয়া দেওয়া নির্ভর করে না। তিনি এক হইতে এক বাদ দিবার দাওয়া করিবার অভিপ্রায় জ্ঞাপন করিলে, তৎপরে ঐ ডিক্রীদারের আর কোন কার্য্যানুষ্ঠান বিনা আদালত সমুদয় টাকা কি, স্থলবিশেষে, তাহার একাংশ শোধ হওয়ার কথা লিখিয়া দিবেন।

৪। যাবৎ বিক্রয় দৃঢ় করা না যায়, শোধ হওয়ার কথা লিখিয়া দেওয়া যাইতে পারে না, এবং বিক্রয় দৃঢ় করা গেলে শোধ হওয়ার কথা একেবারে লিখিয়া দিতে হইবে। ৩০৬ ধারামত আমানতের টাকা শোধ হওয়া লিখিয়া দিবার প্রথা অনিয়মিত, এজন্য নিষিদ্ধ হইল।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক আইনের ৬৫২ ধারামতে প্রণীত বিধি।

১। যে ডিক্রীদার আদালতের অনুমতি গ্রহণ পূর্ব্বক ক্রয় করিয়া ক্রয়ের টাকা ও তাঁহার পাওনা টাকা এই উভয়ের এক হইতে এক বাদ দিবার দাওয়া করিবার অভিপ্রায় জ্ঞাপন করেন তাঁহার দেয় ক্রয়ের টাকা তাঁহার পাওনা ডিক্রীমত টাকা ও ডিক্রী জারী করিবার খরচ অপেক্ষা অধিক না হইলে আদালতের রসুম বিষয়ক আইনের ২০ ধারার ১ প্রকরণমতে প্রণীত বিধির ২, ৩ ও ৪ ভাগের ৬ প্রকরণের (চ) দফামত বিক্রয় উপলক্ষে যত টাকার কোর্ট ফী দিতে হয়, তত টাকার অধিক আমানত করিতে হইবে না।

২। ক্রয়ের টাকা পূর্ব্বোক্তরূপ ডিক্রীদারের পাওনা টাকা অপেক্ষা অধিক হইলে কিন্তু বিক্রয় বাবৎ কোর্ট ফীর টাকা সমেত ঐ আধিক্যের পরিমাণ ক্রয়ের টাকার শতকরা ২৫৲ টাকার অধিক না হইলে, ঐ আধিক্যের ও কোর্ট ফীর পরিমাণের অধিক টাকা আমানত করিতে হইবে না।

৩। বিক্রয়ের টাকা সমেত কি তদ্ভিন্ন ঐ আধিক্যের পরিমাণ ক্রয়ের টাকার শতকরা ২৫৲ টাকার অধিক হইলে, ৩০৬ ধারার আদেশমত শতকরা ২৫৲ টাকা সমুদয় আমানত করিতে হইবে।

৪। সম্পত্তি বিক্রয়ের কোর্ট ফী স্বরূপ পাওনা টাকা ১ ধারা বা ২ ধারামতে আমানত করা গেলে আদালত বিক্রয় দৃঢ় করিবার সময়ে আদেশ দিবেন যে আদালতের কোন কর্ম্মচারী উক্ত টাকা দিয়া আবশ্যক ইষ্টাম্প ক্রয় করেন, এবং দৃঢ় করিবার আজ্ঞা যে কাগজে লেখা থাকে ঐ ষ্টাম্প তাহাতে লাগাইয়া দিয়া তৎকালে ও সেই স্থানেই উপযুক্তমতে বিকৃত করাইবেন। এই আজ্ঞা পালন সম্বন্ধে প্রত্যেক বিচারপতি নিজে দায়ী থাকিবেন, এবং ইহা যথাযোগ্যরূপে পালন করিতে বিশেষ সচেষ্ট হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৯। ৩০ ডিসেম্বর।]

NOTIFICATION

THE following rule, framed by the High Court under Section 10 of the Letters Patent 1865, is published for general information.

By order of the High Court.

FORT WILLIAM, the 11th September 1879 J. CRAWFURD, *Registrar*

RULE.

THE Court are pleased to direct that the following be substituted for Rule 17 of the rules for the admission of Vakeels in the High Court, dated the 18th September 1873 .—

Any person intending to apply to be admitted to practice as a pleader in the High Court shall, after obtaining such certificate, cause to be inserted in the *Calcutta Gazette* for four successive weeks a notice of his intention, and shall also give to the Registrar a notice in writing of such intention accompanied by the said certificate.

RICHARD GARTH | W. F. McDONELL.
CHARLES PONTIFEX. | H. T. PRINSEP.
W. AINSLIE. | A. WILSON.
G. G. MORRIS. | L. P. DELVES BROUGHTON.
R. C. MITTER. | L. R. TOTTENHAM.

[*Government Gazette, 30th December* 1879.]

বিজ্ঞাপন।

১৮৬৫ সালের প্রকাশ রাজপত্রের ১০ ধারামতে হাই কোর্ট নিম্নলিখিত বিধি প্রণয়ন করিয়াছেন ইহা সাধারণের অবগতিনিমিত্ত প্রকাশ করা গেল।

কোর্ট উইলিয়ম,
১৮৭৯ সাল ১১ সেপ্টেম্বর। } হাই কোর্টের আজ্ঞাক্রমে,
জে, ক্রাফর্ড, রেজিষ্ট্রার।

বিধি।

কোর্ট আদেশ করিতেছেন যে, ১৮৭৩ সালের ১৩ সেপ্টেম্বরে হাই কোর্টে উকীলদের গ্রাহ্য হইবার যে বিধি হয়, তাহার ১৭ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।

কোন ব্যক্তি হাই কোর্টে উকীলস্বরূপ কর্ম্ম করিবার প্রার্থনা করিবার কল্পনা করিলে, উক্ত সর্টিফি-কেট পাইয়া ক্রমিক চারি সপ্তাহ কালক্রমে গেজেটে সেই কল্পনার নোটিস দিবেন এবং রেজিষ্ট্রার সাহেবকেও উক্ত সর্টিফিকেটসহ ঐ কল্পনার লিখিত নোটিস দিবেন।

রিচার্ড গার্থ	ডবলিউ, এফ, মাকডনেল
চার্লস পন্টিফেক্স	এচ, এফ, প্রিন্সেফ
ডবলিউ, এন্সলী	এ, উইলসন
জি, জি, মরিস	এ, স, পি, ডেন্সেস ব্রৌটন
আর, সি মিত্র	এল, আর, টটেনহাম।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 28, 1880

মঙ্গলবার ১৮৮০ সাল ২৮ ডিসেম্বর।

PART VII

Circular Orders of the High Court and Board of Revenue

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের আজ্ঞাপত্র।

CIRCULAR ORDERS ISSUED BY AUTHORITY OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL

CIVIL AND CRIMINAL

No 37, dated the 17th November 1880

The accompanying copies of revised rules framed by the Court, under clause 3, section 20 of the Court Fees' Act, VII of 1870,* are circulated for the information and guidance of all Civil and Criminal Authorities in Bengal

* Published in *Calcutta Gazette* of 10th November 1880, Part I, page 1038

2 These rules will supersede those passed under the same clause of section 20 of the Court Fees' Act, and notified in the *Calcutta Gazette* of the 25th February 1874, Part I, to which attention was drawn by Circular order No. 10, dated 7th March 1874

CIVIL

No 38, dated the 23rd November 1880

Circular order No 18 of the 4th August 1873 is cancelled District Judges will in future, in dealing with the budget estimates, contingent bills, &c, of Small Cause Courts be guided by the general rules applicable in the case of the other Subordinate Civil Courts

NOTIFICATION

THE following rules, framed by the High Court of Judicature at Fort William in Bengal under Clause 3, Section 20 of the Court Fees' Act, VII of 1870, having been confirmed by the Lieutenant-Governor of Bengal, and sanctioned by the Governor-General in Council, are published for general information

FORT WILLIAM
The 9th November 1880

By order,
J CRAWFURD, *Registrar*

RULES

1 The following monthly salaries shall be allowed to peons employed in the service or execution of processes of the Civil Courts —

1st —In the Court of the District Judge— Rs

Peons, 2nd grade 8 per mensem.

" 1st grade, after three years' approved service 10 " "

2nd —In the Court of the Subordinate Judge, not being Judge of a Small Cause Court—

Peons, as in Judges' Court

3rd —In the Courts of Moonsifs— Rs

Peons, 2nd grade 6

" 1st grade, after three years' approved service 8

4th —Small Cause Courts—

Peons, 3rd grade 5

" 2nd grade 6

" 1st grade 7

Peons in the Revenue Court of a Collector shall be remunerated as those in the Court of the District Judge Peons in the Revenue Court of a Deputy Collector shall be remunerated as those in the Court of a Moonsif.

[*Government Gazette*, 28*th December* 1880]

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সরকুলর অর্ডর।

দেওয়ানী ও ফৌজদারী।

৩৭ নম্বর। ১৮৮০ সাল ১৭ নবেম্বর।

আদালতের রসুমবিষয়ক ৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ৩ প্রকরণমতে হাই কোর্টের প্রণীত সংশোধিত বিধির * এতৎ সংযুক্ত প্রতিলিপি বঙ্গদেশের দেওয়ানী ও ফৌজদারী কর্তৃপক্ষসকলের অবগতি ও উপদেশ নিমিত্ত প্রচার করা গেল।

* ১৮৮০ সালের ১০ নবেম্বরের কলিকাতা গেজেটের প্রথম খণ্ডের ১০০৮ পৃষ্ঠায় প্রকাশিত।

১। আদালতের রসুমবিষয়ক আইনের ২০ ধারার পূর্ব্বোক্ত প্রকরণমতে প্রণীত হইয়া যে বিধি ১৮৭৪ সালের ১৫ ফেব্রুয়ারির কলিকাতা গেজেটের প্রথমখণ্ডে প্রকাশিত হয় ও যাহার প্রতি ১৮৭৪ সালের ৭ মার্চ তারিখের ১০ নম্বর সরকুলরে মনোযোগ আকর্ষণ করা যায়, সেই বিধি রহিত হইয়া তৎপরিবর্ত্তে এই বিধি চলিবে।

দেওয়ানী।

৩৮ নম্বর। ১৮৮০ সাল ২৩ নবেম্বর।

১৮৭৩ সালের ৪ আগষ্টের ১৮নং সরকুলর অর্ডর রহিত করা গেল। জিলার জজ সাহেবেরা ছোট আদালতের বজেটইষ্টিমেট (ব্যয়ের অনুমানপত্র), নৈমিত্তিকবিল প্রভৃতি লইয়া কার্য্য করণ কালে, অন্যান্য অধীন দেওয়ানী আদালতের প্রতি যেং সাধারণ বিধি বর্ত্তে, ভবিষ্যতে সেইং বিধি অনুসারে চলিবেন।

বিজ্ঞাপন।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ২০ ধারার ৩ প্রকরণমতে বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের প্রণীত নিম্নলিখিত বিধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দৃঢ় করাতে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করাতে, তাহা সাধারণের অবগতি নিমিত্ত প্রকাশ করা গেল।

ফোর্ট উইলিয়ম।
১৮৮০ সাল ৯ নবেম্বর।

আজ্ঞাক্রমে,
জে. ক্রাফর্ড, রেজিষ্ট্রার।

বিধি।

১। দেওয়ানী আদালতের পরওয়ানা দেওন বা জারীকরণ কার্য্যে নিযুক্ত পেয়াদাদিগকে নিম্নলিখিত মাসিক বেতন দেওয়া যাইবে।—

	টাকা
(১) জিলার জজ সাহেবের আদালতে—	
২য় শ্রেণীর পেয়াদা	৮৲
১ম ,, ,, তিন বৎসর প্রতিষ্ঠাসহকারে কার্য্য করিবার পর	১০৲
(২) ছোট আদালতের জজ ভিন্ন সব জজের আদালতে— জজ সাহেবদের আদালতের পেয়াদাদের মত।	
(৩) মুন্সেফদের আদালতে—	
২য় শ্রেণীর পেয়াদা	৬৲
১ম ,, ,, তিন বৎসর প্রতিষ্ঠাসহকারে কার্য্য করিবার পর	৮৲
(৪) ছোট আদালতে—	
৩য় শ্রেণীর পেয়াদা	৫৲
২য় ,, ,,	৬৲
১ম ,, ,,	৭৲

* কালেক্টর সাহেবের মাল আদালতের পেয়াদারা জিলার জজ সাহেবের আদালতের পেয়াদাদের ন্যায় বেতন পাইবে। ডেপুটী কালেক্টরের মাল আদালতের পেয়াদারা মুন্সেফের আদালতের পেয়াদাদের ন্যায় বেতন পাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ৮৮০। ২৮ ডিসেম্বর।]

2 The following monthly salaries shall be allowed to the peons employed in the service or execution of processes in the Courts of the Magistrates —

	Rs
1st —In the Court of the Magistrate of the District—	
Peons, each	7
2nd —In Sub divisional Magistrates' Courts—	
Peons, each	7

NOTE —The rates of remuneration for peons provided by these rules are intended to secure the services of men who can read and write But whenever on the occurrence of a vacancy candidates thus qualified shall not be available the Court on whose establishment the vacancy exists may record a declaration to that effect and may then appoint temporarily some person whom it may consider competent to perform the duties and who shall be paid at the rate of Rs 5 per mensem in Moonsifs Courts and Rs 6 per mensem in all other Courts provided that such appointments when made by a Court subordinate to the District Judge or the Magistrate of the District shall be subject to the approval of such Judge or Magistrate, and shall cease as soon as duly qualified candidates shall be procurable

RICHARD GARTH
CHARLES P STEVENS
G G MORRIS
J SEWELL WHITE
ROMESH CHUNDER MITTER
W F MCDONELL

A WILSON
L R TOTTENHAM
L P DELVES BROUGHTON
ALEX T MACLEAN
CHARLES D FIELD

[*Government Gazette* 28*th December* 1880]

২। মাজিষ্ট্রেটদের আদালতের পরওয়ানা দেওন বা জারীকরণ কার্য্যে নিযুক্ত পেয়াদাদিগকে নিম্নলিখিত মাসিক বেতন দেওয়া যাইবে।

		টাকা
(১)	জিলার মাজিষ্ট্রেট সাহেব বর জ সাহেবের প্রত্যেক জন পেয়াদা	৭৲
(২)	মহকুমার মাজিষ্ট্রেটদের আদালতে প্রত্যেক জন পেয়াদা	৭৲

মন্তব্য।— এই বিধিতে পেয়াদাদের বেতনের যে হার নির্দিষ্ট হইল তাহার অভিপ্রায় এই যে, যাহারা লিখিতে পড়িতে পারে সেইরূপ লোকদিগকেই নিযুক্ত করিতে হইবে। কিন্তু কোন পদ শূন্য হইলে যদি এইরূপ উপযুক্ত লোক পাওয়া না যায় যে আদালতের সেরেস্তায় ঐ পদ শূন্য থাকে সেই আদালত ঐ মর্ম্মের কথা লিপিবদ্ধ করিয়া যে ব্যক্তিকে বাঞ্ছনীয় জ্ঞান করেন সেই ব্যক্তিকে কয়েক কালের নিমিত্ত নিযুক্ত করিতে পারিবেন। ঐ ব্যক্তি [illegible] আদালতে মাসিক ৫ টাকা হারে ও অন্যান্য আদালতে মাসিক ৬ টাকা হারে বেতন পাইবে। কিন্তু যে আদালত জিলার জজ সাহেব বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন সেই আদালত কর্ত্তৃক ঐ রূপ নিয়োগ জিলার জজ বা মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদন সাপেক্ষ থাকিবে, এবং উপযুক্ত কর্ম্মপ্রার্থী পাওয়া গেলেই ঐ নিয়োগ আর বলবৎ থাকিবে না।

রিচার্ড গার্থ।
চার্লস পণ্টিফেক্স।
জি জি মরিস।
জে, সেবেল হুয়াইট।
রমেশ চন্দ্র মিত্র।
ডব্লিউ, এস্ ম্যাক ডনেল।

এ, ডি, নরমান।
এফ, এ, বি, টটেনহাম।
এল পি, ডেম্পিয়র বেটন।
কালিনজ টী ম্যাকফর্সন।
চার্লস ডি, ফীল্ড।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮০। ২৮ ডিসেম্বর।]